Sj. Haripada Chatterjee:

না, স্যার, আমরা এটা পাই নি।

Dr. Bidhan Chandra Roy: It was a memorandum which was circulated. It is a printed memorandum.

Sj. Bankim Mukherji:

আমরা পাই নি। আমি শুধু একলাই পাই নি, তা নয়; আমি বহু মেম্বারকে জিজ্ঞাসা করেছিলাম, তাঁরাও পান নি।

Mr. Speaker: It was also circulated last session. I am told by the Secretary that it was discussed in the Council and they got it.

Sj. Subodh Banerjee: They might have got it but we have not got it, Sir.

Dr. Bidhan Chandra Roy: In the Council, Members of the Opposition like Sj. Annada Prosad Choudhuri and Sj. Nirmal Chandra Bhattacharyya not only knew the memorandum but they actually referred to the memorandum and the reasons given therein.

Sj. Hemanta Kumar Basu: All the Opposition Members are complaining that they have not got it.

Sj. Bankim Mukherji: Perhaps the Members of the Council are more efficient or because they are Members of the Upper House they are treated in a better way.

Dr. Bidhan Chandra Roy: The Upper House people say that the Members of the Lower House are treated better than those of the Upper House.

Sj. Bankim Mukherji:

যাই হোক, যা দেওয়া হয়েছে তা আমবা পাই নি। এটাই হ'ল প্রধান বক্তব্য। অবশ্য শেষ মূহূর্তে পেযেও আমাদের পক্ষে অসম্ভব হবে এটা সম্বন্ধে আলোচনা করা। আশা করি ইতিমধ্যে অন্য কোন মেম্বার এই সম্বন্ধে আলোচনা কববেন। তারপব, আরেকটা ব্যাপাব হ'ল—

page 163. Constitution of India, Article 335 to Article 336——.

Dr. Bidhan Chandra Roy: He is busy—with other things. Perhaps he has not seen his papers.

Sj. Bankim Mukherji: Articles 335-336(*1*)

এখন দেখা যাক।

[3-40—3-50 p.m.]

যারা সিডিউল্ড কাষ্ট মেম্বার্স ও ট্রাইব্‌স, তাদের যে চাকরি দেওয়া হচ্ছে, তা যে পোষ্ট প্রকৃত ছিল—এই

consistently with the maintenance of efficiency of administration in the making of appointments to services and posts in connection with the affairs of the Union or a State

তাদের ক্লেম কন্সিডার করা হবে। এ্যাংলো-ইণ্ডিয়ানদের বেলায় আছে যে বর্ত্তমানে যত পার্সেণ্ট আছে, তার ১০ পার্সেণ্ট লেস করে করে নিতে হবে। এই প্রভিশন কনষ্টিটিউশনএ আছে। অতএব এই যে report of the Public Service Commission

এর মধ্যে এর উল্লেখ থাকা একান্ত প্রয়োজন। এই সিডিউল্ড কাষ্টদের কি পরিমাণ মর্য্যাদা দিচ্ছেন, তা অনিবার্য্যরূপে তাদের এই রিপোর্টএ দেওয়া প্রয়োজন ছিল, কারণ এটা কনষ্টিটিউশনএর ভিতর একটা ষ্ট্যাচুট কিন্তু এ সম্বন্ধে কোন উল্লেখ এর মধ্যে নেই।

Dr. Bidhan Chandra Roy: This report refers to the period 1950-51. The Constitution became effective from the 26th January, 1950. You cannot expect the Public Service Commission to give much information. With regard to section 335, as I mentioned in this House, we have framed rules which have been forwarded to the Public Service Commission for making certain appointments under section 335. Section 336 refers to appointments in the railway, customs, postal and telegraph services which are the responsibility of the Government of India.

Sj. Bankim Mukherji:

স্যাব, আমি যে জিনিষগুলি উল্লেখ করছিলাম, আশা কবি, এব পবে অন্ততঃ পাবলিক সার্ভিস কমিশনএর রিপোর্ট যখন আমাদের কাছে আলোচনার জন্য আসবে, তখন অন্ততঃ কনষ্টিটিউশনএর এই ধারা ও উপ-ধাবাগুলি সম্বন্ধে যেন গভর্ণমেণ্ট সম্পূর্ণ সচেতন থাকেন এবং সেইরকমভাবেই যেন এই রিপোর্ট আমাদেব সামনে উপস্থিত কবা হয। আমার প্রথম সমালোচনা হচ্ছে এই যে ২ বংসব পূর্ব্বের বিপোর্ট আজ আমবা সমালোচনার জন্য পাচ্ছি। ১৯৫০-৫১ সালে যে সমস্ত পদ নিয়োগ করা হয়েছে, তাব আলোচনা আমরা পাচ্ছি ১৯৫২-৫৩র শেষ দিকে। প্রথমেই আমাব মনে হয় পাবলিক সার্ভিস কমিশন যে উদ্দেশ্যে নিযোগ করা হয, সেটা সম্পূর্ণ ব্যর্থ হযে যায, যদি অত্যন্ত শীঘ্র সে সম্বন্ধে আলোচনা না হয। যেন ১৯৫৩ সালের ৩১শে মার্চ্চ শেষ হয়ে গেলেই তাব ২।৩ মাস পরেই পাবলিক সার্ভিস কমিশনএব রিপোর্ট পাওয়া যায়। তারপর এসেম্ব্লিব যে প্রথম সেসন হবে, সেই সেসনএই অন্ততঃ ১৯৫১-৫২ এবং ১৯৫২-৫৩ এই দুই বংসরের পাবলিক সার্ভিস কমিশনএর সম্পূর্ণ বিপোর্ট আমাদের সামনে বাখা হয এবং আগামী বাজেট সেসন এবং মাঝখানে যে সেসন হবে, সেখানে এ সম্বন্ধে রিপোর্ট এই এসেম্ব্লিব সামনে যেন রাখা হয। নইলে পাবলিক সার্ভিস কমিশনএব কাজের জন্য এসেম্ব্লির কর্ত্তব্য পালন করা অসম্ভব হয়ে উঠবে। দুই-তিন বংসর পূর্ব্বে, যা নিয়োগ করা হয়েছে, তা সমালোচনার জন্য যদি ২।৩ বংসর পরে আসে, তাহ'লে তার থেকে কোনরকম কোন সুরাহা হ'তে পারে না—এই হ'ল আমার প্রথম সমালোচনা।

তারপর যেভাবে পাবলিক সার্ভিস কমিশন তাদের কাজ করছেন, সে সম্বন্ধে সবচেয়ে বড় অভিযোগ হচ্ছে এই যে, গভর্ণমেণ্ট পাবলিক সার্ভিস কমিশন নিয়োগ করেছেন এবং যে সমস্ত ব্যক্তিদের নিয়োগ করা হয়েছে

Composition of the Commission

তাতে আমার মনে হয় যে তারা এমন কিছু অসাধারণ যোগ্য ব্যক্তি নন বা এমন কোন কিছু অসাধারণ যোগ্যতার পরিচয় দেন নি, যার জন্য ইতিপূর্ব্বে যে ৩ জন ব্যক্তিকে নিয়োগ করা হ'ল তার কোন বিশেষ কারণ আমরা গভর্ণমেণ্টের রিপোর্ট থেকে শুনি নি—অন্ততঃ প্রধানমন্ত্রীর কাছ থেকে শুনি নি।

personnel of the composition

আগে যা ছিল,,

Sj. P. K. Basu, Dr. J. P. Neogi and Dr. S. Ghosh

তারা ভালভাবে কিছুটা পরিচিত পাবলিকএর কাছে এবং তাদের নিজ নিজ বিষয়ে তাদের নিজেদের কৃতিত্ব আছে। কিন্তু সম্প্রতি যে সব লোক নিয়োগ করা হয়েছে,

Sj. S. Basu, Lieutenant-Col., S. P. Sarbadhikari and Sj. S. K. Mukherji

এদের কিছুই পরিচয় পাবলিকএর কাছে নেই। এবং কি যোগ্যতার জন্য সারা বাংলাদেশ থেকে এই ৩ জন লোককে নিয়োগ করা হ'ল, তা জানি না। তবে রিপোর্ট পড়ে মনে হ'ল এর একমাত্র যোগ্যতা ডাঃ রায়ের যে গভর্ণমেণ্ট সেই গভর্ণমেণ্টের স্বেচ্ছাচারিতা ও খামখেয়ালির কিছুমাত্র সমালোচনা না করে তা মেনে নেওয়ার যোগ্যতাই একমাত্র যোগ্যতা এই কমিশনএর আছে এই রিপোর্ট পড়ে আমার এই ধারণা হ'ল। কাজেই এই কমিশন সম্বন্ধে আমাদের বিশেষ করে দেখার আছে—কেন এই সমস্ত লোককে নেওয়া হ'ল। তার কারণ হ'ল, প্রথমেই দেখতে পাচ্ছি যে আলোচ্য বৎসরে ৩৫৭টি কেস তাদের কাছে দেওয়া হয়েছিল, তার মধ্যে ১৬৯টা কেস এমনি এসেছে অর্থাৎ অর্দ্ধেকেরও কম এই ১৬৯ কেস সত্য কমিশনএর কাছে এসেছে। এর মধ্য থেকে কিছু এ্যাডভার্টাইজমেণ্ট করেছেন। এবং বাকী হচ্ছে ডিপার্টমেণ্ট থেকে এ্যাপ্লিকেশন সংগ্রহ করে কমিশনএর কাছে পাঠিয়ে দিয়েছেন। ১১১টা কেস গভর্ণমেণ্ট নিয়োগ করে ২ বৎসর-২½ বৎসর পর তাদের পাবলিক সার্ভিস কমিশনএর কাছে পাঠিয়ে দিয়েছেন এবং এই ১১১টা কেসএ পাবলিক সার্ভিস কমিশনকে কিছুমাত্র জিজ্ঞাসা না করে গভর্ণমেণ্ট নিয়োগ করেছেন। এ সম্বন্ধে কোন আলোচনা এই রিপোর্টএর মধ্যে দেখতে পাচ্ছি না—একমাত্র উল্লেখ দেখতে পাচ্ছি। তারা শেষ পর্যান্ত বলেছেন যে এই কেসগুলি সম্বন্ধে পরে তাদের কাছে পাঠান হয়েছিল। কমিশন তার রিপোর্ট-এ লিখেছেন—

recommendations of the Commission in column 3 were all accepted by the Government.

এরচেয়ে হাস্যকর রিপোর্ট আর কিছু হয় না। অর্থাৎ গভর্ণমেণ্ট তাদের নিয়োগ করে শেষ পর্যান্ত দয়া করে কমিশনএর কাছে পাঠালেন যে তোমরা দেখ এইগুলি নিয়োগ করা যায় কি না। কমিশন এই ১৯টা পদের সব ক'টাই স্বীকার করে নিয়েছেন অর্থাৎ কমিশন গভর্ণমেণ্টের রেকমেণ্ডেশন স্বীকার করে নিয়েছেন। অথচ লিখবার সময় লিখেছেন তাদের সব ক'টা রেকমেণ্ডেশন গভর্ণমেণ্ট স্বীকার করে নিয়েছেন। কি চাটুবাদী কমিশন! নিজেদের দায়িত্ব-জ্ঞান ও মর্য্যাদাজ্ঞান থাকলে একথা লিখতে পারত না। তাদের অপমান করে এই যে কয়েকটা এ্যাপয়েণ্টমেণ্ট করা হ'ল, সে সম্বন্ধে এতে কোন সমালোচনা নেই। অর্থাৎ তারা যেটা রিজেক্ট করছেন গভর্ণমেণ্ট সেটাই এ্যাকসেপ্ট করছেন—এর তীব্র সমালোচনা নেই। এ সম্বন্ধে মাত্র বলেছেন যে, ১১১ কেসই গভর্ণমেণ্ট স্বীকার করে নিয়েছেন।

[3-50—4 p.m.]

গভর্ণমেণ্ট প্রথম থেকে তাদের এ্যাপয়েণ্ট করে ওদের কাছে পাঠিয়েছেন—দেখ হয় কি না। অতএব কমিশনের রেকমেণ্ডেশন কোথায়? সেখানে গভর্ণমেণ্ট যে কথা বলেছেন, কমিশন বলতে পারতেন, আমরা অনেক বিবেচনা করে দেখেছি, যে সকল এ্যাপয়েণ্টমেণ্ট হয়ে গেছে ওগুলি স্বীকার করতে পারা যায়। কিন্তু লেখার ধরণ থেকে বোঝা যায় যে পাবলিক সার্ভিস কমিশনের চরিত্র, তাদের ক্যারেক্টার!

Recommendations of the Commission were all accepted by the Government.

এই, যে কমিশন লিখতে পারে, সে কমিশনের কী নিজেদের আত্মজ্ঞান, আত্মমর্য্যাদাজ্ঞান আছে? কমিশনের ষ্ট্যাটুটরী রাইট আছে যে প্রত্যেকটি এ্যাপয়েণ্টমেণ্ট তাদের কাছে পাঠাতে হবে। সেই ষ্ট্যাটুটরী বাইন্ডিং লঙ্ঘন করে গভর্ণমেণ্ট যা করছেন, এবং পাবলিক সার্ভিস কমিশন যাদের উপর নাকি নির্ভর করছে সমস্ত দেশের সার্ভিস রিক্রুট করা, তাদের এফিসিয়েন্সী, তাদের ক্যারেকটার, তাদের মর্য্যাদাজ্ঞান যদি এইপ্রকার হয়, এইপ্রকার যদি তাদের মনোভাব হয়, তাহ'লে এই কমিশনের কাছ থেকে কিছুই আশা করা যেতে পারে না। তবে এই পাবলিক সার্ভিস কমিশনের উদ্দেশ্য কি? যারা রিক্রুটেড হবে, যে সমস্ত লোক পাবলিক সার্ভিসে রিক্রুটেড হবে, তারা কোনরকম রাজনৈতিক পার্টির দ্বারা নিয়ন্ত্রিত হবে না, কারো দ্বারাই প্রভাবান্বিত হবে না এবং এরিজন্য পাবলিক সার্ভিস কমিশন। পাবলিক সার্ভিস কমিশন যদি জুডিসিয়ারির মতন সম্পূর্ণরূপে এক্সিকিউটিভ থেকে, গভর্ণমেণ্ট থেকে, স্বাতন্ত্র্য রক্ষা না করতে পারে তাহ'লে এ দেশের কনষ্টিটিউশন, ফর্ম অফ ডিমোক্রেসি আছে যে টেঁকে না। সার্ভিস ইন্ডিপেন্ডেন্স ও সার্ভিস ইন্টিগ্রিটি যদি না আনতে পারে এবং সার্ভিস যদি প্রভাবান্বিত হয় রুলিং পার্টি দ্বারা, সে সার্ভিসের দ্বারা কোন কাজ হবে না। পাবলিক সার্ভিস কমিশনের যারা লোক হবে, সদস্য হবে, তাদের হাইকোর্টের জজের মতন বা তারচেয়েও বেশী ইন্ডিপেন্ডেন্স ও মর্য্যাদাজ্ঞান থাকা চাই; কিন্তু তাদের যেখানে থাকা উচিত ছিল তীব্র সমালোচনার কষাঘাত গভর্ণমেণ্টের উপর, সেখানে তাঁরা বলছেন কি না—তাদের রেকমেণ্ডেশনস গভর্ণমেণ্ট এ্যাকসেপ্ট করেছেন! এইরকম সম্ভ্রমহীন পাবলিক সার্ভিস কমিশনকে দূর করে দিয়ে নূতন পাবলিক সার্ভিস কমিশন নিয়োগ করা হোক।

তারপরে, এখন দেখি এই পাবলিক সার্ভিস কমিশনের পিছনে কত ব্যয় হয়। একটা অসম্ভব ব্যয়! প্রায় সব শুদ্ধ, দেখা গেছে ৩ জন অফিসারের জন্য

[Sj. Bankim Mukherji.]

ব্যয় হচ্ছে গিয়ে ৮৯ হাজার টাকা, পে অফ অফিসার এবং অফিসার বোধহয় তিনজনই, জানি না আরো বেশী আছে কি না, এবং পে অফ এষ্টাব্লিশমেণ্ট বাবদ ঐ ৮৯ হাজার টাকা খরচ হচ্ছে। আড়াই হাজার টাকার কাছাকাছি কমিশনের এক-একজন মেম্বর পাচ্ছেন। এবং সব শুদ্ধ খরচ হচ্ছে ১ লক্ষ ৮৬ হাজার টাকা। আর এই টাকা দিয়ে মাত্র ১৬৯টি লোকের কেস পাঠিয়েছেন, কমিশনের কাছে। আবার এই যে ১৬৯টি, তার মধ্যেও ১৪৬টি মাত্র গভর্ণমেণ্ট এ্যাকসেপ্ট করেছেন, আর ৬৪টি কেস এখনো ঝুলে আছে। ১৪৬টি কেসের যদি হিসেব নেয়া হয়, তাহ'লে দেখা যাবে, প্রত্যেকটি রিক্রুটমেণ্টের উপর প্রায় ১,২৫০ টাকা করে ব্যয় পড়েছে!! এবং এই ১৬৯টির সংগে, ওঁরা যা দেখিয়েছেন, ধরা যায় ২৪৬টি আর ৫৭, তাহ'লে দেখা যাবে মাথাপিছু এক-একটা রিক্রুটমেণ্টের জন্য সাড়ে সাতশো টাকা ব্যয় পড়ে, আর যদি সব ব্যয় ধরা যায়, ১১১টা যে প্রভিশন্যাল এ্যাপয়েণ্ট করেছেন তা যদি ধরা হয়, তাহ'লে প্রত্যেকটি রিক্রুটমেণ্টের জন্য ৫০০ টাকা করে পড়েছে। এই-রকম হিসেব করলেও দেখা যায় এক-একটি লোককে রিক্রুট করতে আমাদের অন্ততঃ ৫০০ টাকা করে ব্যয় হচ্ছে; কিন্তু সত্য সত্য হচ্ছে ১,২৫০ টাকা। আর অধিকাংশ রিক্রুটই গভর্ণমেণ্ট আগে থেকে করে নিয়ে পরে জানাচ্ছেন। এই যে হাই কষ্ট এটা অবশ্যই বিবেচনার বিষয়।

তারপরে—

Dr. Bidhan Chandra Roy: May I request my friend, Mr. Mukherji to see page 13, Appendix I—number of persons recruited by examination—Appendix II, Appendix III, and then comment upon it, because figures are there. It is not only 269 but many more than that.

Sj. Bankim Mukherji: Altogether there are 357 cases.

Dr. Bidhan Chandra Roy: On page 13 you will find 303 cases and 1,907 lower division clerks and 3 shorthand typists—Appendix I; Appendix II—recruitment by selection after advertisement. There are several categories. He is talking about one group; there are many groups that have been selected by them. The various appendices will give you the details.

Sj. Bankim Mukherji:

সমস্তই এপেণ্ডিক্স থেকে নেয়া হয়েছে, যারা রিপোর্ট করেছেন তাঁরা যে ফিগার দিয়েছেন সেইটে থেকেই আমি বলেছি। তাতে—

Dr. Bidhan Chandra Roy: May I in justice to these gentlemen say what Mr. Mukherji has been quoting just now is what appears on page 6, part 3, recruitment by selection. If he turns the pages a little further then he will have seen that is not the only type of appointments recommended by them.

Sj. Bankim Mukherji:

আমার ধারণা ছিল রিপোর্টে যা কিছু উল্লিখিত আছে, রেকমেণ্ডেশন বা আর কিছু, তারি টীকা-টিপ্পনী এপেণ্ডিক্সের মধ্যেও রয়েছে।

Dr. Bidhan Chandra Roy: You turn to page 5 and you will find several other types.

Sj. Bankim Mukherji:

এতে "এগ্‌জামিনেশন" সম্বন্ধে রয়েছে।

Dr. Bidhan Chandra Roy: May I point out to Mr. Mukherji that the recommendations are made partly on the basis of examination and partly on the basis of advertisement and selection therefrom? On page 2 he will find the various examinations that are held by the Public Service Commission—West Bengal Civil Service, West Bengal Excise Service and so on and the total number of candidates that have appeared in these examinations which the Public Service Commission had to conduct is given in pages 3, 4 and 5.

Sj. Bankim Mukherji: The total number is in page 5.

Dr. Bidhan Chandra Roy: On page 5 it is only in regard to National Defence Academy and allied services examinations but there are different places. You will find Proficiency test of stenographers—there are 136 qualified, efficiency Bonus test of stenographers and the various examinations of the Public Service Commission and so on. He may be right that probably it would have been better if they had put concisely in one place the total number of cases. They have put down in so many words.

Sj. Bankim Mukherji: In several places they have divided in such a way that only by going through the report one comes across this.

(A VOICE FROM THE GOVERNMENT BENCHES:

পড়ে নিন, ভালো করে পড়ে নিন।)

বেরকমভাবে রিপোর্টটা লেখা হয়েছে, তাতে, দেখা যায় মাত্র এতগুলি কেস তাঁদের সামনে এসেছে এবং সেটার সম্বন্ধে রিপোর্ট পরে আবার কতকগুলি বিভিন্নভাবে, দেখছি ছড়ানো রয়েছে, এবং আলাদা করে আছে। আমার ধারণা ছিল রিপোর্টের ভিতরই সেটা কম্পিউট করা আছে, সেইজন্য দায়িত্বটা যারা রিপোর্ট লেখেন তাদেরই বেশী।

Dr. Bidhan Chandra Roy:

হাঁ, দায়িত্ব আমাদেরই।

But I want to hear from you

Sj. Bankim Mukherji:

অবশ্য, তাহ'লেও আমার মূল বক্তব্য ছিল—

(A voice from the Government benches:

আর যেন যা'তা বলে লোক হাসাবেন না। যিনি বলছেন, তিনি কি বলতে পারেন দু'মিনিটের ভিতর সব শুদ্ধ ক'জন লোককে একজামিনেশন করা হয়েছিল, ইভেন চীফ মিনিষ্টারও বলতে পারবেন না যদি তাঁকে প্রশ্ন করা যায় এক বছরের ভিতর ক'জনকে——

Dr. Bidhan Chandra Roy:

আমি বলতে পারব না।

Sj. Bankim Mukherji:

যাঁরা রিপোর্ট লিখেছেন, তাঁদেরই কর্তব্য ছিল সমস্ত এক জায়গায় করে দেয়া তাঁরা যেটা রিপোর্ট করে দিয়েছেন, সেইটের উপর বেস করেই আমার বক্তব্য বলেছি। আমার যেটা আসল বক্তব্য ছিল, যে তিনজন অফিসারের পিছনে বছরে ৮৯ হাজার টাকা খরচ হয়,—

[4—4-10p.m.]

আমার আসল বক্তব্য ছিল এদের তিনজন অফিসারের পেছনে ৮৯ হাজার টাকা এবং পে এণ্টাব্লিশমেণ্টএর জন্য ৩৯ হাজার টাকা খরচ হচ্ছে। অর্থাৎ যাঁরা সবচেয়ে বেশী এক্সপার্ট এবং এগজামিনার এ'রা ঢের বেশী সংখ্যাতে এসেছেন এবং এগজামিন করেছেন, তাঁরা সবাই মিলে ৪৬ হাজার টাকা নিচ্ছেন। আর মাত্র কয়েকজন অফিসার নিচ্ছেন ৮৯ হাজার টাকা। এটা হচ্ছে আমার মূল বক্তব্য। তাঁরা তিনশো'র জায়গায় ২ হাজার এগজামিনেশন করে থাকেন। তার বেশীর ভাগ হচ্ছে "বাই দি এক্সপার্ট কমিটি"। তাঁদের জন্য যে ব্যয় হচ্ছে তারচেয়ে বেশী ব্যয় হচ্ছে কয়েকটি অফিসারের পে বাবদ। এ ছাড়া দেখা গেল কি? এর ভেতর থেকে অধিকাংশ—যেগুলি, ১১১টি, গভর্ণমেণ্ট আগে থাকতে নিযুক্ত করেছিলেন, তারমধ্যে ৯২টি এগজামিন করেছেন, আর বাকী ১৯টি করেন নাই। এটা সবচেয়ে আশ্চর্য্যের বিষয়। পাবলিক সার্ভিস কমিশনকে অমান্য করে প্রথমে নিজেরা এ্যাপয়েণ্ট করেছেন; এবং করবার পর পাবলিক সার্ভিস কমিশনকে দিয়ে অসঙ্গতভাবে তার অধিকাংশ স্বীকার করে নিয়েছেন। তা সত্ত্বেও যেগুলি তাঁরা স্বীকার করেন নাই তার সংখ্যা হ'ল ১৯টি, এগুলি পাবলিক সার্ভিস কমিশন রিজেক্ট করে দিয়েছেন।

out of this 19 rejected

৮ জনকে গভর্ণমেণ্ট এখনও রক্ষা করে রেখেছেন। এ সম্বন্ধে রিপোর্টের ১১ পাতায় মাত্র দু'টি কেস নিয়ে তাঁরা যা করেছেন, সেটা গভর্ণমেণ্টের পক্ষে অত্যন্ত লজ্জার বিষয়। সেই দু'টো কেসের একটা কেস হ'ল হরিণঘাটায় এ্যানিমাল হাজব্যাণ্ড্রি রীডার-এর জন্য লোক চাওয়া হয়েছিল, এডভারটাইজমেণ্টএ ছিল—

Candidate should be a resident in Acceding States, non-acceding States or any tribal area;

তার ডিগ্রী ইন এ্যানিমাল হাজব্যাণ্ড্রি ইত্যাদি থাকা চাই। পাবলিক সার্ভিস কমিশন সবদিক বিবেচনা করে যাকে রেকমেণ্ড করেছিল, তার সবই ছিল, কিন্তু ছিল না শুধু তার বাংলাদেশে জন্ম। এডভারটাইজ-মেণ্টএ যে সমস্ত কোয়ালিফিকেশনসএর উল্লেখ ছিল, তারমধ্যে বেঙ্গলি ডিসেণ্ট হওয়া চাই, এটা একটা ফ্যাক্টর ছিল। গভর্ণমেণ্ট পাবলিক সার্ভিস কমি-শনএর রেকমেণ্ডেড প্রার্থীকে বেঙ্গলি ডিসেণ্ট নয় বলে রিজেক্ট করে দিলেন এবং তার জায়গায় এমন লোক নির্বাচিত করলেন যার অন্য কোনপ্রকার ডিগ্রী নাই, এমন কি বেঙ্গলি ডিসেণ্টও নয়। আড়াই কোটি লোকের মধ্যে এই ব্যক্তি নির্বাচিত হলেন। এই কাজে

degree in Animal Husbandry

না থাকলেও যদি এই কাজ পাওয়া যেতে পারে, তাহ'লে যে কোন বাঙ্গালীই এই কাজে যেতে পারে। এই যদি হয়, তাহ'লে এফিসিয়েন্সী বজায় থাকবে কি করে? এদের পেটোয়া লোককে, অনুগ্রাহককে, পোষণই যদি উদ্দেশ্য হয়, তাহ'লে এইরকমই হয়, তাতে সন্দেহ নাই। আড়াই কোটি বাঙ্গালীর ভেতর কাউকে না নিয়ে একটা অবাঙ্গালীকে গ্রহণ করা হ'ল। নিশ্চয়ই তার পেছনে শক্তিশালী পৃষ্ঠপোষক গভর্ণ-মেণ্টের ভেতর কেউ আছেন এটা সন্দেহ করার যথেষ্ট কারণ আছে।

দ্বিতীয় হ'ল, একজন ডেণ্টাল সার্জনএর নিয়োগ সম্বন্ধে। একজন আগে থেকেই চার বছর ধরে ডেণ্টাল সার্জন হিসেবে কাজ করেছেন, কিন্তু কমিশন তাঁকে রেকমেণ্ড করলেন না, করলেন তাঁকে, যাঁর অন্যান্য গুণ আছে, কিন্তু এ কাজে এক্সপিরিয়েন্স নাই। চার বছর কাজ করবার পর যিনি নিজেকে কমিশনের সামনে উপযুক্ত প্রমাণ করতে পারলেন না, সে লোককে চাকরীতে রাখার কোন যুক্তি থাকতে পারে না।

তারপর প্রফেসর অব কেমিষ্ট্রী পদে প্রমোশানএর ব্যাপারে দেখুন। ওপক্ষে যাঁরা বসে আছেন তাঁরা নিশ্চয়ই রিপোর্টের শেষ অংশটা ১২ পৃষ্ঠায় আমাদের চেয়ে ভাল করে পড়েছেন। সেখানে দেখবেন যে ব্যক্তি দু'টির নাম দেওয়া হয় নি। এ'রা দিয়েছেন শ্রী এস, এবং শ্রী ডি। জানি না এর ভেতর কি মাহাত্ম্য আছে! এদের ভেতর থেকে একজনকে ওঁরা নিয়েই নিবে। শ্রী ডি,কে কমিশন ফেরৎ পাঠালেন, তাঁকে কমিশন নিলেন না। তারপর ডাঃ বি, সি, গুহ, যিনি দামোদর ভ্যালি কর্পোরেশনএর একজন মেম্বর, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব্ব

Head of the Department of Chemistry, Dr. P. Roy,

[Sj. Bankim Mukherji.]

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের

Head of the Department of Pure Chemistry.

এবং দার্জিলিং গভর্ণমেন্ট কলেজের প্রিন্সিপাল ডক্টর এস, কে, মজুমদার প্রভৃতিকে নিয়ে একটা এক্সপার্ট কমিটি হ'ল। তাঁরা সকলে মিলে এই শ্রী এস-কে প্রোমোশনএর জন্য রেকমেন্ড করলেন। গভর্ণমেন্টকে জানান হলো যে শ্রী ডি-র অনার্স পড়াবার মত বিদ্যা নাই। এসব জানান সত্ত্বেও গভর্ণমেন্ট শ্রী ডি-কে ঐ পদে প্রোমোশন দিয়ে দিলেন। আর শ্রী এস-কে তাঁর নীচে রাখা হ'ল। কি ব্যাপার, জানি না! এ কিরকম পৃষ্ঠপোষকতা, নেপটিজম বুঝতে পারি না!

তারপর আর একটা কেস দেখতে পাবেন

Page 46, Serial No 7, Deputy Financial Adviser, Refugee Rehabilitation Department and *ex-officio* Assistant Secretary, Finance Department

রমাপতি বসু, তাঁর এ্যাপয়েন্টমেন্টএর এক বছর সাত মাস পরে কমিশনে রেফারেন্স করা হ'ল। এই যদি করবেন, তাহ'লে এই রেগুলেশন ৪০এর কি দরকার ছিল? এই ভদ্রলোকের বয়স ৫০, ইনি সিভিল সার্ভিসএর মেম্বার নন। মুসলিম লীগের সময় রিলিফ ডিপার্টমেন্টএ এঁকে নেওয়া হয়েছিল এবং বৃটিশ কর্তৃপক্ষের প্রতি আনুগত্যের জন্য রায় বাহাদুর উপাধি পান। আর কোনরকম পজিশনএ তিনি কাজ করেন নাই, কোনরকম অভিজ্ঞতা বা যোগ্যতাও নাই এই

Post of Financial Adviser of this Government

এ কাজ করবার। এর পূর্বে

Deputy Accountant-General, West Bengal, Mr S. Lahiri and G Chakrabarty

যেখানে কাজ করেছেন, সেই জায়গায় এঁকে নেওয়া হ'ল। তারপর তাঁকে করা হ'ল

ex-officio Assistant Secretary, Finance,

তার মানে হচ্ছে ফাইনান্সএর উপর একটা মস্ত বড় প্রভাব। শুধু রিলিফ রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএ নয়, স্টেট ট্রান্সপোর্ট এ্যাকাউন্টএর কাজ দেওয়া হ'লো। তার ফলে কি হয়েছে দেখা যাক। পেজ ৮এ আছে কমিশনের রেগুলেশন ৪০ বহু ক্ষেত্রে গভর্ণমেন্ট লঙ্ঘন করেছেন। তার প্রমাণ

Director of Operation in the Directorate of Transportation, West Bengal—

এই পোস্টে ১লা জুন, ১৯৪৯ তারিখে এ্যাপয়েন্টমেন্ট করা হ'লো, আর কমিশনে রেফার করা হ'ল ১৪ই ফেব্রুয়ারী, ১৯৫১ তারিখে অর্থাৎ ১ বছর ৮ মাস পরে। তারপর কমিশন ঠিক করলেন এই ভদ্রলোককে পার্মানেন্ট করা যেতে পারে। তার নাম অজিত মুখার্জী, তিনি কর্পোরেশনের ভূতপূর্ব্ব চীফ একজিকিউটিভ অফিসারএর পুত্র। তিনি ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীতে ৫০০ টাকা মাইনেতে কাজ করতেন, আর ডাঃ রায় এখানে এনে তাঁকে দিচ্ছেন হাজার টাকার উপর।

Dr. Bidhan Chandra Roy: He was getting Rs. 1,200 in the Calcutta Tramways.

Sj. Bankim Mukherji: He was getting Rs. 500.

[4-10—4-20 p.m.]

তাকে একটা লিফ্‌ট দিয়ে ৭৫০ টাকা করে দেওয়া হ'ল এবং ২।৩ মাস কাজ করার পর যদি তাকে নেওয়া হয়, তাহ'লে ১,০০০ টাকা করা হবে। যেহেতু ট্রামওয়ে কোম্পানীর জন্য ডক্টর রায় অনেক কিছু করেছেন, কোম্পানীর তাই যথেষ্ট আনুগত্য রয়েছে তাঁর প্রতি। সেই হিসেবে তাকে নিয়ে আসা হ'ল এবং তাঁকে ১,২০০ টাকা করে নেওয়া হ'ল। ডিরেক্টর অব অপারেশন হিসেবে কি ভাল কাজ করে আমরা জানি না। কি কি কারণে কি কি বিশেষ কোয়ালিফিকেশন-এর জন্যে তাকে এটা দেওয়া হ'ল,—কলকাতা ট্রামওয়ে কোম্পানীতে তিনি কাজ করছিলেন, এমন কি বিশেষ কোয়ালিফিকেশনএর জন্যে তাকে আরও বেশী মাইনে দেওয়ার ব্যবস্থা করা হ'ল? তিনি আজকে যে মাইনে পাচ্ছেন কোনো আই, এ, এস,কে এই মাইনে পেতে হ'লে অন্ততঃ ১৫ বৎসর কাজ করতে হয়, তারপরে হয়। তারপর আর একটি কথা হচ্ছে পেজ ৫৩তে কতকগুলি খবর আছে, সেখানে পড়ে আসছি,

Page 41, serial No 13

দেখুন, ২ জন

temporary Inspector of Statistics কে appointment

করা হ'ল পার্মানেন্ট পোস্টএ। আগে লেবার অফিসার করা হয়েছিল, পরে ইন্সপেক্টর করে এ্যাপয়েন্টমেন্ট করা হ'ল, অথচ এই পোস্টএর বেলাতে কোনরকমে বাইরেকার লোককে নেওয়া হ'ল না, এবং এই পার্মানেন্ট এ্যাপয়েন্টমেন্টএর ব্যাপারে যাদের রেকমেন্ডেশনস প্রয়োজন ছিল, অর্থাৎ যারা এক্সপার্ট, যাদের স্ট্যাটিস্টিক্স সম্বন্ধে জ্ঞান আছে, তাদের বিচার গ্রহণ করবার চেষ্টা করা হ'ল না। সবচেয়ে মারাত্মক ব্যাপার এই যে পলিটিক্যাল এ্যান্টিসিডেন্টস বিবেচনা করা হয়। একটি কেস দেখুন পেজ ৬৩, সিরিয়াল নং ৬এ—

it is a typical example of witch-hunting.

সেটা

appointment of a lady selected for appointment as senior Lecturer in Psychology and Child Development.

আগে মাত্র রিমার্কস দেখতে পেলাম যে তার পূর্বেকার পলিটিক্যাল এ্যাক্টিভিটিজসএর জন্যে তাকে নেওয়া হ'ল না। কি পলিটিক্যাল এ্যাক্টিভিটিজ সে সম্বন্ধে

কোনো উল্লেখ নেই। কি এমন তার পলিটিক্যাল এ্যাক্টিভিটিজস যে একজন লেডি আর সব কোয়ালিফিকেশনএর জন্যে রেকমেন্ডেশন হওয়া সত্ত্বেও তাকে নেওয়া গেল না। সেটা কি তাঁর স্বদেশের জন্যে স্বাধীনতা প্রচেষ্টা, যে প্রচেষ্টার জন্যে আজকে ভারতবর্ষের প্রাইম মিনিস্টার তাঁর প্রাইম মিনিস্টার পদে স্থাপিত। সেই প্রচেষ্টাকে আংশিকভাবে সহায়তা করার জন্যে ডক্টর রায় চীফ মিনিস্টার হয়েছেন।

Dr. Bidhan Chandra Roy: সে বিষয়ে আপনার কন্ট্রিবিউশন ঢের বেশী।

Sj. Bankim Mukherji: সেটা বোধহয় ডক্টর রায় নিজেই জানেন। (এ ভয়েস: কিন্তু ৪২ সালের ব্যাপারটা কি? তোমাদের ইতিহাস জানা আছে।) যাক, যা বলছিলাম। রাজনৈতিক কারণে, সেই পলিটিক্যাল এক্টিভিটিজসএর জন্যে যে এরকম হয় এটা খুবই পরিতাপের বিষয়। এরকম অনেক ল্যাক্সিটি প্রভৃতি এর মধ্যে রয়েছে দেখতে পাচ্ছি। তারপর সবচেয়ে মারাত্মক ব্যাপার এই যে এই সমস্ত কাজে যাদের গ্রহণ করা হয় তাদের যে এক্সপার্ট কমিটি দ্বারা বিচার করান হয় সে এক্সপার্টস কারা? হেডস অব দি ডিপার্টমেন্টরাই এক্সপার্ট, হেডস অব দি ডিপার্টমেন্টস যারা এ্যাপয়েন্ট করবেন, তাঁরাই এগজামিনার, তারাই এক্সপার্টস, এতে কি সম্পূর্ণ নিরপেক্ষতা থাকা সম্ভব? পেজ ২০ থেকে যেখানে পড়ে যাচ্ছি, কি দেখতে পাচ্ছি?

Lecturer in Chemical Engineering.

তিনি কে না

Principal, Bengal Engineering College

ঠিক তারপর রয়েছে

Assistant Inspector, Sri S. N. Bisi, Food Department

এর ব্যাপার, সেখানে হেড অব দি ফুড ডিপার্টমেন্ট এরকম ব্যাপারে ডিপার্টমেন্টাল হেড।

Mr. Speaker: You are referring to column 8, advisers?

Sj. Bankim Mukherji: হ্যাঁ, নেমস অব এডভাইজারস এইভাবে প্রত্যেকটি দেখতে গেলে দেখতে পাই প্রায় ১৪ আনা হেডস অব দি ডিপার্টমেন্ট তিনি সব। সে সমস্ত জায়গায় দরকার হিসাব, সেখানে বিখ্যাত কোনো চার্টার্ড একাউন্ট্যান্ট এনে পরীক্ষা করান যেত, যেখানে ইঞ্জিনিয়ারিংএর ব্যাপার সেখানে কমার্সিয়াল ফার্মএর কোনো ইঞ্জিনিয়ার, বা একাধিক ইঞ্জিনিয়ারিং কলেজের প্রফেসার নিয়ে পরীক্ষা করা যেতে পারত। এরকম নন-অফিসিয়াল এক্সপার্ট যারা তাদের নিয়ে কাজ করলে পাবলিক সার্ভিস কমিশনএর বিচার-বিবেচনায় নিরপেক্ষতা থাকত। বিশেষ করে সেই যে ১১১টি কেস যাতে আগে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল হেডস অব দি ডিপার্টমেন্ট দ্বারা, সেই হেডস অব দি ডিপার্টমেন্ট দিয়ে এই ১১১টি কেসের যখন বিচার করা হয়েছে এবং ২ বৎসর আগে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল, তারপর পাবলিক সার্ভিস কমিশনএ পাঠিয়ে দেওয়া হ'ল, সেখানে নিজেদের কাউকে রেখেছেন, যারা আগে থেকে পাবলিক সার্ভিস কমিশনএর নাকে ফ্লাউট করে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, তাদের নিজেদের কাজ ঢাকবার জন্যে প্রয়োজন হচ্ছে সেক্ষেত্রে তাদের নমিনীদের সমর্থন পাওয়ার ব্যবস্থা করা। সুতরাং সমস্ত জিনিষটা একটা ফার্স হয়ে দাঁড়াচ্ছে; এডভাইসরি কমিটি কিছু নয়, দি হোল থিং, বেশীর ভাগ জায়গায় ফার্স হয়ে দাঁড়াচ্ছে। এটা মস্ত বড় অপরাধ, যে অপরাধের জন্যে পাবলিক সার্ভিস কমিশনএর কোনো মতামতের মর্য্যাদা থাকছে না। কি আমরা দেখতে পাচ্ছি? সবচেয়ে যে নোটোরিয়াস কেস, ডক্টর রায়এর প্রায় নিরক্ষর ড্রাইভার তাকে স্টেট ট্রান্সপোর্টএ একজন মস্ত অফিসার করে দেওয়া হয়েছিল। যখন জ্যোতিবাবু প্রশ্ন করেছিলেন তার সম্বন্ধে——

Dr. Bidhan Chandra Roy: He was never my driver, not at any time of my life. Very sorry.

Sj. Bankim Mukherji: এবং আপনার কথাটা স্বীকার করা একটু কষ্টকর হচ্ছে এইজন্যে যে জ্যোতিবাবু যেদিন প্রশ্ন করলেন——

Dr. Bidhan Chandra Roy: আপনি তা বলতে পারেন, সত্য যদি না হয় তাহ'লে একটু কষ্ট তো হবেই।

Sj. Bankim Mukherji: সত্য বলা আপনার অভ্যাস এত কম যার জন্যে আমার কষ্ট হচ্ছে, একটু ভাবলেই বুঝতে পারবেন। যেদিন জ্যোতিবাবু প্রশ্ন তুললেন, সেদিন সকালবেলায় তার চাকরী গেল। জ্যোতিবাবুর প্রশ্নের জবাবে বললেন সে লোক আর কাজ করছে না। সে লোকটি অবশ্য ডাইরেক্টরএর কাছে গিয়ে কেঁদে পড়ল। তিনি তাকে অভয় দিয়ে বললেন তোমার চিন্তা নেই। এদিকে প্রশ্নোত্তর এসেম্বলিতে শেষ হ'ল, তারপর দিন বহাল তবিয়তে সে ভদ্রলোক কাজ করতে লাগলেন।

Dr. Bidhan Chandra Roy: I still maintain he was never my employee at all in spite of all Mr. Jyoti Basu might have said.

Sj. Bankim Mukherji: এর পরেও আপনারও স্বীকার করা অত্যন্ত কষ্টকর। এনিওয়ে, আপার হাউসএ তিনি এ সম্বন্ধে এমন সুন্দর যুক্তিজাল দিয়ে বলেছিলেন যে ফ্ল্যাটারিং প্রেস বলল—

Spirited reply of Dr. Roy.

Dr. Bidhan Chandra Roy: I am not responsible for that.

Sj. Bankim Mukherji: সেটা যদি স্পিরিটেড রিপ্লাই হয়, তাহ'লে বলব ডক্টর রায়এর সত্যমিথ্যা ইচ্ছামত বলিয়ে নেবার গুণ বহুল পরিমাণে আছে।

Dr. Bidhan Chandra Roy: May I ask you, Sir, to ask the press people to say if it is not the spirited attack of Sj. Mukherji today?

Sj. Bankim Mukherji:

সেখানে মনে করব প্রেসদের তা বলা আপনার ডাইরেক্শন অনুযায়ী, তাই বলছে, এবং সেক্ষেত্রে আমার ওই কথাই থাকবে

obliging and flattering praise.

[4-20—4-30 p.m.]

যাই হোক, এই পাবলিক সার্ভিস কমিশনএ এই সম্বন্ধে যে সমস্ত তথ্য আছে—আমার ধারণা কয়েকটা আছে, বেশী নাই—অর্ধেকও তাঁরা নিয়োগ করেন নি। এর উত্তর কি হবে? গভর্ণমেণ্ট এটাই ঠিক মনে করেন। এ'রা কেমিষ্ট্রীর প্রফেসর সম্বন্ধে জবাব দিতে পারেন নি। এই পাবলিক সার্ভিস কমিশন অযোগ্য, এই অযোগ্য পাবলিক সার্ভিস কমিশন রাখার প্রয়োজন নাই এই সম্বন্ধে আমার চিন্তার প্রিন্সিপল আছে। আমেরিকান প্রিন্সিপলএর কথা ছেড়ে দিলাম, আমি ব্রিটিশ প্রিন্সিপলএর কথাই বলি। ব্রিটিশ প্রিন্সিপল যা আছে তাতে নিয়ম হচ্ছে পাবলিক সার্ভিস কমিশন দলীয় স্বার্থের উর্ধ্বে থাকবে। যে দলই গভর্ণমেণ্ট ফর্ম করুন না কেন, তাঁরা তার অতীত থাকবেন। যে ব্রিটিশ প্রিন্সিপল আমরা গ্রহণ করেছি সেই ব্রিটিশ প্রিন্সিপলএই আমাদের চলা উচিত। সেখানেও এই প্রিন্সিপল একদিনে গড়ে উঠে নি। ১৮৫৩ সালে

Sir Charles Trevelyan and Sir Stafford Northcote

এই দু'জনের কমিটি নিয়ে পাবলিক সার্ভিস কমিশন গঠনের প্রস্তাব হয়। সেটাই হ'ল পাবলিক সার্ভিস কমিশনএর প্রথম যুগপত্তন যাতে ক'রে পাবলিক সার্ভিস কমিশনএব মাধ্যমে পরীক্ষার ভিত্তিতে নিয়োগের নিয়ম প্রচলিত হয়। তখন থেকে ওপেন কম্পিটিশনএর নিয়ম প্রবর্ত্তিত হয়। কিন্তু তা সত্ত্বেও দেখা গেল তখন পর্যন্ত নেপটিজমএ লোক নিয়োগ করা হয়, স্তাবকতা চলে। ১৮৭৪-৭৫ সালেও ট্রান্সফার অফিস সম্পূর্ণ গভর্ণমেণ্ট কণ্ট্রোলএ ছিল এবং গভর্ণমেণ্ট ট্রান্সফারএর ভিতর দিয়ে তাঁদের প্রীতির অপ্রীতির পরিচয় দিতে পাবতেন। ১৮৮০ সালে গ্লাডষ্টোনএর আমলে রীজলি কমিশনএর সুপারিশ অনুযায়ী সমস্ত ভেকান্সি ওপেন কম্পিটিশনএর ভিত্তিতে ফিল আপ করা সিদ্ধান্ত হয়। হায়ার এণ্ড লোয়ার প্রভৃতি সমস্ত ব্রিটিশ সিভিল সার্ভিসএই সেই নিযম চলছে। তারপর,

Macdonald Commission introduced women clerks, assistant clerks and intermediate clerks

ইত্যাদি রিক্রুট, প্রমোশন, ট্রান্সফারএর যাবতীয় ব্যাপার পাবলিক সার্ভিস কমিশনএর স্কোপএর ভিতর পড়ে। শুধু যে নিয়োগ করা হয় তা নয়, সবচেযে এফিসিয়েণ্ট লোক যাতে আসে তার দিকেও নজর দেওয়া হয়। যে সমস্ত লোককে নিয়োগ করা হয় তাদের আগে থাকতে কোন অভিজ্ঞতা আছে কি না সেটা দেখা হয়। তারপর ট্রেনিংএর কথা——

Mr. Speaker: How many more minutes do you think, Mr. Mukherji, you will take? You have taken 45 minutes already.

Sj. Bankim Mukherji: Five minutes more. I have come to the last chapter.

তারপর, মেরিট দেখে যদি প্রমোশন হয় এবং কর্ম্মচারীদের জেনারেল ইনফরমেশন পরীক্ষা করা হয় তাহ'লে সার্ভিসএর জন্য তাদের যোগ্যতা হয়, শিক্ষা হয় এবং অল্প খরচে কাজ হয়। তারপর, যে সমস্ত ট্রেনিং অর্থাৎ

basic clerical technique training in the art of public administration, school, college, university

তে হয় না সেই ট্রেনিংএর কিছু ব্যবস্থা রাখা প্রয়োজন। যে ফাংশন, যে কাজ তাঁরা করবেন সেই ফাংশনাবীদেব শুধু নিযোগই নয়, তাঁদের এফিসিয়েন্সী যাতে বেড়ে যায এটা দেখার জন্য যথোপযুক্ত ব্যবস্থাও করা প্রযোজন। তার সঙ্গে সঙ্গে তাঁবা যেন তাঁদের প্রকৃতি অনুসারে, এডমিনিষ্ট্রেশনএ যখন যে চেঞ্জ আসে সেই চেঞ্জ অনুসাবে কাজ কবতে পারেন সেইরকম স্কোপও থাকা উচিত। এজন্য একটা সেণ্ট্রালাইজড প্লান থাকবে, কারণ বিশেষ ধরণের কাজের জন্য সব সময় বাইবে থেকে তৈবী করা লোক পাওয়া যায় না। এই সম্বন্ধে

Rules and Regulations Public Service Commission

এর তৈবী করা উচিত। আশা করি শীঘ্রই এই রুলস্ এ্যাণ্ড বেগুলেশন তৈরী করবেন। ইংলণ্ডএ যেভাবে তৈবী হয়েছে পাবলিক সার্ভিস কমিশন সেই জিনিষগুলি ভালভাবে চিন্তা ক'বে কাজ করবেন। সেখানে দু'টো গ্রেড কবা হয়েছে——

higher grade and lower grade. School-leaving certificate

লাভের পর ১৭-১৯ বছর বয়সে—এই অল্প বযসে আসাব দরুণ হায়ার গ্রেড পেতে পারে; ১৯-২৫ বছব বয়সে হাযাব গ্রেডএব সমকক্ষতালাভের সুযোগ পেতে পারে। এইবকম রুলস এণ্ড রেগুলেশনস করা উচিত। কিন্তু কোনটাই করা হয় নি; আর সবই ভায়োলেট করা হচ্ছে। আরো বহু ব্যাপার আছে যা পাবলিক সার্ভিস কমিশনএর কাছে রেফার করা হয় না। ডিসিপ্লিনারি এ্যাকশনএর জন্যও তাঁদের কাছে রেফার করা হয় না। পাবলিক সার্ভিস কমিশনএর কাছে মেমোরাণ্ডাম পাঠান হয় তাহ'লে কমিশন বিবেচনা ক'রে সন্ধান করে গভর্ণমেণ্টকে জানাতে পারে। আমরা দেখতে পাচ্ছি প্রত্যেক ব্যাপারেই এর বেশী ল্যাপ্স হচ্ছে। আমরা চাই না এই ল্যাপ্সগুলি সম্বন্ধে কোন স্পিরিটেড রিপ্লাই দেন, দিয়ে আত্মপক্ষ সমর্থন করেন আর এতে কোন লাভও হয় না। যদি এ্যাপয়েণ্টমেণ্টএর ব্যাপারে এই সার্ভিসএর স্বাতন্ত্র্য ও কনষ্টিটিউশনএর মর্য্যাদা অব্যাহত রাখতে হয় তাহ'লে গভর্ণমেণ্টএর পরিষ্কারভাবে স্বীকার করা উচিত—যেমন ডাঃ রায় স্বীকার করলেন রুলস, বেগুলেশনস করা যায় না—তাঁদের বলা উচিত তাঁরা

খনো পর্য্যন্ত করে উঠতে পারেন নি, বহু ত্রুটি াছে। এই সমস্ত ত্রুটি এর পরে আর যাতে না াকে এবং পাবলিক সার্ভিস কমিশনএর মর্য্যাদা যাতে ক্ষুন্ন থাকে তারজন্য প্রাণপণ চেষ্টা করবেন এই ত্তর পাওয়া গেলে সেই উত্তরই হবে সদুত্তর এবং হসের উত্তর। সর্বপ্রকারে সর্বলোকের কাছে াহরনীয় উত্তর দিতে হবে। যাই বলা হোক, এই লংক-কালিমা গভর্ণমেণ্টএর মুছে যাবার নয়। এই লে গভর্ণমেণ্টএর দৃষ্টি আকর্ষণ করছি পাবলিক ার্ভিস কমিশন—

Dr. Bidhan Chandra Roy: Sir, want to correct one statement of Ir. Mukherji. Will he kindly see age 67 of the Report? He will nd an appendix. There have been ome amendments to Public Service commission Regulations which ere mainly with regard to Public ervice Commission itself.

Sj. Bankim Mukherji:

সেটা দেখেই পয়েণ্ট অব অর্ডার রেজ করেছিলাম। ই রেগুলেশনগুলি আমাদের সামনে আসা উচিত ছল। আশা করি কমপ্লিট রুলস্ এ্যান্ড রেগু-লশনস্ এই হাউসের সামনে আনবেন।

Dr. Bidhan Chandra Roy: Sir, will refer Mr. Mukherji, to rticle 392 of the Constitution.

[4-30—4-40 p.m.]

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, সমস্ত পৃথিবীময় আমরা একটা বষয় নিয়ে গর্ব্ব করি। ভারত সরকারের প্রচার দপ্তর াক্তার রাজেন্দ্রপ্রসাদের মুখবন্ধসহ "আমাদের ংবিধান" সম্বন্ধে যে পুস্তিকা প্রকাশ করেছেন এবং আমাদের ভারতীয় প্রচার বিভাগ পৃথিবীময় যে ুস্তিকা বিতরণ করেছেন তাতে বলা হয়েছে আমাদের সংবিধানের অভিভাবক তিনটি—গণতন্ত্রের অভিভাবক স্বাধীন বিচার বিভাগ, সুপ্রীম কোর্ট এবং াই কোর্ট, পাবলিক সার্ভিসএর অভিভাবক, পাবলিক সার্ভিস কমিশন এবং ফাইনান্স ও এ্যাকাউণ্টসএর অভিভাবক, কম্প্রোলার এন্ড অডিটর-জেনারেল। আমাদের মুখ্যমন্ত্রী স্বেচ্ছাচারের প্রতিমূর্ত্তি। আমরা যখন তাঁর কঠোর সমালোচনা করি, করাটা দরকার মনে করি এবং প্রকৃত বন্ধু ব'লেই তা করে থাকি তখন তিনি বলেন—

God save me from such a friend.

কিন্তু এটা তাঁর মনে করা উচিত প্রকৃতই যখন সকলে সমালোচনা করে সেটা মঙ্গলের জন্যই করে। যেমন ব্যক্তিগত জীবনে মানুষ সমালোচনার দ্বারা সত্যের সন্ধান পায়, নিজের দোষত্রুটি বুঝতে পারে, তেমনি রাষ্ট্রতন্ত্রের যে বিরোধী দল তারাই হচ্ছে প্রকৃত বন্ধু, তিনি যাঁদের পাশে বসে আছেন তাঁরা নয়। ব্যক্তিগত-ভাবে তাঁর প্রতি আমার কোন আক্রোশ নেই কিন্তু তার কার্য্যের আমি ঘোরতর শত্রু ও নিন্দুক একথা স্পষ্ট করে বলে যাবো। মুখ্যমন্ত্রী মহাশয় স্বেচ্ছা-চারী, কথায় কথায় তিনি ভোটের জোর দেখান, তাঁর ভোটের জোর আছে সুতরাং সবই আছে; উনি ভাবেন আইন তাঁর জন্য, তিনি আইন মানবেন না। এই মনোভাব নিয়ে তিনি এই তিনটি অভিভাবককেই আঘাত করেছেন। আজকে এই তিনটার সব ক'টার কথাই বলবো না, আজ শুধু পাবলিক সার্ভিস কমিশনএর কথাই এখানে বলবো। সংবিধানে বলেছে যে পাবলিক সার্ভিস কমিশনএ কমপক্ষে অর্দ্ধেক সরকারী কর্ম্মচারী হবে—

as nearly, may be half.

সংবিধানের উদ্দেশ্য যে তিনজনের মধ্যে একজন অন্ততঃ নন-অফিসিয়াল লোক থাকবে। অন্যান্য প্রদেশেও তাই করা হয়েছে। অন্যান্য প্রদেশের পাবলিক সার্ভিস কমিশন রিপোর্ট আমার কাছে আছে, এবং সেই রিপোর্ট হতে আমি দেখেছি বম্বেতে, ইউ, পি,তে সেটা ফলো করছে এবং হাফ নেওয়া হয়েছে। যদিও সব শেয়ালের এক ডাক কিন্তু তিনি সকলের উপর টেক্কা দিয়েছেন, এমন কি মুরারজী দেশাইকেও তিনি ছাড়িয়ে গিয়েছেন। এখানেও প্রথম কমিশন এই নিয়ম মেনেই তৈরী হয়েছিল কিন্তু ডাক্তার রায় মুখ্যমন্ত্রী হয়েই এই নিয়ম অস্বীকার করলেন, তিনি কমিশনএর তিনটি পদেই সরকারী কর্ম্মচারী বসিয়ে দিলেন। তারা যাতে তাঁর বসম্বদ লোক হয় সেদিকে লক্ষ্য রাখলেন। এই পাবলিক সার্ভিস কমিশন সংবিধানের সবচেয়ে একটা বড় জিনিষ, সেটা তিনি নিজের তাঁবেদার করবার জন্য উঠেপড়ে লাগলেন। প্রথমতঃ তিন হাজার টাকা মাইনে দিয়ে তিনি এমন একজনকে চেয়ারম্যান করলেন যে সংবিধান অনুসারে চেয়ারম্যান থাকতে পারে না, কারণ তিনি পক্ষাঘাতগ্রস্ত, চলাফেরা করতে পারেন না এবং জোরে কথা পর্য্যন্ত বলতে পারেন না। তিনি প্রথমে ইন্ডিয়া গভর্ণমেণ্টএ ছিলেন। তখন তিনি ফুল পে নিয়ে ছুটিতে ছিলেন, তারপর হাফ পে নিয়ে ছুটি নিলেন যতদিন পারলেন, তারপর কোয়াটার পে লীভ নিলেন, এর পর ইনভ্যালিড পেন্সন নেবার অবস্থা হ'ল। সেই সময় দয়ার সাগর আমাদের মুখ্য-মন্ত্রী মহাশয় তাঁর নিজের গরজে তাকে তিন হাজার টাকা মাইনে দিয়ে এখানে নিয়ে এসে বসালেন। এ'কে এই পদে না বসালে ভারত সরকার অথর্ব্বতার জন্য সরিয়ে দিত। এটা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের জানা কথা কিন্তু তিনি জেগে ঘুমান এবং জবাব দেবার সময় বলবেন এটা মিথ্যা এবং পরে এটাই স্বীকার করবেন। এর আগে তিনি আমাকে একদিন বলে-ছিলেন যে "আপনি উপন্যাস লিখুন", কিন্তু উনি যেসব কাজ করছেন তার একটা নিয়ে লিখলেই এক-একটা মহাভারত হবে। এবং আমি তা লিখবো, যেমন কাশীরাম দাস লিখেছিলেন—

"মহাভারতের কথা অমৃত সমান,
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।"

তেমনি আমিও বলছি:—

"বিধানচন্দ্রের কথা অমৃত সমান,
হরিপদ চট্ট কহে শুনে পুণ্যবান।।"

আমি যেসব কথা বলছি তা গেঁথে রাখলে একটা মহাভারত হয়ে যাবে। আমি জানি যে এর একটিরও জবাব তিনি দিতে পারবেন না। এখানে পাবলিক সার্ভিস কমিশনএর রিপোর্ট আমরা পেলাম না অথচ

[Sj. Haripada Chatterjee.]

খবরের কাগজে বেরিয়ে গেল ১৯৫১-৫২ সালের রিপোর্ট, জানি না তাঁর করুণা কবে হবে। এঁরা যেভাবে রিপোর্ট দিয়েছেন তাতে আমরা ধীরে ধীরে ভাল করে বলবো ভেবেছিলাম কারণ তাড়াতাড়ি করবার কোন কারণ নেই, যথেষ্ট সময় আছে। তারপর এই চেয়ারম্যানকে অথর্ব্বতার জন্য সরিয়ে দিতেন কারণ সংবিধানের ৩১৭(৩) ধারায় স্পষ্ট ভাষায় বলা আছে যে ইনফারমিটি অব বডি এ্যাণ্ড মাইণ্ড ঘটলে কেউ কমিশনএ থাকতে পারবে না। উনি হয়ত বলতে পারেন যে মাইণ্ড যদি এলার্ট থাকে তবে বডি খারাপ হলে কি হয়? কারণ আমরা চাই কাজ। কিন্তু এই ধারা অনুসারে মাইণ্ড এণ্ড বডি ঠিক থাকতে হবে। এ কথায় তাঁকে জবাব দিতে হবে। তিনি একজন বড় ডাক্তার, আমি তাঁর একটা ফটো এনে দেখাতে পারি স্যার, যাকে চেয়ারম্যান পদে বসান হয়েছে তিনি কিভাবে চেয়ারএ বসে আছেন। এইরকম একটা লোককে এনে বসিয়েছেন তিন হাজার টাকা মাইনে দিয়ে। কাজেকাজেই এই চেয়ারম্যানকে হাতে রাখবার জন্যই এঁকে করা হয়েছে, তাছাড়া সে হতে পারে না। এখানে সংবিধানের যে ৩১৭(৪) ধারা আছে—যদি বলেন তা পড়ে দিতে পারি; আমার অভ্যাস আছে কাগজপত্র নাড়াচাড়া করার এবং আমি তা সব নিয়ে এসেছি—আমি বহু সেসনএর কথাই বলতে পারি। এখানে ডাক্তার রায়কে অনুরোধ করছি যে দয়া করে তিনি চলে যাবেন না, আপনার জন্যই এই সব শুনাচ্ছি, এই বুড়ো বয়সে অনেক পড়াশুনা করে আসতে হয়। যদি বলেন তাহ'লে সবটাই পড়ে দিতে পারি—

"If the Chairman or any other member of the Public Service Commission is or becomes in any way concerned or interested in any contract or agreement made by or on behalf of the Government of India or the Government of a State or participates in any way in the profit thereof or any benefit or emolument arising therefrom otherwise than as a member and in common with the other members of an incorporated company, he shall for the purpose of clause (*1*) be deemed to be guilty of misbehaviour."

এখন ক্যাট ইজ আউট অব দি ব্যাগ; এর বেলায় সে নিয়ম মানা হ'ল না।

[4-40—4-50 p.m.]

সেখানে তাঁর স্পাই থাকা দরকার তা অসংগত হ'লে কি হবে। সেক্রেটারীশিপ তাঁকে করতে দেবেন না; আগে সেক্রেটারী এ্যাপয়েন্ট করবার দরখাস্ত রিজেক্ট করে দিয়েছিলেন, ৭৫০ টাকার তিনি পান নি; পরে পেলেন কিনা একেবারে মেম্বরশিপ ২ হাজার টাকা মাহিনার। দেখুন তিনি কিরকম কোরে লোক তৈরী করেন। বিরোধী পক্ষের সদস্য বোলে আমাকেও বশ করতে পারেন (হাস্য), তবে আমার যদি সে অভ্যাস থাকত ত আমাকেও বশ করতে পারতেন; তবে সে ক্ষমতা নাই—থাক সে কথা—তবে আমি ওঁর বশ ত আছিই। আর উনি যেরকম ভাল লোক দেখছি তাতে এই সব কাজগুলো ত্যাগ করলেই ভাল হয়। এত মাহিনা দিয়ে রাখলেন—২ হাজার টাকা মাহিনা দিয়ে—আর যিনি সেক্রেটারী হবার যোগ্য বিবেচিত হলেন না তিনি হলেন সদস্য। তারপর তাঁর কল্যাণী সহরের ডেভেলপমেণ্ট কর্পোরেশনের সংগে আর্থিক যোগ আছে। আগে ডাঃ রায় বলেছিলেন—

"It is absolutely false".

এখন ৩ বছর বাদে সেই ডাঃ রায়ই বলছেন, কোণঠাসা হয়ে তবে ডাঃ রায় এতদিনে স্বীকার করেছেন যে তিনি কল্যাণীতে ইণ্টারেস্টেড। তারপরে দেখুন সুপারএ্যানুয়েটেড সুশীল মুখার্জীকে এক্সটেনসন দিয়ে দিয়ে, তারপরে গভর্ণরের সেক্রেটারী এবং তারপরে এখানে এনে বসালেন। তাঁর কি কাজ সে পরে বলব। তিনি যদি এতই যোগ্য লোক তাহ'লে ফাইনান্স ডিপার্টমেণ্টএ নূতন স্পেশাল অফিসার না এনে সুশীল মুখুজ্যেকে রাখলেই ত হ'ত। তাঁকে এখানে নিয়ে আসবার কি দরকার? এখন এখানে আশুতোষ সেনকে আনা হয়েছে; তিনি সয়েল কেমিষ্ট, কোন জায়গায় চাকরীতে টিকতে পারেন না—এঁকে সরকারী অনেক টাকা খরচ কোরে ইউরোপ-আমেরিকা ঘুরিয়ে আনা হয়েছে; কৃষিবিদ্যা শিখিয়ে আনা হয়েছে। আজ কৃষিপরিকল্পনার দিনে তাঁকে কৃষি বিভাগে না রেখে এখানে রাখা হ'ল কেন? আজকে তাঁর কথা বেশী বলব না, কারণ আজ যে রিপোর্ট দিয়েছেন তাতে তিনি নাই, তিনি এখন বহাল তবিয়তে সব সময় পিছনে উত্তর দিচ্ছেন। এঁকে কোন রকমেই বেসরকারী লোক বলা যায় না। দ্বিতীয় সদস্যকে অবশ্য বেসরকারী লোক ব'লে মেনে নেওয়া যায় এখন যিনি আছেন।

প্রথম কমিশনের রিপোর্ট বদলাবার সময় ডাঃ রায় ধরা পড়লেন একেবারে বামাল—একথা বলা যেতে পারে। ৫০০ কপি ছাপা হয়েছিল, বিলিও হয়েছিল। কণ্টিনুইং বডি যে রিপোর্ট দিযে গেলেন তা গভর্ণরের কাছে সাবমিট করা হ'ল; তারপরে ফাইন্যান্স সেক্রেটারীর কাছে গেলে তিনি বললেন যে এগুলো ফ্যাকচুয়াল রিপোর্ট নয়। ওসব কথা জানতে পারলে বুঝতে পারবেন যে পাবলিক সার্ভিস কমিশন নিয়ে খুব সাংঘাতিক খেলা আরম্ভ করেছেন—খড়ের চালে আগুন লাগার চেয়েও বেশী তা বুঝতে পারবেন। তবু দুর্ভাগ্যের বিষয় প্রধান মন্ত্রীর হাতে নেই সে পাবলিক সার্ভিস কমিশন; কিন্তু তবু উনি সে তোয়াক্কা করেন না। আর কত করবেন! হাই কোর্টের জজকে এবং চীফ জাষ্টিসকে কাজ দিয়েছেন—কোন জায়গায়ই ফাঁক রাখছেন না; সব জায়গায়ই শেষ ক'রে দেবেন এবং "একমেবাদ্বিতীয়ম্" হয়ে থাকবেন—এক কৃষ্ণ।

প্রথম কমিশনের রিপোর্টের সময় ধরা পড়ে গেছেন; ডাঃ রায় বলেছিলেন যে কমিশন ফ্যাকচুয়াল রিপোর্ট দেবেন; আগের রিপোর্টে বাহিরের কথা ছিল; সুতরাং পরের রিপোর্টে তা বদলেছেন। আগে বাহিরের কথা ছিল, সেটা ফ্যাকচুয়াল রিপোর্ট ছিল না কিন্তু উনি বদলাবার কে? আপনি কে তার বিচার করবার? তাহ'লে পার্লামেণ্টে পাশ কোরে দেওয়া হোক যে উনি যা বলবেন তাই আইন; ওঁর কথাই সব। তাহ'লে এ

সংবিধানের আর দরকার নেই। আর এখানেও, সভাপাল মহাশয়! উনি যাই করুন আমরা সবাই ওঁর জয় গাই। সংবিধান অনুযায়ী ত বলতে হবে। ফ্যাকচুয়াল রিপোর্ট দেয় নি, অতএব তাদের রিপোর্ট বদলে দাও! পাবলিক সার্ভিস কমিশনকে তাদের রিপোর্ট বদলে দিতে বলেছেন। হাই কোর্টের জজকে চিঠি লিখেছেন, জজ সাহেবকে টেলিফোন করেন এক ঘণ্টা ধ'রে যে অমুককে নিলে হবে না, অমুককে নিতে হবে। এসব যে করেন তা আমরা জানি; কিন্তু এ ত আমরা ভাবতে পারি না যে এটা নিয়েও ঐরকম করবেন—যে রিপোর্ট ঠিক হয় নি, রিপোর্ট ঠিক ক'রে দিতে হবে। এ'দের রিপোর্টে যা আছে পড়ে দেখুন। ফ্যাকচুয়াল রিপোর্ট এ'রা দিয়েছেন। আপনার ডিপার্টমেণ্ট আনিয়ে দিয়েছেন, তা নাহ'লে কোথাও পাওয়া যেত না; ন্যাশনাল লাইব্রেরীতে পাওয়া যায় না। আপনার ডিপার্টমেণ্টকে ধন্যবাদ। এটা দেখুন কিভাবে তাঁরা ক্রিটিসাইজ করেছেন। সব শিয়ালের এক ডাক। কিন্তু তবু তারা ক্রিটিসাইজ করেছেন ভীষণভাবে। কারণ ঐ সংবিধান অনুযায়ী এ'দের ত সর্ব্বেসর্ব্বা হওয়ার কথা। সরকারের কাজের সমালোচনা করেছেন, উপদেশ দিয়েছেন, সেসব দেখা যাচ্ছে। সংবিধানের ৩২০ ধারায় স্পষ্টভাষায় বলা আছে কর্ম্মচারী নিয়োগ, বদলী ও প্রমোশনএর ব্যাপারে সব সময় সেই কমিশন পরামর্শ দিতে পারবে। ডাঃ রায় কি কারও পরামর্শ নিতে চান? আর ঐ মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় তিনি ত সব সময় টন, টন, লাখ টন, ৫ লাখ টন এই সব লিখে দিতে পারেন। প্রধান মন্ত্রীমহাশয় বাংলাদেশের ঐতিহ্য আছে, কালচার আছে, তা যেন ভুলে যান। তাঁর ডাকাবী করা উচিত ছিল।

পাবলিক সার্ভিস কমিশনের উদ্দেশ্য এক্সিকিউটিভ নেপটিজম বন্ধ করা। ব্রিটিশ আমলে যা ছিল ধীরে ধীরে সে কমিশনের কার্যপদ্ধতি পরিবর্ত্তিত হয়েছে। এটা বিলাতে এবং আমাদের এখানেও দেখতে পাই। এ সম্বন্ধে লাস্কি বলেছেন রাজনৈতিক দলের হাতে সরকারী কর্ম্মচারী নিয়োগের ক্ষমতা যত কম থাকে ততই মঙ্গল। এজন্য দু'টো নিয়ম মেনে চলা উচিত।

(১) সরকারী কর্ম্মচারী নিয়োগ ক্যাবিনেট থেকে না হয়ে মন্ত্রিসভার বাহিরে একটা স্বাধীন কমিশন করবে, এবং

(২) এমন নিয়ম কানুন মেনে নিয়োগ হবে যাতে ব্যক্তিগত ফেভারিটিজম খুব কম হতে পারে। আমাদের সংবিধানে এই নিয়ম মেনে নেওয়া হয়েছে এবং পাবলিক সার্ভিস কমিশনকে মন্ত্রিসভার বাহিরে সরিয়ে দেওয়া হয়েছে।

আগেকার ভারতশাসন আইনে কমিশন গভর্ণর ইন হিজ ডিসক্রিশন দায়িত্বশীল ছিলেন। সভাপাল মহাশয়! এটা ভাল কোরে বোঝা উচিত যে গভর্ণর ইন হিজ ডিসক্রিশন। এখন তা নয়। এখন উনি চেষ্টা করছেন প্রধান মন্ত্রীমহাশয় যা ইচ্ছা করতে। গভর্ণর ইন হিজ ডিসক্রিশনএ বিপদ আছে। গভর্ণর ইন হিজ ডিসক্রিশন যখন থাকল না তখন তার সঙ্গে যা ছিল এই বোলে চলে যাবে—তিনি এখন এই ইণ্টারপ্রেটেশন করছেন। সংবিধানে নাই, পার্লামেণ্ট ব'লে দেয় নি; তিনি একটা মনগড়া করছেন, সেইটাই আশ্চর্য্য। আগে ছিল

Governor-General in his discretion

কিন্তু ৫০০ টাকার বেশী মাহিনা ভারতবর্ষে কারও দেবার ক্ষমতা ছিল না। সেক্রেটারী অব ষ্টেট থেকে হ'ত এইটাই ছিল নিয়ম। এসবের খবর টবর ত রাখেন না; কেবল ডাক্তারী কোরে এসেছেন সারাজীবন! ৫০০ টাকার বেশী মাহিনায় এ্যাপয়েণ্ট করতে গেলে সেক্রেটারী অব ষ্টেটের স্যাংসন লাগত। এই রেগুলেশনগুলো তখনকার। পুকুর চুরি হয়েছে। কোরেছেন কি? ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী আমাদের কনষ্টিটিউশন বিধিবদ্ধ হয়েছে। ওখানে আছে যে যেই রেগুলেশন হবে সেটা হাউসে আনতে হবে। পাবলিক সার্ভিস কমিশনের রেগুলেশন গভর্ণমেণ্ট করেছেন; সেটা হাউসে আনতে হবে। কিন্তু তিনি করলেন কি? ২৫শে জানুয়ারী পর্য্যন্ত পাবলিক সার্ভিস রেগুলেশন তৈরী করলেন। তাহ'লে তাকে ফাঁকি দেওয়াই তাঁর উদ্দেশ্য; কেবল বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাবেন এই তাঁর কাজ।

আগে ছিল কি? দু'টো রিপোর্ট যেত পাবলিক সার্ভিস কমিশনের গভর্ণর ইন হিজ ডিসক্রিশনএর জন্য একটা গভর্ণরের কাছে, এবং সেটা গভর্ণর এবং মিনিষ্টারেরা দেখতেন। সেটা ছিল

detailed, full and confidential report;

আর একটা সংক্ষিপ্ত রিপোর্ট প্রকাশ করা হ'ত এবং সাধারণে সেটা নিয়ে আলোচনা করত। রোলাণ্ড কমিশন তাঁদের রিপোর্টে এই দু'টোকে এক কোরে প্রকাশ করবার সুপারিশ করেন যাতে জনসাধারণ সমালোচনা করবার সুবিধা পায়। এটা ঐ সংবিধানের আগের কথা। আমরা ইংরাজের দোষগুলো পেয়েছি, গুণ পাই নি। খালি বললে হয় না যে হাউস অব কমন্সকে ফলো করছি, মের পার্লামেণ্টারী প্রাকটিস ফলো করছি, সব করছি বলছি কিন্তু কাজের বেলায় "আমি আর মা", আমি আর প্রফুল্ল সেন। আমাদের সংবিধানে তার চেয়ে উন্নত ব্যবস্থা হয়েছে। পাবলিক সার্ভিস কমিশনকে সুপ্রীম কোর্ট এবং অডিটর-জেনারেলএর সমান মর্য্যাদা দেওয়া হয়েছে। তার বিরুদ্ধে যাঁরা যাবেন তাঁরা সংবিধানবিরোধী কাজ করবেন। গভর্ণরকে রিপোর্ট পাঠান হয়, গভর্ণর সে রিপোর্ট বিধান-সভায় আলোচনার জন্য পাঠিয়ে দেন, প্রতিবৎসর এটা অবশ্যকরণীয়—শ্যাল বোলে দেওয়া আছে। ৩২৩(২) ধারায় কমিশন গভর্ণরের জন্য রিপোর্ট পাঠান, সে রিপোর্ট ফাইনান্স সেক্রেটারী গ্রহণ করেন মাত্র; কিন্তু রিপোর্টে হাত দিবার ক্ষমতা তাঁর নাই। আগেকার যিনি ছিলেন তিনি সোজাসুজি গভর্ণরকে পাঠাতেন, গভর্ণর যাকে বলেন তাকেই দিতে হবে, গভর্ণর যদি বলেন চাপরাশীকে দিতে তাই দিতে হবে, কিন্তু আইন আছে গভর্ণরকে দিতে হবে। গতবার রিপোর্ট নিয়ে বিতর্কের সময় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে ফাইনান্স সেক্রেটারীকে পাঠান হয়। তাও যদি হয় তিনি যেভাবে পারেন সেইভাবে গভর্ণরকে পাঠাতে হবে। ফাইনান্স সেক্রেটারীর মাতব্বরী কেন?

[4-50—5 p.m.]

মুখ্যমন্ত্রী মহাশয় এরকম সব সময়ই চেপে যান। কমিশন গভর্ণরের জন্য রিপোর্ট পাঠান, সে রিপোর্ট ফাইনান্স সেক্রেটারী গ্রহণ করেন মাত্র, রিপোর্টে হাত দেবার ক্ষমতা তাঁর নাই। গতবার পাবলিক সার্ভিস

[Sj. Haripada Chatterjee.]

কমিশন রিপোর্ট বিতর্কে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ফাইনান্স সেক্রেটারীকেই রিপোর্ট পাঠানো হয়। এ সম্বন্ধে অডিটার-জেনারেলও সেজন্য লিখেছিলেন—ফাইনান্স সেক্রেটারীর কাছে রিপোর্ট পাঠান হয় বটে তবে সেটা গভর্ণরের জন্য, তাঁর জন্য নয়। উনি আমাকে বলেন আমি নাকি সাপ্রেশিও ভেরি করি। তিনি একেবারে সাপ্রেশিও ভেরি এবং সাজেসসিও ফলসির রাজা। চিঠিখানির অর্দ্ধেক চেপে বাকীটা পড়েছিলেন। ফাইনান্স সেক্রেটারীর কোন ক্ষমতা নাই এ ব্যাপারে। যিনি ৫০০ টাকার বেশী মাইনে পেতেন না তাঁকে এনে বসিয়েছেন ২,৭৫০ টাকা বেতনে, তাকে দিয়ে যা ইচ্ছা তাই করাচ্ছেন। হাই কোর্টের জাজমেণ্টও তিনি এইভাবে অর্দ্ধেক চেপে পড়েছিলেন।

এবার রেগুলেশনের কথা বলি। পুরাণো রেগুলেশন এখন অচল। পুরাণো রেগুলেশন যদি সংবিধানের বিরুদ্ধে হয় তাহ'লে তা কি করে থাকবে? উচিত ছিল নূতন করে রেগুলেশন করে নেওয়া। সংবিধানে নিয়ম হয়েছে যে পাবলিক সার্ভিস রেগুলেশন তৈরী হওয়া মাত্র বিধান-সভায় তা প্লেস করতে হবে। পুরাণো রেগুলেশন প্লেস করবার কথা নাই। সুতরাং এটা সংবিধান-বিরোধী। সংবিধান-বিরোধী হ'লে তা কি করে থাকবে? উনি তো দেবেন না আমি এই যে যোগাড় করেছি একটু পড়ে দেখাই। সেখানে ৩৫ নম্বর রেগুলেশনে আছে—

"It shall not be necessary to consult the Commission with respect to the filling of the posts specified in Schedule B, Annexure 2, or of any other post which the Governor in his discretion may by special order specify in this behalf except on the claims of such candidates as may be nominated by the Governor."

গভর্ণর যেখানে নমিনেট করবেন সেখানে ওঁরা করছেন। ৩৫এতে গভর্ণরকে দিয়ে

Town Planning Engineer, nomination

করিয়েছেন। কারণ গভর্ণর ইন হিজ ডিসক্রিশন। স্যার, আপনি আমাদের প্রিভিলেজ রক্ষার কর্ত্তা। গভর্ণর ইন হিজ ডিসক্রিশন একেবারে গত হয়েছে, একেবারে পটল তুলেছে, তার সঙ্গে সেই রেগুলেশনগুলি কি পটল তুলবে না? গভর্ণর ইন হিজ ডিসক্রিশনএর কাছে আপীলের ক্ষমতা ছিল, সংবিধানে গভর্ণর ইন হিজ ডিসক্রিশন বলে কিছু নাই। গভর্ণর ইন হিজ ডিসক্রিশন না থাকলে তার রেগুলেশন থাকে কি করে? গভর্ণর ইন হিজ ডিসক্রিশন থেকে সেখানে আপীল ছিল। উনি কেবল সমস্ত চেপেচুপে রেখে দিচ্ছেন। ১৬(১) সংবিধানে আছে—

"There shall be equality of opportunity for all citizens in matters relating to employment or appointment to any office under the State."

যেহেতু গভর্ণর ইন হিজ ডিসক্রিশন নাই, সুতরাং এটা সংবিধানের বিরোধী হচ্ছে। যুক্তি দিয়ে এটা বিচার করা উচিত—এ করলে দেখা যাবে তিনি যে করছেন তা গুরুতর অন্যায়, অপরাধ। সেই পুরাণো রেগুলেশন হাউসে আজ পর্য্যন্তও আনলেন না। এটা এখানে প্লেস করা উচিত। এটা কনটেমচুয়াস অব লেজিসলেচার, উনি বল্লেন একথা তাতে ছিল। বি, কে, বসু যখন চেয়ারম্যান ছিলেন বৃটিশ আমলে তখন তিনি দেখিয়ে দিয়েছেন। তাঁর এক ভাই হাই কোর্টে আছেন নরেন বোস, জে, সি, গুপ্ত মহাশয়ও জানেন—তিনি এরিষ্টোক্রেটিক পরিবারের লোক। তার বাড়ীর সামনে দু'টি সিংহমূর্ত্তি বসে আছে। কমিশনের উপর কোন রকমে গভর্ণমেণ্ট যাতে প্রভাব বিস্তার করতে না পারে তারজন্য রেগুলেশন বিধান-সভায় পেশ করার ব্যবস্থা হয়েছে। এটা যে এ্যাবসার্ড হচ্ছে তা যে তিনি বুঝেন নাই তা নয়। মনে মনে খুবই বুঝেছেন। গভর্ণর ইন হিজ ডিসক্রিশন কোন আপীল নাই এটার চেয়ে যে সংবিধান-বিরোধী কাজ আর হ'তে পারে না এটা মনে মনে ঠিকই বুঝেছেন। সেজন্য বলেছেন এটা শীঘ্র দিচ্ছি। তিনি বলেছেন

"As regards the Public Service Commission Rules, this is also one of the things which is enjoined in the Constitution. We are considering these rules. As soon as they are ready we shall place them before the House as enjoined by the Constitution and then discussion may take place."

কিন্তু সেকথা তিনি রক্ষা করেন নাই। তিনি বেকায়দায় পড়লেই কথা দেন তারপর পগার পার হ'লে সব কিছু ভুলে যান, কিছুই মনে থাকে না। পাবলিক সার্ভিস কমিশন সম্বন্ধে তিনি বলেছিলেন

"we are considering the rules," etc.

কিন্তু সেটা আজও রেডী করতে পারলেন না। ২৬শে জানুয়ারী, ১৯৫০ তারিখে সংবিধান চালু হ'ল। ২৫শে জানুয়ারী পর্য্যন্ত মুখ্যমন্ত্রী পাবলিক সার্ভিস রেগুলেশন তৈরী করলেন। বিধান-সভাকে ফাঁকি দিবার জন্যই এটা করা হ'ল। ২৬শে জানুয়ারীর পরে আর একটাও রেগুলেশন করেন নাই। ২৫শে জানুয়ারী যেগুলি করলেন সে সম্বন্ধে বল্লেন—

We are considering these rules.

উনি রেগুলেশনসকে রুলস বলছেন। সেখানে রেগুলেশন কন্সিডার করছেন হাউসএ প্লেস করবার জন্য তা আজ পর্য্যন্ত করেন নি। রেগুলেশন হওয়া উচিত কি অনুচিত আমি অবশ্য বলবো না যে রেগুলেশন হওয়া উচিত নয়। কারণ বেয়ারা, চাপরাশি এ্যাপয়েণ্ট করতে তা যে সব সময়

Public Service Commission appoint

করবে তা সম্ভব নয়। সেজন্য রেগুলেশন সম্বন্ধে আমার কথা হচ্ছে কোন্ কোন্ জায়গায় দরকার তিন রকম কাজের জন্য গভর্ণমেণ্ট রেগুলেশন করেন। (১) নিম্নপদের কর্ম্মচারী। (২) অস্থায়ী কর্ম্মচারী। (৩) স্পেশাল ট্রেনিংপ্রাপ্ত লোক যাদের বিশেষ পদে নিয়োগ করা হয়েছে সেই সমস্ত লোক নিয়োগের জন্য। গভর্ণমেণ্ট এই তিন রকম কাজের জন্য রেগুলেশন করতে পারেন কিন্তু বিধান-সভার অনুমোদন

দিতেই হবে। বিধান-সভা ইচ্ছা করলে রেগুলেশন এ্যামেণ্ডও করতে পারে। লীগ আমলেও টেম্পোরারী এক বৎসরের বেশী করেন নাই কিন্তু এঁরা এসেই ৫ বৎসর পর্যান্ত টেম্পোরারী করতে পারবেন। আর মাইনের কথা বলাই বাহুল্য। বি, কে, বসু যখন কমিশনের চেয়ারম্যান ছিলেন তখন বলেছিলেন মাইনে ৭৫ টাকার বেশী হ'লেই তাঁর এ্যাপয়েণ্টমেণ্টএর জন্য পাবলিক সার্ভিস কমিশনএ পাঠাতে হবে। আগে বৃটিশ আমলে ৫০০ টাকা ও তদূর্দ্ধ মাইনার লোক নিতে হ'লে ভারতবর্ষে কেউ ছিল না, সেক্রেটারী অব ষ্টেটএর কাছে তার জন্য যেতে হ'ত। আর এখন ডিপার্টমেণ্টাল হেডকে দিয়ে ২,০০০ টাকা মাইনার লোক নিযুক্ত করছেন। এ বিষয়ে এঁরা সংবিধানের নির্দ্দেশ মানছেন না। রিট্রোগ্রেড পথেই তারা চলেছেন। এরকম পুকুর চুরির ২।৪টি কেস আমি খুঁজে বের করেছি। তারা কি ভীষণ ভীষণ কাজ করেছেন আমি দেখাচ্ছি। আগে সকলকে একটু তাঁতিয়ে নিই তারপরে সেসব বলবো।

[5—5-10 p.m.]

উনি এরকম কাজে অভ্যস্ত, কথা দিয়ে কথা রাখেন না। গতবার রিপোর্টটার এক জায়গায় তিনি বলেছিলেন, তখনি ওঁকে ধরেছি ঠেসে। সে সম্বন্ধে তখনকার কমিশন বললেন তোমরা যে এ্যাপয়েণ্ট করছ, আমাদের কি শুধু প্রহরী রাখা হবে? এরকম ধরবার পর, ৩৫ রেগুলেশনএতে তাঁরা বললেন কি? বললেন, টেকনিকাল পোষ্টএ তাঁরা এ্যাপয়েণ্ট করবেন। অর্থাৎ সেখানে তাঁরাই কর্ত্তা। সভাপাল মহাশয়, ৩৫এতে শ্রীকমল কৃষ্ণ রায়, শ্রীঅমল হোমকে ক্যাবিনেট এ্যাপয়েণ্ট করতে পারবেন, কিন্তু পাবলিক সার্ভিস কমিশন পারবেন না? তোমরা কি এক্সপার্ট যে তোমরা করবে এ্যাপয়েণ্ট? আর কি টেকনিকাল পোষ্ট শ্রীকমল কৃষ্ণ রায়ের আর অমল হোমের? তাঁরা ইণ্ডিপেণ্ডেণ্ট, স্বাধীনচেতা ছিল, প্রোটেষ্ট করেছিল, তখন উনি কথা দিয়েছিলেন, এখানে আছে ওঁর কথা, অবশ্য একটু সময় যাবে, পড়ে দিচ্ছি। উনি বলেছিলেনঃ

"This regulation which was originally promulgated without consulting the Public Service Commission was modified as above in view of the Commisison's advice which Government was unable to accept but it was agreed that an annual report will be published by Government at the same time as the Public Service Commission's Report giving details of all appointments made under it during the previous twelve months."

প্রিভিয়াস ১২ মাসের যে সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট হবে, পাবলিক সার্ভিস কমিশন যেমন তাদের রিপোর্ট বের করবেন, ওঁরা ওঁদের রিপোর্ট দেবেন। সে সম্বন্ধে কিছু হয় না। আজ পর্য্যন্ত এটা প্লেসড করা হ'ল না। ঠিক যেন মুসলমান সম্প্রদায়ের জন্যে অর্ডিন্যান্স করার মত অবস্থা। এবার একটুখানি ওঁদের তাঁবেদার পাবলিক সার্ভিস কমিশনকে দিয়ে কি করিয়ে নিচ্ছেন তার কিছু নমুনা দেব। প্রথম, সভাপাল মহাশয়, রিপোর্টএর ৪০ পৃষ্ঠায়, ২৭ দফায় হোম (ট্রান্সপোর্ট) ডিপার্টমেণ্টএর এ্যাসিষ্টাণ্ট সেক্রেটারী শ্রীবিনয় সেনএর নিয়োগের কথা উল্লেখ করা আছে। এ্যাসিষ্টাণ্ট সেক্রেটারীর পদে বাইরের লোক নেওয়া হয় না। সাধারণতঃ অর্দ্ধেক প্রমোশন দিয়ে নেওয়া হয়, এই যারা আপার ডিভিশন, লোয়ার ডিভিশন ক্লার্ক, এদের থেকে, আর অর্দ্ধেক আসে বি, সি, এস, থেকে, কি যোগ্যতা দেখে একে নেওয়া হ'ল? ষ্টেট ট্রান্সপোর্টএ এক্স-অফিসিও সেক্রেটারী ছিলেন শ্রীনিবারণ ঘোষ, ইনি তাঁর এ্যাসিষ্টাণ্ট, দুজনেই ষ্টেট ট্রান্সপোর্টএর বিপুল ক্ষতির জন্যে দায়ী। তার উপর ইনি আবার পুল কারএর চার্জএ আছেন। সেখানে কি করেছিল সেটা পরে হবে। চাপা যাই দেওয়া হোক, এখন অডিটর-জেনারেল সব ফাঁক করে দিয়েছেন। পাবলিক সার্ভিস কমিশন বিজ্ঞাপন না দিয়ে অন্য কাউকে কোনো সুযোগ না দিয়ে এঁকেই ঐ পদে বহাল করেছেন। রিপোর্টের ৪১ পৃষ্ঠায়, ১২ দফায় (এ ভয়েসঃ জোরে বলুন, আমরা শুনব) শুনুন, ৪১ পৃষ্ঠায়, ১২ দফায় প্রভিন্সিয়াল ষ্ট্যাটিষ্টিক্যাল ব্যুরোর ডাইরেক্টরএর পি, এ, নিয়োগ করার কথার উল্লেখ আছে। এঁর নাম শ্রীশান্তিময় ব্যানার্জী। এর সার্ভিস রিপোর্ট এত খারাপ যে এই বশংবদ পি, এস, সি,ও এর নিয়োগে অসম্মতি জানালেন। কিন্তু শেষ পর্য্যন্ত বার দুয়েক এর কেস কমিশনে পাঠাবার পর কমিশন এর নিয়োগ অনুমোদন করলেন। যে ব্যক্তিকে তারাই অযোগ্য বললেন, তারাই আবার তাকে নিয়োগ করলেন। কমিশন একে বাতিল করবার পর গভর্ণমেণ্টই বা একে রাখলেন কি করে? পুরাণ সিভিল লিষ্টএ দেখছি একটি নাম জ্বল জ্বল করছে, চন্দ্রকান্ত পাল। এঁর কীর্ত্তির কথা আগেই বলেছি। Fictitious registration certificate দিয়ে হাকাহাকি বন্দোবস্ত এর প্রধান কীর্ত্তি। ১৯৪৯-৫০ সালে ২৮টি

Commercial Tax Officer, Grade I,

[A MEMBER FROM GOVERNMENT BENCH: Are you opposing it?]

Sj. Kanai Lal Bhowmick:

এর মধ্যে এই কথা বলা উচিত ছিল। এই যে বিদেশী শিল্পের প্রতিযোগিতা, সেই প্রতিযোগিতার ফলে আমাদের কুটিরশিল্প যেটুকু বা বেঁচে ছিল, তাও ধ্বংস হয়ে যাচ্ছে। সেই কথা এই প্রস্তাবের মধ্যে উল্লেখ করা উচিত ছিল এবং তাহ'লে এই প্রস্তাবের মূল দৃষ্টিভঙ্গি প্রকাশ পেত। তারপর এখানে "ট্রেনিং"র কথা বলা হয়েছে। ইতিমধ্যেই যারা শিক্ষিত কারিগর বা শিল্পী আছে তাদেরই "প্রভিসন" নেই তারা কাজ পাচ্ছে না। কিন্তু এখানে নূতন করে আবার "ট্রেনিং"র কথা আসছে। অবশ্য "ট্রেনিং"এর আমরা বিরোধী নই, "ট্রেনিং" হ'তে পারে কিন্তু সঙ্গে সঙ্গে দেখতে হবে যারা "ট্রেন্ড" আছে, যারা কাজ করছে, তাদের উন্নতি যাতে করা যায়। সেই দৃষ্টিভঙ্গি এই প্রস্তাবের মধ্যে থাকা উচিত ছিল। তারপর "লোন" ও "র মেটিরিয়েল"এর কথা। এই লোনের ব্যবস্থা "কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি" দ্বারা এটা সম্পূর্ণ সমাধান করুন। এই জন্য, যদি কুটিরশিল্পীদের সস্তায় কাঁচা মাল না দেওয়া হয়, তাদের কম সুদে টাকা ধার না দেওয়া হয়, তাহ'লে কুটিরশিল্পের উন্নতি হতে পারে না। গভর্ণমেন্ট আইন করেছেন লোন দেওয়ার ব্যাপারে। এই আইন সম্পূর্ণ বদল করা দরকার। যাতে করে এই কুটিরশিল্পীরা কম সুদে কিস্তিবন্দিতে লোন পেতে পারে।

তারপর দেখা যায় গভর্ণমেন্ট যে স্কীমএ লোন দেবার যে এ্যাক্ট করেছেন, সেটা এখন পর্যান্ত ভাল ভাবে কুটিরশিল্পের ক্ষেত্রে প্রয়োগ করা হয় নি। যে তথ্যের হিসাব দেখতে পাই—তাতে দেখছি যে ১৯৫০-৫১ সাল পর্যান্ত তারা ৮ লক্ষ ২ হাজার টাকা লোন বাবদ মাত্র ৯০টা কটেজ ইন্ডাস্ট্রীকে দিয়েছেন। যে আইন কুটিরশিল্পের ক্ষেত্রে ভালভাবে প্রয়োগ হচ্ছে না—সেই আইনের পরিবর্তন করা দরকার এবং সেই আইন যদি পরিবর্তন করা না হয়, তাহ'লে এই কুটিরশিল্পের উন্নতি হতে পারে না। এই যে প্রস্তাব—কনজিউমার্স কো-অপারেটিভ এবং প্রোডাকসন কো-অপারেটিভ—এই প্রস্তাবের মূল উদ্দেশ্য আমরা সমর্থন করি কিন্তু সঙ্গে সঙ্গে বুঝা দরকার, সরকার যদি পলিসি পরিবর্তন না করেন লোনের ব্যাপারে, চাষীদের ক্রয়ক্ষমতা বাড়ানোর ব্যাপারে এবং বিদেশী শিল্পের প্রতিযোগিতা ব্যাপারে এবং নূতন নূতন বাজার যদি সৃষ্টি না করতে পারেন, তাহ'লে এই কুটিরশিল্পকে বাঁচান যাবে না।

Janab A. M. A. Zaman:

মিঃ স্পীকার, স্যার, আমাদের শ্রদ্ধেয় রামহরি রায় যে প্রস্তাব এনেছেন—আমি তা সমর্থন করছি। এই সঙ্গে সঙ্গে আমার মুর্শিদাবাদের কয়েকটা কুটিরশিল্পের কথা বলব। মুর্শিদাবাদের সিল্ক, বিড়ি এবং কাঁসা বাসন ইত্যাদি আছে। সেগুলি বাঁচানোর জন্য যাতে গভর্ণমেন্ট ব্যবস্থা করেন—সেই জন্য আমি অনুরোধ করছি। শুধু প্রস্তাব করলেই হবে না এটা কার্যকরী করতে হবে। আশা করি, তার জন্য আমাদের গভর্ণমেন্ট সব কিছু করবেন। সেই জন্য সমস্ত দল থেকেই এই প্রস্তাব ওয়েলকাম করা দরকার। কিন্তু এই প্রস্তাবের সম্বন্ধে আমাদের বিরোধী পক্ষ এমনভাবে বলেছেন —হাঁও করেন নি, নাও করেন নি। এখানে তাদের পরিষ্কারভাবে বলা উচিত ছিল। এখানে তাঁরা এমনভাবে বলেছেন যে "ধরি মাছ, না ছুঁই পানি"। (ইন্টারাপশন) চুপ করে শুনুন। এটা তাদের পরিষ্কারভাবে বলা উচিত ছিল। গভর্ণমেন্ট থেকে ভাল প্রস্তাব এলেও তারা সেটাকে অপোজ করেন। তাদের এই মনোভাব পরিবর্তন করা দরকার। তাদের পরিষ্কার করে জানিয়ে দেওয়া দরকার—যে তারা কোন্ লাইনে যাবেন। এই বলে—এটাকে সাপোর্ট করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

Sj. Jadabendra Nath Panja:

মাননীয় স্পীকার মহোদয়' এটা খুবই আনন্দের কথা যে আজকে সকলেই এই কুটিরশিল্পের প্রতি সহানুভূতি প্রকাশ করেছেন। এই কুটিরশিল্প এবং 'স্মল-স্কেল ইন্ডাস্ট্রী" যদি না বাঁচে তাহ'লে এদেশে দারিদ্র্য আরও বাড়বে। এ কথা আজ সকলেই উপলব্ধি করছেন; আর সেইজনাই যে সকল বক্তা এখানে বক্তৃতা করেছেন তাঁরা সকলেই কুটিরশিল্পের প্রতি দরদ দেখিয়েছেন। এটা সুখের বিষয় সন্দেহ নাই।

এখন সবচেয়ে প্রয়োজনীয় কথা হ'ল যেসব জিনিস তৈরি হবে সে সবের বিক্রয়ের ব্যাপার। এই বিক্রয়ের ব্যাপার নিয়ে গভর্ণমেন্ট কিছু পরিমাণে সাহায্য করতে পারেন কিন্তু বেশির ভাগ সাহায্য আসা চাই দেশের এবং সমাজের লোকের কাছ থেকে।

এই সাহায্য ব্যাপারে গভর্ণমেন্ট "সেলস্ এমপোরিয়াম" খ্লেছেন, তার দ্বারা কিছ্ অবশ্য হচ্ছে। তা ছাড়া গভর্ণমেন্ট একটা ন্তন নীতি গ্রহণ করেছেন; সেটা হচ্ছে, গভর্ণমেন্টের নিজের যেসব জিনিস ক্রয় করতে হয়, সেগ্লি "লার্জ-স্কেল ইন্ডাস্ট্রীজ"এর "কম্পিটিটিভ প্রাইস"এর সংগে তুলনা কোরে ৫ পারসেন্ট থেকে ১৫ পারসেন্ট পর্য্যন্ত প্রিমিয়াম দিয়ে সেইসব জিনিস কিনবেন। এছাড়া কুটিরশিল্পের সাহায্য ও উন্নতির জন্য গভর্ণমেন্ট অনেকগ্লি কাজ করেছেন। সেগ্লি আপনাদের কাছে নিবেদন করছি—

(1) Silk Reelers' Co-operatives.

(2) Scheme for Industrial Centres.

মেদিনীপ্র ও নদীয়ার ৪ জায়গায় (কাঁথি, রাণাঘাট প্রভৃতিতে) চলেছে।

(3) Promotion of Hand-made Paper Industry.

গড়িয়াহাটে হ্যান্ডমেড পেপারের ব্যবস্থা হয়েছে।

(4) Khadi Industry.

খাদির জন্য খাদিবোর্ড রয়েছে এবং সেই বোর্ডের হাতে গভর্ণমেন্ট টাকা কড়ি দিচ্ছেন।

(5) Scheme for Mat Industry in Midnapore.

(6) Scheme for Bee-keeping and for Gur Industry.

এজন্য নানা জায়গায় সেন্টার খোলা হয়েছে।

(7) Development of Pottery and Cottage Industries.

এ বছর পটারী ডেভেলপমেন্টের জন্য টাকা কড়ি দেওয়া হয়েছে। তাদের এখান থেকে সাহায্যও করা হচ্ছে। তা ছাড়া শিক্ষা দেওয়ার জন্য ব্যবস্থা হয়েছে এই রকম—

(8) District Weaving Schools, 14, Peripatetic Weaving Schools, 19, Demonstration Parties

ও আছে। তা ছাড়া

grants-in-aid to different private institutions

তাও দেওয়া হচ্ছে। এ ছাড়া গভর্ণমেন্ট এ বছর কয়েকটি গ্রান্ট-ইন-এড-এর ব্যবস্থা করেছেন, যা আর্টিজানদের দেওয়া হচ্ছে। এবার যেসব আর্টিজান কো-অপারেটিভ তৈরী হবে তাদের ৮৬,০০০ টাকা দেওয়া হবে—এটা এবারকার বাজেটে ঠিক করা হয়েছে।

এখন সব চেয়ে কঠিন ব্যাপার হচ্ছে এই "মার্কেটিং"। এ সম্বন্ধে গভর্ণমেন্টের যা কর্তব্য তা তাঁরা করছেন; কিন্তু কেবল গভর্ণমেন্ট করলেই ত চলবে না; এ বিষয়ে প্রধান কর্তব্য রয়েছে সমাজের। সেজন্য আমাদের ব্ঝিয়ে দিতে হবে যে স্যাক্রিফাইস কোরেও, ক্ষতি স্বীকার করেও, আমাদের ঐ জিনসগ্লো কেনা দরকার; তা না হ'লে এগ্লোকে বাঁচান যাবে না। এটা আমাদের দ্ভাগ্য যে আমরা এ সবের জন্য একট্ও বেশী খরচ করতে চাই না। এই কথা বলতে আমার স্রসিক লেখক ইন্দ্রনাথ বাব্র কথা মনে পড়ল। তিনি লিখেছেন একজন নেতা মারা গেছে, তার জন্য টাউন হলে শোকসভা হবে, তাঁর স্ত্রীর প্রতি সমবেদনা প্রকাশ করবার প্রস্তাব গ্রহণ করা হবে। সেখানে দ্ঃখ প্রকাশ কোরে প্রথম প্রস্তাব পাশ করা হ'ল, দ্বিতীয় প্রস্তাবে শোকসন্তপ্ত পরিবারকে সহান্ভূতি জ্ঞাপন করা হ'ল, তৃতীয় প্রস্তাবে একটি সাব কমিটি গঠিত করা হ'ল, আর চতুর্থ প্রস্তাবে বলা হ'ল স্মৃতিরক্ষার জন্য অর্থসংগ্রহ করা হবে। ইন্দ্রনাথবাব্ তখন বলছেন—"আমি ঐ তৃতীয় প্রস্তাব পর্য্যন্ত আছি, চতুর্থ প্রস্তাবে আমি নাই"। আমাদেরও ব্যাপার ঐ রকম। আমরা সবদিকে সহান্ভূতি দেখাব, কিন্তু যেমনি দ্' পয়সা বেশী দাম হবে, তখনই সেখান থেকে পিছিয়ে আসব। তার মানে চতুর্থ প্রস্তাবের অর্থ ব্যয়ে আমরা রাজী নই। এইটাই সব চেয়ে বড় কথা। তাই আজকের দিনে যদি বাস্তবিক আমরা এই শিল্পকে বাঁচাতে চাই তাহ'লে আমাদের "ইভন এ্যাট এ স্যাক্রিফাইস" সেই সব কিনতে হবে। তা না হ'লে শিল্পকে বাঁচান যাবে না।

তাই আজকে স্পীকার মহোদয়! আপনার মাধ্যমে এবং মাননীয় সদস্যদের মাধ্যমে দেশের ও সমাজের সকলের কাছে নিবেদন যে তাঁরা এই কুটিরশিল্পকে রক্ষা করবার জন্য যেসব দ্রব্য ক্রয় ক'রে থাকেন তা যেন ঐসব শিল্পজাতই ক্রয় করেন।

তারপরে শেষ কথা—যেসব এমেন্ডমেন্ট এসেছে তার দরকার নেই, কারণ এটা ত বলছি

to every person behind.

সেজন্য কোন এমেন্ডমেন্ট আনা নিষ্প্রয়োজন।

Dr. Bidhan Chandra Roy: Sir, the resolution as it stands and as I read it makes me feel that the mover has a definite objective in his mind in proposing this resolution. What is the objective? As I read it, it is this: While all of us are now agreed that zemindary and other intermediary interests should be abolished we have got to look forward to what is going to happen afterwards not only to those whose lands will be taken by the State under the scheme but also to those who will become the tillers of the soil. I think, Sir, I said in this House on one occasion that the problem of abolition of zemindary and intermediary interests is not so intricate or difficult as the question of what is going to happen next or, in other words, the abolition of zemindary will be a comparatively easy

[Dr. Bidhan Chandra Roy.]

matter compared to the land reforms that may follow afterwards. What is the position as I view it with regard to the agriculturists in Bengal today? Apart from the zemindary and intermediary interests, there are today nearly 18 lakh families who are dependent upon agriculture and who own land of a small level. Some of them cultivate or till by their own efforts or by employment of labourers or under the *bhagchasi* system. Apart from these 18 lakh families, *i.e.*, 90 lakh people, there are still 7½ lakh persons who are working as *bhagchasis*, and six lakh families who are living as landless labourers. The question is, having taken into account the lands which will be available after the abolition of zemindary and intermediary interests, how to distribute them among the poor landless labourers or *bhagchasis* as also make those cultivators who own less land or uneconomic holding to have a holding which would give them sufficient return for their livelihood. As far as I have been able to calculate, Sir, we have to consider what steps we might take for redistribution, and in this connection one has to remember that if a *raiyat* has got a land which he tills above a certain area, whether there should be a ceiling put to the amount that he should occupy—that has to be considered. This morning I met the Chief Minister of Bihar and asked him specifically this question, and he told me that they had not put any ceiling whatsoever to the amount of land which a tiller can hold. They have not yet done so, but they have felt the same difficulty as we are feeling now, namely, that if there is no ceiling put there will not be much land available for distribution. However that be, the question is what is going to happen to those who have either no land or who have land which is so small that it can be regarded as uneconomic.

[5-30—5-40 p.m.]

The resolution before us, as far as I can gather, is for the purpose of asking the Government of West Bengal to take steps from now to help those who either will have no occupation at all or who will have land which will be below the minimum level, and the word "agriculturist" that has been put in there is deliberately put in, as far as I can see, in order that it might be linked up with the question of land reform that must follow the abolition of the zemindary system. Sir, the amendment that has been put forward by my friend, Shri Joarder, seems to make the resolution more vague than the main resolution on the paper. To my mind "poor agriculturist" can have no meaning. Who is a poor man and who is a rich man is a difficult thing to guess. A man may have 10 *bighas* of land or 20 *bighas* of land and may have 30 members in his family, he will still be a poor man. Another man with 10 *bighas* of land and with only one additional member in his family may be comparatively rich. Therefore, it is not a question whether he is a poor agriculturist or a rich agriculturist. Any agriculturist who would like to take advantage of any scheme which the Government might draw up for giving education regarding cottage and small-scale industries will be welcome. The other amendment which my friend has put forward has got the same background, which is of course mainly to restrict the provision of training only to a certain group of people, and he says "not belonging to any income group which is higher than the average tiller of the soil or landless agriculturist". It makes no meaning to my mind. It is difficult for me to follow the idea of my friend. Who are those higher than the average tiller of the soil; who is the average tiller; what is his income; what is the type of people that you will have to consider in such cases? These things I do not know. Similarly when he says poor tillers, landless agriculturists and the like, Sir, a man may be not a landless agriculturist but he may be a small agriculturist having 1½ *bighas* of land. Shall I

stop him from the benefit of the scheme? Certainly not. If the Government has to take up any scheme of this type, it cannot do so to satisfy people of a certain income group. These are the expressions which are used without much thought because there is no realistic approach to the type of people whom they want to cover.

The last amendment says "subject to fixation by the Government of a minimum price of the cottage industry products with guarantee of purchase, etc." Sir, I do not know whether my friend has read carefully clause (*c*) of the resolution "to develop producers' and consumers' co-operatives in different parts of the State". If we have consumers' co-operatives, why do you bring in the Government for purchasing? It would be the consumers' co-operatives who would be purchasing. That is the system which has to develop in this country. Merely depending upon the Government, to start giving him education, to provide him with funds and also to buy the goods when they are produced seems to be an absurd proposition if you want to develop self-help amongst the people of our province. Therefore, Sir, from the point of view of Government the amendments convey such vague meaning that it is impossible for us to accept them.

With regard to the amendment of my friend, Shri Rakhahari Chatterjee, I can quite understand his anxiety for the middle class. He says the help should be given to those who will be deprived of their lands and intermediary rights, specially the middle class. Where the resolution says "in order to help the agriculturist" he says "in order to help those who will be deprived of their lands and intermediary rights specially the middle class and the agriculturist". Those whose rights we are purchasing will be getting compensation, and as far as I read the resolution those who get compensation will have to fend for themselves. They may also under the provisions of clause (*a*), if they so desire, get training in cottage and small-scale industries; there is no bar to it. But to say that these middle-class interests, or, shall we say, intermediary interests will not only be given compensation for what they possess but also that the Government should go out to help them and not the agriculturists who are really affected ultimately is a matter which I do not understand. Therefore, we cannot accept the resolution. As my friend, Shri Chatterjee, has just now told us, every person desiring to have training, principally the tillers of the soil, might get gainful employment, so that if there is any middle-class gentleman who wants to take advantage of the scheme there is nothing in this resolution to prevent him from desiring it and taking the training. The words "principally the tillers of the soil" have been put in simply because the background of the whole resolution is to consider the question of the people who would be affected after the abolition of zemindary and other intermediary interests. People like the landless labourers and people like the small agriculturists are the principal beneficiaries, if we might say so, of the scheme under this resolution. Therefore, so far as the Government is concerned they cannot accept any of the amendments.

Sj. Ratan Mani Chattopadhyay: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামশিল্প বা কুটিরশিল্প সম্বন্ধে যে প্রস্তাব এই সভায় উপস্থাপিত করা হয়েছে, তাকে আমি পূর্ণরূপে সমর্থন করছি। তার সমর্থনকল্পে দু' একটি কথা বলছি। যে গ্রাম প্রধান দেশ আমাদের এই ভারতবর্ষ, সেই গ্রামের এবং গ্রামের শিল্পের গত দু'শো বছর ধরে অবনতি হয়ে আসছিল, আজকে তার দুর্দশার শেষ নাই। সুতরাং আজকে গ্রামের কাজ তথা গ্রামপ্রধান দেশকে গঠন করতে হ'লে—গ্রামের শিল্পগঠন করাই হচ্ছে সর্বপ্রধান ব্যাপার। এবং এই শিল্পগঠন ব্যাপার যখন উত্থাপিত হয়, তখন সে কথা, যেসব আলোচনা তখনই শুনতে পাই। কিন্তু দুঃখের বিষয় যে এই গ্রামশিল্পের ব্যাপারটা আজও আলেয়ার আলোর মত রয়ে গেছে। সম্মুখে যখন আসে তখন মন মুগ্ধ হয়,—কিন্তু ধরতে পারা যায় না এমন একটি বিরোধী অবস্থার মধ্যে পড়ে গেছে। আমাদের দেশে গ্রাম যখন সমৃদ্ধ ছিল, তখন দেখা যায় কৃষির পাশেতে শিল্প ছিল এবং সেই শিল্প ধীরে ধীরে লুপ্ত হয়ে গেল এবং শিল্পে যারা নিযুক্ত ছিল

[Sj. Ratan Mani Chattopadhyay.]

তাদের চাপ গিয়ে কৃষির উপর পড়লো। গ্রামের অবনতির সংগে সংগে কৃষিরও অবনতি সংঘটিত হ'ল। আজকে আমাদের এই গ্রামশিল্পের কথা যদি আলোচনা করি, তাহ'লে প্রথমে বিবেচনা করতে হয় —কি করে আজকে গ্রামশিল্পকে বৃহৎ শিল্পের সংঘাত থেকে বাঁচান যেতে পারে। এ সম্বন্ধে মহাত্মা গান্ধীও বলেছিলেন—দেশ স্বাধীন হ'লে ছোট ছোট শিল্প যা আমাদের গ্রামে আছে সেগুলি যাতে বৃহৎ যান্ত্রিক শিল্পের সংঘাত থেকে বেঁচে থাকতে পারে, সে ব্যবস্থা করতে হবে এবং গ্রামে গ্রামে সেই শিল্পকে ছড়িয়ে দিতে হবে। প্রত্যেক গ্রামেই যদি কিছু কিছু তাঁতের কাপড় তৈরী হয়, তাহ'লে সমস্ত ভারতবর্ষ কাপড় পরতে পারে। গ্রামের নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদি যাতে গ্রামেই তৈরী হতে পারে, তার জন্য ব্যবস্থা করতে হবে, তেল, নুন, দুধ, ঘি, ইত্যাদি ঘরে ঘরে তৈরী করতে হবে। এই কথাই তিনি বলেছিলেন। এই গ্রামশিল্প সম্বন্ধে বহু আলাপ-আলোচনা বিচার-বিবেচনা করে সর্বসম্মতভাবে এই সিদ্ধান্তই গান্ধীজীর আন্দোলনের সময় গৃহীত হয় যে এই গ্রামশিল্পকে রক্ষা করতে হবে। কিন্তু দেখছি আজও বৃহৎ শিল্পের হাত থেকে কি করে এই গ্রাম শিল্পকে বাঁচান যায়, তার ব্যবস্থা হয় নাই।

[5-40—5-50 p.m.]

গ্রাম্য শিল্পগুলি রক্ষা করতে হবে, কিন্তু বৃহত্তর শিল্প থেকে এদের কি করে বাঁচাবেন? একটা বনেতে একটা বাঘ ছেড়ে দিয়ে, মৃগকুলকে বলা যায় যে সুখেস্বচ্ছন্দে এখানে তোমরা বিচরণ কর তাহ'লে যে অবস্থা হয়, ঠিক তেমন অবস্থা হয় গ্রাম্যশিল্পের যদি বৃহত্তর শিল্পকে দেশের সর্বত্র বিনাবাধায় বিচরণ করতে দেওয়া যায়। আমাদের গ্রামে ঢেঁকি রয়েছে ছোট ছোট ধানের কল, চালের কল সেখানে চলতে শুরু করল, তখন বলেছিলাম যে ঢেঁকিশিল্প এতে একেবারে নষ্ট হয়ে যাবে। গ্রামে ঘানিতে তেল হয়, এখন বড় বড় কল সেখানে হচ্ছে, ফলে এই ঘানি নষ্ট হয়ে যাচ্ছে। আগে গ্রামে ঘরে ঘরে ঘি তৈরী হত, এখন ডালডা প্রচলনের ফলে নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের ২০০ বৎসরের পুরাণ তাঁতশিল্প মিল কারখানার আক্রমণে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই আমাদের যদি শিল্পের কথা ভাবতে হয়, তাহ'লে বৃহত্তর শিল্পের সংগে গ্রাম্যশিল্পের সম্পর্কের একটা নির্দিষ্ট সীমারেখা টেনে দিতে হবে। আজ দেখুন মেদিনীপুরের মাদুর-শিল্প, মুর্শিদাবাদের তসর গরদ যা বিশেষ বিখ্যাত, সবই শুকিয়ে যাচ্ছে। তাঁতশিল্প ঘরে ঘরে প্রবল ছিল, এখন তাদিগকে "উইভিং ইন্‌স্টিটিউসন"এ যেতে হয়। এর কোনো মানে হয় না। বর্তমান যুগে বিজ্ঞানের অবদানকে আমি অস্বীকার করছি না, কিন্তু বলি গ্রামের শিল্প গ্রামে থাকুক, যে পণ্য উৎপন্ন হবে তা গ্রামে থাকুক। গ্রামের প্রতি সাধারণ যে অবজ্ঞা সেটা দূর করে যদি গ্রামকে সত্যিই নোতুন আলোয় সরকার আলোকিত করতে চান, তাহ'লে সুষ্ঠু কর্মনীতি গ্রহণ করুন। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার নাকি একটা দক্ষ কমিটি নিয়োগ করেছেন। আসল কথা, আমাদের দৃঢ়সংকল্প নিতে হবে যে গ্রাম্য শিল্পকে বাঁচাতে হবে। বিরাট শিল্পের একটা চাকচিক্য আছে, যার ফলে গ্রাম্য শিল্প অবহেলিত হবার সম্ভাবনা। আমাদের সেজন্য একটা দক্ষ কমিটি করতে হবে, সেই কমিটি দেখবেন গ্রাম্য শিল্পকে কি করে দাঁড় করান যায় এবং সরকার তার সহায়তা করবেন। তারপর আমাদের দিক থেকে আমরা যদি "কো-অপারেশন" সমবায় সমিতি স্থাপন করতে পারি তাহ'লে ভাল হয়। আগে যেমন আমাদের নেতারা গ্রামের শিল্পজাত দ্রব্য ব্যবহার করতে বলতেন, এখন যদি আবার সেই উপদেশ প্রচার করেন যে গ্রামের শিল্পজাত দ্রব্য ব্যবহার কর, তাহ'লে আবার নোতুন করে একটা স্বদেশী ভাব জেগে উঠবে। আমি, যে প্রস্তাব করা হয়েছে তা সমর্থন করছি, তবু আমার মনে সন্দেহ রয়েছে। বিশেষ করে এই গ্রাম্যশিল্প এবং বিরাট শিল্পের সম্পর্ক সম্বন্ধে। এটা স্পষ্টভাবে নির্দ্ধারিত না হ'লে যতই আমরা লোককে শিক্ষা দিই কিছুতেই কিছু হবে না। এ জন্যে আমাদের সরকার যে "কমিউনিটি প্রজেক্ট" নিয়েছেন তা যেন সুস্পষ্ট নীতি অনুসারে চলে এবং সুদক্ষ ব্যক্তি দিয়ে পরি-চালনার ব্যবস্থা হয় এবং তাদের প্রস্তাবগুলি যেন নিশ্চয়ই কার্যকরী করা হয়। আর, বিরাট শিল্প এবং গ্রামের শিল্পের ভেতরকার সম্পর্কের সীমা-রেখা নির্দ্ধারণ যেন সুস্পষ্ট হয়। তারপর, আমাদের যে জমিদারী-প্রথা উচ্ছেদের ব্যবস্থা হচ্ছে সেটা খুবই বাঞ্ছনীয়, চাষীর হাতে জমি এতে ফিরে যাবে। তাদের প্রত্যেকের ঘরে ঘরে বিদ্যুৎ বা গ্যাসের ব্যবহার প্রচলন করা হয়। কৃষির সংগে ঘরে ঘরে যদি শিল্পের প্রসার হয় তাহ'লে গ্রামের উন্নতি হবে এবং আজ ২০০ বছর ধরে গ্রাম ছেড়ে চলে আসা যা চলেছে তা বন্ধ হবে, আবার মানুষ ঘরে ফিরে যাবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Ramhari Roy: Mr. Speaker, Sir, I have listened carefully to the speech of Sj. Jyotish Joarder and all I can say is that his amendment is vague and indefinite. The amendment is not an improvement on the resolution. I cannot accept his amendment and I oppose it.

I have also listened to the speech of Sj. Rakhahari Chatterjee. He has laid much stress on the words "middle class". If he looks at the resolution, he will see there the word "everyone" and "middle class" is included in that word. I do not accept his amendment, and I oppose all the amendments.

As this resolution has gone round and reached the members, it is clear that it is a step to check the present deterioration of the village industries. After the land reforms

take place there will be many landless agriculturists and other people holding uneconomic holdings. In order to provide facilities of work for them, Government must be ready from beforehand. Though the abolition of zemindary may mean difficulties some time later, the Government must be prepared from beforehand to employ the people in gainful work. Hence I have moved my resolution before this House and I hope everybody will accept it.

[5-50—5-53 p.m.]

Mr. Speaker: The debate is closed. So, I put the amendment of Sj. Jyotish Joarder first.

The motion of Sj. Jyotish Joarder

(*i*) that in line 3, after the words "in order to help the" the word "poor" be inserted;

(*ii*) that in line 6, after the word "person", the words "not belonging to any income-group which is higher than that of the average tillers of the soil or landless agriculturists of the State" be inserted;

(*iii*) that in line 9, for the word "them", the words "poor tillers, landless agriculturists and the like" be substituted; and

(*iv*) that in line 12, after the word "State", the words "subject to fixation by the Government of West Bengal of a minimum price of the cottage industry products with guarantee of purchase on the part of the Government, of all or part of the above products on demand by the producers" be added,

was then put and lost.

The motion of Sj. Rakhahari Chatterjee—

(*i*) that in line 3, after the words "in order to help", the following words be inserted:—

"those who will be deprived of their lands and intermediary rights specially the middle class and";

(*ii*) that in line 6, after the word "principally" the words "the middle class and" be inserted,

was then put and lost.

The motion of Sj. Ramhari Roy that this Assembly is of opinion that in view of the proposal for the abolition of zemindary and other intermediary interests, and in order to help the agriculturist early steps be taken to develop small-scale and cottage industries amongst villagers and for this purpose arrange—

(*a*) to provide training in cottage and small-scale industries to every person desiring to have it in order that every one principally the tillers of the soil might be gainfully employed in their leisure hours and increase their means of livelihood.

(*b*) to provide loans, raw materials and other facilities for them to start these cottage and small industries, and

(*c*) to develop producers' and consumers' co-operatives in different parts of the State,

was then put and agreed to.

Mr. Speaker: It has been represented to me by many members that 15th April is the last date for filing of what are known as *tamadi* suits. Some members requested me whether the sitting of the Assembly could be adjourned in order to enable them to go to their respective place of business to take necessary steps. Two or three days before and after the 15th April would be necessary for this purpose. I have consulted the Leader of the House and he has no objection. So, instead of having intermediate sittings, all the business should be

[Mr. Speaker.]

taken at once and I draw the attention of the Government to see that a compact and final programme of Government business may be put in before the House. So, 27th to 29th will be non-official days and the revised programme of business will be circulated by Secretary in due course.

The House, therefore, stands adjourned till 3 p.m. on the 27th April.

Adjournment.

The House was accordingly adjourned at 5-53 p.m. till 3 p.m. on Monday, the 27th April, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Monday, the 27th April, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 27th April, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (Sj. SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 13 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 179 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Service of notices in different forms of levy order in Ghatal subdivision, Midnapore.

***166. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় (১) ঘাটাল মহকুমায়, (২) ঘাটাল থানায়, (৩) দাসপুর থানায় ও (৪) চন্দ্রকোণা থানায় পৃথকভাবে কতজনের উপর লেভীর "এ", "বি" ও "সি" ফরম নোটিশ জারী করা হইয়াছে;

(খ) উপরোক্ত প্রত্যেক থানা হইতে কত মণ করিয়া "লেভীর" ধান দেওয়ার নোটীশ হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, "এ" এবং "বি" ফরম নোটীশ জারী না করিয়াই অনেকের উপর "সি" ফরম নোটীশ জারী করা হইয়াছে;

(ঘ) এইভাবে কত জনের উপর "সি" ফরম নোটীশ জারী করা হইয়াছে;

(ঙ) কোন্ তথ্যের উপর ভিত্তি করিয়া "সি" ফরম নোটীশ জারী করা হইয়াছে; এবং

(চ) ইহা কি সত্য যে, জোতদাররা ঠিকমত জমির হিসাব দেয় নাই?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (Sj. Prafulla Chandra Sen):

(ক) ও (খ) "বি" ফরমে কোন নোটীশ দেওয়া হয় না। উৎপাদনকারী উহাতে তাহার বিবৃতি দাখিল করেন মাত্র। বিবৃতি দেওয়া হইল।

(গ) ও (ঘ) হ্যাঁ, মাত্র ১৯ জনের উপর। "সি" ফরমে নোটিশ দিতে 'হইলে সর্ব্বক্ষেত্রেই "এ" ফরমের নোটীশ দিতেই হইবে এমন কোন নিয়ম নাই; "এ—১" ফরমে সাধারণ নোটীশ দিলেই উহা দেওয়া চলিতে পারে।

(ঙ) উৎপাদনকারীর দ্বারা "বি" ফরম দাখিলের অথবা সরকারী কর্ম্মচারীর অনুসন্ধানের ভিত্তিতে।

(চ) হ্যাঁ, কতকাংশে।

Statement referred to in reply to clauses (ক) and (খ) of starred question No. 166.

Name of police-station.		Number of "A" form served.	Number of declaration in "B" form received from producers.	Number of "C" form served.	Quantity covered by demand notices. Mds.	srs.
(1) Chandrakona	..	1,074	1,074	668	37,483	23
(2) Ghatal	..	473	473	259	12,619	28
(3) Daspur	..	274	274	171	8,708	27
Ghatal subdivision	..	1,821	1,821	1,098	58,811	38

Sj. Mrigendra Bhattacharjya:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে উৎপন্নকারী যারা, তাদের সি ফর্মএ রিটার্ণ দেবার পর তারা জমির হিসাব দেয়, তাতে ১০ একরের কম থাকলেও সেই জমির উপর জোর করে ধান আদায় করা হয়েছে?

Sj. Prafulla Chandra Sen:

না, সে সংবাদ আমার জানা নেই।

Sj. Mrigendra Bhattacharjya:

আপনাকে আগে আমি দরখাস্ত দাখিল করেছিলাম সে সম্বন্ধে আপনি এ্যানকোয়ারী করেছেন কিনা?

Sj. Prafulla Chandra Sen:

আমার মনে নেই।

Sj. Mrigendra Bhattacharjya:

আমি যে দরখাস্ত দিয়েছি তার এনকোয়ারী করা হবে কিনা?

Sj. Prafulla Chandra Sen:

যদি দরখাস্ত দিয়ে থাকেন তবে নিশ্চয়ই এনকোয়ারী করা হবে। তবে দরখাস্ত দিয়েছেন কিনা তা আমার মনে নেই।

Sj. Provash Chandra Ray:

ত্রিশ বিঘার কম যাদের জমি আছে তাদের যদি লেভি অর্ডার দেওয়া হয়ে থাকে তাহলে তা প্রত্যাহার করতে সরকার রাজী আছেন কিনা?

Mr. Speaker: That is a hypothetical question.

Test relief work by the President of Sambhunagar union board, 24-Parganas.

***167. Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department, be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলার সন্দেশখালি থানার অন্তরগত শম্ভুনগর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট "টেষ্ট রিলিফ ওয়ার্ক"এর যে ৬০০৲ টাকার হিসাব দাখিল করিয়াছেন তাহার হিসাব সম্বন্ধে সরকার এখনও সন্তুষ্ট হইতে পারেন নি; এবং

(খ) যদি প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় কি অনুগ্রহপূর্ব্বক জানাইবেন "রিলিফ"-এর টাকার সন্তোষজনক হিসাব এখনও দাখিল না করার জন্য সরকার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

Sj. Prafulla Chandra Sen:

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Hemanta Kumar Ghosal:

মন্ত্রীমহাশয় জানেন কি, এই শম্ভুনগর ইউনিয়নে টেষ্ট রিলিফএর জন্য যে খাল কাটা হয়েছিল, তার জমি জমিদার বিক্রি করে দিয়েছে এবং তার পরিবর্তে টাকা নিয়েছে?

Sj. Prafulla Chandra Sen: The question has got nothing to do with khal.

Sj. Hemanta Kumar Ghosal:

মন্ত্রীমহাশয় জানেন কি, টেষ্ট রিলিফ ওয়ার্কএ যে খাল কাটা হয়েছিল তাতে যে টাকা খরচ হয়েছিল সে টাকার হিসাব এখন পর্যান্ত দেওয়া হয় নি, এটা তদন্ত করে দেখবেন কি?

Sj. Prafulla Chandra Sen:

ভাল করে তদন্ত করা হয়েছে এবং তাতে বলতে পারি—

It is not a fact that the President, Union Board of Sambhunagor, submitted accounts and muster rolls of Rs. 600 for any test relief work and that accounts have not been accepted. The facts of the case are that the President of the Union Board appointed pay master for the excavation of a tank and not a khal at Sambhunagor through test relief work, and he spent Rs. 2,999-4 and not Rs. 6,000 for this purpose as against the sanctioned amount of Rs. 3,000. In view of some special factors such as pressing the banks and baling out water the matter was referred for examination and technical advice to the Subdivisional Officer, Irrigation Department, Sunderbans Subdivision, with the direction to ascertain if the expenditure was justified. The Subdivisional Officer, Sunderbans, Communications Department, made a thorough enquiry into the matter and recommended that the expenditure was justified. On his recommendation the accounts submitted by the President of the Union Board have been accepted.

Sj. Hemanta Kumar Ghosal:

এই টেষ্ট রিলিফ ওয়ার্কএর হিসাব যা সাবমিট করা হয়েছিল তা কত তারিখে জানেন কি?

Sj. Prafulla Chandra Sen: I have nothing further to add. I cannot say off-hand what is the date of submitting accounts.

Methods of determining agriculture yields.

***168. Sj. Gangapada Kuor:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) what are the different methods employed in determining the amount of agricultural yields in the State;

(*b*) whether there is more than one source from which statistics on such assessment of produce are collected; and

(*c*) if so, what are the sources?

Sj. Prafulla Chandra Sen: (*a*), (*b*) and (*c*). By sample survey conducted by the State Statistical Bureau on various plots selected at random and also in the manner as laid down under paragraph 3 of the West Bengal Foodgrains (Intensive Procurement) Order, 1952, with the help of a committee consisting of local officials of various departments of Government having knowledge of local conditions.

Sj. Gangapada Kuor:

এই যে লোকাল অফিসিয়ালদের নিয়ে কমিটি গঠন করা হয় তাতে প্রেসিডেন্টকে নিয়ে——

Mr. Speaker: That question does not arise out of this.

Sj. Prafulla Chandra Sen: I may tell the honourable member how the Committee was constituted. The committee consisted of Subdivisional Officer, Circle Officer concerned, Subdivisional Agricultural Officer, all Agricultural Inspectors in the Subdivision, Assistant Superintendent of Statistical Bureau in the District or the local Inspectors of the Statistical Bureau in his absence, Assistant Regional Controller of Procurement or Deputy Assistant Regional Controller of Procurement, in charge of the Circle, and the Khas Mahal Officer or Khas Tahsildar, if there be any.

Sj. Tarapada Bandopadhyay: Are these two methods separately conducted and separate results obtained, or they are conducted as supplementary to each other and a single result is obtained?

Sj. Prafulla Chandra Sen: There has been a sample survey conducted by the State Statistical Bureau. It is a laborious process and it takes some time, and we had to determine the yield by appointment of this special committee. I have placed before the House several times and shown how the determination of the committee tallied with the findings of the Statistical Bureau.

Sj. Tarapada Bandopadhyay: Then am I to understand that two different results are obtained or——

Mr. Speaker: That is not a supplementary question. "What you are to understand" is an impression which you may gather. You are to put supplementary questions only to elicit facts. Put your question to elicit facts.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I want to know whether two results were obtained or one result was obtained.

Mr. Speaker: Put your question that way.

Sj. Tarapada Bandopadhyay: I have put that. My question is whether two separate results as to the yield—one from the sample survey and another from the method under paragraph 3 of the West Bengal Foodgrains (Intensive Procurement) Order—were obtained.

Sj. Prafulla Chandra Sen: I may tell the honourable member that the Statistical Bureau gives only district figures, but this committee, this special committee which we have appointed, gives the yield even of the unions.

Bases of imposition of levy orders.

***169. Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) whether the levy orders were imposed on the basis of the crop-cutting reports in different unions;

[Sj. Natendra Nath Das.]

(*b*) what procedure is adopted for ascertaining the crop-cutting return;

(*c*) in what way the actual out-turn of paddy of an agriculturist and his actual requirements are determined before any levy order is imposed on him;

(*d*) whether Government are aware that there is a failure of crop in pockets such as the Dubda Basin, the Barachauka Basin and the Contai Basin in the Contai subdivision; and

(*e*) if so, whether Government consider the desirability of withdrawing levy orders from those pockets?

Sj. Prafulla Chandra Sen: (*a*) No.

(*b*) Sample surveys are conducted by the State Statistical Bureau on plots selected at random.

(*c*) In the manner as laid down under paragraph 3 of the West Bengal Foodgrains (Intensive Procurement) Order, 1952, with the help of a committee consisting of local officers of various departments of Government having knowledge of local conditions.

(*d*) Yes, there has been some damage to crops in these areas.

(*e*) No levy order has been served in the Dubda and the Barachauka Basins. As the extent of damage to crops was already taken into account in determining the local yield of foodgrains, Government see no reason to withdraw the levy orders served on the large producers in the Contai Basin.

[3-10—3-20 p.m.]

Sj. Sudhir Chandra Das:

কোশ্চেন "সি"তে আছে,

"With the help of the committee consisting of local officers of the various departments of the Government."

এটা কোন্ কোন্ ডিপার্টমেন্টের অফিসার দ্বারা?

Sj. Prafulla Chandra Sen: Only a minute ago I read out the names of the members.

Sj. Sudhir Chandra Das:

এই যে বিভিন্ন বিভাগের লোক্যাল অফিসার তারা এক এক জন গৃহস্থ কত ধান উৎপন্ন করতে পারে সেইটা ঠিক করবার পক্ষে ঐ লোক্যাল অফিসাররা উপযুক্ত বলে আপনি মনে করেন কি?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Sudhir Chandra Das:

ইউনিয়ন বোর্ডের মেম্বারদের এর সংগে রাখা বিবেচনা করেন কি না?

Sj. Prafulla Chandra Sen: I could not follow the question, Sir.

Sj. Sudhir Chandra Das:

গৃহস্থের কতটা ফসল উৎপন্ন হয়েছে তা নির্ধারণ করতে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের মত গ্রহণ করা উপযুক্ত বলে মনে করেন কি না?

Mr. Speaker: You must please read the rules carefully. You must not ask for an expression of opinion. What you are asking is not a question.

"উচিত মনে করেন কি না"?

That is not a question to elicit facts.

বিধানটা ভাল করে পড়ুন।

Sj. Charu Chandra Bhandari:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যার উপর নোটিশ জারি করা হয় তার জমিতে কত ধান হল এটা কোনো ক্ষেত্রে নির্ধারণ করা হয়েছে কি না?

Sj. Prafulla Chandra Sen:

করি। এভারেজ ইল্ড ধরে নির্ধারণ করা হয়; যদি কারও কিছু আপত্তি থাকে ম্যাজিস্ট্রেটের কাছে আপীল করতে পারেন।

Sj. Charu Chandra Bhandari:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এটা সত্য কি না যে ফুড গ্রেন প্রকিওরমেন্ট অর্ডারে যার উপর নোটিশ দেওয়া হবে এবং লেভি করা হবে তার জমিতে ধান হয়েছে কি না সেটা নির্ধারণ করতে হবে?

Sj. Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে হাইকোর্টে বহু তর্ক বিতর্ক হয়ে গেছে, আমি মাননীয় সদস্যকে হাইকোর্টের জাজমেন্ট পড়তে অনুরোধ করি। (জনৈক সদস্য: আপনার খবরটা বলুন না।)

Sj. Charu Chandra Bhandari:

হাইকোর্টে কি হয়েছে না হয়েছে তা আমি জানি না তবে আপনার কি বক্তব্য সেইটা বলুন।

Sj. Prafulla Chandra Sen:

হাইকোর্টের জাজমেন্টেই সব আছে।

Sj. Haripada Chatterjee:

মন্ত্রীমহাশয় অবগত আছেন কি যাকে ধান দিতে বলা হয়েছে তার ধান হয় নাই—তাকে বাজার থেকে কিনে দিতে হয়েছে?

Sj. Prafulla Chandra Sen:

আমি জানি না।

Sj. Charu Chandra Bhandari:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে সাগর থানায় এবং অন্যান্য থানায় খাস মহল থেকে লেভি জারি করা হয়েছে?

Mr. Speaker: That does not relate to the present question.

Sj. Charu Chandra Bhandari:

৩৫০ মণ ধান দেবার নোটিশ দেওয়া হয়েছিল তার ২০০ মণ ধান দিয়ে বলেছে আর ধান হয় নি।

Sj. Prafulla Chandra Sen: The question relates to Midnapore district.

Sj. Charu Chandra Bhandari:

মাননীয় স্পীকারমহাশয় এটা রেলিভ্যান্ট এইভাবে হয়——

Mr. Speaker: Do you say that Sagar thana is in 24-Parganas?

Sj. Charu Chandra Bhandari:

কোন একটা স্থানে ঘটেছে। এটা "বেসিস অফ ইম্পোজিসান অফ লেভি অর্ডার"। মেদিনীপুর জেলার প্রশ্ন নয়, জেনারেল প্রশ্ন। আমি সেইজন্য বলছি সেই লেভি অনুসারে গভর্ণমেন্ট আজ যে নোটিশ দিয়েছেন তার চেয়ে বহুত ধান কম হয়েছে বলে ধান দেয় নি এটা সত্য কি না?

Sj. Prafulla Chandra Sen:

আমার জানা নাই।

Sj. Haripada Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে বড় নলদার যে ধান ধরা হয়েছে তাদের সে ধান হয় নাই? তাদের বিছন ধান, সিদ্ধ ধান পর্যন্ত নিয়ে গিয়েছে, তারপরে কিনে দিতে হয়েছে?

Mr. Speaker: You seem to know everything. Then why do you ask for it? That is not eliciting facts.

Sj. Haripada Chatterjee:

স্যার একটা জায়গার হয়েছে বলেই আমি বলছি। আমি জিজ্ঞাসা করছি, এই রকম ঘটনা ঘটেছে কিনা, যে খাবার ধান নিয়েও খানে কুলায় নাই, শেষে কিনে দিতে হয়েছে।

Sj. Prafulla Chandra Sen:

নদীয়া জেলার কথা স্বতন্ত্র।

Sj. Sudhir Chandra Das:

দুরেদা বেসিনে ও বড়চৌকা বেসিনে ড্যামেজ টু ক্রপস বেশী হয়েছে যে বলে লেভি অর্ডার উইথড্র করেছেন কিন্তু কন্টাই বেসিনে উইথড্র করেন নাই, সুতরাং দুরেদা ও বড়চৌকার তুলনায় কন্টাই বেসিনে ক্ষতির তারতম্যটা কি হয়েছে মন্ত্রীমহাশয় জানাবেন কি?

Mr. Speaker: That is not a supplementary question. You put that question in the proper form and you will get the answer.

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় এই যে স্পেশাল কমিটির ও ষ্ট্যাটিষ্টিক বিউরো দ্বারা ইন্ডের যে হিসাব আমাদের দিয়েছেন তাকি সরকার সঠিক বলে মনে করেন?

Sj. Prafulla Chandra Sen: That is a matter of opinion.

Sj. Saroj Roy:

ওটা সঠিক কিনা বলবেন না?

Mr. Speaker: That does not arise.

Sj. Saroj Roy:

মেদিনীপুর জেলায় ও অন্যান্য জেলায় ইতিমধ্যে ধানও চালের দর যে বেড়ে গিয়েছে মণ করা প্রায়——

Mr. Speaker: That does not arise out of this question.

Sj. Sudhir Chandra Das:

কন্টাই বেসিন এলাকায় প্রেসিডেন্টদের কাছ থেকে জেনেছেন কিনা যে সেখানে প্রায়— total failure of crop হয়েছে এবং সে বিষয়ে কোন টেলিগ্রাম বা চিঠি পেয়েছেন কিনা?

Sj. Prafulla Chandra Sen: This question does not relate to the failure of crop. This relates to the determination of the yield.

Sj. Sudhir Chandra Das:

সে সম্বন্ধে কোন ইনকোয়ারী করেছেন কিনা মন্ত্রী-মহাশয় জানাবেন কি?

Mr. Speaker: Your object should be to elicit information. There are a large number of questions today which we have got to finish.

Girls' High English and Middle English schools in Contai Subdivision, Midnapore, receiving grants-in-aid.

***170. Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) the number of High English and Middle English girls' schools in the Contai subdivision which receive grant-in-aid from the Government with their names and the amount of monthly grant-in-aid, if any, given to each institution;

(*b*) whether the Government propose to give any boarding grant to any of these institutions;

(*c*) if so, how much, to what institutions;

(*d*) whether the Government consider the necessity of opening boarding houses in the subdivisional towns for the spread of higher female education; and

(*e*) if so, what steps do the Government propose to take in the matter?

Minister-in-charge of the Education Department (Sj. Pannalal Bose): (*a*) Grants to secondary schools are administered by the Board of Secondary Education, West Bengal, and not by Government.

A statement is laid on the Table.

(*b*) The reply cannot be given specifically without a specific proposal.

(*c*) and (*e*) Do not arise.

(*d*) Government have no such scheme at present.

Statement referred to in reply to clause (a) of starred question No. 170

		Rs.
(1)	Contai Chandramoni Brahmo Girls' High English School ...	368 per mensem.
(2)	Bhimeswari Girls' Middle English School ...	600 lump.
(3)	Basudebpur Girls' Middle English School ...	100 per mensem.
(4)	Contai Hindu Girls' Middle English School ...	1,400 lump.
(5)	Contai Muslim Girls' Middle English School	60 per mensem.
(6)	Katranka Girls' Middle English School ...	150 per mensem.
(7)	Madhabpur Mahendra Girls' Middle English School ...	150 per mensem.
(8)	Mugberia Gangadhar Girls' Middle English School ...	100 per mensem.
(9)	Thakarnagar Mahila Vidyapith (Middle English School) ...	200 per mensem.
(10)	Egra Girls' Middle English School ...	720 lump.
(11)	Benudia Matripith Girls' Middle English School ...	720 lump.

Leave rules for the teachers of Government High English schools.

***171. Sj. Janardan Sahu:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether the teachers of Government High English schools were sanctioned one month's leave per year besides ten days' casual leave some years ago;

(*b*) if so, whether they are allowed to go on leave on private affairs with full pay;

(*c*) if not, why; and

(*d*) whether Government consider the desirability of amending the present leave rules of the teachers of Government High English schools?

Sj. Pannalal Bose: (*a*) Yes, but ordinarily on half average pay to teachers of Government High English schools who were in service on or before 21st July, 1931.

(*b*) Yes, on average pay provided such leave is due.

(*c*) Does not arise.

(*d*) No

System of recording votes in union board elections.

***172. Sj. Raipada Das.** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) if it is a fact that system of recording votes by show of hands is followed in union board elections;

(*b*) if so, the reasons why the system is followed at present;

(*c*) whether Government consider it desirable to replace this system by ballot system; and

(*d*) if so, when?

Minister-in-charge of the Local Self-Government Department (Sj. Iswar Das Jalan): (*a*) The system of recording votes is as provided in rules 16 to 19 of the Election Rules for Union Boards.

(*b*) Does not arise.

(*c*) and (*d*). The matter will be considered when the question of introducing *panchayet* system in place of union boards is finally settled either way.

Sj. Raipada Das: Is the Hon'ble Minister aware that according to this system recording of votes is done by people of local influence?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Charu Chandra Bhandari:

মন্ত্রীমহাশয় যে উত্তরে যে বলেছেন—

"The matter will be considered when the question of introducing *panchayet* system in place of union boards is finally settled either way".

পঞ্চায়েৎ সিস্টেম যখন হবে, তখন হবে, কিন্তু ইউনিয়ন বোর্ড যতদিন আছে ততদিন কি করবেন? আমার মনে হয় উনি স্বীকার করেছেন তার যৌক্তিকতা।

Sj. Iswar Das Jalan: The question of *panchayet* is being considered and the moment we introduce *panchayet* the union boards will cease to exist. In introducing *panchayet* we shall consider what will be system of election.

Sj. Raipada Das: Will the Hon'ble Minister be pleased to state if Government are not going to consider this now—when is this going to be introduced?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কতদিনের ভিতর এই পঞ্চায়েৎ সিস্টেম হবার সম্ভাবনা আছে?

Sj. Iswar Das Jalan: I do not think it will take very long. We may be able to deal with this matter in the next session.

Withholding of cash doles to several refugee families of Madhyamgram (New Barrackpore).

***174.** (SHORT NOTICE.) **Sj. Ambica Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) if it is a fact that ration and cash dole supply to sixty-one refugee families of Madhyamgram (New Barrackpore) have been stopped since one month;

(*b*) if so, the reason thereof; and

(*c*) on whose order ration and cash dole supply to these refugee families have been stopped?

Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department (Sjkta. Renuka Ray): (*a*) Doles of 60 families had been withheld.

(*b*) Refusal to vacate plots belonging to other refugees where they had squatted on.

(*c*) Additional Refugee Rehabilitation Commissioner, West Bengal.

Sj. Ambica Chakrabarty:

এই সিক্সটি ফ্যামিলিতে ক্যাশ ডোল কত দিন উইথড্র করে রাখা হয়েছিল, কত দিন বন্ধ ছিল?

Sjkta. Renuka Ray:

এদের ক্যাশ ডোল কয়েকদিন বন্ধ ছিল। কারণ তারা অন্যদের জমিতে বসেছিল।

As soon as they made a reasonable request for it and shifted to their own sites the doles were restored.

[3-20—3-30 p.m.]

Sj. Ambica Chakrabarty:

কতদিন বন্ধ ছিল সেটা জানতে চাই।

Sjkta. Renuka Ray: I want notice about the exact time.

Sj. Jyoti Basu: Is this the usual method of punishing refugees when they refuse to listen to Government orders?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Jyoti Basu: My question is that they have certain methods of punishing refugees it seems. Is it the usual method of punishing them by stopping their doles?

Sjkta. Renuka Ray: There is no question of punishing refugees at any stage. The question was that some refugees had squatted upon the land of other refugees though other high land was offered to them. Time and again they were asked to give up that land and to go to other land. They did not do so in six months' time. It was to help other refugees that the doles had been withheld. The refugees realised that they had made a mistake.

Sj. Ambica Chakrabarty:

মাননীয়া মন্ত্রীমহাশয়া জানেন কি এই সমস্ত রিফিউজীদের খাদ্য সংস্থানের কোন উপায় ছিল না বলেই ক্যাশ ডোল দেওয়া হত?

Sjkta. Renuka Ray:

ওদের উপায় ছিল কারণ——

As soon as they left and went to the other land they got the doles.

Sj. Ambica Chakrabarty:

খাদ্য সংস্থানের যদি কোন উপায় থাকত তাহলে গভর্ণমেন্ট তাদের কিজন্য ক্যাশ ডোল দেন?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Tarapada Bandopadhyay: Are the Government guided by any definite rules or principles in the matter of stoppage of doles?

Sjkta. Renuka Ray: Always.

Sj. Tarapada Bandopadhyay: What are those rules? Have they been formulated in any book?

Sjkta. Renuka Ray: There are rules laid down that if anybody refuses to rehabilitate or squats on the land of other refugees, Government feel that he does not want Government help.

Sj. Ambica Chakrabarty:

এই রকম কোন রুলস এই হাউসে পাশ হয়েছে কি?

(তুমুল হাস্য।)

Sjkta. Renuka Ray:

এই হাউস টাকা দেয় না পার্লামেন্ট টাকা দেয়।

Sj. Ambica Chakrabarty:

গভর্ণমেন্ট কি নিজেদের ইচ্ছামত চলেন? তাহলে এই লেজিসলেচারএর প্রয়োজনীয়তা কি?

(No reply.)

Sj. Ambica Chakrabarty:

.এডিশনাল রিফিউজী কমিশনার কোন্ রুলএ, "আন্ডার হোয়াট অথরিটি" এদের "ক্যাশ ডোল ষ্টপ" করেছেন?

Sjkta. Renuka Ray: Under Government order.

Sj. Ambica Chakrabarty:

"আন্ডার হোয়াট অথরিটি" আপনি রিফিউজীদের ক্যাশ ডোল বন্ধ করে দেন?

(হাস্য ধ্বনি)।

Mr. Speaker: That question does not arise.

Teachers of the sponsored free primary schools.

***175. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) Sponsored fee primary schoolএর sponsored শিক্ষকদের যে প্রতি দুই বৎসর অন্তর ৪, টাকা করিয়া "ইন্‌ক্রিমেন্ট" দেওয়ার কথা ছিল তাহা দেওয়া হইতেছে কি;

(খ) দেওয়া হইলে, কতজনকে দেওয়া হইতেছে; এবং

(গ) এই বাবদ কত টাকা খরচ হইতেছে?

Sjkta. Renuka Ray:

(ক) সরকার ঐরূপ মাহিনা বৃদ্ধির কথা অবগত নহেন।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Sj. Lalit Kumar Sinha:

স্পনসর্ড শিক্ষকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা?

Sjkta. Renuka Ray: I can't follow—

বুঝা গেল না।

Mr. Speaker:

স্পনসর্ড শিক্ষকদের বেতনবৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা?

Sjkta. Renuka Ray:

রিফিউজী রিহ্যাবিলিটেশনএর শিক্ষকরা অন্য শিক্ষকদের চেয়ে বেশী বেতনই পায়।

Teachers transferred to these schools from district board schools are entitled to their pay plus a special pay of Rs. 20 during the period of their deputation to these schools. Other teachers deputed to these schools receive a fixed pay of Rs. 35 per month plus a special pay of Rs. 4 per month for every four completed years of private teaching subject to a maximum of Rs. 20. Teachers who do not fall in any of the categories receive the minimum of the scale, Rs. 30 and other allowances.

Appointment of District Relief Officers.

***176. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state if it is a fact that several District Relief Officers were appointed in 1951?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether all of them were appointed through Public Service Commission; and

(*ii*) if not, how many were appointed without consultation with the Public Service Commission, and the reason therefor?

Sjkta. Renuka Ray: (*a*) Yes, six District Relief Officers were appointed.

(*b*)(*i*) No.

(*ii*) None. Two of them are members of W.B.J.C.S. and so no consultation of Public Service Commission was necessary.

The remaining four were appointed on a temporary basis. Consultation of Public Service Commission was not necessary in respect of them either.

Sj. Subodh Banerjee:

মাননীয়া মন্ত্রীমহাশয়া জানাবেন কি এই যে ৪ জনকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল এটা কিভাবে দেওয়া হল? খবরের কাগজে এ্যাডভারটাইজ করা হয়েছিল কি?

Sjkta. Renuka Ray: Appointment was made by an Appointment Board.

এদের ছয় মাসের জন্য টেম্পোরারী এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল, রিঅর্গানাইজেসন সেট আপএ এই পোষ্টগুলি থাকবে কিনা দেখা হচ্ছে। যদি থাকে তাহলে পাব্লিক সার্ভিস কমিশনএ পাঠান হবে।

Sj. Subodh Banerjee:

আমার প্রশ্নটা হল এই যে চারিটি পোষ্টএর জন্য খবরের কাগজে কোন বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কিনা? কিভাবে এ্যাপয়েন্টমেন্ট হল সেইটা জানতে চাই।

Sjkta. Renuka Ray:

এ্যাডভারটাইজ করা হয় নি। যাদের পূর্বে ছাঁটাই হয়েছিল তাদের প্রায়রিটি দেওয়া হয়েছিল, টেম্পোরারী ডিপার্টমেন্টএ মাঝে মাঝে লোক নেওয়া হয়, আবার ছাঁটাইও হয়।

Sj. Subodh Banerjee:

এ্যাপয়েন্টমেন্ট বোর্ডএ কে কে ছিল বলবেন কি?

Sjkta. Renuka Ray:

নোটিশ চাই।

Sj. Subodh, Banerjee:

চারজনকে কবে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল বলবেন কি?

Sjkta. Renuka Ray:

নোটিশ চাই।

Sj. Subodh Banerjee:

ছয় মাস পার হয়েছে কি?

Sjkta. Renuka Ray:

"জাষ্ট" ছ'মাস হয়েছে।

Sj. Subodh Banerjee:

এমন একটি আইন আছে ৬ মাস হয়ে গেলে পর পাব্লিক সার্ভিস কমিশনএ রেফার করতে হয়। সেসব করা হয়েছে কি?

Sjkta. Renuka Ray:

এই পোষ্টগুলি যদি রাখতে হয় তাহলে তাদের কেস রেফার করতে হবে কয়েকদিনের মধ্যে।

Sj. Subodh Banerjee:

আমার প্রশ্ন ছিল ৬ মাস হয়ে গেলে পাব্লিক সার্ভিস কমিশনএ রেফার করতে হবে, পোষ্ট থাকবে কি থাকবে না এটা অবান্তর। উনি রেফার করেছেন কিনা?

Sjkta. Renuka Ray:

না, এখনও হয় নি।

Sj. Subodh Banerjee:

In this connection I have to make some observations as regards the grievance that has been made by Sj. Bankim Mukherji about the non-recognition of the Leader of the Communist Party as the Leader of Opposition and his reference to other States. I have ascertained from information received from other "A" class States which has been tabulated in the annexed table that the Leader of a particular Party or Group has been recognised as the Leader of Opposition either by agreement among several Parties or Groups in Opposition or where the strength of that Group or Party is greater than the combined strength of all the other Parties or Groups in Opposition. The same is the position with regard to the House of the People. I have followed the identical principle in deciding whether the Leader of the Communist Party here should be recognised as the Leader of the official Opposition and I have not been furnished with any additional ground for revising my opinion.

Next, another point of privilege and order was also reserved. Dr. Srikumar Banerjee on the 8th April, 1953, raised a point of order and requested me to consider whether I would withdraw the ban on the use of the word "ridiculous" which was held by me to be unparliamentary in the debate made on the previous date.

The word "ridiculous" comes ultimately from a Latin root meaning "laughter" and it means normally that which provokes laughter with derision and mockery. Whether a particular word is unparliamentary or not always depends upon the context in which it is used. In my opinion when the other day this word was used with reference to the speech which the Chief Minister was going to deliver and repeated twice in the context, Sj. Jyoti Basu made it quite clear that whatever speech the Chief Minister was going to make on the debate before the House would evoke nothing but derisive laughter and would be frivolous in contrast to what he asked him to state in reply to his question. With this impression to be gathered from the statement of the speaker, I think that while the word by itself may be harmless and innocuous in other contexts, this context made it

objectionable in the sense that it was against the dignity of the House to use such an expression with regard to the speech which was about to be delivered by the Leader of the House and, as such, it was unparliamentary in the context in which it was used and carried a reflection against an honourable member as if he is in the habit of making speech which is always ridiculous.

In this connection Sj. Prafulla Kumar Banerjee raised a point of privilege and wanted my ruling as to whether the conduct of Sj. Jyoti Basu in walking out of the House and not complying with my request to withdraw for using an expression which was held by me as unparliamentary amounted to be a breach of privilege and contempt of the Chair. I have given due consideration to the matter. The procedure is well settled. When the Chair holds an expression to be unparliamentary and requests a member using the same to withdraw it, it is his duty to withdraw the expression. If he does not comply with the request, the next step for the Chair is to direct him to withdraw from the House for the rest of the sitting. If he fails to comply with that direction, the Chair refers the matter to the House by naming the offending member and usually the Leader of the House for the time being moves for his suspension from the service of the House. This motion is put to the question without amendment, adjournment or debate. If the House agrees to the suspension, the Speaker again directs the member to withdraw and if he still persists in refusing to do so, even when summoned by the Speaker, force is resorted to. In such a case, suspension of the member is for the remainder of the session. Here, therefore, before that stage arrived for my giving any direction to the offending member to withdraw, he anticipated my order and stated that if I insisted, he would walk out. I was insisting and I would certainly have insisted. That clearly shows that he anticipated my order and removed himself from the House voluntarily before my order was passed. With regard to the question of his party walking out with him, that cannot be identified with walking out in protest against my ruling. Other Opposition parties also walked out subsequently, stage by stage, in connection with the discussion about meeting the refugee demonstrators outside the Assembly House. In that view of the matter, no further disciplinary action is called for.

Non-official Resolutions.

[4-20—4-30 p.m.]

Mr. Speaker: We shall now take up the non-official resolutions. Resolution No. (*i*) stands in the name of Sj. Bejoy Krishna Sarkar.

(After a pause during which no member rose to move the resolution.)

Sj. Jyoti Basu: Sir, if they are not prepared, we can go on with the next resolution.

Mr. Speaker: Yes.

Dr. Bidhan Chandra Roy: Sir, there is a resolution in the name of Sj. Arabinda Roy. He can move it.

Mr. Speaker: No, that cannot come in now. That is after the resolution of Sj. Nepal Chandra Roy. Yes, Sj. Pravash Chandra Roy.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that this Assembly is of opinion that the introduction of the Indo-Pakistan passport system has directly affected the economy of West Bengal through the increased influx of refugees and the disruption of normal trade, and, therefore, recommends that the Government of India be requested to take the initiative in calling an Indo-Pakistan Conference on a Government level to discuss the possibilities of the withdrawal of the passport system, arrange for the exchange of popular goodwill mission between the two countries and explore ways and means for improving relations between the two countries.

Sj. Debendra Chandra Dey: Sir, shall I move my amendment immediately?

Mr. Speaker: Yes.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move by way of amendment that for the resolution No. 2 moved by Sj. Provash Chandra Roy, the following be substituted, namely:—

> "This Assembly is of opinion that in view of the existing relationship between East Pakistan and West Bengal, the Government of India be requested to take the initiative in calling an Indo-Pakistan Conference on a Government level, to arrange for the exchange of popular goodwill mission between the two countries and explore ways and means for improving relations between the two countries."

Dr. Kanailal Bhattacharya: Sir, there is another amendment to the resolution.

Mr. Speaker: Have you given notice of your amendment?

Dr. Kanailal Bhattacharya: No, Sir.

Mr. Speaker: Then you cannot move it.

Dr. Kanailal Bhattacharya: Sir, the other day another member moved a short-notice amendment with your permission.

Mr. Speaker: That was not on non-official resolution.

Dr. Kanailal Bhattacharya: Yes, Sir, it was on a non-official resolution. With your permission Sj. Jyotish Joarder moved a short-notice amendment.

Mr. Speaker: 24 days have passed. Now you cannot do it.

Dr. Kanailal Bhattacharya: Sir, my amendment is very simple—simple deletion.

Mr. Speaker: If you were so serious about it you should have done that long ago. I have to examine whether it is out of order or not. You have to give it to the Secretary. Be serious about these matters.

Dr. Kanailal Bhattacharya: I am just giving you in writing, so that you can examine it.

Mr. Speaker: Then submit your amendment in proper form.

Sj. Subodh Banerjee: On a point of order, Sir. The amendment moved by Sj. Debendra Chandra Dey goes to the extent of substitution of one resolution for another. Whether a particular member of the House is competent to move an amendment to that effect and extent is my point of order. Sir, I cannot give you the exact reference now, but so far as I remember, a similar point of order was raised by one of the honourable members when Mr. Azizul Haque was in the Chair. In that case Mr. Azizul Haque gave this particular ruling that no amendment could be moved to this effect which would amount to changing the very spirit of a particular Bill, whatsoever it may be. It refers to the scope of moving amendments. I referred it to you at the time of discussion about moving amendments to the Security Bill. Therefore, Sir, I want a ruling on this point.

Mr. Speaker: It has not the effect of negativing the resolution.

Sj. Subodh Banerjee: Sir, here it is a question of substituting one resolution for another.

Mr. Speaker: Where is Mr. Azizul Haque's ruling?

Sj. Subodh Banerjee: Sir, it is with regard to the scope of moving amendments to a Bill.

Mr. Speaker: Moving an amendment to a Bill is different from moving an amendment to a resolution.

Sj. Subodh Banerjee: Sir, the object is the same.

Mr. Speaker: No. 10.

Sj. Charu Chandra Bhandari: Mr. Speaker, Sir.

এই যে সাবষ্টিটিউট রেজলিউসন দেওয়া হয়েছে, এটা দেখে আমার মনে হচ্ছে যে এফেক্ট হচ্ছে negativing the original resolution কারণ অরিজিনাল যে রেজলিউসন তাতে আছে পাশপোর্টের বিষয় সেই রেজলিউসনের উদ্দেশ্য হচ্ছে পাশপোর্ট সিস্টেম যাতে উঠিয়ে দেওয়া যায়। আর সেই রেজলিউসনের সাবষ্টিটিউট যেটা দেওয়া হচ্ছে তাতে পাশপোর্টের কথা নেই। তার পর এক্সিজিষ্টিং রিলেশনসিপএর মধ্যে জগতের সব জিনিষ ফেলা যায়। এমন জিনিষ কিছু নেই যা এই এক্‌জিষ্টিং রিলেশনের মধ্যে ফেলা যায় না। তার ফলে কার্যাত হবে অরিজিনাল রেজলিউসনএ যা আছে, সেটা সাপোর্ট করেন বা না করেন, সে আলাদা কথা কিন্তু এই যেটা সাবষ্টিটিউট বলা হচ্ছে, তাতে অরিজিনাল রেজলিউসনএ যা বলা হয়েছে সেটা নাকচ করা হচ্ছে।

Mr. Speaker: Suppose one member moves an amendment that the word "passport" should be deleted from the resolution. The rest of the resolution would have been quite in order.

Sj. Charu Chandra Bhandari: কিন্তু স্যার, আপনি যদি বলেন পার্টিকুলার ওয়ার্ড এই পাশপোর্ট শব্দটা ডিলিট হলেও রেজলিউসনটা ইন অর্ডার সেখানে আমার বক্তব্য—এটা ডিলিট হলে কোন মানে হয় না। এটা ডিলিট করা যায় না।

Mr. Speaker: I am only mentioning it for argument's sake.

Sj. Charu Chandra Bhandari: এমন একটা ওয়ার্ডও ডিলিট করা যায় না যায় দ্বারা একটা রেজলিউসন মিনিংলেস হয়ে যায়। এমন কখনও হতে পারে না। অতএব আপনি দেখবেন অরিজিনাল রেজলিউসন "না" করে দেওয়া হচ্ছে কিনা। এই এ্যামেন্ডমেন্টের বেলায় সেটা হচ্ছে। তা ছাড়া আর কিছু নয়।

Dr. Bidhan Chandra Roy: My honourable friend is entirely wrong, because if the resolution had stated that the Government of India be requested to take the initiative in calling an Indo-Pakistan Conference for the purpose of discussing the passport system it would be a different matter. Here the resolution seeks to discuss the possibilities of the withdrawal of the passport system, arrange for the exchange of popular goodwill mission between the two countries and explore ways and means and so on.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I am not speaking about the amendment, but I too say that this is a very wrong method of giving an amendment to a resolution. In fact, what it means is that you are substituting one resolution by another as Mr. Subodh Banerjee stated. I agree with him that amendments cannot be given in this manner by substituting another resolution. These are general rules and we do not need Mr. Azizul Haque's ruling with regard to this matter, because it is purely a formal matter which is known to you, Sir.

[4-30—4-40 p.m.]

Therefore this is out of order. If he wishes at this stage to change the wording, this is a procedural objection. If he wishes to change the wording into something else, then I do not mind discussing this. I do not think that anybody should be permitted in this House to take recourse to wrong procedure with regard to moving amendments.

Mr. Speaker: The purpose of the resolution is there.

Sj. Haripada Chatterjee: ডাঃ রায় যা বলেছেন, তার একটা জবাবের দরকার এতে পাশপোর্ট আছে অন্যান্য বিষয়ও আছে এবং রেজলিউসনটা আরম্ভ হয়েছে "This Assembly is of opinion that the introduction of the Indo-Pakistan passport system has directly affected the economy of West Bengal."

Dr. Bidhan Chandra Roy: Supposing the amendment ran thus: omit the words from "that" to "therefore"; it will be like this "This Assembly recommends that the Government of India be requested to take the initiative in calling an Indo-Pakistan Conference on Governmental level to arrange for the exchange of popular goodwill mission........."

Sj. Haripada Chatterjee:

প্রথমেই যেটা আছে, ইন্ডো-পাকিস্তান পাশপোর্ট দিয়ে আরম্ভ সেইটেকেই ডিলিট করলে কি করে হবে? হাউ?

Mr. Speaker: What is the main object of the resolution? You want an Indo-Pakistan Conference. You want that arrangement be made for exchange of popular goodwill mission between the two countries and you base your grounds on the preamble; one of them is the passport system. In the alternative resolution he also asks for an Indo-Pakistan Conference; he also asks for a goodwill mission but the grounds are changed. That does not mean that the amendment is out of order.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, যে প্রস্তাব শ্রীপ্রভাস রায় এই হাউসের সামনে রেখেছেন, আমরা মনে করি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং এর গুরুত্ব শুধু সাময়িক নয়, সুদূরপ্রসারী। বিষয়টা হচ্ছে, আমরা মনে করি ভারতবর্ষ এবং পাকিস্থানের মধ্যে সম্পর্কের উন্নতি দু'টি দেশেরই জনসাধারণের জন্য প্রয়োজন; সম্মানজনক সর্ত্তে দু'টি দেশের মধ্যেই ব্যবসা-বাণিজ্য সম্বন্ধে চুক্তি হওয়া প্রয়োজন, এবং আমরা মনে করি পাশপোর্ট সিস্টেম উঠিয়ে দিয়ে উভয় দেশের মধ্যে চলাচলের অবাধ ব্যবস্থা করা উচিত যাতে করে দু'টি দেশের জনসাধারণ এক দেশ থেকে আর একটি দেশে স্বাভাবিকভাবে যাতায়াত করতে পারে। এবং এই তিনটি জিনিষ যদি আমরা করতে পারি দু'টি দেশের মধ্যে তাহলে দুই দেশেরই ব্যাবসা-বাণিজ্যের উন্নতি হবে। যারা এটা চান না, এবং কি কারণে চান না সে কথা আমি পরে বলব—যারা চান না তার মধ্যে হচ্ছে বিশেষ করে বিদেশী সমাজ-বাদীরা এবং তাঁরা যে উদ্দেশ্যে চান না সে উদ্দেশ্য বিফল হবে যদি আমরা আমাদের এই প্রস্তাবকে সাফল্যমণ্ডিত করে তুলতে পারি এবং সেইজন্যই আমি পূর্বেই বলেছি এই প্রস্তাবটার গুরুত্ব খুব অধিক, এটার উদ্দেশ্য শুধু সাময়িক নয়, সুদূর-প্রসারী এবং দুটি দেশের পক্ষেই মংগলজনক।

এখানে অনেকেই থাকতে পারেন কংগ্রেসের মধ্যে, যাঁরা হয়ত আমরা যে কথা বলব এবং যে যুক্তি দেখাব তার সংগে একমত হবেন না। কারণ এই অভিজ্ঞতা আমাদের আছে এই হাউসে ও বাইরে। তবু আমি বলব, তাঁদের কাছে আবেদন করব আপনার মারফতে, আমরা যে যুক্তিতর্ক দিচ্ছি, যে কথা বলবার চেষ্টা করছি, তারা দয়া করে যেন আমাদের সেই কথাগুলো বোঝবার চেষ্টা করেন, এবং কোন বায়াস নিয়ে নয়। এখানে অনেকে আছেন যাঁরা হয়ত সরকার এবং জনসাধারণকে একদৃষ্টিতে দেখেন সেই রকম যখন আমরা পাকিস্তানের কথা বলি সেখানেও কতক বন্ধু আমাদের আছেন যাঁরা সেইরূপই মনে করেন। একথা বলার মানে এ নয় যে পাকিস্তান সরকারের সমর্থনে আমরা কিছু বলছি বা পাকিস্তান সরকারের যা কিছু দৃষ্টিভঙ্গী ও কার্যকলাপ তার সমর্থনে আমরা কিছু বলছি। সে দৃষ্টিভঙ্গী নিয়ে এ প্রস্তাব আমরা আপনাদের সামনে উপস্থিত করি নাই। আমরা সরকার এবং জনসাধারণের মধ্যে তফাৎ যেমন আমাদের দেশে দেখতে পাই, তেমনি পাকিস্তানেও জানি যে সে তফাৎ আছে। দেখবার যদি চেষ্টা করি, বোঝবার যদি চেষ্টা করি, তবে সে তফাৎ আমরা দেখতে পাব।

আমরা যখন বিশ্বাস করি, এই প্রস্তাব যদি বাংলা সরকার গ্রহণ করেন, ভারতবর্ষের সরকার গ্রহণ করেন, তাহলে সেটা যেমন হবে খুব ভাল কথা, এটা তাঁরা স্বীকার করে নিলে যেমন আমাদের আরো তাড়াতাড়ি কার্য্য সিদ্ধি হবে, তেমনি আমরা বলব পাকিস্তান সরকারও যদি মেনে নেন, আরো ভাল কথা, তাহলে আরো তাড়াতাড়ি সেই জিনিষটি হবে যে জিনিষটি আমরা চাইছি। কিন্তু এমন ব্যক্তিও আছেন যাঁরা মনে করেন এসব কোন কথাই নয়, একথা বলার মানে পাকিস্তান সরকারকে সমর্থন করা। তাঁদের আমরা এই কথা স্পষ্ট করে বলি, তাহলে এ প্রস্তাব আমরা এখানে আনতুম না। শেষ অবধি কোন সরকার কোন প্রস্তাব গ্রহণ করবেন বা না করবেন সে যেমন সেই সরকারের উপর নির্ভর করে, অনেকটা তেমনি জনসাধারণের উপরও নির্ভর করে; এবং এ বিষয়ে জনসাধারণই শেষ কথা বলে। সরকার হয়ত কোন কোন ব্যাপার বুঝতে না পারেন কিন্তু জনসাধারণ যদি ব্যাপক আন্দোলন গড়ে তুলতে পারেন তাহলে হয়ত এমন দিন আসে যখন সরকার বাধ্য হন সেটা মেনে নিতে। সেইজন্য আমরা সে তফাৎ দেখি বলেই এই প্রস্তাবটা বাংলাদেশের বাইরেও এনেছি এবং এখানেও এনেছি, যাতে একমত হয়ে এই প্রস্তাব গ্রহণ করতে পারেন।

আমরা জানি, সাম্রাজ্যবাদ সে বৃটিশই হোক বা আমেরিকানই হোক তারা চায় না যে একটা বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভারতবর্ষ এবং পাকিস্তানের মধ্যে গড়ে ওঠে, যদি তারা তাই চাইত তাহলে তারা ভারতবর্ষকে ভাগ করত না এইভাবে। যা আমরা দেখছি, ১৯৪৭ থেকে কি খেলাই তারা খেলছে—সে কাশ্মীরই বলুন আর পূর্ব পাকিস্তানই বলুন; যাতে করে ভারতবর্ষ ও পাকিস্তানের মধ্যে সম্পর্ক বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করে সেইটেই তারা করছে, যাতে ব্যবসাবাণিজ্য ডিসরাপ্টেড হয়ে যায়, যাতে একটা দেশের সঙ্গে আর একটা দেশের সম্পর্ক না থাকে এইভাবে তৎপর হয়ে সাম্রাজ্যবাদীরা কাজ করছে। তারপর আমরা অন্যান্য বন্ধুদের বলছি তারা যে কথা বলেন পাকিস্তানের বিরুদ্ধে আমরা যদি অবরোধ সৃষ্টি করি, অর্থনৈতিক অবরোধ, তাহলে তাঁরা বলেন, পাকিস্তান এমন মুশড়ে পড়বে, পাকিস্থানের জনসাধারণের এমন অবস্থা হবে হয়ত ভারতবর্ষ থেকে আমরা যা বলছি, ডিক্টেট করছি সে কথা তাঁরা শুনবেন। আর তা না হলে সেখানকার সরকারকে তাঁরা উচ্ছেদ করে এমন সরকার করবেন যে নাকি বন্ধুত্বের ভিত্তি-স্থাপন করবে ভারতবর্ষের সংগে। কিন্তু আসলে কি তাই? যখন থেকে তারা এই পরামর্শ দিয়ে-ছিলেন যে অর্থনৈতিক অবরোধ করা হোক, ভাবটা এমন ছিল এতে ভারতবর্ষের কোন ক্ষতিই নাই, সমস্ত কিছুই পাকিস্তানের হয়ে যাবে। কিন্তু তা কি হয়েছে? আমরা হিসেব করে দেখছি, খবর নিয়েও জেনেছি, যখন কন্দ্রো ঐরূপ করার জন্য পরামর্শ

দিয়েছিলেন, সে সময় এই দুই দেশের যারা প্রতিক্রিয়াশীল তারা বসেছিল না। যারা আগে ১০০ কোটি টাকার ব্যবসা করত দু'টো দেশের মধ্যে ২০০ কোটি টাকার ব্যবসা করত এক্সপোর্ট, ইম্পোর্ট মিলিয়ে সে সময় আমরা দেখেছি সেটা নেমে এসে হয়েছিল ৬০ কোটি টাকা। হয়ত ভারতবর্ষ থেকে ১০০ কোটি টাকার জিনিষ সেখানে যেত কিন্তু ৩০ কি ৪০ কোটি টাকার বেশী সেখান থেকে আসত না।

[4-40—4-50 p.m.]

দুইটি দেশের মধ্যেই নিজেদের স্বার্থ নিয়ে সাম্রাজ্যবাদী প্রতিক্রিয়াশীল আছে, যারা চেয়েছিল ব্যবসা-বাণিজ্য ব্যাহত হোক, বন্ধ হয়ে যাক। পাকিস্থানের লোক জব্দ হয়েছে, পাকিস্থানের সরকারও জব্দ হয়েছে। তারপরে কথা কি কিছু নাই? কথা হচ্ছে তার ফলে আমরা কি দেখছি? তার দুই-একটি উদাহরণ দিচ্ছি, আপনি বুঝতে পারবেন। ধরুণ পাট। পাট পূর্ববঙ্গে হয়, পাকিস্থান পাটের দাম বাড়িয়ে দিল, পাকিস্থানের প্রতিক্রিয়াশীলরা ভাবল ভারতবর্ষকে জব্দ করব। এখান থেকে এঁরা বল্লেন পাকিস্থান তো পাটের দাম চড়িয়ে দিল, ঐ চড়া দামে আমরা পাট কিনতে পাচ্ছি না, পাকিস্থানের সরকার বড়ই খারাপ, কৃষকদের বলা হল পাট তোমরা ফলাও, যে জমিতে ফসল ফলাবে সেই জমিতে পাট ফলাও। তার ফলে কি হল শেষ পর্য্যন্ত পাকিস্থানের প্রতিক্রিয়াশীলরা বাধ্য হল স্বীকার করতে যে আমাদের পাট কিনবার লোক নাই। এমেরিকান সাম্রাজ্যবাদীরা কিছু কিনল বটে কিন্তু তারা বেশীর ভাগই ভারতীয় চটকলের তৈরী জিনিষই বেশী কিনে। কাজেই পাকিস্থানে চাষীদের পাট ২।৩ টাকায় নেমে এল। কয়েকদিন বর্ডারএ ব্ল্যাকমার্কেটিং হল তাতেও বিশেষ কিছু হল না কাজে কাজেই জনসাধারণের অবস্থা খুবই খরাপ হল। এদিকে ভারতবর্ষে পশ্চিম বাংলায় কি অবস্থা হল? আমাদের দেশে যে পাট উৎপন্ন হল তাতে কিছুদিন চলল বটে কিন্তু আজ দু'বছর পরে সেই পাটচাষীদের বলা হল, অরে বাপু পাট দিয়ে কাজ নাই, অন্য ফসল ফলাও যে খরচ পড়ছে সেই খরচ অনুযায়ী দাম দিয়ে পাট বিক্রী করতে পাচ্ছি না, তা ছাড়া এই পাট খারাপ কাজেই আমাদের প্রয়োজন নাই। এই বলা হচ্ছে আমাদের চাষীদের।

তারপর আর একটা কথা হচ্ছে আমাদের ভারতবর্ষ শিল্পের দিক থেকে কিছুটা উন্নত, অন্ততঃ পাকিস্তান থেকে বেশী উন্নত। এদেশের শিল্পজাত দ্রব্যের জন্য পাকিস্থানে একটা ভাল মার্কেট ছিল, বহু পণ্য সেখানে যেত, আমরা কাঁচামাল, পাট, তুলা, গম প্রভৃতি পাকিস্থান থেকে কিনতাম। এখান থেকে কয়লা কাপড় যেত এমন কি পাকিস্থানে আমাদের সিনেমা ইন্ডাষ্ট্রীরও বড় মার্কেট ছিল। তারপর অবরোধ সৃষ্টি হলে আমরা দেখলাম দুটি দেশেই ব্যবসা-বাণিজ্য ব্যাহত হয়েছে। দেখা গেল আমাদের ভারতবর্ষের ব্যাংক পাকিস্থান থেকে গুটিয়ে নিয়ে এলো আর এই সুযোগে ইংরেজরা বড় বড় ব্যাঙ্ক তাদের বিগ ফাইভ ব্যাংক সেখানে খুলে দিল। ইংরেজরা পাকিস্থানকে বলল তোমাদের ভয় কিসের? ভারতবর্ষ তোমাদের কয়লা দেবে না? আচ্ছা আমরা সাউথ আফ্রিকা থেকে তোমাদের কয়লা আনিয়ে দিচ্ছি। সাউথ আফ্রিকা থেকে তারপর কয়লা আসতে আরম্ভ হল, পয়েন্ট ফোর এমেরিকান এড ইত্যাদি সবই হল, তারা বল্লে তোমাদের ভাবনা কিসের? শুধু আমাদের নিকট দেশটা একটু বিক্রয় করতে হবে সবই হয়ে যাবে। তারা বল্লে তোমাদের পোর্ট নেই? কলকাতার পোর্ট দিয়ে তোমরা মাল পাঠাতে পাচ্ছ না? আচ্ছা আমরা তোমাদের পোর্ট, চিটাগংএ তৈরী করে দিচ্ছি, ইংরেজ, আমেরিকান সাম্রাজ্যবাদীরা জোর চেষ্টা করতে লাগল। আমরা দেখলাম যখন ভারতবর্ষ পাকিস্থান থেকে পাট কিনতে পারল না তখন ধানের চাষ উঠিয়ে দিয়ে পাটচাষ আরম্ভ হল এবং কাঁচামাল, তুলা, গমের জন্য নির্ভরশীল হতে হল সেই বাইরের সাম্রাজ্যবাদীদের উপর। বৃটিশ-এমেরিকান সাম্রাজ্যবাদীরা ভারতবর্ষকে একই কথা বল্লে—ঠিক আছে পাকিস্থান দিচ্ছে না আমরা ঠিক করে দিচ্ছি। এইভাবে ভারতবর্ষ ও পাকিস্থানের মধ্যে যত গোলমাল থাকে ততই সেই সাম্রাজ্যবাদীদের সুবিধা।

(At this stage the blue light was lit.)

Mr. Speaker: Fifteen minutes are allowed to members to speak on resolution.

Sj. Jyoti Basu: I do not remember the rule. With your permission I want a little more time.

তা ছাড়া যিনি মুভার তিনি বেশী কিছু বলেন নি, সেই টাইমটা আমায় দিন।

Mr. Speaker: The mover can have half an hour's time.

Sj. Charu Chandra Bhandari: Sir, Sj. Jyoti Basu is the virtual mover.

Mr. Speaker: I allow him some time but please don't make it a precedent.

Sj. Jyoti Basu:

যে জিনিষটা বলছিলাম এইভাবে আমরা দেখলাম, আস্তে আস্তে দুর্বল হয়ে দুটি দেশই সাম্রাজ্যবাদীদের কবলে গিয়ে পড়ছে। যে দুটি দেশ অবিচ্ছেদ্য ছিল ধীরে ধীরে অর্থনৈতিক দিক থেকে ভাগ হয়ে গেল। এ ছাড়া পরিণাম আর কি হতে পারে। তারপর এল পাশপোর্ট—এই পাশপোর্টে কেউ লাভবান হল না—না পাকিস্থান না ভারতবর্ষ। অনেকে বলেন পাশপোর্ট হয়েছে তা আর কি করা যাবে। তাঁরা জানেন না, হাজার হাজার লোক, বর্ডারএর গরীব জনসাধারণ এখান থেকে ওখানে গিয়ে জমি চাষ করত, বাজার করত এখন তারা খেতে পাচ্ছে না, এই অবস্থা হয়েছে। অবশ্য একটা ভাল ব্যাপার হচ্ছে এই যে পন্ডিত নেহরু একথা বলেছিলেন যে পাকিস্তান যদি পাশপোর্ট না চায় তাহলে আমরাও চাই না। পাশপোর্ট উঠিয়ে দিতে নিশ্চয়ই রাজী আছি। ভারতবর্ষের এই যদি নীতি হয়, তাহলে আমরা ওপেন ডিক্লারেশন দিচ্ছি যে আমরা এই নীতিকে সত্যই সমর্থন করব এবং ভারতবর্ষের সরকারের এই নীতিকে অভিনন্দন জানাচ্ছি। পরে হাই লেভেল ডিসকাসনএর সময় যাতে এজেন্ডা

[Sj. Jyoti Basu.]

হিসাবে এটাকে রাখা হয় সেই হিসাবে এটাকে রাখছি। এখানে এটা হলে এখানকার ঢেউ যেয়ে পাকিস্তানে লাগবে, সেখানকার জনসাধারণ পাশপোর্ট চয় নি। কাজেই এখানে উঠিয়ে দিতে বল্লে ওখানকার জনসাধারণও তাদের সরকারকে বাধ্য করবে যাতে এটা উঠিয়ে দেয়। এ সম্বন্ধে আমি আর একটা কথা বলব—কেউ কেউ বলেন পাকিস্তানে গুডউইল মিশন পাঠিয়ে কি হবে? তারা ঠাট্টা করেন, বিদ্রূপ করেন। এটা ঠাট্টা বিদ্রূপের কথা নয়। এমন ব্যবস্থার মারফৎ গুডউইল মিশন নিয়ে যেতে হবে যাতে সত্যিকারের কাজ হয়। মনে করুন এই এসেমব্লির এক-একটা দলের এক একজন রিপ্রেজেন্টেটিভ নিয়ে যদি সেখানে গুডউইল মিশন নিয়ে যাওয়া যায়, সেখানে গ্রামে গ্রামে, শহরে শহরে ঘুরে যদি জনসাধারণের কাছে আমাদের রাজনৈতিক বক্তব্য এবং অর্থনৈতিক বক্তব্য রাখতে পারি তাহলে জিজ্ঞাসা করি তাতে কি আমাদের মঙ্গল হ'ত না অমঙ্গল হ'ত? ঠিক সেইভাবে জিজ্ঞাসা করি পাকিস্তানে অবাধ চলাচলের যদি ব্যবস্থা থাকত তাহলে কি আমাদের গণতান্ত্রিক আন্দোলন ভাল হত কি মন্দ হত? যারা এর বিরোধিতা করেন তাদের বলি এটা নুরুল আমীন বা মন্ত্রীবিশেষকে খোসামোদ নয়, এই গুডউইল মিশন জনসাধারণের কাছে, তাদের সঙ্গে সংযোগ স্থাপন করা তা যদি করা যায় তাহলে জনসাধারণের মঙ্গলই হয় সেজন্য এটা রাখছি। আমি আশা করি বন্ধুরা এটা সমর্থন করবেন। তা যদি না হয়, ব্যবসা-বাণিজ্য ব্যাহত হয়, পরস্পর বিরোধিতা করি তাহলে কি হয়?

[4-50—5 p.m.]

সেইজন্য আমরা এই কথাটা রেখেছি, আমি আশা করি, যে আমাদের বংশধররা এইটা বুঝে এটাকে সমর্থন তাঁরা করবেন এবং আমরা দেখেছি যে এযদি না হয়, অবাধ ব্যবসা-বাণিজ্য যদি না হয়, পাশপোর্ট যদি উঠে না যায়, যদি দুটা দেশ এইভাবে পরস্পর বিরোধিতা করে, তাহলে কি হয়, যাঁরা একথা বলেন তাঁরা তো পাকিস্তানের জনসাধারণকে সমর্থন করছেন, তাঁরা গণতান্ত্রিক আন্দোলনকে সমর্থন করছেন না উল্টা করছেন, নুরুল আমিন সরকারকে সমর্থন করেছেন, বা তাঁদের যারা প্রতিক্রিয়াশীল তাঁদের তাঁরা সমর্থন করছেন, কারণ আমরা দেখেছি যে পাকিস্তানেও বিক্ষোভ আছে, জনসাধারণের খাদ্য চাই, বস্ত্র চাই, এখানে যেমন বহু জিনিসের আমাদের প্রয়োজন ওখানেও তেমনি তাদের প্রয়োজন আছে। সরকারের বিরুদ্ধে তাদের বহু আন্দোলন আমরা দেখেছি, কিন্তু ব্যাঙ্ক কর্ম্মচারী ও রেলওয়ে কর্ম্মচারীরা জেনারেল ষ্ট্রাইকের নোটিশ দিলেন, ছাত্ররা বাংলা ভাষাকে বাঁচাবার জন্য তাঁরা ২০ জন সহিদ হলেন সেখানে পুলিশের বুলেটের সামনে। কিন্তু যাইহোক যখনই সেখানে যা কিছু হয়েছে ৫০ হাজার লোকের "বেলী" হচ্ছে, যারা নাকি বিনা বিচারে বন্দী আছে তাদের ছেড়ে দাও পাকিস্তান জেল থেকে, কিন্তু কি হয় একটি কথা, যখনই সেখানে প্রতিক্রিয়াশীল নেতারা বিপদে পড়েন তখনই তাঁরা বলেন ঠিক আছে, তোমাদের অনেক দোষ আছে, আমরা সেই দোষ শুধরাবার চেষ্টা করছি। কিন্তু তাঁরা বলেন ঐ যে ভারতবর্ষ আমাদের আক্রমণ করতে আসছে। ঐ যে হিন্দুরা আমাদের আক্রমণ করবার জন্য আসছে আগে পাকিস্তানকে তো বাঁচাই তারপর তোমাদের পেটের কথা। তারপর তোমার জেনারেল ষ্ট্রাইক, তারপর তোমার মাইনের কথা। এই কথা বলতো পাকিস্তানের জনসাধারণ। আমি জানি যে ভারতবর্ষে গণতান্ত্রিক, রাজনৈতিক আন্দোলন আছে কিন্তু তাঁরা পিছিয়ে পড়ে আছেন হয়তো। কিন্তু তাঁরা সেইখানে অনেকে বিভ্রান্ত হন, তাঁরা বুঝতে পারেন না কিছু। সত্যিইতো এইভাবে যদি আক্রমণ হয়, এইভাবে যদি পরদেশ আমাদের আক্রমণ করে তাহলে আমার এইসব কথা বলে লাভ কি? আমাদের দেশে, তা হয় না, তোমার দেশেও দেখছি প্রতিক্রিয়াশীলরা এইভাবে আমাদের ভাগ করে, হিন্দু-মুসলমানকে ভাগ করে, এইভাবে তার সুযোগ নেবার চেষ্টা করেন। আমি জানি আমার নিজের অভিজ্ঞতায় এখানে যখন আমরা ১৯৫০ সালে একবার All-India Railwaymen Federation-এর তরফ থেকে ষ্ট্রাইক নোটিশ দিয়েছিলাম সেই সময় এবং তার পরবর্তী কালে আমরা দেখছি যে ভারতবর্ষের সরকার এই কথা বলেন যে কাশ্মীর নিয়ে পাকিস্তান ফোর্সেস এগুচ্ছে কাশ্মীরের দিকে এবং ইন্ডিয়ান ট্রুপ মুভমেন্ট হল পাকিস্তান বর্ডারে। সেইসময় শ্রীজয়প্রকাশ নারায়ণ আমাদের প্রেসিডেন্ট ছিলেন তিনি এ্যালার্ম দিলেন দেশ এখন বিপন্ন, ষ্ট্রাইক করে আমরা কি করবো দু চার টাকা মাগ্‌গী ভাতা বাড়িয়ে দেওয়া হোক, কাজেই রইলো ষ্ট্রাইক কিন্তু তারপর আর তাদের কোন মাহিনা বাড়ে নি। এইভাবে আমরা বারে বারে দেখেছি যে যখনই শ্রমিক আন্দোলন দানা বেঁধে উঠেছে তখনই বিহারী-বাঙ্গালী, হিন্দু-মুসলমান এই সমস্ত করে, বড় বড় প্রতিক্রিয়াশীলরা বড় বড় শিল্পের যারা মালিক তারা এবং অন্য প্রতিক্রিয়াশীলরা তারা এই সুযোগ নিয়ে শ্রমিকদের এই গণতান্ত্রিক আন্দোলনকে দুই ভাগ তিন ভাগ করে দেবার চেষ্টা করে এবং এইভাবে তাঁদের রাজত্ব বজায় রাখবার চেষ্টা করেন। তারই জন্য আমি বলি যে যদি উল্টো হয়, যদি পাকিস্তানে আমরা পাশপোর্ট উঠাতে পারি, যেমন ভাষা নিয়ে আন্দোলন হচ্ছে, বাংলা ভাষাকে বাঁচাবার জন্য, যেমন রাজবন্দীদের নিয়ে আন্দোলন হচ্ছে সেইভাবে তাঁরা যদি আন্দোলন করেন যে পাশপোর্ট প্রথা উঠিয়ে দাও। ঐ ভারতবর্ষ তাঁরা বলছেন যে পাশপোর্ট তারা চান না, সেখানকার এসেমব্লি তাঁরা বলেছেন সেখানকার পার্লামেন্ট তারা বলেছেন, সেখানকার মন্ত্রীরা বলছেন পাশপোর্ট-প্রথা চাই না। তাহলে আমাদের মন্ত্রীরা কেন পাশপোর্ট চান। এইভাবে তাঁরা যদি সেখানে আন্দোলন করতে পারেন তাহলে আমি জানি যে সেখানকার সরকার, তাঁরা যদি না চান, বাধ্য হবেন পাশপোর্ট-প্রথা উঠিয়ে দিতে এবং আবার সেই অবাধ চলাচলের ব্যবস্থা করতে। এইজন্য আমি বলছিলাম যে সাম্রাজ্যবাদীরও ঠিক প্রতিক্রিয়াশীলরা যেরকম করেন সেইরকম করেন। আমাদের এই রাজনৈতিক গন্ডগোল নিয়ে যদি দুটা দেশের মধ্যে এই রকম চলতে থাকে, যদি তাঁরা শক্তিশালী হন শেষ অবধি ঐ কাশ্মীর নিয়ে কোথায় আমরা ঠিক করবো, না, গ্রেহাম সাহেব ইউ, এন, ও, থেকে এসে বললেন, তোমরা মারামারি করছো কেন? আমি সব ঠিক করে দিচ্ছি। আমার একটি কথা মনে পড়ে। লন্ডনে একবার পন্ডিত জহরলাল নেহেরু বক্তৃতা দিয়েছিলেন এবং সেই মিটিংএ বহু লোক এসেছিলেন এবং ইংরাজই বেশী। সেখানে আমরা শুনলাম

একটি মহিলা, উঠে, পণ্ডিত নেহেরুকে জিজ্ঞাসা করলেন আপনি অনেকতো বক্তৃতা দিলেন কিন্তু

"supposing our troops are withdrawn from India or the frontier of India, what happens to Indians then?"

পণ্ডিত নেহেরু তৎক্ষণাৎ এক সেকেণ্ডের মধ্যে যে উত্তরটা দিলেন, সেই উত্তরটা তখনকার দিনে আমাদের খুব ভাল লেগেছিল। তিনি তখন বলেছিলেন যে

"There will be rejoicings on both sides of the frontier".

অর্থাৎ যদি তোমাদের ট্রুপস্ সরিয়ে নাও ভারতবর্ষ থেকে, ভারতবর্ষকে যদি স্বাধীন করে দাও।" কিন্তু আজকে কি তাই হচ্ছে? আবার তো পাকিস্তান হল, হিন্দুস্থান হল। বলি আমরা স্বাধীন হয়েছি কিন্তু আবার সেই বৃটিশ ও আমেরিকান সাম্রাজ্যবাদীদের হাতে গিয়ে পড়তে হচ্ছে। তারা ঠিক করে দেবে, ব্যবস্থা করে দেবে যে কাশ্মীরে কি হবে বা না হবে এইজন্য স্পীকার মহাশয়, আমি সেই কথাই বলতে চাই যে এভাবে হবে না। যদি মৈত্র গড়ে তুলতে পারি দুটো দেশের মধ্যে, দেশের মানুষের মধ্যে যদি মৈত্র গড়ে তুলতে পারি তাহলে আমরা ব্যবস্থা করে নিতে পারবো কাশ্মীরের কি হবে, আমাদের দুটো দেশের মধ্যে কি হবে, আমাদের ব্যবসা বাণিজ্য কি হবে।

অনেকে বলেন তারা বিপ্লবী সেইজন্য তাঁদের জন্য আমাকে কিছু বলতে হয়, কারণ, তাঁরা বলেন যে পাকিস্তানের লোক যদি কেউ বিপদে পড়ে, তাহলে তারা তাদের সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করবে। আমি বলি আমাদের দেশে আমরা সে কথা বলি না কেন তাহলে পাকিস্তানের সরকারকে বলতে হয় যে আপনারাও আমাদের মনস্তুষ্টি করুন যাতে করে এখানে বিপদ আসে লোকের এবং তারপর লোক সরকারকে ওভারথ্রো করে এক নূতন সরকার প্রতিষ্ঠা করে। ঐ সোজা পথে ঐ সত্য পথে বিপ্লব আসে না। ঐ সোজা পথে এক সরকারকে বদলে আর এক সরকার করা যায় না। এ রকম চাইল্ডস্ প্লে যদি হত খোকার খেলা যদি হোত, তাহলে জিনিষ গড়া যেত কিন্তু উলটোটা হত। শুধু দুঃখ-দৈন্য দিয়ে বিপ্লব হয় না। এ কথা যাঁরা বলেন দুঃখদৈন্য একটা সরকার থেকে আর একটা সরকারে চলে এলো, তাহলেও আমাদের বন্ধুরাও বদলে যেতেন অনেক আগেই কংগ্রেস সরকার বদলে যেতেন এবং সেখানে অন্য সরকার আসতেন। কিন্তু তা হয় না, আরও অনেক জিনিষ ওর মধ্যে আছে, অনেক সংগঠনের কথা এর মধ্যে আছে, অনেক খড়কাঠ পুড়িয়ে তবে একটা ভাল জিনিষ হয়। আমরা দেখছি তার উল্টোটা হবে। পাকিস্তানের সরকার যখন বিপদে পড়ে তখন এইরকম দু'চারটা শ্লোগান, আর তারা এখানে বসে একটু আল্লা-হো-আকবর করে আর দু'চারটা কথায় বলে যে তোমাকে আক্রমণ করতে আসছে ঐ বাহিরের লোক। এখানকার অগণিত মানুষ, কৃষক, জনসাধারণ যারা পিছিয়ে পড়ে আছে তারা তখন বলে দেশে আন্দোলন যদি ঠিক না থাকে তাহলে আমরা কি করবো। আমি বলি সেইজন্য যদি উল্টোটা করা যেত তাহলে তারই মধ্যে দিয়ে আমরা জানি যে গণতান্ত্রিক আন্দোলন এখানেও এগুতো পাকিস্তানেও এগুতো এবং এই দুটো আন্দোলন যদি একত্র হত, যদি কোন পাশপোর্ট-এর বাধা না থাকত, যদি আমরা একতাবদ্ধ হতাম তাহলে আমরা দুটো পৃথক সরকারে থাকতাম না, আমরা উভয়ে মিলিত হয়ে একটা সরকার করতে পারতাম। কিন্তু সে পরের কথা। আমরা কোন সরকার করবো বা না করবো দুই দেশের সাধারণ মানুষ তারা সে পথ বেছে নেবে। সেইজন্য আমি আপনার কাছে এই প্রস্তাব রাখাকালীন এইটুকু বলবো যে আমাদের দেশে যে ক্ষতি হবে, যখন অবরোধের কথা, ব্যবসা-বাণিজ্য ডিসরাপটেডএর কথা কেউ বলেন। সুতরাং সমস্ত বিষয়ের হিসাবগুলো নিয়ে যেন তাঁরা বলেন যে আমাদের দেশে কি অবস্থা হয়েছে। আজকে ভাবী আনন্দের বিষয় যে এই প্রস্তাবের নোটিশ দেবার পর আমরা দেখছি, অবশ্য এরই জন্য হয়েছে আমি বলছি না, কিন্তু আমি একথা বলি যে দুটো দেশের সরকার তাঁর নিজের অভিজ্ঞতা থেকে, নিজে সংগ্রাম থেকে যেটুকু আন্দোলন হয়েছে, তাতে জনগণ কি চায় তার কি সিদ্ধান্ত, শুধু এইটুকু: এই পথে তাঁরা গিয়েছেন যাতে করে একটি ট্রেড এগ্রিমেন্ট দুটো দেশের মধ্যে হয়ে গিয়েছে এবং আমরা আশা করছি যে আরও হাই লেভেলএ যদি তাঁরা কন্ফারেন্স করেন, পণ্ডিত নেহেরু যদি জনাব মহম্মদ আলির সহিত দেখা করেন তাহলে সেখানে তাঁরা কি আলোচনা করবেন বা না করবেন আমরা সে দিকে নিশ্চয়ই দেখবো। কিন্তু দেখবার আগে আমাদের যে কথা, আমাদের যে কর্ত্তব্য, সেই কর্ত্তব্যই এই প্রস্তাবের মধ্য দিয়ে আমরা করছি। তাঁরা দেখা করবেন সেইজন্য আমরা বসে থাকবো এতো হয় না। জনসাধারণের প্রতি কর্ত্তব্য আছে, আমরা কি চাই তাদের কাছে, দুটো দেশের জনসাধারণের এই দাবীর কথা আমাদের পেশ করতে হবে। এ কথা তো আমাদের বলতে হবে। সেইজন্য আমি আপনাদের কাছে এই আবেদন করবো, করবার আগে আপনারা যদি এই প্রস্তাব একতাবদ্ধ হয়ে পাশ করেন, তাহলে ভাল হয় কারণ যে বাংলাদেশকে ভাগ করা হয়েছে, সেই বাংলাদেশ থেকে এই প্রস্তাব যাচ্ছে যে বর্ডার-সংলগ্ন বাংলাকে এই রকম দু'ভাগ করা হয়েছিল, সেই তার থেকে যখন এই প্রস্তাব যায় তখন তার একটা বিশেষ গুরুত্ব ভারত সরকারের কাছে থাকে এবং থাকবে। আমাদের যা প্রয়োজন সে হচ্ছে যে পাকিস্তান এবং ওয়েস্ট বেঙ্গলএর সঙ্গে একটা মৈত্রী বন্ধন। আমরা তো চাই না যে এখানে আরও রিফিউজী আসুক, আমরা তো চাই না যে এখানে রেফিউজি এসে ভরে যাক, যাতে আর একটা মনমালিন্য হয়, একটা তিক্ততা গড়ে ওঠে দুটো দেশের মধ্যে এ আমরা কখনও চাই না।

আমি আপনাদের আর বিশেষ কিছু বলবো না। কিন্তু একটি এ্যামেণ্ডমেণ্ট যেটি এখানে রাখা হয়েছে কংগ্রেসের তরফ থেকে আমি তার অর্থ বুঝতে পারছি না। তাঁরা বক্তৃতা দিলে হয়ত বুঝতে পারব না। কিন্তু এখন বুঝতে পারছি না যে তাঁরা এটা এত ভেগ করে দিতে চাচ্ছেন কেন? এবং দেবেন বাবু এ প্রস্তাব কেন এনেছেন, আমি ঠিক বুঝতে পারছি না। আমরা যা বলছিলাম তার কোথায় তফাৎটা? তাঁরা আমাদের কোন কথা রাখছেন না। পাশপোর্টএর কথা তাঁরা রাখছেন না, কেন রাখছেন না? পাশপোর্ট-এর কথা রাখলেও, সেই কথাটাই আমরা চাই যে

[Sj. Jyoti Basu.]

সেটা যাক পাকিস্তানে। যদি আপনারা বলেন যে হাঁ আমরাও তো চাই যে পাশপোর্ট উঠে যাক, কিন্তু আপনারা শুধু চাইলেও চলবে না। সুতরাং এ প্রস্তাবটি পাকিস্তানে যাওয়ার প্রয়োজন আছে। কারণ, সেখানে সরকারের বহুলোক আছেন যাঁরা চান না যে পাশপোর্ট প্রথা উঠে যাক।

[5—5-10 p.m.]

সেইভাবে আমরা যখন অন্য কথা বলেছিলাম, যে পাশপোর্ট হবার ফলে কি হয়েছে না হয়েছে, সেগুলো এরা এখানে রাখেন নি কেন? কোন উদ্দেশ্য আছে, কি ব্যাপার, কিছুই বুঝলাম না। তিনি বক্তৃতা দিলে হয়ত বুঝতে পারতো। কিন্তু আমরা মনে করি যে বিশেষ যে ঘটনা হয়েছে, পাশপোর্ট নিয়ে যে বিশেষ ঘটনা হয়েছে, আগে থেকে যে এই ঘটনা চলছিল, সেই বিশেষ ঘটনা উল্লেখ করবার জন্য আমরা এখানে রেখেছি এই রেজলিউসন। কাজেই এখানে আপনাদের এ্যামেন্ডমেন্ট আপনারা উইথড্র করুন। আপনারা যদি এর সংগে একমত হন যে প্রস্তাব আমরা এখানে রেখেছি, সেই প্রস্তাবের মূলে উদ্দেশ্যের বিষয়ে যদি কোন আপত্তি না থাকে, তাহলে আপনারা এটা উঠিয়ে নিন, যাতে করে সবাই মিলে একতাবদ্ধ হয়ে এই প্রস্তাব পাশ করতে পারি। স্পীকার মহাশয়, এই প্রস্তাব আমরা যখন এখানে এনেছি তখন এই বুঝেই এনেছি যে প্রস্তাব শুধু এই আইন-সভায় আমরা পাশ করলাম, দিল্লীতে সেটা পাঠিয়ে দিলাম, তারপর সব কিছু অমনি হয়ে গেল। জিনিষটা অত সোজা আমরা মনে করি না। এই পাশপোর্ট হওয়াটা অন্যান্য নানা জটিল ব্যাপার যা ঘটছে তারই মত। এই আমাদের এখানে ডিভ্যালুয়েশন হল, পাকিস্তানে ডিভ্যালুয়েশন হল না; আমাদের এই পাট নিয়ে, ঐ গম নিয়ে, তুলো নিয়ে, কয়লা নিয়ে, এই যে গোলমাল এই দুটো দেশের মধ্যে চলেছে, এর পিছনে প্রতিক্রিয়াশীল শুধু যে আমাদের দেশের প্রতিক্রিয়াশীল তাদের হাত রয়েছে তা নয়, বাইরের সাম্রাজ্যবাদীদের হাত রয়েছে। ঐ বাইরের সাম্রাজ্যবাদীরা, ওরা চায় এই দুটো দেশের মধ্যে, যুদ্ধ না হোক, অন্ততঃ তিক্ততা থাক, অন্তত দুটো দেশ পরস্পরের সংগে হাত না মেলায়। এইটাই তারা চায়—ব্রীটিশরা, আমেরিকানরা—যাতে তাদের নিজেদের খুঁটি তারা বেশ ভাল করে ভারতবর্ষে এবং ঐখানে গাড়তে পারে। এ জিনিষ আমরা দেখছি—আর সেইজনাই আমি বলি এর পিছনে জনমত সৃষ্টি করতে হবে এবং এটাকে এগিয়ে নিয়ে যেতে হবে, গণআন্দোলনের মধ্য দিয়ে এবং যাদের পাকিস্তানের জনসাধারণের উপর বিশ্বাস নেই, সেখানকার সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের উপর যাদের বিশ্বাস নেই তাদের কাছে আমি আবেদন করব। একটু বিশ্বাস রাখুন। একটু চোখ তুলে দেখুন, সেখানে কি হচ্ছে। আগের আগের কল্পনা নিয়ে চলবে না। দেখুন একটু দয়া করে। তারাও সেখানে জাগ্রত হয়ত পরে হতে পারে। তারাও সেখানে রুখে দাঁড়ায় এবং তারা যে আন্দোলন করেছেন, সেখানে আমি বলতে পারি যে সে আন্দোলন সাম্প্রতিক ইতিহাসে অমর। তারা সেখানে ৫০ হাজার, লক্ষ লোকের জমায়েত করেছেন বিভিন্ন গণতান্ত্রিক দাবী নিয়ে। বাংলা ভাষাকে বাঁচাবার জন্য আপনারা আবেদন করছেন বিহারে, বাংলাভাষা সাপ্রেসড হচ্ছে, তারজন্য আপনারা এখানে প্রোটেষ্ট করছেন, এডজোর্নমেন্ট মোসন আনছেন। কিন্তু আমি বলি সেই বাংলা ভাষার উপর যখন উর্দু ভাষাকে চাপান হচ্ছে, পূর্ববাংলায়, সেখানকার ছাত্রদল, তারা রুখে দাঁড়াচ্ছে, তাঁরা সেখানে ঐ পাকিস্তান সরকারের প্রতিক্রিয়াশীল নীতি অনুসরণ করেন নি। তাঁরা সেইখানে জানেন, যদি প্রয়োজন হয়, কিভাবে ঐ রাজপথে রক্ত দিতে হয়, বাংলা ভাষাকে বাঁচাবার জন্য। এইজন্য এই বন্ধুদের সংগে পাশপোর্টের উপর দিয়ে, পাশপোর্টের ফোর্ট ভেদ করে আমাদের হাত মেলাতে হবে। কারণ এই যে গণতান্ত্রিক আন্দোলন, আমরা জানি, এতে দুটো দেশেরই মংগল হবে; সাম্রাজ্যবাদীদের অমংগল হবে, যারা প্রতিক্রিয়াশীল, তাদের অমংগল হবে। যারা লড়াই দেখতে চায়

India must fight with India

এই জিনিষটা যেটা আমেরিকান সাম্রাজ্যবাদীরা চায় সেটাকে আমরা ব্যর্থ করতে পারব এই মিলিত আন্দোলনের দ্বারা। সেইজন্য আপনাদের কাছে আমি আবেদন করছি যে এটাকে সেই দৃষ্টিভংগি নিয়ে দেখে আপনারা এই প্রস্তাব সমর্থন করুন।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I oppose this motion lock, stock and barrel with all the emphasis at my command.

Mr. Speaker: Which motion you are opposing?

Sj. Tarapada Bandopadhyay: The main motion as also the amendment which is the exact replica of the main motion. There is no difference. There is the only difference as between six and half a dozen, and between tweedledum and tweedledee. It is all the same as Mr. Speaker, you observed just now. Now, Sir, I oppose it I have heard, Sir, with rapt attention the speech delivered by my worthy friend, Sri Jyoti Basu, and although I do not say that he is not well-meaning, still I must say, Sir, that he has not diagnosed the real disease and he has not prescribed the proper medicine. Well, we do not admit that there is any ill-feeling so far as Bharat is concerned towards Pakistan. All the ill-feeling that exists, it exists in Pakistan and towards Bharat and Bharat is not responsible for that. Well, Sir, there is at the helm of affairs Pandit Jawaharlal Nehru whose soft corner, whose soft heart for Pakistan is known to everybody. From almost the beginning of Pakistan he has been sending epistles after epistles to late Mr.

Liaquat Ali, to Mr. Nazimuddin. He has again, Sir, begun to write letters to Mr. Nazimuddin proposing a heart to heart talk between the leaders of this country and the leaders of that country. But, Sir, what answer have we got? We have been systematically getting jeering and sneering answers. Again we have got the cry of zehad, the cry of false propaganda and all sorts of nefarious practices that may be calculated to go against India and to injure India both politically, economically and internationally. Therefore, Sir, it anybody has any sense of prestige, national prestige I mean, and we should have our national prestige, national pride, not insolence; I know the difference between insolence and pride—anybody with any sense of national prestige, any Indian be he a Muslim, a Hindu or a Christian, to be worthy of the name, to be worthy of the citizenship of India, he must feel proud to have, and he should have, some sense of prestige for the nation as also for the country. Therefore, I must say if we take the initiative of supplicating to Pakistan to meet us in a Conference, it would be tantamount to eating the humble pie, it would be like licking their boot, it would be acting like a cringing dog. We cannot stoop so low because of our consciousness of prestige, position and pride of the great Indian nation and the great Indian country. About the complaint of the passport system I must ask: who inflicted this passport system on us? Our Government, the present Government headed by Dr. Roy, and the Government of India headed by Pandit Jawaharlal Nehru—they cried hoarse in supplicating tones and requested Pakistan not to introduce this dangerous system, not to bring into existence a wedge of cleavage between East Pakistan and West Bengal who are neighbours and who have their relations in each other's States—our relations are there and their relations are here, and so on and so forth. We cried hoarse and we tried our level best to prevent the introduction of this passport system. With what result? They introduced it and there was a sting in the tail. When the fateful day of the introduction of the passport came, contrary to their expectations, the required number of refugees had not been driven out of Pakistan, and, therefore, they took this move to request our Government and, for the matter of that the Government of India, to postpone the date of introduction of passport till one month later. What was the obvious intention? The intention was that by that one month, if it was granted, certainly another two, three, or four lakhs of people might have been safely pushed out of Pakistan to the relief of Pakistan and to the great economic advantage of Pakistan, but that move was detected by our worthy men at the helm of affairs of this State as also at the helm of affairs of India, and they cancelled that request, and the fateful passport system was introduced on the day of the choice of Pakistan. So, is there any meaning in saying that we should again supplicate to Pakistan to do away with the passport system? Well, I know that passport has hit hard both this State and that State, but this is also clear that the passport system has hit the other State much more than this State. Therefore, it is to their advantage to request us to do away with the passport system, but they are not doing that. If we request them now, they will certainly take a distorted view of our honourable move, sincere move, and will say, "well, they are eating the humble pie; they are supplicating to us; they are now in a false position", and their cry of zehad will be all the more vociferous. That cannot be done; that cannot be tolerated. If they are hard hit, let them come and propose that the passport system should go away. About the talk of goodwill mission I must say: can we wake up a person who sleeps not but pretends to sleep? We cannot do that. Sir, whatever sentiments might be carried from this State to that State, they will be misinterpreted, as they have always been misinterpreted. We are not

[Sj. Tarapada Bandopadhyay.]

going to compromise our position—position of free people, great people—by stooping so low as to eat the humble pie like this.

[5-10—5-20 p.m.]

Therefore, Sir, I oppose this motion. Of course there is a very strange similarity betwen some among us and the Congress Party, and although the latter have moved a resolution, they have moved only a replica of the original resolution. This is perhaps unparliamentary. I only say they are very great friends in this respect. I know the reason so far as this side is concerned. Well, Sir, theirs is the master's voice. Pandit Jawaharlal Nehru, as I have already submitted, has got a very soft corner for Pakistan. He is still now trying hard to bring about a conference between India and Pakistan, although to the annoyance of many persons both inside the Congress and outside the Congress; but his hands must be strengthened, and therefore I must say that the Congress Party of this Assembly have brought this amendment with a shrewd move, with a desire or intention to strengthen the hands of Pandit Jawaharlal Nehru. I and my party must oppose this amendment to the substantive resolution. I have already submitted, Mr. Speaker, that you will not get any goodwill there. Of course, if I may quote something, Sir, from Hitopadesa, there is a passage something like this:

পযঃ পানং ভুজঙ্গানাং কেবলং বিষবর্দ্ধনং

উপদেশো হি মূর্খানাং প্রকোপায় না শান্তয়ে।

Whatever you may do in your greatness, in your sincerity, in your right royal Indian tradition, all these things would be misinterpreted. You will then have to repent by saying

"আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়"।

You will have to repent. Therefore, I would say "don't do this, for Heaven's sake don't do this, don't put an additional string to their bow by acting senselessly like this". My learned friend, Sj. Jyoti Basu, said that there are some differences between the Pakistani people and the Pakistan Government. But up to the present time there is no indication that there is any difference between the Pakistani people and the Pakistan Government. Of course, Mr. Basu has said that there is a move among the Pakistani people, a stir, agitation against their Government. Well, that is a welcome sign. It is still too early to assess that move, to assess that stir, it is too early. Let some time pass and then it would be safe for us to assess the value of this stir and really to know whether there is really any difference between the Pakistani people and the Pakistan Government. The moment there would be some difference between the Pakistani people and the Pakistan Government, the Pakistani people will be imbued with democratic sentiments as we are. Mr. Speaker, Sir, you will see then and there our differences vanishing into thin air, you will see that full cordial relations have been established between both sides of Bengal and, if I may be forgiven to hazard an opinion like this, you will perhaps one day see, when the Pakistani people are so far roused to a sense of democracy, that Pakistan has been a thing of the past and India and Pakistan will be combined together and will be a great thing that it has always been in history.

Sj. Charu Chandra Bhandari: মাননীয় স্পীকার মহাশয়, মূল যে প্রস্তাব, এর একটা ভাল দিক আছে, এবং সংশোধনী যে প্রস্তাবটা আনা হয়েছে তার মধ্যেও একটা ভাল জিনিষ আছে। সুতরাং এই দুটো মিলিয়ে যদি একটা প্রস্তাব আনা হত তাহলে ভাল জিনিষ হত—আমি কিন্তু এই কথাই বলছি। মূল প্রস্তাবে আছে পাশপোর্ট সিষ্টেমএর দ্বারা যে সমস্ত অনর্থ ও অসুবিধা ঘটছে সেসব দূর করার জন্য এই প্রস্তাব আনা হয়েছে এবং তার মধ্যে গভর্ণমেন্টাল লেভেলে কন্‌ফারেন্স ও পপুলার গুডউইল মিশনের কথাও আছে। আর সংশোধনী প্রস্তাবে গভর্ণমেন্টাল লেভেলে কনফারেন্স ও পপুলার গুডউইল মিশনের কথা আছে কেবল পাশপোর্ট সিষ্টেমএর উল্লেখ নাই।

Mr. Speaker: Mr. Bhandari, that point is out of order. Will you kindly confine yourself to the motion?

Sj. Charu Chandra Bhandari:

মূল প্রস্তাবে আছে, যে একমাত্র পাশপোর্ট সিষ্টেমের দ্বারা যে সমস্ত অনর্থ ঘটছে সেই সমস্ত অনর্থের প্রতিবিধানের জন্য একটা কনফারেন্স ও গুডউইল মিশনের কথা। সংশোধনী প্রস্তাবে যা আছে তাতে সাধারণভাবে বলা হয়েছে—

in view of the existing relationship between East Pakistan and West Bengal.

সেইজন্য গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়াকে একটা কনফারেন্স গভর্ণমেন্টাল লেভেলে করবার জন্য করতে বলা হয়েছে। কিন্তু যেটা প্রতিবিধানের জন্য অর্থাৎ পাশপোর্ট সিষ্টেমের অসুবিধার প্রতিবিধানের কথাটার উল্লেখ নাই। কিন্তু একথাও ঠিক যে পাশপোর্ট সিষ্টেম ছাড়াও আরো বহু প্রব্লেম আছে। এই সংশোধনী গভর্ণমেন্ট পক্ষের লোক দেবেনবাবু যদিও এনেছেন তবুও এটাকে গভর্ণমেন্ট পক্ষেরই সংশোধন প্রস্তাবই আমরা বলব। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এখানে গভর্ণমেন্ট যদি তাঁদের প্রস্তাবটাকে এই মর্ম্মে সংশোধন করতেন যে—

in view of the existing relationship between East Pakistan and West Bengal

এবং

Particularly with regard to Indo-Pakistan Passport system

তাহলেই প্রস্তাবটা সর্বাঙ্গসুন্দর হত। মূল প্রস্তাবটা যেভাবে আনা হয়েছে তাতে পাশপোর্টের ব্যাপারটাকে সর্বাধিক আলোচ্য বিষয় করা হয়েছে, কিন্তু তা ছাড়াও আরো বহু অসুবিধার ব্যাপার যা রয়েছে তার তেমন উল্লেখ নাই, ওদিকে গভর্ণমেন্টের সংশোধনী প্রস্তাবেও এত ভেগ যে তা সম্পূর্ণ সমর্থন করা চলে না।

অতএব আমার প্রস্তাব হচ্ছে, যে ফর্মএ প্রস্তাবটা আনা হয়েছে, সেটা সংশোধন করে পাশপোর্ট সিষ্টেমের অসুবিধাটা তাতে ইনক্লুড করে নেন তাহলে জিনিষটা সর্বাঙ্গসুন্দর হয়, আর পাশপোর্ট সিষ্টেম বাদ দিয়ে যদি সংশোধনী প্রস্তাব ধরে নেয়া হয় তাহলে সেটা থাকে সম্পূর্ণ ভেগ।

[5-20—5-30 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা সকলেই জানি পাকিস্তানের সঙ্গে ভারতবর্ষের কি সম্বন্ধ। বিশেষতঃ দেশবিভাগের পর থেকে যে তিক্ত অভিজ্ঞতা তা আমাদের সকলেরই জানা আছে। যখন দেশ ভাগ হয়েছিল তখন উভয় দেশই ভেবেছিল যে সকলেই সুখে শান্তিতে বাস করতে পারবে। কিন্তু দেশ বিভাগের পরে সেখানকার সরকার মাইনরিটির সঙ্গে যে দুর্ব্যবহার করে আসছিল তার প্রতি দৃষ্টি আকর্ষণের জন্য আমরা বাঙ্গলার জনসাধারণ সরকারকে অর্থনৈতিক অবরোধের কথা বলেছিলাম। সেখানকার শত শত মাইনরিটির উপর, হিন্দুর উপর, যেভাবে অমানুষিক ব্যবহার সেখানকার সরকার করেছে তার ফলে লিয়াকত নেহেরু প্যাক্ট হবার পরও যা হয়েছে তাতে পণ্ডিত নেহেরু বিচলিত হয়ে আদার মেথড-এর কথা বলেছিলেন, আমরা দুটি পৃথক রাষ্ট্র যেমন পৃথিবীতে অনেক রাষ্ট্র আছে। পৃথক রাষ্ট্র হিসাবে নিজের সুখসুবিধা অবশ্যই আমাদের দেখতে হবে। সেদিক দিয়ে দৃষ্টি রেখে আমাদের রাষ্ট্রনীতি পরিচালিত হওয়া উচিত। এ বিষয়ে বাংলার এবং ভারতবর্ষের অধিকাংশই একমত। আমরা যে অর্থনৈতিক অবরোধের আন্দোলন করেছি তার মানে এই ছিল না যে সেখানকার জনসাধারণের যাতে কোন ক্ষতি হয়, সেদিকে আমাদের দৃষ্টি ছিল না। কিন্তু দেশের সরকার যদি দুর্নীতি বা দুষ্কার্যের প্রশ্রয় দেয় তাহলে দেশের লোক যদি সমর্থন করে তাহলে আমরা কি বুঝতে পারি? আজ যদি ভারতবর্ষে বাংলার সরকার এখানকার মাইনরিটির উপর অন্যায় করতে চান আর আমরা সেটা স্বীকার করে নিই, সহ্য করে যাই তাহলে সেটা কি নাগরিক হিসাবে জনসাধারণের হিসাবে কর্তব্য হবে? নিশ্চয়ই হবে না। নিশ্চয়ই অন্য দেশের লোকেরা বলবে বাংলার সরকার সংখ্যালঘুদের উপর যে ব্যবহার করছে সেখানকার জনসাধারণ কি করছে? তাদের কি কিছু করণীয় কিছু নাই? কাজেই সেদিক থেকে দেখলে সেই সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের উপর যে অমানুষিক ও পাশবিক অত্যাচার করছে তার প্রতিক্রিয়া কেন হবে না? সেই প্রতিক্রিয়া যাতে হয় সেই কারণে অর্থনৈতিক অবরোধের কথা বলেছিলাম দুটি ভিন্ন রাষ্ট্রের স্বার্থের কথা ভেবে। কিন্তু একথা আমরা জানতাম সেখানকার জনসাধারণ, সেখানকার সরকারী নীতি যে দুর্নীতি তার প্রতিক্রিয়া হবে এবং একদিন নিশ্চয়ই তাদের কর্তব্য সম্বন্ধে সজাগ হবে। আজকে পাকিস্তানের মধ্যে নানারকম আলোড়ন ও পরিবর্ত্তন আমরা দেখতে পাচ্ছি। সেখানকার জনতা, ছাত্র, যুবক ও জনসাধারণের মধ্যে একটা জাগরণ এসেছে দেখছি। সেখানে যে পার্টি গভর্ণমেণ্ট চলে এসেছে সেই পার্টি শাসনে চলে এসেছে তার বিরুদ্ধে বিক্ষোভ আরম্ভ হয়েছে। যদিও পার্টির আভ্যন্তরীণ রাষ্ট্রনীতির বিশেষ কোন আলোচনা নাই। একথা ঠিক যে আমরা সব সময় চাইছি যে বাংলার এবং পাকিস্তানের এই উভয় রাষ্ট্রের নীতি এমনভাবে পরিচালিত হোক যাতে উভয়ের মধ্যে অতি শীঘ্র মিলন হয়। এজন্য এই আন্দোলনের সৃষ্টি হয়েছিল এবং সেজন্য আন্দোলনের ফলেই হয়েছে কিনা জানি না তবে এটা ঠিক যে সেখানে জনসাধারণের মধ্যে সেখানকার সরকারের যে অর্থনীতি চালিয়ে আসছে তার ফলেই, দুঃখকষ্ট বাড়ছে এবং দুঃখকষ্ট বাড়বার জনাই জনসাধারণের মধ্যে পরিবর্ত্তন এসেছে। এই পরিবর্ত্তনকে আমরা খুব আশার দৃষ্টিতে দেখেছি। এই পরিবর্ত্তনে আমরা যদি সাহায্য করতে পারি সদিচ্ছা জানাতে পারি, তাহলে নিশ্চয়ই জানাব। এজন্য যখন পাকিস্তানের নীতি যেভাবে চলেছিল মাইনরিটির উপর যে অন্যায় পাশবিক অত্যাচার চলেছিল তার প্রতিকারস্বরূপ আন্দোলনের কথা বলেছিলাম। এবং সেই আন্দোলনে কিছুটা প্রতিক্রিয়া হয় নি সেটা আমি মনে করি না। আমাদের করণীয় যা ছিল তা করেছি সেজন্য গুডউইল মিশনএর কথা তখন যখন হল আমরা সেভাবে গুডউইল মিশনকে গ্রহণ করতে পারি নি। গুডউইল মিশন কার কাছে যাবে, সেই সরকারের কাছে? যে সরকার সাম্রাজ্যবাদীদের বৃটীশ এমেরিকান সাম্রাজ্যবাদীদের স্বার্থ দেখতে, নিজেদের ভেষ্টেড ইন্টারেষ্ট নিয়ে ব্যস্ত তাদের কাছে? কাজেই একটা দেশের উন্নতিশীল জনতার গুডউইল

[Sj. Hemanta Kumar Basu.]

মিশন তা সেই হিসাবে স্বীকার করে নেবে না, এটা আমরা জানতাম এবং জানতাম বলেই এই গুডউইল মিশনকে সেইভাবে স্বীকার করে নিইনি তাবলে এটা নয় যে দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্যের, অর্থনৈতিক অবস্থার উন্নতি হোক এটা আমরা চাই না। আমরা পাকিস্তানের নীতি সমর্থন করতে পারি নি এবং ভারতবর্ষের গভর্ণমেন্টেরও সমস্ত নীতি সমর্থন করতে পারি না কিন্তু এটা ঠিক যে ভারত গভর্ণমেন্ট যতখানি সম্ভব চেষ্টা করেছে এমন কি ভারতের জনতা যা চায়নি, পছন্দ করে নি সেই জনমতের বিরুদ্ধে পাকিস্তানকে সদিচ্ছা জানিয়েছে, তাদের ইকনমিক কনসেসন নানারকম সুবিধা দিয়েছে। এবং এরকম ব্যবস্থা সত্ত্বেও পাকিস্তান সবসময় ভারত গভর্ণমেন্টের এই সদিচ্ছাকে দুর্বল নীতি বলে মনে করেছে। এবং এজন্য তারা ঐভাবে নীতি পরিচালিত করে গিয়েছে। সেইজন্য তারা পাটের ব্যাপারে ভারতবর্ষের সঙ্গে এরকম ব্যবহার করেছে। তারা মনে করেছে পাট ইচ্ছামত তারা যে কোন মূল্যে ভারতবর্ষের নিকট বিক্রয় করবে আর সেই মূল্যে ভারতকে কিনে নিতে হবে। এতে সাম্রাজ্যবাদী স্বার্থ থাকতে পারে কিন্তু এটা ঠিক যে পাকিস্তান এভাবে ভারতবর্ষের নীতিকে দুর্বল মনে করে অনেক সুযোগ সুবিধা নিয়েছে। আজকে অবশ্য অবস্থার পরিবর্ত্তন ঘটছে এবং ঘটবে বলে মনে করি। আমরা আশাবাদী। আজকে দেখছি পাকিস্তানে গণতান্ত্রিক আন্দোলন শক্তিশালী হয়ে জেগে উঠেছে। তাই একদিন যেমন বাংলায় তথা ভারতের ছাত্র যুবকরা সংগ্রাম করেছিল, আত্মবলি দিয়েছিল, তেমনি আজ পাকিস্তানেও ভাষা-আন্দোলনের মধ্য দিয়ে ২০ জন যুবক রক্তদানের ফলে পরিবর্ত্তন এসে যাচ্ছে। কাজেই এই সদিচ্ছা ও শুভেচ্ছাকে আমাদের মেনে নিতে হবে।

[5-30—5-40 p.m.]

সেই দিক দিয়ে আমি মনে করি যদিও আমাদের গুডউইল মিশনএর কথা হয়েছে, কিন্তু যে সময় পাকিস্তানে তাদের চন্ডনীতি চলেছিল, তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করা উচিত। সেই সময় গুডউইল মিশনএর কথা হয়েছিল, কিন্তু সেখানকার সকল মাইনরিটির উপর যে অন্যায় অত্যাচার চলেছিল সেটা অস্বীকার করা মানে তার প্রতি উপেক্ষা করা।

Sj. Subodh Banerjee: I beg to draw your attention to rule 51(*1*) of the West Bengal Assembly Procedure rules which says, "If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who moves and from the member who opposes the motion ......" I have not spoken anything as explanatory statement.

Mr. Speaker: Who prevented you?

Sj. Subodh Banerjee: I wanted to speak but as soon as I moved he went on to oppose.

Mr. Speaker: Why did you sit down? But the point which you are making you cannot make a speech on it. You can make a statement.

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি বক্তৃতা না দিয়ে স্টেটমেন্ট দিচ্ছি। এই বিলটি আনবার উদ্দেশ্য হচ্ছে যে, প্রথমতঃ "ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট, ১৯৫১", যা হয়েছে তার মধ্যে বহু গলদ ও ফাঁক আছে, সেই গলদগুলি সংশোধন করা এবং দ্বিতীয়তঃ এই বিলের মধ্যে কতকগুলি অগণতান্ত্রিক জিনিষ আছে, সেগুলি দূর ক'রে এই বিলকে অপেক্ষাকৃত গণতান্ত্রিক করা। সর্ব্বপ্রথমেই বলে রাখি কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনটি এমনভাবে রচিত হয়েছে যে তাকে সম্পূর্ণভাবে ঢেলে সাজাতে না পারলে পশ্চিম বাংলার উচ্চশিক্ষার পরিচালন গলদশূন্য হবে না; তাই নীতিগতভাবে ঐ আইনটির আমি পুরোপুরিই বিরোধিতা করি। কিন্তু তা হলেও বর্ত্তমানে আনীত বিলটি ঐ আইনটিকে স্বীকার করেই আনা হয়েছে, সেইদিক থেকে এটা আদৌ "রিভলিউশনারী" নয়। ডাঃ রায়ের ভয় হতে পারে বিশ্ববিদ্যালয়কে তাঁর শাসন ও কবল মুক্ত করার জন্য এই বিল আনা হয়েছে। তাঁকে জানিয়ে দিতে চাই—সেই রকম ভয়ঙ্কর রকমের কোন ধারা এতে নেই।

এইবার পর পর বিষয়গুলি আলোচনা করা যাক। মূল আইনে কলেজগুলিকে তিন শ্রেণীতে বিভক্ত করা হয়েছে। (১) কন্‌স্টিটুয়েন্ট কলেজ—যাঁরা অনার্স ও পোষ্ট গ্র্যাজুয়েট শিক্ষা দেন; কারিগরি বা বৃত্তিমূলক বিষয়ে অনার্স না থাকলেও তার কন্‌স্টিটিুয়েন্ট কলেজ হতে বাধা নেই। (২) প্রফেশনাল কলেজ—যাঁরা "ল, মেডিসিন, ইঞ্জিনিয়ারিং, এডুকেশন, টেক্‌নলজি, এগ্রিকালচার" প্রভৃতি বৃত্তিমূলক বা কারিগরী বিষয় শিক্ষা দেন। (৩) এফিলিয়েটেড কলেজ—যাঁরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এফিলিয়েটেড। এই সংজ্ঞানুসারে কতকগুলি কলেজ একই সঙ্গে প্রথম ও দ্বিতীয় শ্রেণীভুক্ত অর্থাৎ কন্‌স্টিটুয়েন্ট ও প্রফেসনাল কলেজ হতে পারে। আর বাস্তবে তা হয়েছেও। পশ্চিম বাংলা সরকার বিভিন্ন শ্রেণীর যে তালিকা প্রস্তুত করেন তাতে দেখা যায় মেডিকেল কলেজ, আর, জি, কর মেডিকেল কলেজ, বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ ও ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ—এই চারিটি কলেজ একইকালে কন্‌স্টিটুয়েন্ট ও প্রফেসনাল কলেজ বলে পরিগণিত হয়েছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনে কোথাও নেই যে, একই কলেজ একসঙ্গে দুই শ্রেণীভুক্ত হতে এবং তার শিক্ষকরা তদনুসারে ভোট দিতে পারবেন না যদিও আইনের ১৬(৩) ধারায় লেখা আছে—

"No person shall be entitled to stand as a candidate for and exercise his vote at election from more than one of the electoral bodies referred to in sub-section (*1*)".

ব্যক্তির বেলায় দ্বৈত প্রতিনিধিত্ব বারণ থাকলেও কলেজের বেলায় নেই। সুতরাং আইনতঃ একই কলেজেব একসংগে দুই শ্রেণীভুক্ত হতে বাধা থাকতে পারে না। অথচ কলিকাতা বিশ্ববিদ্যালয় যখন উপরোক্ত চারিটি কলেজকে জিজ্ঞাসা করেন, তাঁরা কোন্ শ্রেণীভুক্ত হতে চান তখন আর, জি, কর কলেজ আইনের জোরে বলেন যে, যেহেতু তাঁদের উভয় শ্রেণীভুক্ত হবার যোগ্যতা আছে সেই হেতু তাঁরা উভয় শ্রেণীভুক্ত হতে চান। কলিকাতা বিশ্ববিদ্যালয় এর বিরোধিতা করে তাঁদের জানান যে, একটি শ্রেণীভুক্ত হতে হবে। এই গণ্ডগোল আজও মেটেনি। আইনের এই ফাঁক দূর করার উদ্দেশ্য হল আমার আনা বর্ত্তমান বিলের ৩ ধারা।

আর একটা সর্ব্বনাশা জিনিষ মূল আইনের মধ্যে আছে। আমরা যদি বর্ত্তমান এ্যাক্টে সেনেট গঠনের দিকে তাকিয়ে দেখি তাহ'লে দেখাতে পাবো সেখানে একটা উপ ধারা আছে ১৬(১) ধারায় (*i*)তাতে বলা হচ্ছে-

"Ten persons of whom at least two shall be teachers of Engineering College elected by the teachers of Professional Colleges from amongst themselves."

অথচ আমরা জানি ক্যালকাটা ইউনিভারসিটির অধীনে একটা মাত্র ইঞ্জিনিয়ারিং কলেজ আছে, সে হচ্ছে "বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ"। সরকার যে লিষ্ট সারকুলেট করেছেন এবং ইউনিভারসিটি যে লিষ্ট চিঠির সংগে সারকুলেট করেছেন তাতে "বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ"কে স্বাধীনতা দেওয়া হয়েছে যাতে এই কলেজটি আইন অনুসারে কন্‌স্টিটুয়েন্ট কলেজ ও প্রফেশন্যাল কলেজ দুই হতে পারে। যদি এই কলেজ নিজকে কন্‌স্টিটুয়েন্ট কলেজ হিসাবে ঘোষণা করে তাহ'লে আইনের এই উপধারাটি ফল্ শূন্য করে এবং ফলে সেনেট গঠন অসম্ভব হবে। যুক্তি দেখান যেতে পারে ভেকেন্সি ফিল্ আপ্ করবার অধিকার সেনেটের আছে। কিন্তু

[Sj. Subodh Banerjee.]

মরে গেলে বা সভ্যপদ ত্যাগ করলে হয় ভেকেন্সি; এ ক্ষেত্রে আইনের গলদের জন্য হবে ভ্যাকুয়াম। ভেকেন্সি ও ভ্যাকুয়াম এক কথা নয়। আইনের এই ত্রুটী বিলের ৮(এ) ধারার দ্বারা দূর হবে।

[4-20—4-30 p.m.]

তারপর আমার বক্তব্য হ'ল এ্যাকাডেমিক কাউন্সিল নিয়ে।

Academic Council shall be the academic authority of the University and shall subject to the provisions of the Act, the statutes and ordinances have the control and general regulation of teaching, research and examination within the University and be responsible for the maintenance of standards thereof and shall exercise such other powers and perform such other duties as may be prescribed.

তাহ'লে দেখা যাচ্ছে যে এই এ্যাকাডেমিক কাউন্সিলের দ্বারা বাংলাদেশের শিক্ষাবিষয়ে গবেষণা, পরীক্ষা, শিক্ষার মান, শিক্ষার নীতি—সমস্ত কিছুই নির্দ্ধারিত হচ্ছে। অথচ আমরা জানি——

(Sj. SAMBHU CHARAN MUKHERJEE: এটা স্পীচ হচ্ছে না ষ্টেটমেন্ট হচ্ছে?)

"সেকসন ২৫ অফ দি এ্যাক্ট" দেখতে পাচ্ছি যে সেখানে তিনটি কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের তিনজন অধ্যক্ষকে নেওয়া হচ্ছে। "কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের প্রিন্সিপ্যাল" আসবেন অথচ দশটি প্রোফেসনাল কলেজের দশজন অধ্যক্ষের মধ্য থেকে আসবেন দু'জন।

Two persons elected by the principals of the professional colleges from amongst themselves.

আর একটা কথা বলা দরকার যে আমাদের এখানে পাঁচ রকম প্রোফেস্যানাল কলেজ আছে—ইঞ্জিনিয়ারিং, মেডিকেল, ল, কমার্সিয়াল এ্যান্ড টিচার্স ট্রেনিং—অথচ এ্যাকাডেমিক কাউন্সিলে প্রোফেসন্যাল কলেজ থেকে যাচ্ছেন মাত্র দুই জন। মনে করেন গোয়েঙ্কা কমার্সিয়াল কলেজ ও আইন কলেজ থেকেই দু'জন গেলেন। তাঁরা কি করে মেডিক্যাল কলেজের ক্যারিকুলাম, ইঞ্জিনিয়ারিং কলেজের ক্যারিকুলামও ঠিক করবেন? কাজেই এখানে ভাল করে দেখতে হবে যাতে এখানে এই পাঁচটা বিষয়েরই রিপ্রেজেন্টেটিভ থাকে। প্রোফেসন্যাল কলেজের সব প্রিন্সিপ্যালদের নেওয়া দরকার। এই বিলে, আমি তা দিয়েছি। তাছাড়া কন্‌ষ্টিটুয়েন্ট ও এ্যাফিলিয়েটেড কলেজের টিচার্সদের রিপ্রেজেন্টেটিভ যথাক্রমে ৩ ও ৪ জন কাউন্সিলে থাকলেও প্রোফেসন্যাল কলেজের টিচার্সদের কোন রিপ্রেজেন্টেটিভ এতে থাকতে পাবেন না। এই বিভেদমূলক নীতির কি যৌক্তিকতা থাকতে পারে? আমার বক্তব্য এঁদেরও রিপ্রেজেন্টেটিভ নিতে হবে। এই বিষয় বর্ত্তমান বিলের ক্লজ ৫এ আছে। এই অসুবিধা দূর করবার জন্যই আমি এই বিল এনেছি।

এই কথা আমি বলতে পারি যে এর মধ্যে কোন [illegible] চেষ্টা আনা হয়নি। যে জিনিষ এনেছি সেটা মোর ডেমোক্র্যাটিক। কিন্তু আপনারা যে ডেমোক্র্যাসি করেছেন তা দেখুন। কলিকাতা ইউনিভারসিটি আইন কি রকম ডেমোক্র্যাটিক তা একবার লক্ষ্য করুন। প্রথমে ধরা যাক্ সেনেট গঠন। সেনেটের সদস্য সংখ্যা হবে ১৫০ হতে ১৫৫ জন, তার মধ্যে সরকারের প্রত্যক্ষ এবং পরোক্ষ নিয়ন্ত্রণাধীনে হ'ল ১০৮ জন। সুতরাং বলতে হবে আইনটি অতীব চমৎকার ও ডেমোক্র্যাটিক! তারপর দেখুন বিভিন্ন কলেজগুলির প্রতিনিধি সংখ্যা। এই যে আমার হাতে যে প্রাথমিক ভোটের তালিকা রয়েছে ("এড্রেসিং দি স্পীকার—স্যার", এই এক পৃষ্ঠা কাগজের দাম এক টাকা দিয়ে কিনতে হয়েছে) তাতে দেখা যাচ্ছে প্রেসিডেন্সি কলেজ, সংস্কৃত কলেজ ও "অল্ ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ হাইজিন এ্যান্ড পাব্‌লিক হেল্‌থ"—এই তিনটি কলেজ কন্‌ষ্টিটুয়েন্ট কলেজ শ্রেণীভুক্ত। এই তিনটিই সরকারী কলেজ—সুতরাং এদের তিন জন প্রিন্সিপ্যালই গেলেন সেনেটে মেম্বার হিসাবে। তিনটি কলেজের জন্য তিনটি স্থান। এখানে এই তিনটি স্থানে নির্ব্বাচন হবে না যদিও আইনে আছে—

three principals to be elected by the constituent college from amongst themselves.

কারণ কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের সংখ্যাই দাঁড়িয়েছে তিন। আর ১০টি প্রোফেস্যানাল কলেজের ১০ জন প্রিন্সিপ্যালের জন্য ৭টি স্থান। এই সংখ্যাটি ৭ কেন তারও কারণ আছে। কারণ হ'ল ১০টি প্রোফেস্যানাল কলেজের মধ্যে ৭টি সরকারী। এই সরকারী কলেজের এই ৭টি প্রিন্সিপ্যালরা যে সরকারী অ-লিখিত নির্দ্দেশে এক জোট হয়ে নিজেদের ৭ জনকেই সেনেটে সদস্য হিসাবে নির্ব্বাচিত করবেন তাতে কোন সন্দেহ নেই। তাই সংখ্যা হ'ল ৭।৮, ১০ বা ৬ নয়। আমার এই আশংকা যে অমূলক নয় তা পরে "ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের" উদাহরণ দিয়ে দেখিয়ে দেবো। তিনটি কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের তিন জন প্রিন্সিপ্যালের জন্য ৩, ১০টি প্রোফেস্যানাল কলেজের ১০ জন প্রিন্সিপ্যালের জন্য ৭টি, অথচ ৯১টি এ্যাফিলিয়েটেড কলেজের ৯১ জন প্রিন্সিপ্যালের জন্য মাত্র ১০টি সদস্যর পদ। এ্যাফিলিয়েটেড কলেজের প্রিন্সিপ্যালরা কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের প্রিন্সিপ্যালদের চেয়ে বিদ্যায় বুদ্ধিতে কম কিসে? তাঁদের বেলায় এত কম সংখ্যা কেন? কারণ তাঁরা ডাক্তার রায়ের তাঁবেদার হ'তে রাজী নন। এর পরেও আছে। শিক্ষকদের কথা ধরা যাক্। কন্‌ষ্টিটুয়েন্ট কলেজের ১০০ জন শিক্ষকদের জন্য তিন জন অর্থাৎ ৩৩ জনে ১ জন, প্রোফেস্যানাল কলেজের ৩৫০ জন শিক্ষকদের জন্য ১০ জন, অর্থাৎ ৩৫ জনে ১ জন, ইউনিভারসিটির অধ্যাপক ও "হেড অফ দি ডিপার্টমেণ্ট" এখন রিডার ছাড়া—বাকী ১৬৫ জন শিক্ষকের জন্য ১৫ জন, অর্থাৎ ১১ জনে একজন সেনেটের সদস্য ধার্য্য হয়েছে, অথচ এ্যাফিলিয়েটেড কলেজের ১,০০০ শিক্ষকের জন্য ৭ জন, অর্থাৎ ১৪৬ জনে একজন সেনেটের সদস্য সংখ্যা নির্দ্ধারিত হয়েছে। এ্যাফিলিয়েটেড কলেজের

হতভাগ্য শিক্ষকদের বেলায় এই অহেতুক জুলুম কেন? কারণ—এঁরাই হলেন তাঁরা যাঁরা ডাঃ রায়ের শিক্ষা-সংহার নীতির প্রতিবাদ করেন, তাঁর একান্ত বশংবদ ভাইস-চ্যান্সেলার শম্ভু ব্যানার্জীর পদত্যাগ দাবী করেন সিউড়ি সম্মেলনে। এর পর গণতন্ত্রের বড়াই করা চলে না। তারপর আরো উদাহরণ দিচ্ছি। ১৫০ জন ইঞ্জিনিয়ারিং রেজিস্টার্ড গ্রাজুয়েটদের জন্য ৫ জন, ৮০০ মেডিকেল গ্রাজুয়েটদের জন্য ৫ জন, আর ১৪ হাজার সাধারণ গ্রাজুয়েটদের জন্য ১৫ জন সদস্য সেনেটে নির্দ্ধারিত হয়েছে। সিন্ডিকেট ও এ্যাকাডেমিক কাউন্সিলের বেলায়ও তাই। ২৩ জন সিন্ডিকেটের সদস্যের মধ্যে ১৩ জন এবং ৬৬ জন এ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যের মধ্যে ৫৪ জনই সরকারের প্রভাবাধীন। সুতরাং পরিস্কার বোঝা যাচ্ছে রায় মন্ত্রিমণ্ডলী শিক্ষার ক্ষেত্রে স্বৈরাচার চালাতে বদ্ধপরিকর। ব্যবসায়ের ক্ষেত্রে, জাতির অর্থনৈতিক জীবনে যেমন মনোপলিস্ট গ্রুপের একাধিপত্য, শিক্ষার ক্ষেত্রেও তাই চলেছে। শিক্ষার ক্ষেত্রে টাটা-বিড়লা হলেন রায়-ব্যানার্জী-মুখার্জীরা। তারপর সরকারী হস্তক্ষেপের কথা বলব। "ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ" চান কন্‌স্টিটুয়েণ্ট কলেজ হিসাবে পরিগণিত হতে অথচ ডাক্তার রায় চান তাঁদের প্রোফেস্যানাল কলেজ হিসাবে। ফল দাঁড়ালো ঐ কলেজটির নামই উঠলো না ইউনিভারসিটির দ্বারা প্রকাশিত প্রাথমিক ভোটার তালিকায়। এই হচ্ছে ডাক্তার রায়ের ডিমোক্র্যাসির নমুনা। অথচ ১৯৫১ সালে ইউনিভারসিটি আইনটি যখন বিলের আকারে বিধানসভার সামনে আনা হয় তখন ডাক্তার রায় খুব বড় গলা করে বলেছিলেন এরকম গণতান্ত্রিক আইন কোন দেশে নেই এবং তৎকালীন শিক্ষামন্ত্রীও আত্মপ্রসাদের সুরে জানিয়েছিলেন "রাধাকৃষ্ণণ সর্ব্বপল্লী কমিশনের রেকমেণ্ডেসন" অনুসারে এই আইন করা হয়েছে; সর্বপল্লী কমিশন রেজিষ্টার্ড গ্র্যাজুয়েটদের ভোটে নির্ব্বাচিত সভ্যের সংখ্যা ১০ জন বললেও তাঁরা তা বাড়িয়ে ২৫ করেছেন। কিন্তু সর্ব্বপল্লী কমিশনের মূল বক্তব্য হ'ল "এডুকেশন সিষ্টেম ইজ টু বি ডিমোক্রেটিক", অর্থাৎ শিক্ষার কাঠামো হবে গণ-তান্ত্রিক। আর বিধান রায়ের ডিমোক্র্যাসি হচ্ছে ভাইস-চ্যান্সেলারের বিরুদ্ধে কেউ কথা বলতে পারবে না কিম্বা ডাক্তার রায়ের বিরুদ্ধে কেউ কথা বলতে পারবে না—এমন সেনেট, সিন্ডিকেট, এ্যাকাডেমিক কাউন্সিল গঠন করা।

Dr. Bidhan Chandra Roy:

আর সুবোধ বাবুর কথাও কেউ শুনতে চায় না।

Sj. Subodh Banerjee:

এত গলদ দূর করা অসম্ভব। বা করতে হলে একটা নূতন আইন করা দরকার। আমি বর্ত্তমানে তা না করে শুধু চ্যান্সেলার কর্ত্তৃক মনোনীত সদস্যের সংখ্যা ১৫ থেকে কমিয়ে ৫ করেছি এবং বাকি ১০ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটের দ্বারা নির্ব্বাচিত সদস্য-সংখ্যার সাথে যোগ করেছি। এতে কিছুই হয় নি, তবু যতটুকু হয়। আমি এই কথা বলতে চাই যে সাধারণ মানুষ যদি ইম্পারসিয়ালি বিচার করে তাহ'লে এই আইনের মধ্যে অনেক লুপহোলস দেখতে পাবে। শিক্ষামন্ত্রীর চোখের সামনে যেসব গলদ রয়েছে। তা তিনি স্পষ্ট করবেন না। কিন্তু আমার কথাগুলি যে ন্যায়সঙ্গত তা বর্ত্তমান শিক্ষামন্ত্রীও স্বীকার করতে বাধ্য হয়েছেন। আমি জানি যে তিনি "আর, জি, কর মেডিক্যাল কলেজের ভাইস-প্রিন্সিপ্যালের" সঙ্গে "ক্যালকাটা ইউনিভারসিটি এ্যাক্ট" নিয়ে কথাবার্ত্তা বলেছিলেন। ভাইস-প্রিন্সিপ্যাল আমার কথাগুলি বলায় শিক্ষামন্ত্রীও স্বীকার করতে বাধ্য হন যে আমার এসব কথা একান্ত যুক্তিযুক্ত। এবং এই সব দোষত্রুটি তিনি আইন থেকে দূর করতে চেষ্টা করবেন। এ-কথা একবার মেনে নিয়ে বিধানসভায় তার বিরুদ্ধতা করতে দেখে মনে হয় মন্ত্রিমণ্ডলীর কোন নীতি নেই এবং সত্য মানতে তাঁরা ভয় পান। অপোজিসন পার্টির সদস্য ভাল ন্যায়সঙ্গত কথা বল্লেও তা মানা হবে না এই মনোভাবের দম্ভ প্রকাশ পেলেও বুদ্ধি ও যুক্তি এবং দেশের লোকের ভাল করবার ইচ্ছা এতে প্রকাশ পায় না। এইজন্য আমি বলছি যে আমার এই বিল এ্যাকসেপ্ট করে নেওয়া হ'ক্।

Dr. Bidhan Chandra Roy: Sir, I want to correct one information. The David Hare Training College has writen to the Vice-Chancellor that they would like to be a professional college and not a constituent college.

Sj. Subodh Banerjee:

আজ পর্য্যন্ত বলেনি।

Dr. Bidhan Chandra Roy: I had a letter from the Vice-Chancellor.

Sj. Subodh Banerjee: May be. But here is the electoral roll published by the University. And why did the letter come to Dr. Roy today just on the eve of the discussion of my Bill?

Dr. Bidhan Chandra Roy: Excuse me. This is the preliminary electoral roll. I have got the whole thing. Please look at the top line of it. So, don't call it final. I have received a letter from the Vice Chancellor an hour or two hours ago in which he says that up to the publication of the preliminary electoral roll the David Hare Training College did not say so, but did so subsequently. Accordingly, its name appears in the final electoral roll in the list of professional colleges.

Sj. Subodh Banerjee:

এটা যদি হয়ে থাকে তবে ডাঃ রায়ের প্রেসারেই হয়েছে কারণ আজ বেলা ১১টা পর্য্যন্ত—

I personally went to the University today for enquiry and remained there up to 11-30 a.m. Up

[Sj. Subodh Banerjee.]

to that time the David Hare Training College did not send any information as to the category in which the college intends to be classified.

Dr. Bidhan Chandra Roy: Sir, it is entirely wrong. He is absolutely mistaken. He has made a terminological inexactitude, if I may use that expression. I never said anything. I simply asked him: Have you made out any roll? It is really intolerable that when a man cannot meet an argument he begins abusing the other party. Is he the only man who is speaking the truth in this House?

[4-30—4-40 p.m.]

Sj. Pannalal Bose: Sir, I have just listened to what probably was called an explanatory statement but that statement is a criticism of the constituencies. You know that the new University Act is being gradually applied in order that the present authorities of the College may be displaced and on a certain date this new Act might come into force. Now in order to constitute the new authorities elections are necessary and elections must be made according to the provisions laid down in the Act. Now an electoral roll for each of these constituencies has just been published and the proposal today somewhat not so limited as it is in the Bill but more extensive—is to introduce some changes, and the changes according to the Bill should come into force on and from the 29th June, 1951, that is to say, with retrospective effect from the very beginning. If this Bill is passed it is certain that the electoral rolls will be all upset. Secondly, I should like to say one thing that it is not within the competence of this Legislature or of any Legislature to interpret an Act already passed. An authoritative interpretation can be given only by the Judges.

Sj. Charu Chandra Bhandari: তাহলে হাউসের সামনে এটা আনা হয়েছে কেন?

Mr. Speaker: This is an Amending Bill. A member can make suggestions for amendment.

Sj. Pannalal Bose: Nobody will be bound by such interpretations of members here. Mr. Banerjee has given certain interpretation of sections. I dare not do it, lest it should be supposed that the Government has certain ideas of the meanings of the sections, which it has not. The words would speak for themselves, and if it were permissible to analyse or answer the whole of the criticism, it will be possible for me to say that the interpretation of Mr. Banerjee is wrong. It has been said that on a certain occasion I admitted that the Bill was all right. This gentleman never brought the Bill before me. He brought some correspondence and after reading the said correspondence I might have said that we would look into it, but that does not mean that the Bill was right or wrong. I have looked into it again and again and I am able to say that there may be no flaw that makes it unworkable. But if after the elections are over and the authorities that are making the elections have prepared the electoral roll—they do not say that there is any difficulty—this Bill is passed with retrospective effect, then the whole constitution of the University be delayed for an indefinite time. I therefore suppose that the best thing to do will be for us to take the Act as it is and if any difficulties appear, the Government itself will introduce Bills, official Bills, to correct any mistakes if they occur. But there is no lacuna, as he was suggesting, in the Act, and I may also say that of the constituencies just criticised. I should not give my answers to every one of the criticisms, except that you must have seen that the whole idea of the Act is to put the University under the control of the teachers. Teachers will form the majority and the moment you say that the registered graduates should be increased to 35, you open the door wider for outsiders to come in.

With these remarks I oppose the motion.

The motion of Sj. Subodh Banerjee for leave to introduce the Calcutta University (Amendment) Bill, 1953, was then put and lost.

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1953.

Dr. Atindra Nath Bose: Sir, I beg leave to introduce the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1953.

Sj. Satyendra Kumar Basu: I oppose it.

Dr. Atindra Nath Bose: My Bill seeks to amend the Rehabilitation of Displaced Persons and Evictio. ..ersons in Unauthorised Occupation of Land Act, 1951. That Act, Sir, was enacted with a double purpose. Firstly, it was intended to give protection to displaced persons, as defined under the Act, from being evicted under the provisions of the general law. In the second place, that Act was intended to give protection to the owners also from the invasion of their rights by the usurpers who are not displaced persons but who want to take advantage of this Act under the garb of displaced persons. But due to some defect and incompleteness in the Act these purposes have been defeated and the displaced persons have been put to great difficulties in getting the full benefit of this Act. This defect or incompleteness is twofold: firstly, the Act does not contain any specific provision ousting the jurisdiction of the ordinary Civil Court. Secondly, the provisions of the Act do not enable displaced persons to apply to the competent authority for fixation of compensation, rent, etc. The result is that owners are generally instituting suits for evictment of displaced persons as defined under the Act in the ordinary Civil Courts and are easily obtaining decrees for evictment against them. The displaced persons, trespassers as they are according to the Civil Court, cannot get any protection whatsoever from the Civil Court. Recently there has been a case in Calcutta itself to underline this defect of the Act. Some displaced persons as defined under this Act were forcibly evicted from the Lalabagan bustee under execution of a court decree. Even earlier than this there have been a number of suits instituted and decrees of evictment passed in Raiganj of West Dinajpur. In such cases objections were raised by the displaced persons that the jurisdiction of the Civil Courts had been ousted by the enactment of the special Act creating a special forum, namely, the competent authority and the special procedure to be followed by this court. This objection was upheld by two decisions of the Calcutta High Court. The Munsif accepted this contention and ordered the filing of the case before the competent authority and returned the complaint but on appeal against the order of the Munsif returning the complaint for filing in the court of the competent authority, the Subordinate Judge by his order held that the jurisdiction of the ordinary Civil Court is not ousted by the special Act, and he directed the Munsif to try and decide the cases on merits.

[4-40—4-50 p.m.]

In section 3 of the principal Act the words "the owners may apply, etc." have further added to the difficulties whereby some Judges interpret this provision as discretionary on the part of the owners as distinct from mandatory. Whatever it may be, the protection provided by section 4 of the said Act is not available to the displaced persons owing to the existence of two different opinions among the Judges, one opinion being that there has been ouster of ordinary jurisdiction of civil courts and the other opinion being that there has been no such ouster of jurisdiction, and it is open to the owners to seek the protection of either of the courts for evicting persons in

[Dr. Atindra Nath Bose.]

unauthorised occupation of land. This has made the position very much uncertain for the displaced persons and has defeated the purpose of rehabilitating the displaced persons for which the Act was passed. With a view to remedy these defects I have introduced a new section. I have sought to introduce a new section in the Act. This section proposes to oust the jurisdiction of the civil courts to remove this confusion so that all cases for ejectment may not be brought in the ordinary civil court as distinguished from the court of the competent authority. This by itself will not serve the purpose of rehabilitating the displaced persons for the simple reason that owners may not even apply to the competent authority for the settlement of terms, but may choose to keep quiet. The position of the displaced persons will not improve thereby but remain as uncertain as ever and the refractory owners may create troubles for them. This may also lead to disturbances. Hence by adding another section I have proposed to provide that the displaced persons may apply to the competent authority for fixing the terms and that the displaced persons though in temporary possession may hold the premises under the terms settled by the competent authority. This will give them some security and some right. It is for this reason that I have wanted that displaced persons should also be given the right to apply to the competent authority for the fixation of compensation, rent, etc.

My amendment does not want to alter the objects and reasons of the original Act; rather it seeks to remedy the defects within the original Act which have frustrated its purpose. I should even welcome an assurance from the other side that these defects will be looked into and if the Government would like to bring forward a suitable amendment themselves I will be very glad to withdraw my Bill. So far as my information goes, Dr. Suresh Banerjee who was one of the leaders of the movement which led to the passing of this Act and who so far as I know......

Mr. Speaker: That is not a part of the explanatory statement, Mr. Bose.

Dr. Atindra Nath Bose: So far as I know, Dr. Banerjee has referred this case to Dr. Roy and has cited relevant cases in support of the contention I have brought forward. So I would request the Government to consider these defects very seriously and if they think it proper they may themselves bring forward suitable amendments so as to remedy these defects.

Sj. Satyendra Kumar Basu: Although I have very great sympathy for the unfortunate displaced persons I am constrained to oppose this motion. Sir, the Bill is intended to convert a trespasser who is a wrong-doer into some kind of a quasi-tenant against the will of the owner. Sir, it is not intended to give any new right to the displaced persons in the present state of things. Sir, you know that under the existing law everybody has got certain substantive rights and his remedy is also prescribed by the law. It will not be right that his right should be taken away in the manner suggested by the Bill nor is it right that his remedy should be shut up. Sir, please see what will happen. If the owner is not allowed to go to the court for the purpose of establishing his title it may be after twelve years—the owner will lose his property altogether because the trespasser may acquire title by adverse possession. Sir, the Constitution protects the rights of the owners and other persons concerned in a property. I shall draw my friend's attention to Articles 19(*1*)(*f*) and 19(*5*) of the Constitution. There is no limit of time prescribed under the Act nor is it possible for the Government to provide alternative accommodation to the displaced persons so that in the nature of things it will not be right to restrain the owner from exercising his rights under the existing law, nor can it be done

having regard to the provisions of the Constitution. Sir, the way my friend has drawn up the Bill suggests that it is intended that a displaced person should acquire a perpetual lease of a property of which he has taken wrongful possession contrary to the law, viz., without any registered instrument. Sir, a very large number of applications have been made to the competent authority to obtain relief. It is not right to say that many cases have gone to the civil court.

Sir, with regard to the second part of my friend's Bill there is already a provision in the Act, viz., section 5 of the Act. Sir, we are trying our utmost to get land for the purpose of providing alternative accommodation to these unfortunate persons and whenever land is available we are trying to allot land to these persons. Sir, in those circumstances I oppose the motion.

Dr. Atindra Nath Bose: May I ask a question by way of clarification of what the Hon'ble Minister has said?

Mr. Speaker: It is not possible to allow that.

The motion of Dr. Atindra Nath Bose for leave to introduce the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1953, was then put and lost.

Non-official Resolution.

[4-50—5 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয়, সর্ব্বাগ্রে কলকাতায় জল সরবরাহের কথা বলি। কলকাতার জল সরবরাহের ব্যাপার চরম অবস্থায় উঠেছে। যে কোন মুহূর্ত্তে সমগ্র জল সরবরাহের ব্যবস্থা ভেঙ্গে যেতে পারে। পলতা থেকে টালায় ১৪ মাইল জল আনবার তিনটি পাইপ আছে। তিনটিরই অবস্থা কাহিল, বড়টি ৬০", এটি ইস্পাতের। অপর দুইটি, একটি ৪৮", অন্যটি ৪২", ঢালাই লোহার। জনপ্রতি দৈনিক ৩০ গ্যালন জল দরকার। শতকরা ১৫ ভাগ জল সরবরাহ হয়। সুতরাং ৩০ গ্যালন জল দিতে হ'লে ৩৫ গ্যালন সরবরাহ করতে হবে। কলকাতার স্থায়ী লোক সংখ্যা ২৫ লক্ষ, আরও ৫ লক্ষ দৈনিক সহরে যাতায়াত করে, এই ৩০ লক্ষ লোকের জন্য দৈনিক জল দরকার ১০ কোটি ৫০ লক্ষ গ্যালন। বর্ত্তমানে সর্ব্বোচ্চ জল যা পাইপের কেপাসিটি অনুযায়ী আসতে পারে তার পরিমাণ এইরূপ:—

৬০"	মেইন	৫ কোটি ৮০ লক্ষ গ্যালন
৪৮"	মেইন	২ কোটি ৫০ লক্ষ গ্যালন
৪২"	মেইন	৮৫ লক্ষ গ্যালন
	মোট	১০ কোটি ১৫ লক্ষ গ্যালন

কিন্তু এত জল কখনও আসে না। ১৯৪৫ সালে বাংলা সরকার কর্ত্তৃক যে জল সরবরাহ অনুসন্ধান কমিটি গঠিত হয়, তাতে কর্পোরেশনের পলতা ও টালার স্পেশ্যাল অফিসার বলেছিলেন প্রকৃতপক্ষে জল আসে এইরূপ:—

৬০"	মেইন	৫ কোটি ৩০ লক্ষ গ্যালন
৪৮"	মেইন	১ কোটি ৮০ লক্ষ গ্যালন
৪২"	মেইন	৬০ লক্ষ গ্যালন
	মোট	৭ কোটি ৭০ লক্ষ গ্যালন

খুব মেরেকেটে চেষ্টা করলে ৮ কোটি ৪০ লক্ষ গ্যালন পর্য্যন্ত জল আনা যেতে পারে। পাইপ না বাড়ালে এর বেশী জল কিছুতেই আনা যেতে পারে না—যদিও প্রয়োজন আমাদের ১০ কোটি ৫০ লক্ষ গ্যালনের। মেইন পাইপ ৩টির মধ্যে ৬০" ইস্পাতের নলটির গুরুত্ব সব থেকে বেশী। মোট জলের ¾ অংশ এই নল দিয়ে আসে। এই নলটি ১৯২৬ সালে বসান হয়। ইঞ্জিনিয়াররা তখন বলেছিলেন যে এর পরমায়ু ৩০ বৎসর। বৈজ্ঞানিক দৃষ্টিতে এর আয়ু ১৯৫৬ পর্য্যন্ত অর্থাৎ আর ৩ বৎসর। ১৯৪৫ সালের জল সরবরাহ কমিটিতে বাংলা সরকার, ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট, কর্পোরেশনের চীফ ইঞ্জিনিয়ার, স্যানিটারি ইঞ্জিনিয়ার ছিলেন। এই কমিটি অফ ইঞ্জিনিয়ারস ১৯৪৬ সালে তাঁদের সিদ্ধান্ত প্রকাশ করেন। তাতে তাঁরা বলেন স্বল্প-মেয়াদী কাজ হিসাবে ৬০ লক্ষ টাকা খরচ করে ৫৪" একটি অতিরিক্ত পাইপ জল সরবরাহের জন্যে এখুনি বসান প্রয়োজন। বসাতে সময় লাগবে ৬ বৎসর। কর্পোরেশনের চীফ ইঞ্জিনিয়ার সব জানেন। কিন্তু তিনি এই সুপারিশ কার্য্যে পরিণত করার কোনো চেষ্টা করেননি। সমস্ত ধামা চাপা দিয়ে রেখে নিতান্ত দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন। স্যার, বড় দুর্ভাগ্য প্রধান মন্ত্রী কথাগুলি শুনলেন না।

Mr. Speaker: তিনি শুনছেন।

Sj. Haripada Chatterjee:

৬০" মেইনের পরমায়ু যখন আর ৩ বৎসর, এবং নূতন পাইপ বসাতে যখন ৬ বৎসরের কম হবে না তখন ইতিমধ্যে আমরা সেফটি মার্জিন পার হয়ে গিয়েছি। এখন বিজ্ঞানের উপর নির্ভর না করে দৈবের উপর নির্ভর করে থাকতে হবে। পূর্ব্বে যে কাজ ৬০ লক্ষ টাকায় হ'ত, এখন আবার তা ৯॥ কোটি টাকার কম হবে না। ইলেকট্রিক সাপ্লাইয়ের পাওয়ার হাউস প্রতিষ্ঠার

[Sj. Haripada Chatterjee.]

পর ইস্পাতের ৬০" মেইন পাইপটির পাশ দিয়ে উচ্চ ভোল্টের বিদ্যুতের লাইন মাটির ভেতর দিয়ে গিয়েছে। মেইন পাইপে বিদ্যুৎ-নিরোধক কোনো আবরণ নেই। মাটির নীচে বৈদ্যুতিক প্রবাহ ঘটে, এতে ইস্পাতের নলটির গায় ঝাঁঝরা হয়ে যাচ্ছে। ১৯৪১এ একবার এবং ১৯৪৪এ আর একবার বারাকপুর ট্রাংক রোডে পাইপটির ১০।১২ স্থানে লিক হয়, সমস্ত রাস্তা জলে ভেসে যায়; যান-বাহন বিপন্ন হয়। স্যার, প্রধান মন্ত্রী শুনছেন না।

Mr. Speaker:

কিন্তু ডেপুটী মন্ত্রী শুনছেন।

Sj. Haripada Chatterjee:

শুনছেন বটে, কিন্তু ওঁরই শোনা দরকার, ওঁর হাতেই তো সব। যাক্, পাইপটিকে আর্থের উপর করার কথা হয়েছিল, কিন্তু তা ব্যয়সাধ্য বলে সে প্রস্তাব পরিত্যক্ত হয়। এদিকে ভূগর্ভস্থ বিদ্যুৎ প্রবাহে পাইপটিব বহুস্থানে ফুটো হয়ে যাচ্ছে। যথাসাধ্য তাপ্পি দেওয়া হচ্ছে। কিন্তু তাপ্পি দিয়ে আর কতদিন চলতে পারে? তা'ছাড়া, এত-দিন যে ফুটো বার হয়েছে তা পাইপের উপর দিকের জলের চাপ কমলে সেগুলি মেরামৎ করা গিয়েছে। কিন্তু পাইপের তলার দিকে ফুটো হ'লে কি হবে? পাইপ জলশূন্য না করতে পারলে ঐ ফুটো মেরামৎ করা হবে না, কারণ পাইপের অন্য প্রান্তে জল থাকলে ওয়েলডিং ধরবে না। পাইপ জলশূন্য করতে ২৪ ঘন্টা এবং মেরামত করে আবার জল আনতে ২৪ ঘন্টা, এই দুই দিন সমস্ত সহর জল ছাড়া থাকার সম্ভাবনা এখনি দেখা দিয়েছে। অবিলম্বে পাইপের উপর বিদ্যুৎ প্রবাহ বন্ধ করতে না পারলে অত্যন্ত অনিষ্ট হবে এ-কথা রিপোর্টে পরিষ্কারভাবে স্বীকার করা হয়েছে। একজিকিউটিভ ইঞ্জিনিয়ার শ্রী পি, সি, গুপ্ত বলেছেন যে এ পাইপ হ'ল টিউবারকিউলার পাইপ।

[5—5-10 p.m.]

এর এক মাইল স্থান টিউবারকুলার রোগীর ফুস্ফুসের মত ঝাঁঝরা হয়ে গিয়েছে। অত্যন্ত ড্যামেজিং রিপোর্ট, এই টিউবারকিউলার পাইপটির উপর কলকাতার জল সরবরাহ সম্পূর্ণ নির্ভর করছে। এক্জিকিউটিভ ইঞ্জিনিয়ার স্পষ্ট ভাষায় কমিটীকে জানিয়েছিলেন যে জল সরবরাহের ব্যবস্থার ত্রুটির জন্যই সহরে কলেরা, টাইফয়েড, আমাশয় প্রভৃতি রোগের প্রাদুর্ভাব। "কমিটী অফ ইঞ্জিনিয়রস রিপোর্টে'ও" এই কথা আছে। ভারী লরি চলাচলে বহু পাইপের জোড়া ঢিল হয়ে গিয়েছে। ভিতরে কনকাসনের জন্য জোড় ঢিল হয়ে গেছে। সেই পথে ময়লা জলের সংগে জীবাণু প্রবেশ করে। সহরের ২নং ও ৫নং ওয়ার্ডে কলেরার প্রাদুর্ভাব সব চেয়ে বেশী। ময়লা জল নিকাশের পয়ঃপ্রণালীর পাশেই এখানে পরিস্রুত জলের পাইপ। ময়লা জল কখনও কখন ম্যানহোলের মাথা পর্য্যন্ত আসে এবং পরিস্রুত জলের পাইপ ভিজিয়ে দেয়। ভিতরে জলের প্রেসার কমে গেলে ময়লা জল জোড়ার ফাঁক দিয়ে প্রবেশ করে। পরিস্রুত জলের পাইপের ভিতর সমান চাপ রাখা নিতান্ত দরকার কিন্তু তা সম্ভব হয় না। ৪৮ ইঞ্চি ও ৪২ ইঞ্চি পাইপ দু'টীরও অবস্থা "কমিটী অফ ইঞ্জিনিয়ার্সের রিপোর্টে" খুব খারাপ বলে বর্ণিত হয়েছে। ৪৮ ইঞ্চি পাইপটীর অবস্থা ভাল নয়—ওতে যতটা জল আসা উচিত তা আসে না। ৪২ ইঞ্চি পাইপটী দিয়ে জল গড়িয়ে আসে, চাপ দেওয়া যায় না। চাপ দিতে গেলে জল লিক করার আশংকা আছে। গত ৩০ বৎসরের মধ্যে অনেকবার ওতে চাপ দিয়ে জল আনার কথা হয়েছে কিন্তু কোন ইঞ্জিনিযার দিতে সাহস করেননি। করপোরেশনএও এ সম্বন্ধে গত ৪ঠা জুলাই, ১৯৫২ সালে বিস্তারিত আলোচনা হয়েছে কিন্তু দুঃখের সংগে বলতে হচ্ছে তদানিন্তন ডেপুটি মেয়র ও করপোরেশনের চীফ ইঞ্জিনিয়ার যে আচরণ করেছেন তা মোটেই দায়িত্বজ্ঞানসম্পন্নের পরিচয় নয়। কাউন্সিলার দেবজ্যোতি বর্ম্মন যে তথ্য ও যুক্তিপূর্ণ ভাষণ দিয়েছেন, তার প্রতি সমস্ত দেশের দৃষ্টি পড়েছে। যুগান্তর, অমৃত-বাজার, হিন্দুস্থান ষ্ট্যান্ডার্ড, বসুমতী প্রভৃতি বিখ্যাত দৈনিক কঠোর ভাষায় সম্পাদকীয় মন্তব্য লিখেছেন। ইম্প্রুভমেন্ট ট্রাষ্টের চেয়ারম্যান, কাউন্সিলার বর্ম্মনের বক্তৃতাকে—"দি ওনলি সেনসিবিল স্পীচ" বলেন। তাতে ডেপুটি মেয়র আপত্তি করেন। ওনলি কথাটাতে নাকি অন্যের উপর রিফ্লেক্সন আসে। তখন ইম্প্রুভমেন্ট ট্রাষ্টের চেয়ারম্যান সংশোধন করে বলেন—"দি মোষ্ট সেনসিবিল স্পীচ"। জল সরবরাহ সম্বন্ধে সমস্ত জেনে-শুনেও কেন এত দিন করপোরেশনের চীফ ইঞ্জিনিয়ার এ-বিষয়ে উদাসীন ছিলেন, সেজন্য তার কৈফিয়ৎ তলব করা উচিত। কর্ত্তব্যের গুরুতর অবহেলা তিনি করেছেন। সমস্যা পলতায় র‍্যাপিড ফিল্টার বসিয়ে বেশী পরিস্রুত জলের ব্যবস্থা নয়—সমস্যা হচ্ছে পরিস্রুত জলকে কি করে টালায় আনা যায়। এখানে আর বেশী বল্ব না—অন্যান্য ব্যাপার মিউনিসিপ্যাল বিলের সময় বল্ব।

Sj. Ajoy Kumar Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাবে প্রধাণতঃ সেচ্ সম্পর্কে যে আলোচনা হয়েছে আমি প্রথমে সেই বিষয়েই আলোচনা করবো। প্রথম বিষয় হ'ল "ড্রেনেজ এ্যান্ড ওয়াটার সাপ্লাই"—"ড্রেনেজ এ্যান্ড ওয়াটার সাপ্লাই" এই দুইটি এখানে উঠেছে। এই ইন্টারন্যাল ড্রেনেজের মধ্য থেকে যে সার তৈরী করার চেষ্টা হচ্ছে সেটা শংকর বাবু বলে গিয়েছেন। এই "ইন্টারন্যাল ড্রেনেজ এ্যান্ড কুলটী আউটফলের" ব্যাপারে আগে একটা কমিটী গভর্ণমেন্ট বসিয়েছিলেন। ১৯৪৫ সালে এই "ওয়াটার সাপ্লাই এনকোয়ারি কমিটী" তখন প্রায় ৮৫ লক্ষ টাকার একটা স্কীম করেছিলেন এবং গভর্ণমেন্ট তার জন্য ২৭ লক্ষ টাকা দান করেছিল। তার মধ্যে ১০ লক্ষ টাকা দেওয়া হয়ে গিয়েছে। তারপর গ্রেটার ক্যালকাটার জন্য যে মাষ্টার প্ল্যান হয় তখন প্ল্যানিং কমিটী এষ্টিমেট দিয়েছেন ১ কোটি ৬৫ লক্ষ টাকা এবং "আপার রিচেজ অফ দি ষ্টরম ওয়াটার চ্যানেল"—সেটা কলিকাতা করপোরেশনের, এবং তার জন্য কত লাগবে—প্রায় ১১ লক্ষ টাকার মত। এটা করলে এই জল

যেখানে গিয়ে পড়ছে কুলটী গং-এ, সেখানের অবস্থা কি; এত টাকা খরচ করে এই খাল সংস্কার করলে সে খালগুলি কতদিন ভাল থাকবে সেটা পরীক্ষা করে দেখা দরকার হবে। কারণ এর আগে বিদ্যাধরী সংস্কার করবার চেষ্টা হয়েছিল, তাতে অনেক টাকা খরচ হয় কিন্তু আশানুরূপ ফল পাওয়া যায়নি। এই জন্য এই কুলটী মডেল এক্‌সপেরিমেন্ট যা তৈরী হয়েছে সেটা নূতন করে আবার প্ল্যান এষ্টিমেট করে কাজ করা যাবে।

তারপর ওয়াটার সাপ্লাইয়ের কথা। এই ওয়াটার সাপ্লাই হচ্ছে গঙ্গাজল ও পরিস্রুত জল, এই দুই রকমের জল। এখানে আনফিল্টারড ওয়াটার সম্বন্ধে যে কমিটী ১৯৪৫ সালে হয়, তাঁরা বলেছিলেন "এক্‌সপ্যানসান অফ সাকসন পাইপ এ্যাট মল্লিক ঘাট পাম্পিং ষ্টেশন" আর "রিপ্লেসমেন্ট অফ পাম্পিং সেট এ্যান্ড রিমডেলিং অফ মল্লিক ঘাট"—এইগুলি তাঁরা সাজেসন দিয়েছিলেন। এবং তার কিছু কিছু কাজ হয়েছে এবং কাজ করতে গিয়ে কতকগুলি অসুবিধার সৃষ্টি হয়েছে, সেগুলির সমাধানের প্রয়োজন হয়েছে এবং এই জনাই গভর্ণমেন্ট করপোরেশনকে ৮ লক্ষ ৩৬ হাজার ৬ শত টাকা গ্রান্ট দিয়েছেন। আর একটা কথা। এই জল সাপ্লাই ব্যাপারে—বিশেষ করে গঙ্গাজল—মাঝে মাঝে লোনা হয়ে যায়, এই লোনা নিয়ে অনেক রকম গবেষণা হয়েছিল এবং সর্ব্বশেষ বিশেষজ্ঞ কমিটী যে সিদ্ধান্ত করেছিলেন তাতে তাঁরা বলেছেন উপর থেকে পরিষ্কার জল গঙ্গা থেকে ভাগিরথী হুগলী দিয়ে গঙ্গা ব্যারেজের সাহায্যে আনতে না পারলে সমুদ্রের জল যখন আসবে তখন হুগলীর জল লোনা হয়ে যাবে। এটার গঙ্গা ব্যারেজই একমাত্র সমাধান। এই স্কীম সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে গিয়েছে, তাঁরা এটা গ্রহণ করবেন কি করবেন না জানি না। তবে এটা এখনও পরিত্যক্ত হয়নি, আবার গৃহীত হয়েছে বলেও শোনা যায়নি। তারপর আর একটা কথা টালিস নালা সম্বন্ধে। এই টালিস নালাকে নিয়ে গিয়ে সাউথ সল্ট লেকের সঙ্গে মিলিয়ে দিয়ে পানীয়জল সরবরাহ করা যায় কিনা কলিকাতার পশ্চিম অঞ্চলে, বিশেষ করে টালিগঞ্জ অঞ্চলে। সেই জন্য এক এক্‌সপার্ট কোম্পানীকে আনা হয়েছে। এই এক্‌সপার্ট কোম্পানী হচ্ছে একটা "ডাচ কোম্পানী"—"নেদারল্যান্ডস ইঞ্জিনিয়ারিং কন্‌স্যাল্ট্যান্ট কোং"। এই এক্‌সপার্ট এনে প্ল্যান করতে দেওয়া হয়েছে। তারা এখন পর্য্যন্ত ফাইন্যাল প্ল্যান দেয়নি।

[5-10—5-20 p.m.]

তারপরে কলিকাতার সল্ট লেক সম্বন্ধে শঙ্করবাবু যে কথা বলে গেছেন যে গঙ্গা থেকে তার পলিমাটি ড্রেজার চালিয়ে বার কোরে পাইপের সাহায্যে নর্থ লেকে নিয়ে গিয়ে নর্থ লেক ভরাট কোরে সেখানে যে জায়গা আছে তা বাসোপযোগী কোরে তোলা এবং সেই জায়গায় ভাল লেক তৈরী কোরে সেখানে সুন্দর কোরে সহর গড়ে তোলার প্ল্যান আছে। টালির নালা কতদূর নিয়ে নেওয়া যাবে—সেটা মজে যাচ্ছে, কেন মজে যাচ্ছে, কি কোরে তাকে রক্ষা করা যায়, শুধু পঙ্কোদ্ধার করলেই বা সিল্ট ক্লিয়ারেন্স করলেই যে রক্ষা হবে না, সেজন্য সেই টালিস্‌ নালাকে রক্ষা করবার জন্য "রিভার রিসার্চ ইন্‌ষ্টিটিউটে মডেল" তৈরী কোরে পরীক্ষা হচ্ছে এবং তার ফলাফলের উপর তার স্কীমের জন্য আমাদের নির্ভর করতে হবে। এই "রিক্লামেসন স্কীমে ড্রেনেজ এন্‌কোয়ারি কমিটী" ১৭,৩৩,০০,০০০ টাকা খরচ হবে ব'লে মনে করছেন।

তারপরে "ড্রেনেজ অফ সোয়াম্প এরিয়া"—কলিকাতার রাজভবনকে কেন্দ্র কোরে ৩০ মাইল ব্যাসার্দ্ধ নিয়ে যদি অর্দ্ধবৃত্ত টানা যায়, তাহ'লে সেটায় ১,৭৫০ বর্গমাইল এলাকা পড়ে। সেই এলাকার জন্য অনেকগুলি বিভাগ—যেমন কলিকাতা কর্পোরেশন, ইম্প্রুমেন্ট ট্রাষ্ট, পোর্ট ট্রাষ্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট, রোড্‌স্‌ ডিপার্টমেন্ট—ইত্যাদি বহু বিভাগের চীফ ইঞ্জিনিয়ারদের নিয়ে একটা মাষ্টার প্ল্যান কমিটি হয়েছিল ১৯৪৮ সালে। এই এলাকাটাকে ২৮টা বেসিনে ভাগ কোরে সেই ২৮টা বেসিনের মধ্যে আপাততঃ ২১টা বেসিনের জন্য ২০টা স্কীম হয়েছে; সেটা ১,৭৫০ বর্গমাইলের মধ্যে ১,২০০ বর্গমাইল কভার করছে, এই সল্ট লেককে বাদ দিয়েও। তাতে মোটামুটি হিসাব ধরা হয়েছে যে ',১ কোটি টাকা লাগবে। আর ফার্ষ্ট ফাইভ-ইয়ার প্ল্যানে আপনারা দেখবেন যে ',টা স্কীম ধরা আছে—একটা সোণারপুর-মাতলা স্কীম—তার ফার্ষ্ট ষ্টেজ, সেকেণ্ড ষ্টেজ আছে এবং ফার্ষ্ট ষ্টেজ এখন কম্‌প্লীট হয়ে গেছে - খাল কাটা বাকি আছে, পাম্পও বসে গিয়েছে। এখন সেকেণ্ড ষ্টেজের কাজ হবে। তারজন্য ৬১ লক্ষ টাকা লাগবে, আর একটা বাগ্‌জলা যাত্রাগাছি স্কীম—এও পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আছে। ওটার জন্য ৯৯ লক্ষ টাকা। নারায়ণ বাবু যে কথাটা বলেছেন যে এই ধারে প্ল্যান করা উচিত - এ কথাটা কমিটি বিবেচনা করেছেন: এই বেসিনগুলোকে কতকগুলো গ্রুপে ভাগ কোরে "ফার্ষ্ট, সেকেণ্ড, থার্ড, ফোর্থ প্রায়োরিটি" দিয়ে করা হবে - তবে বোধ হয় ফোর্থ প্রায়োরিটি আনা হবে না। ফার্ষ্ট প্রায়োরিটির মধ্যে ২।৩টা প্রধান এবং আরও কয়েকটা স্কীম আছে। আর "গ্রেটার ক্যালকাটা ইম্প্রুভমেন্ট বোর্ড"—তাঁরা যে মতামত দিয়েছেন সেটা সরকার বিবেচনা করে দেখছেন, নদীর ধারের মিউনিসি-প্যালিটিগুলির উপকারের জন্য।

যে কথা বলা হয়েছে তাতে সহর ও পল্লী উভয়ের কথাই বলা হয়েছে; এই ১,৭৫০ বর্গমাইলের মধ্যে বেশীটা পল্লী অঞ্চলেই আছে। সেখানে শুধু যে স্বাস্থ্যের উন্নতি হবে তা নয়, লক্ষ লক্ষ একর জমি কৃষিকার্য্যের উপযোগী হয়ে উঠ্‌বে—যেগুলো এখন বদ্ধজলা হয়ে আছে। হুগলী নদীর পূর্ব্বদিকে অর্থাৎ বামকূলে অনেকগুলি মিউনিসিপ্যালিটি এই "গ্রেটার ক্যালকাটা ড্রেনেজ স্কীম"এর দ্বারা উপকৃত হবে; যেমন—বজবজ, বেহালা, সাউথ সুবার্ব্বান, গার্ডেনরীচ, বারুইপুর,—তারপর কলিকাতা কর্পোরেশন, নর্থ দমদম, সাউথ দমদম, দমদম ক্যান্টনমেন্ট, ব্যারাকপুর, বরাহনগর, কামারহাটি, টিটাগড়, খড়দহ, পানিহাটি, কাঁচড়াপাড়া, হালিসহর, নৈহাটী, ভাটপাড়া—এ সবগুলির উপকার হবে। বাকী ঐ নদীর পশ্চিম

[Sj. Ajoy Kumar Mukherji.]

কল বা রাইট ব্যাংক ধ'রে সেখানে এরকম কোন মাষ্টার প্ল্যান তৈরী হয়নি। যেখানে জল বন্ধ আছে সেখানে জল নিকাশের জন্য একটা প্ল্যান বা স্কীম তৈরী হচ্ছে। সেটা পিসমিল ভাবেই কাজ হবে। ওরকম কোন মাষ্টার প্ল্যান তৈরী হয়নি।

এইটা মোটামুটি সরকারী পরিকল্পনা—যা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আছে। এর বাহিরে স্কীম যদি করতে হয় তবে হয় সেজন্য ঋণ করতে হবে, না হয় দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য অপেক্ষা করতে হবে।

Sj. Charu Chandra Bhandari:

মাননীয় স্পীকার মহাশয়! এই যে প্রস্তাব এর ৪টা অংশ। প্রথমটা হচ্ছে কলিকাতার জল নিষ্কাশন এবং জল সরবরাহের ব্যবস্থা, এটা অনেক দিনের অভাব এবং এ অভাব পূরণ করার দায়িত্ব তখন কর্পোরেশনের ছিল। কর্পোরেশন গভর্ণমেন্টের আয়ত্তে কয়েক বৎসর ছিল, এবং এখনও কার্যতঃ গভর্ণমেন্টের আয়ত্তেই আছে। গভর্ণমেন্ট এ জিনিসটা এতদিন করেননি; এখন প্রস্তাবাকারে এটা আনার ত কোন অর্থ দেখি না; কারণ, এ প্রস্তাবকে গভর্ণমেন্টপক্ষীয় প্রস্তাব বলা যায়, যেহেতু এটা অন্যূন কংগ্রেস তরফের ২৫ জনের নামে ব্যালটে উঠেছে। স্পীকার মহাশয়! আমি জিজ্ঞাসা করতে চাই, যে কার্য্য গভর্ণমেন্টের বহুদিন পূর্ব্বেই অবশ্য করণীয় ছিল এবং যা তাঁরা এতদিন করেননি, সেটা গভর্ণমেন্টের এখন প্রস্তাবাকারে আনার কি অর্থ? গভর্ণমেন্ট হয়ত আনুষ্ঠানিকভাবে এটা গ্রহণ করবেন না, গ্রহণ না করেন ত ছাড়তে হবে, আর গ্রহণ করলেও কিছু হয় না। এইভাবের অনুষ্ঠান না কোরে তাঁরা বাজেট আলোচনার সময় তখনই বলে দিতে পারতেন। যদি তাঁদের এখন সুবুদ্ধির উদয় হয়ে থাকে, যেখানে এগুলি এখনই করতে হবে এবং এটা যে অতি প্রয়োজনীয় জিনিস এ কথা তাঁরা বলে দিতে পারেন। প্রস্তাব আকারে এটা আনাতেই যে খুব সিরিয়াসলি এটা বলছেন—এ কথার অর্থ আমি বুঝতে পারি না। গভর্ণমেন্ট-পক্ষ থেকে এটা আনার অর্থ এই হয় যে যে ত্রুটি তাঁদের হয়েছে, যা এতদিন তাঁরা করেননি, সেটা এখন তাঁরা করবেন; আর তা নাহ'লে তাঁদের ক্ষোভ প্রকাশ করা উচিত।

দ্বিতীয়টার সম্বন্ধেও সেই একই কথা—বিদ্যাধরী নদী এবং টালিস নালা—বহুদিন মজে গেছে।

Mr. Speaker: The object of the non-official resolution is only to express an opinion.

Sj. Charu Chandra Bhandari:

সকলেই জানে এটা গভর্ণমেন্টের অবশ্য করণীয়। আমি যা বললাম, মাননীয় স্পীকার মহাশয়! আপনি তা বুঝে দেখবেন যে এটা গভর্ণমেন্টের করণীয় কি না। সে বিষয় গভর্ণমেন্টের অবশ্য করণীয়। কোন ফাংসান করণীয় হ'লে সে বিষয়ে রেজলিউসন হ'তে পারে না।

[5-20—5-30 p.m.]

আমি যে কথা বলছি, স্পীকার মহাশয়, এরকম একটা রেজলিউসন আনার জন্য গভর্ণমেন্টের কোন কৃতিত্ব নাই। এতে এমন কোন কিছু প্রতিভাত হয়নি যে গভর্ণমেন্ট জনসাধারণের জন্য একটা খুব বড় কিছু করতে যাচ্ছেন। গভর্ণমেন্টের যেটা অবশ্য করণীয় ফাংসন ছিল, এতদিন সেটা করেন নাই।

Dr. Bidhan Chandra Roy: On a point of information, Sir. May I tell Charu Babu that this is not a Government resolution? It is a non-official resolution.

Sj. Charu Chandra Bhandari:

এখন আনুষ্ঠানিকভাবে এটাকে ফরমালি রূপ দেবার কি দরকার ছিল?

Mr. Speaker: After a resolution is passed it becomes a resolution of the entire house. Then it does not remain a resolution of the party.

Sj. Charu Chandra Bhandari:

আমার পয়েন্ট হচ্ছে এমন একটা রেজলিউসন আনার অর্থ হচ্ছে নিজেদের ত্রুটী ঢাকা, নিজেদের ত্রুটীর উপর একটা আবরণ দেওয়া মাত্র।

দ্বিতীয়তঃ কথা হচ্ছে বিদ্যাধরী নদী এবং টালীস নালা বন্ধ হ'য়ে গেছে; সেসব পুনরুজ্জীবিত করতে হ'লে, এক্সপার্ট ওপিনিয়ন মত দেবে। এটা যে করা দরকার সে সম্বন্ধে বহুদিন ধ'রে তো জনসাধারণ বলে আসছে। সেটা গংগা ব্যারাজ খুললে পর তার জল-প্রবাহ এসে এগুলো খুলবে। এই যে লং-টার্ম ওয়ান্ট এটা দূর করা গভর্ণমেন্টের কর্ত্তব্য। মাত্র দু'টী জিনিষ ২১টা প্ল্যানের মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঢুকেছে। আর অন্যগুলি সম্পর্কে গভর্ণমেন্ট কি প্রচেষ্টা করেছেন বা করেন নাই, বা করবেন সে সম্বন্ধে সরকারের তরফ থেকে একটা ষ্টেটমেন্ট দেওয়া দরকার।

তৃতীয় কথা হচ্ছে কলিকাতার নিকটবর্ত্তী এলাকা সমূহের জল নিষ্কাশন, বহু জায়গা ওয়াটার লগড হয়ে আছে। সেই সব মাঠে চাষ হয় না, ম্যালেরিয়া রোগের আড্ডা, সেখান থেকে লোকজন চলে গেছে। এই কাজ পূর্ব্বেই গভর্ণমেন্টের অবশ্য কর্ত্তব্য ছিল। সেটা গভর্ণ-মেন্টের ত্রুটী, সে কাজ তাঁরা করেন নাই। এখন সে সম্বন্ধে একটা রেজলিউসন আকারে গভর্ণমেন্ট পক্ষ থেকে এসেছে। যাঁর নামে রেজলিউসনটা উঠেছে, তিনি কিছু বলেন নাই। এটা ২৫ জনের নামে উঠেছে। ১, ৩, ৪, নম্বর আইটেমে ঐ একই কথা। অতএব এটা রেজলিউসন আকারে না আনা গভর্ণমেন্টের পক্ষে প্রশংসনীয় কাজ ছিল।

(Sj. Kali Mukherjee:

আপনি এর বিরোধিতা করুন তাহ'লে।)

এ সম্বন্ধে গভর্ণমেন্ট একটা ষ্টেটমেন্ট দিলেই পারতেন।

এখন কথা হচ্ছে এই যে সল্ট লেক এরিয়া রিক্লেম করবার জন্য, মাননীয় স্পীকার মহাশয়, আপনি না জানতে পারেন, এখানে যাঁরা পুরান মেম্বার আছেন তাঁরা জানেন লীগ গভর্ণমেন্টের আমলে ১৯৪৬ সালে "সল্ট লেক রিক্লামেসন বিল" বলে একটি বিল আনবার চেষ্টা হয়েছিল। বিলের নোটীশ দিয়েছিলেন, আলোচনা করবার কথা ছিল। বিলে এখন যে উদ্দেশ্য রেজলিউসনে আছে, সেই উদ্দেশ্যই ছিল। কংগ্রেসপক্ষ থেকে তখন অত্যন্ত বিরোধিতা করেছিলেন। কারণ তার মধ্যে ছিল যে কোন রকম কলিকাতা সম্প্রসারণের নামে "সল্ট লেক এরিয়া রিক্লেম" করতে গেলে শ্যামবজার থেকে আরম্ভ করে ২৫।৩০ বর্গ মাইলের মধ্যে যে সমস্ত গ্রাম পড়ে, তা উচ্ছেদ করতে হয়। তখন এই গ্রামের লোকের মধ্যে ত্রাহি ত্রাহি রব পড়ে যায়। তারা আমাদের কাছে রিপ্রেজেন্টেসন দেয়, কি করবো, কোথায় উঠে যাবো। যদি বলতেন এই এরিয়ার সল্ট ওয়াটার নিষ্কাশন করে দিয়ে চাষের উপযোগী করবেন, সে আলাদা কথা। এত বড় বিরাট এরিয়া কল্পনা করে দেখুন! যদি বিরাট সুন্দর সহর গড়ে তোলাই উদ্দেশ্য হয় তাহ'লে এই যে হাওড়া মিউনিসিপ্যালিটী, এটাকে ১৯৪৬ সাল থেকে ইমপ্রুভমেন্ট ট্রাষ্টের মধ্যে আনবার চেষ্টা হচ্ছে, এ পর্যান্ত সেখানে কতদূর কি করতে পেরেছেন? বেলিয়াঘাটা এরিয়ার কি করতে পেরেছেন? তারপর টালীগঞ্জ, বালীগঞ্জ নিয়েছেন, তার কতদূর উন্নতি সাধন করতে পেরেছেন? সেদিন যে কারণে আমরা অপোজ করেছিলাম আজও সেই কারণে এর অপোজ করছি। কলকাতা বাড়ান কখনো হবে না। কারণ এর আগে হাওড়া বেলিয়াঘাটার ইম্প্রুভমেন্ট করুন। তারপর এ্যানালিসিস করে দেখা যাবে। ইতিমধ্যে সমস্ত কিছু নেবার জন্য লেভেল আপ করবেন, এ্যাকোয়ার করবেন। আর ওদিকে লোকের হৃৎকম্প হয়ে মারা যাবে। যাদের জমি এ্যাকোয়ার করবেন, তারা যাবে কোথায়? গত ক'বছরে কি প্রগ্রেস করেছেন? একে যদি ইম্প্রুভ করতে হয়, কলিকাতাকে যদি ধীরে ধীরে বাড়াতে হয়

Mr. Speaker: Is your speech in opposition to it?

Sj. Charu Chandra Bhandari:

ইয়েস, আমার স্পীচ হচ্ছে, এর যা মানে হচ্ছে, আমার কথার যা অর্থ হয়, তাই যেন গৃহীত হয়। এতগুলি লোক উঠে যাবে, এটা কি তুচ্ছ ব্যাপার? কলিকাতা বড় হবে, ২৫।৩০ বর্গ মাইল হয়ে যাবে, এই জিনিষ কি কখনও সম্ভব হয়? এ জিনিষটা কোন্ ইঞ্জিনিয়ারের আকাশ-কুসুম কল্পনা? টাকা কোথায় পাবেন, ঠিক নাই; লোক কোথায় যাবে, তার ঠিক নাই। আগে বেলেঘাটা ঠিক করুন, হাওড়া ঠিক করুন, টালীগঞ্জ ঠিক করুন। এটা প্র্যাক্টিক্যাল জিনিষ। গভর্ণমেন্টের নিশ্চয়ই এ জিনিষ করা উচিত নয়। গভর্ণমেন্ট কোন প্রস্তাব গ্রহণ করলে সেটা সংকল্প হয়ে যায়। যে জিনিষ আমরা পারবো না, যে জিনিষ সম্বন্ধে মতদ্বৈধ থাকতে পারে, সেটা এক্সেপ্ট করা উচিত নয়। সেই সল্ট এরিয়া রিক্লেম করে দেন, লোকের চাষের উপযোগী করে দেন, সেখানে মাছ হ'তে পারে। তা না করে লোকের সর্ব্বনাশ করা উচিত নয়।

Mr. Speaker: The resolution is for reclamation.

Sj. Charu Chandra Bhandari:

আমি রেজলিউসনের কথাই বলছি, আমি আর কিছু বলছি না।

আমি গ্যাস প্লান্টের কথায় আসছি। আমি ১ নম্বরের আইটেমের কথা বলেছি, দু'নম্বরের কথা বলছি। সেই জিনিষ করুন।

কলকাতা সম্প্রসারণের যদি পরিকল্পনা করেন, তাহ'লে সেটা আমি অন্তরের সঙ্গে অপোজ করছি। আর যদি সল্ট এরিয়া রিক্লেম করে চাষের উপযোগী করেন, তাহ'লে ভাল কথা। তা নাহ'লে অপোজ করছি।

সংকল্প করবেন, সংকল্প সাধন করবার জন্য, যদি কথা না থাকে তাহ'লে সংকল্প করতে নাই। যদি বৃহত্তর কলিকাতা করবার সংকল্প হয়ে থাকে, তাহ'লে টালীগঞ্জ মিউনিসিপ্যালিটী, হাওড়া ও বেলেঘাটা এই প্ল্যানের অন্তর্ভুক্ত করে নিয়ে উন্নতিসাধন করুন। কি প্রয়োজন আছে এই রেজলিউসন আনবার? যে কাজ অদূর ভবিষ্যতে বা নিকটবর্ত্তী ভবিষ্যতেও করবার সম্ভাবনা নাই, সে জিনিষটা এই রেজলিউসনের মধ্যে ঢোকাবার কোন অর্থ নাই।• এই হচ্ছে আমার বক্তব্য কথা।

এর মধ্যে একটা ভাল কথা আছে। ময়লা জল নিষ্কাশনের ভাল ব্যবস্থা হ'লে পর গ্যাস প্লান্ট করবেন। তা থেকে গ্যাস তৈরী হবে, আমরা আলো পাবো, সুন্দরভাবে তাড়াতাড়ি রান্না হবে। এটা ভাল এটুকু আমি সমর্থন করছি। ডাঃ রায় ভাল করে এ-বিষয়ে একটা ষ্টেটমেন্ট দিলে উপকার হতো।

[5-30—5-40 p.m.]

সেন্ট্রাল ক্যালকাটাতে আগে একদম মশা ছিল না, কিন্তু এখন মশার কি ভয়ানক উপদ্রব দেখা দিয়েছে। কিছুদিন একটা ক্লিনার ক্যালকাটা নিয়ে হৈ হৈ করলেন, কিন্তু কাজ কিছু হ'ল না দেখলাম। সেদিন বহুবাজারে একটা চশমার দোকানে গিয়েছিলাম, দোকানের সামনেই দেখলাম ডাষ্টবিনে স্তুপীকৃত জঞ্জাল, বোধহয় ক'দিন ধ'রে জমেছে। সেখানে গ্যাস তৈরী হচ্ছে, দুর্গন্ধে জায়গাটা ভরে গিয়েছে। এই তো অবস্থা। আমার কথা হচ্ছে যে কাজ আপনাদের অবশ্য-করণীয় তা আপনারা করেন না। শুধু বাজেটের ডিমান্ড ফর গ্রান্টের সময় একটা স্পীচ আসে, তাতে যদি ভাল করে বলে দেওয়া হয় যে এই এই জিনিষ আমরা করব, তাহ'লে আমরা বুঝতে পারি। জমি যখন রিক্লেম করেন তা যদি মানুষের

[Sj. Charu Chandra Bhandari.]

অবস্থা ভাল করার জন্যে হয়, তাদের চাষ-বাস বাড়াবার জন্যে হয়, তাহ'লে তা সমর্থন করি, কিন্তু যদি শুধু কলকাতা বাড়াবার জন্যে করেন তাহ'লে তা অপোজ করি। অন্য জায়গার মিউনিসিপ্যালিটী নিতে হবে, এরকম সুদূরপরাহত জিনিষ যা কোনদিন হবে না তা নিয়ে বসে থাকলে চলবে না।

Sj. Hemanta Kumar Basu: মাননীয় স্পীকার মহোদয়, কলকাতা সহরকে বৃহত্তর করে গঠন করা এবং তার জল সরবরাহ, কলকাতার বিভিন্ন পল্লীর এবং বাড়ীর জঞ্জাল পরিষ্কার ইত্যাদির জন্যে ড্রেনের যে ব্যবস্থা এসব দিকে লক্ষ্য রেখে এই প্রস্তাবটি কংগ্রেসপক্ষ থেকে আনা হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন এটা নন-অফিসিয়াল রেজলিউসন, আসলে কিন্তু তা নয়। তার পার্টিতে এটা আলোচনা হয়েছে এবং মতামত গ্রহণ করা হয়েছে, কাজেই সেদিক থেকে এটা নন-অফিসিয়াল রেজলিউসন নয়, এটা গভর্ণমেন্ট পার্টির এবং তার মধ্যে মন্ত্রিমণ্ডলীর সকলে আছেন, কাজেই গভর্ণমেন্ট পার্টির এটির ব্যবস্থা। কিন্তু এটা পুরান খবর, নোতুন নয়। ২০।২৫ বৎসর ধরে এরকম স্কীম হচ্ছে, কলকাতা কর্পোরেশনের ব্যাপারে, কলকাতায় স্থানীয় এবং বাহিরের এক্সপার্ট পর্য্যন্ত আনা হয়েছে। বিভিন্ন কমিটিতে তারা ছিলেন, এবং মতামত প্রকাশ করেছেন। তাই প্রস্তাবটি আসলে এক্সপার্ট কমিটিরই কথা, কংগ্রেসপক্ষ থেকে রাখা হয়েছে, যেন কংগ্রেস নোতুন কোনো স্কীম দিয়েছে, যদিও আসলে এটা পুরান। ২০।২৫ বৎসর ধরে আলোচিত হয়ে আসছে কি করে কলকাতায় জল সরবরাহ ব্যবস্থা ভাল হয়, ড্রেন ভাল সাফ হয়। কিন্তু দুঃখের বিষয় গভর্ণমেন্ট এই সমস্ত রিপোর্ট, তা এক্সপার্ট কমিটীর হোক, বা গভর্ণমেন্ট বা কর্পোরেশনপক্ষ থেকে হোক, তা কার্য্যকরী করার চেষ্টা করেননি। আজও সেচ-মন্ত্রী যখন বক্তৃতা করলেন তার মধ্যে কোনো সেরকম ইঙ্গিত পেলাম না। কলকাতা সহর যেভাবে বেড়ে গেছে তাতে মনে হয় কখন কি একটা বিপর্য্যয় অবস্থা দেখা দেবে। হরিপদ বাবু ভাল করে বলে গেছেন জলের অবস্থা সম্বন্ধে। আমি দেখেছি কলকাতার যারা বহু কালের বাসিন্দা, ক্রমে ক্রমে তারা স্থানচ্যুত হয়ে যাচ্ছে এবং সে জায়গায় অন্য সমস্ত লোক এসে বসছেন। অবশ্য আমার মনে কোন সাম্প্রদায়িকতা বা প্রাদেশিকতা নেই কিন্তু কলকাতা আর সাধারণ লোকের সহর নেই। এটা এখন বড় বড় ধনী লোকের জায়গা হয়ে যাচ্ছে। যে সমস্ত স্কীম দেওয়া হচ্ছে, হয়ত দেখা যাবে—যেমন ইম্প্রুভমেন্ট ট্রাষ্টের স্কীম তৈরী হয়েছে, বড় বড় রাস্তা তৈরী হবে, তাতে কলকাতা সহরের পুরান অধিবাসীরা যেমন একদিকে উৎখাত হয়ে যাচ্ছে, অপরদিকে বড় বড় বাড়ী তৈরীর ফলে ছোট ছোট বাড়ীর স্বাস্থ্য খারাপ হয়ে যাচ্ছে। তাই সরকার যদি কোনো স্কীম গ্রহণ করেন আমি আবেদন করব যে কলকাতা সহরকে নোতুন করে, সুন্দর করে গড়ুন কিন্তু কলকাতা সহরের পুরাণ দরিদ্র অধিবাসীরা যেন উৎখাত না হয়ে যায়। মধ্যবিত্ত সম্প্রদায়ের জন্যে আমাদের বাংলা সরকারের প্রধানমন্ত্রীর বেদনা আছে দেখতে পাই, কিন্তু সেই মধ্যবিত্ত জনসাধারণ তারা আজ হয়ত কলকাতায় থাকতে পারবে না। চারু বাবু বলেছেন বড় বড় স্কীম হয়ত হবে, কিন্তু বহু লোক তার জন্যে উচ্ছেদ হয়ে যাবে। যেমন হরিণঘাটায় বহু চাষী উচ্ছেদ হয়ে গিয়েছে। তাদের কোনো ব্যবস্থা আজ পর্য্যন্ত হ'ল না। ছোটবেলায় পড়েছিলাম "হোয়াট ইজ স্পোর্ট টু ইউ ইজ ডেথ টু আস"। এখানেই এই কথাটা প্রযোজ্য। যাই হোক আমি বলব স্কীম নিন, কিন্তু এমন কিছু করবেন না যার ফলে ২৫।৩০ বৎসর পরে কলকাতায় এলে পরে মনে না হয় যে কলকাতা সহর বাংলার সহর নয়। আমি পূর্ব্বেই বলেছি আমার মধ্যে কোনো প্রাদেশিক ভাব নেই। বড়বাজার সম্বন্ধে আমার আগে ধারণা ছিল অন্য রকম, কিন্তু দেখলাম যে বড় বড় মাড়োয়ারী তারা দরিদ্র মাড়োয়ারীদের উপর অত্যাচার করছে, যেমন যে কোন ধনী যে কোনো দরিদ্রের উপর করে। তাই বলছিলাম স্কীম যা নিচ্ছেন নিন, কিন্তু দরিদ্র যেন তাতে উৎখাত না হয়। প্রস্তাবটি কার্য্যকরী করা দরকার, কিন্তু যারা বহুদিন কলকাতায় আছে তারা যেন উৎখাত না হয়, তারা যেন সুখে-শান্তিতে সব কিছুর অংশীদার হয়ে বাস করতে পারে, এই আবেদন আমি জানাব।

[5-40—5-50 p.m.]

Dr. Bidhan Chandra Roy: Sir, when this Resolution was put before me I felt that it was necessary that a resolution of this character should be placed before the Assembly. I will give you the reasons why, but before I do so, I want to tell Shri Charu Bhandari that he has put the responsibility for the drainage and water-supply of the city of Calcutta on the Government. I repudiate that responsibility. He has also said casually that the Corporation is under the Government. That also is an untrue statement. Why I like this Resolution to be put before the House is that the House should realise what our difficulties are in the first instance and express its opinion as to the manner in which these deficiencies have to be solved. Shri Charu Bhandari has himself mentioned that the scheme for the Salt Lake area which came during the Muslim League time was opposed by the Congress members. Do you not think that if there is a proposal for reclaiming the Salt Lake areas, there is a necessity for finding out what the members of the Assembly today

feel with regard to this problem, having regard to the fact that this was opposed by a certain section in the old Assembly? It is not as if the Government could do anything, and it is merely a sort of eyewash. It is for this that Government would like to have an expression of opinion on the part of the Assembly members as to what they consider the proper solution of this problem.

Dr. Narayan Chandra Ray: আমার এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে বলবার জন্যই ... সমস্ত বলছি। এদের মিলিটারীর কাছে অনে... টাকা পাওনা ছিল, সেটা ট্যাক্সেসনের মধ্যে উল্লে... করা উচিত ছিল যাতে আমি মনে ক... করপোরেশনের আয় বেড়ে যেত। তিন নম্বর আমি আশা করেছিলাম আজ এই মিউনিসিপ... এ্যামেন্ডমেন্ট বিল নূতন করে আবার আনা হচ্ছে... এতে বস্তি সম্বন্ধে উল্লেখ থাকবে। এই বস্তি সম্পর্কে করপোরেশনের নিজের রিপোর্টেই রয়েছে বড় বড় অভিযোগ। কমিশনার নিজেই বলেছেন কন্সোলিডেটেড রেট অফ ট্যাক্সের কথায় রয়েছে যাতে একটা সিংগল রেট অফ ট্যাক্স হয়, কারণ গরীব লোকের অনেকগুলি বাড়ী একত্র ধরার জন্য একটা হাই রেট পড়ে যায়, সেই জন্য ইনডিভিজুয়াল হোল্ডিংএ না হ'লে তাদের উপর ১২½ পারসেন্ট রেট বেশী পড়ে যায়, এটা রেমিসন পাওয়া উচিত। এর মধ্যে এটা উল্লেখ থাকা উচিত ছিল। সেখানে গরীবরা যাতে সেই বেনিফিট নিতে পারে এই রকম উল্লেখ থাকবে আমি আশা করেছিলাম এবং মনে করেছিলাম এই রকম সাজেসন এর মধ্যে আমরা পাবো। তারপর বস্তি উন্নয়ন সম্বন্ধে করপোরেশনের দায়িত্ব আছে, বাড়ীওয়ালারও দায়িত্ব আছে। এই দায়িত্ব পায়খানা তৈরী করা প্রভৃতি অনেকগুলি ছোট ছোট আইটেম আছে। এই বিলের মধ্যে বাড়ীওয়ালার উপর দেওয়া হয়েছে কিন্তু করপোরেশন এই সম্বন্ধে কি করতে পারে তা বলা হয়নি। যদি এই বিল সার্কুলেসনে দেন এবং এর সংশ্লিষ্ট লোকদের ওপিনিয়ন নেন তাহ'লে যে সব এ্যামেন্ডমেন্ট আমরা প্লেস করেছি এবং কলিকাতাবাসী যা চায় সেইভাবে এই বিল হ'তে পাবে। সেই জন্য আমি বলছি যে এই বিল সার্কুলেসনে পাঠান। কতকগুলি দরকারী কথা ছিল—শুধু এড্মিনিষ্ট্রেসনের দিকে না গিয়ে, জনসাধারণের মত ও অভিযোগ শুনে, তারা কি চায় সেটা শুনে, নূতন করে এই বিল আনুন। পূর্ব্ববর্ত্তী বক্তা বলে গিয়েছেন যে কমিশনারের হাতে আরো পাওয়ার দেওয়া হয়েছে, এটা সত্যই গণতন্ত্রবিরোধী। আমরা বলছি ইলেক্টেড মেম্বার্সদের ক্ষমতা বাড়িয়ে দিন এবং দরকার হ'লে কমিশনারের হাত থেকে ক্ষমতা কমিয়ে দিন। কিন্তু তার বদলে আমরা দেখছি যে কমিশনারের হাতে ক্ষমতা বাড়ান হচ্ছে এবং গরীবদের উপর চাপ বেশী বাড়ছে। ক্লজ বাই ক্লজে যা আছে তাতে দেখতে পাচ্ছি যে নূতন নূতন ভাবে টাকা উপায়ের জন্য ৪½ পারসেন্ট ইন্টারেস্টের

[২· ৬২ পারসেন্ট ইন্টারেস্টের কথা উঠেছে।
Sj...দের উপরেই বেশী চাপ পড়বে। আমি
Sir... এই বিল তাঁরা সার্কুলেসনে দেবেন এবং
circ...বের সুখ-স্বাচ্ছন্দের জন্য নূতন একটা
ing...বেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ
Jul

Sj. Subodh Banerjee:

...স্পীকার, স্যার, এই "ক্যালকাটা মিউনিসিপ্যাল ...মেন্ডমেন্ট বিল সার্কুলেশন"এ দেবার জন্য আমার যুক্তি হচ্ছে এই যে সত্য কথা বলতে গেলে আগে আসল যে আইন আছে—"ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৫১"—সেটার প্রায় প্রত্যেকটি ধারাকেই ওপেন করা হয়েছে এই বিলের দ্বারা; বিশেষ করে সেই সমস্ত ধারাগুলিকে ওপেন করা হয়েছে যেগুলি সম্বন্ধে জনসাধারণের দীর্ঘ দিন ধরে বক্তব্য আছে এবং যেগুলি সম্বন্ধে, করপোরেশনকে সংশোধন করবার জন্য যে কমিশন বসেছিল, তাদেরও রেকমেন্ডেশন আছে। যখন নূতন করে এই বিলটা আনা হচ্ছে তখন বিলটা এমনভাবে আনা উচিত, আমি মনে করি, যাতে জনস্বার্থ রক্ষা হতে পারে। করপোরেশনের চিরকালের নাম আছে—এজিয়ান স্টেবল্—যার ময়লা নেতাজী থেকে আরম্ভ করে শেষ পর্যন্ত পরিষ্কার করতে পারা যায়নি তার কারণ দেখা দরকার। সত্যই যদি গভর্ণমেন্ট চান যে এই ময়লা এখানে না জমে তাহ'লে আইনগুলি এমন করে করা দরকার যাতে চুরি-চামারি, ঘুষ নেবার সুবিধা না থাকে এবং যাতে ময়লা না জমতে পারে। সেইদিকে লক্ষ্য রেখে এই বিল তৈরী করার জন্য এবং জনসাধারণের বক্তব্য শুনে সেই বক্তব্যগুলি এই বিলের মধ্যে নিয়ে আসার জন্য আমি এই বিলটাকে সার্কুলেশনের জন্য দিতে চাই। প্রথম কথা, বিল যখন আনা যায় তখন লক্ষ্য হওয়া দরকার যে এই আইন জনসাধারণের কতখানি স্বার্থ রক্ষা করছে, জনসাধারণের কতখানি সেবা করছে, কিন্তু এই উদ্দেশ্য আইনের মধ্যেও দেখি না, বিলের মধ্যেও দেখি না। একটা উদাহরণ দিলে জিনিসটা পরিষ্কার হবে। আসল আইনের ৩৯৯ ও ৪০০ ধারা যদি দেখেন তাহ'লে দেখবেন বস্তি ইম্প্রুভের কথা আছে। সেই অনুসারে বস্তির মালিকরা যদি কোন কাজ না করে তবে এই মালিকদের পেনাল্টি ক্লজের জোরে কোন সাজা দেবার পথ নেই। বস্তির মালিকরা যদি আইন ভায়োলেট করে তবুও তাদের কোন সাজা হয় না। আমি অবাক হয়ে গিয়েছি যে এই বিল মূল আইনকে এ্যামেন্ডমেন্টের জন্য আনা হয়েছে, কিন্তু মূল আইনের আসল ধারা ৩৯৯ ও ৪০০—তার গায়েও হাত দেওয়া হয়নি এই বিলে। অনেকে বলেছেন যে তাদের দেহ ও প্রাণ রক্ষা করবার জন্য যা দরকার সেই জল ও পায়খানা দেওয়া হয়েছে। এবং বস্তিবাসীদের কমফর্টের কথা অনেক বা... কিন্তু আমি এমন একটা বস্তির কথা জানি—২... রোডে, সেখানে ২৫০ ঘর লোকের জন্য মাত্র দুইটা পায়খানা আছে।

[4-30—4-40 p.m.]

জলের অবস্থা যে রকম, আলোর ও বাড়ীঘরের অবস্থাও সেই রকম। অথচ এই অবস্থা যে কেবল পুরান বস্তীগুলিতেই রয়েছে তা নয়। নতুন বস্তী করার সময়ও এ বিষয়ে লক্ষ্য রাখা হয় না, এটা লক্ষ্য করা এবং এদিকে চিন্তা দেওয়া দরকার। আইনের কোনই মূল্য থাকে না, যদি তাতে আইন ভংগকারীর সাজা দেয়ার অধিকার না থাকে। যারা আইনকে ফ্লাউট করবে তাদের সাজা দেয়া যাবে না—এ রকম হতে পারে না। সাজা দেবার মতন মনোভাব এ আইনে কোথাও নেই। ঐ ৪০০ ধারায়ও যা আছে সেখানেও দেখবেন এমন নরম করে কথাটা বলা আছে, তার ফলে, ওঁরা জানেন, যে বস্তীর মালিকেরা চোখ-কান বুজে সেগুলি অগ্রাহ্য করেই চলেছে।

দ্বিতীয় কথা যেটা, সেটা নিয়ে আমি আজ আর অলোচনা করব না, হরিপদ বাবুই বোধহয় সেটা নিয়ে আলোচনা করবেন অতএব দুটোতে ক্ল্যাশ করবে বলে আমি আর বলব না। বহুদিন থেকে জনসাধারণের যে কমপ্লেনটটা চলে আসছে কর্পোরেশনের জল আর ইলেকট্রীক লাইটের ব্যবস্থার জন্য, সেটার ভাল বন্দোবস্ত হওয়া একান্তই দরকার। সমস্তই ইলেকট্রীক লাইট না করে, কেন গ্যাস কোম্পানীকে কন্ট্রাক্ট দেয়া হয়। লোকে বলে ডাঃ রায় নাকি ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর ডিরেক্টর, সেই জনাই গ্যাস কোম্পানী এই সুবিধাটা ভোগ করছে।

Dr. Bidhan Chandra Roy: It is not true. It is a lie.

Sj. Subodh Banerjee: May be.

এ কথা আমি বলছি না, কলকাতা কর্পোরেশনের অধীনস্থ লোকেরাই বলে, আমি জানি না।

Dr. Bidhan Chandra Roy:

না জেনে বলা কি উচিত? তাতে সত্যের অপলাপ করা হয়।

Sj. Subodh Banerjee:

ইলেকট্রীক লাইট না করার যুক্তিটা যা দেয়া হয় সেটা হচ্ছে ইলেকট্রীক কারেন্ট যদি ফেল করে কলকাতা সহর তাহ'লে অন্ধকার হয়ে যাবে, আর যত সব চোর ডাকাতদের এক্তারে কলকাতার সহরটা এসে যাবে। তাই ইলেকট্রীকের বদলে গ্যাসের আলোই নাকি থাকা দরকার। এই বলে গ্যাসের আলো চালিয়ে রেখেছেন, তা রাখুন। কিন্তু ইর্গনিসন পয়েন্টের দিকে লক্ষ্য রাখুন। গ্যাস কোম্পানী গ্যাসের সঙ্গে বাতাস মিশিয়ে দেয়, ফলে আলো কম জোর হয়। একমাত্র ময়দান ছাড়া আর সর্ব্বত্রই এই রকম হচ্ছে। ময়দান সেক্সনে একটা স্পেশ্যাল কনেকসন আছে। যারা এই রকম কাজ করবে তাদের উপযুক্ত সাজা হবে, এই রকমের একটা ধারা বিলের মধ্যে থাকা উচিত। কিন্তু কোন কথাই এ সম্বন্ধে নাই, যদিও কলকাতার অধিবাসীদের দীর্ঘ দিনের দাবী এটা।

তৃতীয় জিনিষ হচ্ছে, কর্পোরেশনের গঠন সম্বন্ধে যে কথা আছে, তা দেখে অবাক হতে হয়। ষ্ট্যান্ডিং কমিটিটা দেখুন। এর গঠনের দিকটায় একবার তাকিয়ে দেখুন—কিরকম ব্যাপার। ৮০ জন কাউন্সিলারের মধ্যে এক পক্ষে আছে ৪২, আর বিরোধী দলে আছে ৩৮ জন। সেই ৪২ জনই

[Sj. Subodh Banerjee.]

মাত্র ষ্ট্যান্ডিং কমিটি এবং অল্ডারম্যান হিসেবেও যেতে পারবে, কেন না দুটী মাত্র ভোট বেশী থাকার জন্য তারাই সিম্পিল্ মেজোরিটি হয়েছে। এইটে কি আইনে থাকা উচিত? ৩৮ আর ৪২এর মধ্যে ৩৮এর কোনই রিপ্রেজেন্টেশন কোন কমিটিতে থাকবে না—এরকম বিধান আইনে কোথাও থাকা উচিত নয়। যুক্তির দিক দিয়ে বলুন বা নীতির দিক দিয়ে বলুন এ জিনিষ থাকা উচিত নয়। আইনে করা উচিত, যার যে রকম শক্তি সেই রকম রিপ্রেজেন্টেশন থাকবে। "প্রোপোরসনাল রিপ্রেজেন্টেশন বাই মেথড অফ সিংগল ট্রান্সফারেবল্ ভোট" থাকার কথা, আইনে কিন্তু তা নাই। আজ যখন বিল এনেছেন, এ্যাক্টটা এ্যামেন্ড করার জন্য, তখন এই সব এ্যামেণ্ডমেন্টের মধ্যে এটা দেয়া উচিত ছিল। এই রকম আসল জিনিষ, প্রত্যক্ষ জিনিষ একেবারেই না দিয়ে এবারে পরোক্ষ জিনিষগুলি দেয়া হয়েছে। কর্পোরেসানে এবার যে কমিটি গঠিত হয়েছে তাতে বিরোধীপক্ষ থেকে ষ্ট্যান্ডিং কমিটিতে একজনও লোক যায় নাই, যেতে পারে নাই। এ জিনিষটা মহা গন্ডগোলের সৃষ্টি হয়েছে, অপোজিশন থেকে সংখ্যামত

(Dr. Srikumar Banerjee: Not one.)

একজনও যায়নি! তাহ'লে এমন একটা ব্যবস্থা করুন যাতে সত্যিকারের বিভিন্ন মতের ও পার্টির লোক নিয়ে কমিটি গঠিত হতে পাবে। নৈলে যা হবে সে হচ্ছে মেজোরিটির ব্রুট ফোর্স, অথবা "ব্রুট ফোর্স অফ ব্রুট মেজোরিটি" যা নাকি চোখের উপর এখানে দেখছি। এই যে "নেগেসন অফ ডেমোক্রাসী"—এটা যদি সেখানেও চালান হয়, এবং সেইভাবেই যদি এ বিলের এ্যামেন্ডমেন্ট চালিয়ে যান, তাহ'লে সে হবে ভয়ংকর রকমের একটা সর্বনেশে জিনিষ। ষ্ট্যান্ডিং কমিটির মধ্যে বাইরের লোক, অল্ডারম্যান এবং মেম্বর ছাড়াই কিছু এসোসিয়েট করা যেতে পারে। অল্ডারম্যানের বেলায় আপনারা বলছেন যে লোক জেনারেল ইলেকসনে হেরে গিয়েছে সে লোক অল্ডারম্যান হতে পারে না। খুব ভাল কথা, এইটেই হওয়া উচিত। কিন্তু এটা কেন ষ্ট্যান্ডিং কমিটি সম্বন্ধে চলবে না?

Mr. Speaker: Please confine yourself to the subject-matter. You are roving over other matters. Yours is a circulation motion. You have got amendments later. Please confine yourself to the motion.

Sj. Subodh Banerjee:

সুতরাং এই জিনিষগুলি এখানে থাকা দরকার, এই নীতিটা স্বীকৃত হওয়া দরকার যে পূর্ববর্তী ইলেক্সনে যে হেরে যাবে তাকে কোন ষ্ট্যান্ডিং কমিটিতে এসোসিয়েট করতে পারা যাবে না, এটা অন্যায় দাবী নয়। আরো সব উদাহরণ আমি যখন ক্লজের এ্যামেন্ডমেন্ট মুভ করব তখন দেখাব। এমন ক্ষেত্র হয়েছে যে যাকে নেয়া উচিত নয়, তাকে নেয়া হয়েছে। ফিনান্সিয়াল ইন্টারেষ্টের ব্যাপারে এই কলকাতা করপোরেশনে যা হয় তা ধাপার মাঠের সংগে তুলনা করা চলে। এগুলো দূর করা দরকার।

তারপরে টেন্ডার। এই টেন্ডারের ব্যাপারে কর্পোরেশনে কি ঘটে, সেখানকার চুরির কথা সকলেই জানে। এবং এই টেন্ডারের ব্যাপারটার, আইন যেভাবে রচিত হয়েছে, তাতে কারো কোন দায়িত্ব নাই। এবং এই দায়িত্বহীনতার দরুন বহু গন্ডগোল হচ্ছে। যেমন কয়লা সংগ্রহের ব্যাপারে হয়েছে—৫টা ৭টা কোম্পানিকে দেয়া হ'ল।

Mr. Speaker: Please speak on the general principles of the Bill. If it is a consideration motion, speak on whether it should be considered or circulated. That is the broad question before the House.

Sj. Subodh Banerjee:

এই সব দ্বারা দেখাচ্ছি যে এই জন্য এটা সার্কুলেট করার কথা বলছি। এটা এখন কন্সিডার করা উচিত হবে না, কারণ এই যে দোষগুলি রয়েছে এই দোষগুলি সম্বন্ধে লোকের মতামত আগে জানা দরকার। এবং সেই দোষগুলি কি তা জানানোর জনাই আমি বলছি, তা'ছাড়া অন্য কোন কারণ নাই। যে কথা বলছিলাম, কয়লার টেন্ডারের ব্যাপার। কয়লা কলকাতা কর্পোরেশনের একটা খুব ইম্পর্ট্যান্ট ব্যাপার। তার কয়লার অভাব ঘটলে সারা কলকাতা সহরে জলের অভাব ঘটবে। মিঃ খানের আমলে একবার পলতা ওয়াটার-ওয়ার্কসের জন্য মাত্র দু'দিনের কয়লা ছিল, তখন মিঃ খান, এমন একটা পজিসন ক্রিয়েট করেছিলেন যে সমস্ত কলকাতা সহরকে তোলপাড় করেছিলেন। তিনি সমস্ত জায়গায় কয়লা খুঁজে খুঁজে কলকাতাবাসীদের নাস্তা-নাবুদ করে ছেড়েছিলেন। দায়িত্ব কারোই না থাকায় যে যার খুসী মতন কাজ করে চলেছেন। সেজন্য দেখা যায় বেশী ছাইযুক্ত, যার ক্যালোরিক ভেল্যু কম, সেই কয়লাকে ষ্ট্যান্ডার্ড এ, ষ্ট্যান্ডার্ড বি করে দেয়া হচ্ছে। এবারে ৫টা টেন্ডারই একটী মাড়োয়ারী ভদ্রলোককে খুসী করবার জন্য দেয়া হয়েছে, খারাপ ষ্ট্যান্ডার্ডের কয়লা এবং তার জন্য খরচ বেশী পড়বে, বেলওয়ে ফ্রেট্ চার্জ্জ বেশী হবে জেনেও। শোনা যায় এই মাড়োয়ারী ভদ্রলোক এর প্রতিদানে একটি দলের কাগজে কয়েক লক্ষ টাকা দিয়েছেন এবং তারপরে এমন একটা স্কীম পাইলটেড্ হয়েছে যাতে ওয়াগনের ব্যাপারে ফার্ষ্ট প্রেফারেন্স হচ্ছে শিপিং, সেকেন্ড ইলেক্ট্রীসিটি এবং থার্ড হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন। অথচ এটা ইম্পরট্যান্ট ব্যাপার। যদি কয়লার জরুরী দরকার দেখা দেয় তবে মনে রাখতে হবে যে কর্পোরেশন কয়লা পাবে না এবং তার ফল কি তীব্র তা সকলেই জানেন। যখন এটা গেল কমিশনারের কাছে এবং তাঁকে জিজ্ঞাসা করা হ'ল, কে এই পাইলটের অর্ডার দিয়েছে, তখন তিনি স্বচ্ছন্দে বল্লেন, "আমার কাছ থেকে যায় নি, আমি জানি না"; মূল আইন এমনভাবে রচিত হয়েছে যাকে বলা যায়—

Nobody's business.

Mr. Speaker: That is a matter for agitation within the Corporation Chamber. It should not be raised here.

Sj. Subodh Banerjee:

তাই যদি হয়, তাহ'লে আইন হওয়া উচিত কমিশনারেরই থাকবে দায়িত্ব যা কিছু ভুল-ত্রুটি হবে, কমিশনারকেই জবাবদিহি করতে হবে। আমার কথা হচ্ছে একজন লোকের উপর দায়িত্ব দিন, যার আদেশ হবে এ সপর্কে ফাইনাল। তা নাহ'লে এখন যা হচ্ছে—"এভারিবডিজ বিজিনেস ইজ নোবডিজ বিজিনেস"—ভাগের মা গঙ্গা পায় না—এ বলে এটা অমুকের দায়িত্ব, সে আবার বলে তমুকের দায়িত্ব, কাকেও নির্দ্দিষ্ট কোরে ধরতে পারা যায় না। কি ষ্ট্যান্ডিং কমিটি কি কমিশনার কাউকেই ধরতে পারা যায় না, অথচ এই রকম একটা অন্যায় বরাবর চলে যাচ্ছে, এ জিনিষগুলি দূর করা দরকার, এবং এটাও হচ্ছে জনসাধারণের বরাবরের দাবী, সেই জন্য আমি বলব এই বিল সার্কুলেশনে পাঠানো হোক এবং জনসাধারণ যে রকম বলে সেই রকমভাবে এই "ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৫১", সংশোধন করা হোক।

[4-40—4-50 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয, আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করবো। কারণ তা না হ'লে আমার বলবার কিছু সুবিধা হবে না।

প্রথম কথা, আমার দুর্ভাগ্য, যখনই আমি কথা বলি, আমাদের প্রধানমন্ত্রী অন্যমনস্ক থাকেন।

Mr. Speaker:

আপনি যা বললেন, সব সময় কি তিনি তা শুনবেন?

Sj. Haripada Chatterjee:

হ্যাঁ, তিনি সব সময় শুনবেন। কারণ তিনি হচ্ছেন নাটের গুরু। তিনি কর্পোরেশনকে গোল্লায় দেবার ব্যবস্থা করেছেন। তিনি প্রথম যে এ্যাক্ট করেছেন, আগেই তাতে আপত্তি করেছিলাম। তিনি তা জানেন। কমিশনাররূপী হিটলার খাড়া করে জনসাধারণের যেটা সম্পত্তি ছিল, বহু চেষ্টায় যেটা তৈরী হয়েছিল, সেটা তিনি একেবারে নস্যাৎ করে দিয়েছেন। এই কর্পোরেশনের ব্যাপারে কেন আপত্তি করছি? কারণ সে বিষয়ে তাঁদের কোন জ্ঞান নাই, কোন প্রিন্সিপ্‌ল্‌ জ্ঞান নাই, সরকারের কোন নীতি নাই। এক স্বেচ্ছাচারিতা ছাড়া আর কোন নীতি কর্পোরেশনের ব্যাপারে সরকারের নাই। যখন ইচ্ছা তিনি সুপারসেসন করেন; তাঁরা যখন ইচ্ছা সুপারসেসন করার পর রিভ্যালুয়েসন করেন; তাঁদের নীতিতে কিছুই বাধে না। ইচ্ছামত সুপারসেসন করেন, রিভ্যালুয়েসন করেন। মহেন্দ্র ঘোষ রায়-বাহাদুর, তাঁকে নিয়ে এলেন। যিনি খুলনার লোক, লীগ আমলের স্বনামধন্য রায়-বাহাদুর মহেন্দ্র ঘোষকে তাঁরা আনলেন রিভ্যালুয়েসন করতে, একটুও তাতে রাখল না। যাকে বলে একেবারে রাইডিং রাফসড্‌। কিছুই তাঁদের বাধে না। তা কেন? তাঁরা এই রিভ্যালুয়েসন বন্ধ রাখতে পারতেন একটা অর্ডিন্যান্স করে। তা তাঁরা করলেন না। তাঁদের বেলায় সব আছে। দায়িত্ব কার বেলায়? ওয়াটার-সাপ্লাই কাদের দায়িত্ব? কর্পোরেশনের নয়? আজ আমরা ভলকানোর উপর বসে রয়েছি। আমাদের ২৫ লক্ষ লোকের জল সরবরাহের ব্যবস্থা যখন তখন ভেঙ্গে যেতে পারে। সেই সম্পর্কে সরকার একেবারে উদাসীন। প্রধানমন্ত্রী মহাশয় বলে দিন্‌ তাঁদের কোন দায়িত্ব নাই। আজ যদি ২৫ লক্ষ লোকের জল-সরবরাহ ব্যবস্থা ভেঙ্গে যায় তাহ'লে তাঁরা কি পশ্চিম বাংলার গ্রামে গ্রামে ছুটবে জলের জন্য? কলিকাতা সহর যদি নষ্ট হয়ে যায়, তাহ'লে কি থাকে? অথচ সে বিষয়ে আমাদের প্রধানমন্ত্রী মহাশয় একেবারে উদাসীন, তাঁদের কোন দিকে লক্ষ্য নাই। তার মধ্যে গতবার রিভ্যালুয়েসন করেছেন। এ সম্বন্ধে একটা ডেপুটেশন গেল স্বায়ত্তশাসন মন্ত্রীমহাশয়ের কাছে। তিনি বল্লেন আইন আছে। সেটা ভাল কি মন্দ তা দেশের লোককে বুঝতেও দেনন না, অমনিই হাজির করলেন! যেখানে ইচ্ছা আছে, সেখানে পথও আছে। "হুয়ার দেয়ার ইজ এ উইল, দেয়ার ইজ এ ওয়ে"। ইচ্ছা তো আর নাই। খালি স্বেচ্ছাচারিতা করবো। নিজেরা যা করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন, তাও তাঁরা করেন নাই।

আমি এখানে দেখাই "রিপোর্ট অফ দি কর্পোরেশন অফ ক্যালকাটা ইন্‌ভেষ্টিগেসন কমিশন, সেকেন্ড ভলুম" থেকে। ওঁরা তো কর্পোরেশনের দুর্নীতি দূর করবার জন্য মহা ব্যস্ত হয়ে পড়লেন। সুপারসেসন করলেন, কমিশন বসালেন। কিন্তু সেই কমিশনের একটা রেকমেণ্ডেসনও কার্যকরী করলেন না। প্রথম দেখাই ড্রেনেজ সম্বন্ধে। কাল আমি বলতে পারিনি। কিন্তু ১২৭ পাতায় আমি দেখাচ্ছি—সেখানে আছে—

"This scheme as originally prepared was estimated to cost ...."

কুল্টী স্কীম আগে করলে ৬৫ লক্ষ টাকায় হ'ত। "ইট ওয়াজ স্যাংসন্ড ইন মে, ১৯৩১" কিন্তু আজ পর্যন্ত তার কিছু হয় নাই। কুল্টী স্কীম এখন করতে গেলে বহু বেশী গুণ টাকা লাগবে। এখনও সেটা পড়ে আছে, সেদিকে তাঁদের লক্ষ্য নাই। যখন যেটা করেছেন সব "মিসইউজ অফ কর্পোরেশন প্রপার্টি"। এটা তো একটা অসম্ভব ব্যাপার হয়েছে। কুল্টী সম্বন্ধে সংশ্লিষ্ট অফিসার সেখানে দিব্যি জমি বন্দোবস্ত দিচ্ছেন, তার শস্য নিচ্ছেন, সব করছেন। তারপর ৪৮ পাতায় দেখুন এদের যে বিশ্বাস কমিশন—সি, সি, বিশ্বাসের কমিশনের যে রেকমেণ্ডেসন, কি ভয়ংকর সব ব্যাপার—

"The evidence also disclosed that the produce was shared by the local Corporation staff. Indeed Asoke Das even mentioned the Outfall Engineer, Mr. A. N. Banerjee, had his share and a *gola* to collect the produce which he shifted to Kantantalla some time ago. It is unbelievable that malpractices of

[Sj. Haripada Chatterjee.]
his subordinate staff were unknown to the Outfall Engineer, Mr. A. N. Banerjee. No enquiry has been made to ascertain the exact amount of profit."

Mr. Speaker: How is that relevant, Mr. Chatterjee? It is on that report that the original Act was passed.

Sj. Haripada Chatterjee:

তার রেমেডি হয়নি, স্যার, এখনও সে জিনিষ চলছে। ভেড়ীতে তারা সব জিনিষ নিয়ে যাচ্ছে, সার দিচ্ছে, মাছ তৈরী করছে, এখনও সেই সব শস্য তাঁরা খাচ্ছেন। কত এলেন, কত গেলেন। এলেন আমাদের এস, এন, রায়। একপাল মেয়েছেলে নিয়ে এসে চাকরী দিলেন— ত্রিবেদী। চাকরীর ব্যাপারে চরিত্রের কোন বালাই থাকবে না, এই তাঁর মত। সে চরিত্রের কথা না-ই বা বল্লাম। তিনিও চলে গেছেন। সবই হ'ল, হয়নি কেবল দুর্নীতি দূর। যত খুসী লোকের ট্যাক্স বাড়িয়েছেন। চরম স্বেচ্ছাচারিতা একটা লোকের, বাংলাদেশে তার পরিণতি হয়েছে, সব জায়গা খারাপ, কর্পোরেশনে তার ধাক্কাটা সবচেয়ে বেশী গিয়ে লেগেছে।

"No enquiry has been made to ascertain the exact amount of profit from the land or of the profits from the trees."

আজ পর্যন্ত তা হয়নি। কমিশন রেকমেণ্ডেসন করলো ১৯৫০ সালে। কোন আইন হলো না। সেদিকে তাদের লক্ষ্য নাই। তারপর যে ষ্ট্যাণ্ডিং কমিটি ওঁরা করেছেন—আগে সেটা এক বছরের জন্য থাকতো এখন সেটা তিন বছর রাখবার ব্যবস্থা হয়েছে। ওদিকে লোকাল সেল্ফ-গভর্ণমেন্টের মন্ত্রীমহাশয় তো খুব হাসছেন বসে বসে। এতে প্রোপোর্শনাল রিপ্রেজেন্টেশন পর্যন্ত নাই। আগে লীগ আমলে ওপোজিসনকে তারা এই রকম গুরুতর ব্যাপারে কন্সাল্ট করতো। কিন্তু এখন আর সে বালাইও নাই। এমনই স্বেচ্ছাচারী ব্যবস্থা যে নিজের পার্টীর লোককে পর্যন্ত তিনি এ ব্যাপারে বশে আনতে পারেননি, তারাও সব কিছু জানতে পারেননি। এখন যে কমিটী হবে তা হবে মেজরিটি দিয়ে, সিংগল ট্রান্সফারেবল ভোটে হবে না। তা থেকে এর অপোজিসনকে একেবারে উঠিয়ে দিচ্ছেন। অপোজিসন না থাকলে কাজও কিছু হবে না। আমি সেদিন বলেছিলাম, তিনি স্বীকার করেছেন যে "গড সেভ মি ফ্রম মাই ফ্রেণ্ডস"। বন্ধু যে আমরা, এই সত্য কথাটা তাঁর মুখ দিয়ে বেরিয়েছে। আমরা না থাকলে শাসন ব্যবস্থার সব দোষ-ত্রুটী ধরিয়ে দেবে কারা? এঁরা সব পার্টি সিস্টেমে চালাচ্ছেন। কর্পোরেশনে চরম স্বেচ্ছাচারিতা চালাচ্ছেন, তাঁর যা খুসী, তাই করছেন।

যখন এটা আনলেন, তখন কত চীৎকার। কর্পোরেশনের যে টাকা পড়ে আছে, সেটাও আদায় হয়, চেষ্টা করলে আদায় হতে পারে। কত এলো, কত গেলো। কিন্তু আসল ব্যাপার কিছু হ'ল না। এক্জিকিউটিভ অফিসার যতই বসান, কিছুই হবে না। আমি দৃষ্টান্ত দিয়ে দেখাচ্ছি। ১৭৫ পাতায় আসি। এই কমিশন করে টাকা খরচ করে দরকার কি? তার রেকমেণ্ডেসন কাজে লাগে না। সবই তো তারা ধামাচাপা দেন। কুচবিহার এনকোয়ারী কমিটি হলো, তার রিপোর্টও দিনের আলো দেখতে পেল না। ইউনিভার্সিটি এনকোয়ারী কমিটি হলো, সেও পার পেল না। তার রিপোর্টও এলো, অথচ সেটাকে এরা ধামাচাপা দেবেন মনে করছেন। এ করে কি তারা শাসন-ব্যবস্থা চালাতে পারবেন? ২৪-পরগণার লোক না খেতে পেয়ে কলকাতার ফুটপাথে চলে আসছে, চারিদিকে ছড়িয়ে পড়ছে।

Mr. Speaker: Please do not traverse over the whole field of administration of the State.

Sj. Haripada Chatterjee:

আচ্ছা, আমি যাচ্ছি। আপনি যা বলেন, তাই শুনি। আমি কি কখনও আপনার অবাধ্য হয়েছি? (তুমুল হাস্য।)

আমি বলছিলাম আনরিয়েলাইজ্‌ড এ্যাসেট্‌স্ কি রকম দাঁড়িয়েছে দেখুন। এর আগে যা ছিল সেটা বাড়তে বাড়তে ৪৭।৪৮ সালে এসে দাঁড়ালো ১ কোটী ২৬ লক্ষ ৭২ হাজার ৬৩৩ টাকা। কতদিন হয়ে গেল, এখনও সেই আনরিয়েলাইজ্‌ড এ্যাসেট্‌স্ আদায় করবার চেষ্টা পর্যন্ত নাই। খালি এদের লম্বা লম্বা বক্তৃতা। আসল কথা তাঁরা স্বেচ্ছাচারিতাই চালাবেন।

সেদিন ডিস্‌কাসন করবার সময় একটা রেগুলেশনের কথা বল্লে, উনি বল্লেন যে লাইব্রেরীতে দিয়ে এসেছি। কেন, লাইব্রেরীতে দেওয়া, আর হাউসে দেওয়া কি এক কথা? সব কিছুই তাঁরা এই হাউসে প্লেস করতে বাধ্য। যেমন তাঁরা পাব্লিক সার্ভিস কমিশনের রিপোর্ট হাউসে প্লেস করতে বাধ্য। আমি কোন ভাষা খুঁজে পাচ্ছি না, এদের স্বেচ্ছাচারিতার নিন্দা কি ভাষায় করবো?

[4-50—5 p.m.]

আমি বলি এই প্রিন্সিপ্‌ল্‌টা ঠিক করুন। সত্যি, আপনাদের দায়িত্বটা কোথায় আছে? কলিকাতাবাসীর দুর্গতির জন্য আপনাদের কি কোন দায়িত্ব নেই? যদি বলেন কলিকাতায় জল সরবরাহ করবার দায়িত্ব আপনাদের নেই, যদি বলেন কর্পোরেশনের ভিতর চুরী করে সব শেষ হয়ে গেল, তাহ'লে আবার এই বিলটা আনছেন কেন? আপনাদের স্বেচ্ছাচারিতা বজায় রাখবার সুবিধা হবে বলে? বাংলাদেশের লোককে নানা কৌশলে হাত করবার চেষ্টা করছেন। আপনারা ২৯টি মন্ত্রী-উপমন্ত্রী নিয়েছেন। নানা রকম টার্মস ও সুবিধা দিয়েও বিজ্ঞাপনের মারফৎ আপনারা দেশের বহু লোককে হাত করেছেন, কিন্তু এইভাবে আর বেশী দিন চলবে না। আমি সাবধান করে দিচ্ছি—দেশের জনসাধারণ এত বোকা নয়, এখনও সময় আছে, তাদের সঙ্গে কন্‌সাল্ট করুন। অন্ততঃ হাউসের সকল মেম্বরকে নিয়ে বসুন, তাহ'লে তবু কিছুটা কাজ হবে।

...র তা নাহ'লে যদি এই মনোভাব নেন্ যে অপোজিসন পার্টিকে অবহেলা করবো, অগ্রাহ্য করবো, তাহ'লে তার দ্বারা দেশের মংগল হওয়া কখনও সম্ভব নয়। এখনও সময় আছে একটু ভেবে চিন্তা করে দেখুন, তা নাহ'লে আপনারা যে ডালকানোর উপর বসে আছেন তাতে পড়ে একেবারে শেষ হয়ে যাবেন। ("রেড লাইট ওয়াজ লিট"।) আপনি আলো দেখিয়েছেন সুতরাং আমি বসে পড়লাম।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, যখন কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্ট পাশ করেছিলেন, তখন সেটা জনসাধারণের এবং এই হাউসের অপোজিসনের বিশেষ প্রতিবাদের মধ্যে সেই আইন পাশ হয়ে গিয়েছিল। সেই আইনে কিভাবে কর্পোরেশনের কাউন্সিলারদের অধিকার হরণ করে নিয়ে গভর্ণমেন্টের হাতে ক্ষমতা নেওয়া হয়েছে এবং গভর্ণমেন্ট নিযুক্ত কর্ম্মচারী কমিশনারের হাতে সেই ক্ষমতা সমস্ত ন্যস্ত করা হয়েছে তা সকলেই জানেন। এই যে এ্যামেন্ডমেন্ট বিলটি এর ব্যাপারে আমরা মনে করেছিলাম যে নতুন আইনটি পাশ হয়েছে সেই আইনটি কার্য্যকরী করার পক্ষে কর্পোরেশনের যে সমস্ত অসুবিধা আছে এবং জনসাধারণের যেখানে যেখানে অধিকার ক্ষুন্ন করা হয়েছে সে সম্বন্ধে কর্পোরেশনের কাউন্সিলারদের এবং কর্পোরেশনের বিশিষ্ট কর্ম্মচারীদের একটা মতামত গ্রহণ করা এবং সেই মতগুলি আমাদের সামনে উপস্থিত করা হবে। মিনিষ্টার-ইন-চার্জ্জ যে বিল এনেছেন—এ্যামেন্ডমেন্ট বিল—তার সংগে যদি দেখতে পেতাম যে মিউনিসিপ্যাল আইনটি কার্য্যকরী করার পক্ষে কাউন্সিলারদের কি মত সেটা আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তাহ'লে বুঝতাম গভর্ণমেন্ট কতকটা গণতান্ত্রিক এবং কর্পোরেশন এবং কলকাতার রেটপেয়ার্সদের স্বার্থের দিকে দৃষ্টি রেখে এই সংশোধনী প্রস্তাবটি আমাদের কাছে উপস্থিত করেছেন। কিন্তু দেখছি যেটুকু ক্ষমতা কর্পোরেশনের কাউন্সিলারদের দেওয়া ছিল সেটুকু যাতে হরণ করে নেওয়া যায় এবং যাতে তাদের নিজস্ব যে কমিশনারের হাতে সেই ক্ষমতা দেওয়া যায় এবং গভর্ণমেন্ট আরও ক্ষমতা নিতে পারেন ঠিক সেইভাবে এই এ্যামেন্ডমেন্ট বিলটি এনেছেন। আমরা মনে করেছিলাম যে কর্পোরেশনকে তাঁরা আরও গণতান্ত্রিক রূপ দেবার চেষ্টা করবেন। মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করেন গভর্ণমেন্ট, আর তার একজন সভ্য নিযুক্ত করেন গভর্ণমেন্ট, আর একজন করেন কর্পোরেশন, তাদের যে মাইনে সে সম্বন্ধে বিশেষ কিছু পরিষ্কার রাখা ছিল না। যখন ছিল না তখন কর্পোরেশনের অর্থভান্ডার থেকে তাদের মাইনে দেওয়া হবে, আর মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন তাদের এবং এমন কি তাদের ষ্টাফের যে মাইনে সেই মাইনে নির্দ্ধারণ করে দেবেন গভর্ণমেন্ট। কর্পোরেশনের জন্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন, পাব্লিক সার্ভিস কমিশন নিয়োগ করবেন গভর্ণমেন্ট, এবং বড় বড় কর্ম্মচারী যারা নিযুক্ত হবেন তারা সম্পূর্ণভাবে গভর্ণমেন্ট মনোনীত লোক হবেন। কর্পোরেশনের যারা মেজরিটি তারা কংগ্রেসী দল কিন্তু পার্টি সিষ্টেমের গণতান্ত্রিক ব্যবস্থা অনুসারে যে দলই মেজরিটি হোক, একথা মনে রাখতে হবে যে "করপোরেসন" একটি গণতান্ত্রিক স্বায়ত্বশাসনশীল প্রতিষ্ঠান এবং সেইভাবে তার হাতে একটু ক্ষমতা থাকবার ব্যবস্থা ছিল, সেখানেতে হচ্ছে যে "মিউনিসিপাল সারভিস কমিসন" এর যারা সদস্য হবেন তাদের সকল এবং "স্যালারী"র ব্যবস্থা গভর্ণমেন্ট করবেন এবং তাদের "ষ্টাফ্"এর মাইনে তারাই ব্যবস্থা করবেন, কাজেই দেখা যাচ্ছে "করপোরেসন" যে জনসাধারণের দ্বারা নির্বাচিত এটা ভুলে যেতে হচ্ছে। কলকাতা সহরের মত একটা শিক্ষিত সহর সেখানে ব্রিটিশের সংগে লড়াই করে শ্রীসুরেন্দ্র নাথ ব্যানার্জ্জী জনসাধারণের হাতে ক্ষমতা দিয়ে গিয়েছেন। এই সহরের যে "রেকর্ড", যে ইতিহাস সৃষ্টি হয়েছিল তাঁর নেতৃত্বের জোরে, আজ তা নষ্ট হতে চলেছে। লীগের আমলেও আমরা লড়াই করেছি। কিন্তু আজকে সেই "করপোরেসন"এর সমস্ত শক্তি আজ হরণ করে নেবার জন্য সরকার এই "এ্যামেন্ডমেন্ট" বিল তৈরী করেছে। এক বৎসর ধরে "ড্রাফটিং" করলেন। আবার এক বৎসরের মধ্যে একটা বড় বিলের মাধ্যমে এসেছে, আবার হয়ত দেখব কিছুদিন পরে আর একটি "এ্যামেন্ডমেন্ট" আনবেন। কারণ দেখাবেন বিরোধীপক্ষ আছে, তাদের সম্পূর্ণ-রূপে গলা টিপে মারা যাচ্ছে না, তা করার জন্য আর কোনো আইন দরকার। তাই এই "এ্যামেন্ডমেন্ট" এনেছি। সেজন্য বিশেষ করে বলছি যে "সার্কুলেশন মোশন" আনা হয়েছে সেটা যেন মাননীয় মন্ত্রীমহাশয় গ্রহণ করেন। "করপোরেসন"এর সমস্ত কাউন্সিলারদের কাছে এই আইনটি পাঠান হোক, তারা "রিভিউ" করুন, বড় বড় কর্মচারীদের মতামত জানান। তা থেকে একটা "কম্প্রিহেন্সিভ্ আইডিয়া" নিয়ে কাজ করুন, তা করলে আর বার বার "এ্যামেন্ডমেন্ট" আনতে হবে না।

[5—5-10 p.m.]

সেই জন্য আমি এটা "সার্কুলেশন" দেবার জন্য বিশেষ করে সমর্থন করছি। এর আগে ২।১ জন বক্তা বলেছেন "কন্ট্রাক্টের" ব্যাপারে "কমিশনার"এর হাতে আরও বেশী ক্ষমতা দেওয়া হয়েছে। "কন্ট্রাক্ট" দেওয়ার পরিমান বাড়িয়ে দেওয়া হয়েছে। যে সমস্ত লোক "ষ্ট্যান্ডিং" কমিটীতে আছে, তাদের মধ্যে কিছু কিছু বুদ্ধিমান লোক আছেন তাদের দিয়ে যে কোন কাজ করান যায় না। "করপোরেসন কমিটি"র মধ্যেও এই "ষ্ট্যান্ডিং কমিটি"তে "অপোজিসন্"এর কেউ কেউ আছে এবং "ইউ, সি, সি" ২।৪ জন যে ভাল লোক আছেন, তারা হয়ত গভর্ণমেন্ট যে যে কথা বলবেন, সেসমস্ত কথা মানবেন না। সেইজন্য আড়াই হাজার থেকে ১০ হাজার টাকা করা হয়েছে। কলিকাতা নূতন "মিউনিসিপাল" আইনের পর দেখতে পাচ্ছি—যে "কমিসনার" অনেক ঘুরে "ক্লিনার ক্যালকাটা"র কথা বলেছেন, কলিকাতার রাস্তার উপরে যাতে গরু, ছাগল, ভেড়া ভিড় না করতে পারে; কিন্তু দেখা যাচ্ছে—যে "কমিসনার" যাবার পরই আবার রাস্তায়—গরু, ছাগল ভিড় করে। যেমন "হকার্স"-দের বেলায় দেখা যায়—যারা ২ পয়সার জিনিষ

[Sj. Hemanta Kumar Basu.]

বিক্রয় করে—পুলিস তাদের "লরী" করে নিয়ে যায় কিন্তু দেখা যায় তারা আবার রাস্তায় বিক্রী করছে। অথচ রাস্তা ঘাট "ক্লিন" করা হচ্ছে বলা হচ্ছে। এর থেকে দেখা যায় যে "ক্যালকাটা কর্পোরেসন"এর "এ্যাড্‌মিনিস্ট্রেশন"এর কোন উন্নতি হয় নি এবং এ দিকে তাদের দৃষ্টিও নেই। যদি দেখা যায় যে "কর্পোরেসন" বাস্তবিকই জনসাধারণের ক্ষমতা ও ন্যায্য অধিকার কেড়ে নেন, তাহলে জনসাধারণের সহযোগিতার কথা কি করে বলেন। জনসাধারণের অধিকারকে ক্ষুণ্ণ করছেন এই আইনের দ্বারা। এতে কি করে কাজ হবে? এ দিকে দৃষ্টি দিয়ে, আমি আবেদন কর্‌ছি এই বিল "সার্কুলেসন"এ দিয়ে এর "স্কোপ" বাড়িয়ে দেওয়া হোক এবং "কর্পোরেসন" বিভিন্ন অঞ্চলে যে সব "ইমপর্টান্ট সিটিজেন্স অফ ক্যালকাটা" আছেন, তাদের এই বিল সম্বন্ধে অভিমত এই "হাউস"এর সামনে উপস্থিত করুন যাতে আমরা একটা ভাল বিল তৈরী করতে পারি। এই বলে আমি এই "মোশন" সমর্থন করছি।

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, I support very strongly the motion for circulation of the Bill, and in doing so I believe that I am actuated by a very friendly desire to do justice to the Bill and to add strength to the elbows of the Minister who is in charge of this Bill. Sir, normally speaking, an amending Bill need not be circulated for eliciting public opinion, but, Sir, there are certain circumstances about this Bill that make it quite clear that this is not a minor amendment but a major lock stock and barrel changing amendment that is sought to be passed through the House. Sir, I should recall the attention of the members of the House, and particularly the members of the Congress Party to the very peculiar circumstances under which this Bill is proposed to be reintroduced. Only a year and a half ago this Bill was passed at the fag end of the last session of the Assembly when people had lost all interest in their work and when the Opposition was practically non-existent. At that time, Sir, it was announced with a flourish of trumpet that we were in for a millenium in the administration of the Corporation. Before that there was a long-standing supersession of the democratic machinery by which the Corporation was administered. Following on the long-standing supersession we were presented with a Bill in this House which was carried with acclamations. What, Sir, happened in the course of one year that made it necessary for such a radical change to be effected? Sir, is it not an argument for caution? Is it not an argument for deliberation? Is it not a proof that we have not been able to probe into the real plague spots of the Corporation's administration? Sir, the Minister-in-charge has presented to us a brief resumé of the arguments which operate behind this amending Act. Sir, those arguments are quite conclusive that this is not a Bill which ought to be rushed through in a hurry. The very fact that you tried and you failed, the very fact that you had things all your own way in the last session of the Assembly and you did not profit by the views of the Opposition, the very fact that you inaugurated a Bill in a House which was practically empty of the Opposition, and the very fact that you have again to approach the House for a complete and radical amendment of the Bill are, Sir, very strong arguments for the employment of caution. I hope, Sir, the Minister and the members of the Congress Party would realise the implications of the necessity for a radical change of the Bill so soon after the original Bill had been passed and before I can say this present Bill has been given a fair working chance.

Sir, the last Bill was passed in the teeth of pronounced public opposition. The last Bill was calculated to take away the rights of democracy in the management of the Corporation. The Government did not pay any attention to this strong opposition to the provisions of the Bill which did away with the powers of the Corporation. Sir, the people were reconciled to the old Bill, because they thought that under the new Act some improvement may be effected. They were reconciled to the loss of the democratic power, loss of the power of party self-government, because they thought that some sort of improvement would be effected. These hopes have been completely belied, have

been totally falsified. No improvement in the practical administration of the affairs of the Corporation has as yet been brought into being. And, Sir, this argument ought to appeal particularly to the members of the Congress side, because in the last election, the Congress had captured the majority of seats in the Corporation and the Congress today has taken the responsibility of running the Corporation. Party tyranny has been carried to such an extent that from the Standing Committees all members of the Opposition have been studiously excluded. A new convention has been established which was not there during the League regime which insisted upon proportionate representation of the Opposition in the different Standing Committees of the Corporation. Sir, today the Congress stands in an unenviable position of having taken charge of running the affairs of the Corporation and confessing to a signal failure. Because, Sir, we cannot interpret the attempt to introduce a new Bill in no other light than a signal confession of failure on the part of the members of the Congress Party who have taken charge of the affairs of the Corporation only a year ago, who have not divided their responsibility by associating any member of the Opposition in any of the Standing Committees. Why, Sir, do we come across this signal confession, this ignominous confession of failure on the part of the members of the Congress Party? I pause for a reply from the members of the Congress Party. Do they admit that they have totally failed? Do they admit that they have not the capacity for running the affairs of the Corporation? Do they admit that they have not sufficient honesty and integrity? Do they admit, Sir, that they can only function under the perpetual check of the Commissioner, under the perpetual check of the Government, under the perpetual check of the Municipal Public Service Commission? Sir, if that is so, I from the Opposition have nothing to say. It is primarily a matter between the Cabinet and the members of the Congress Party. They, Sir, have thoroughly discredited themselves and will thoroughly discredit themselves if they lend their sanction to the passing of this Bill, because it will be a plain and honest admission on their part that they are not fit to be entrusted with the responsibility of managing the Corporation. Sir, every section of this Bill breathes distrust of the elected members of the Corporation. Every section curbs some powers hitherto exercised by the elected members. Every provision is intended to breathe some suspicion on the honesty or the integrity or the business capacity of the elected members, so that this is a standing condemnation, a standing stigma upon the honesty of the citizens of Calcutta. If, Sir, the members of the Congress Party are quite happy with this situation, I should have nothing to do but to express joy to them.

Then, Sir, the next point for consideration is this: What is the guarantee that this is the last Bill of its kind? What is the guarantee that another six months later we shall not be presented with a fresh Bill setting forth a new catalogue of grievances, setting forth a new list of lacunae which have again to be rectified, which have again to be remedied?

[5-10—5-20 p.m.]

I should therefore, Sir, appeal to the Minister-in-charge of the Bill as well as to the members of the Congress Party to pause and to think very carefully about the implications of this new Amendment Bill. I am quite prepared to admit that in your hurry, in your precipitancy, in your desire to control the Corporation before the elections, you neglected certain important measures, you neglected certain important provisions, and with your lack of foresight, with your lack of administrative experience, you could not lay your finger on the real black spots in the administration of the Corporation. But, Sir,

[Dr. Srikumar Banerjee.]

is there any reason to repeat the mistakes of the recent past? Cannot we grow wiser, cannot we take lessons from what happened during the year past? Today with our eyes open, with all the lessons of experience before us, with all the chorus of public condemnation ringing in our ears, we are again going to repeat the blunders of a year ago. If, Sir, therefore the Bill has got to be made foolproof, if the Bill has got to be put in working order, the whole House should be taken into account and the Minister as well as the members of the Congress Party would lose nothing if the Bill is circulated for eliciting public opinion for a short time. That is the best guarantee for bringing forward a really good Bill, a really workable Bill, a Bill that does not require to be amended every six months or one year. Sir, it ought not to be a question of prestige, where public services are concerned; it ought not to be a question of prestige, the question of voting strength ought not to stand in the way, Sir. Besides, my opposition is not against the merits of the Bill. There may be necessity for amending some of the provisions of the Bill. We are quite prepared to concede it. But the point is, it is against the self-interest of the House, it is against the honour of the House, it is against public finances to bring forward the same measure over and over again after very short intervals, and in order that this Assembly may not be placed in an untenable position, may not have to face public ignominy. I should like to suggest that this very moderate, this very reasonable request that the Bill might be circulated for a very short time to elicit public opinion, to stop all the loopholes and the lacunae which have necessitated the presentation of this Amending Bill, should be explored, and I hope, Sir, the Government and the members of the Congress Party would agree to the motion for circulation of the Bill because it is not in any way opposed to the vital principles of the Bill. It is only a procedure which should be adopted, and I recommend that procedure as the best possible procedure to be followed in particular circumstances of this kind.

Sj. Jnanendra Kumar Chaudhury: এই যে মিউনিসিপ্যাল কর্পোরেশন তার মেজরিটী অফ মেম্বার্স হচ্ছে কংগ্রেসের, তাঁরা যে রেকম্যান্ডেশন করেছিলেন সেই রেকম্যান্ডেশনগুলো আমরা জানতে পারছি, এই বিলে আসেনি। তার ভালগুলোও আসেনি। কাজেই এই বিলটাকে সার্কুলেট করার কোন বাধা আমি দেখতে পাচ্ছিনে। সার্কুলেট করে জনসাধারণের অপিনিয়ন নিয়ে প্রসিড্ করা ভাল, তা নাহলে আজকে এই যে বিল করবেন কালকেই আবার অনেক "ল্যাকুনা" বেরিয়ে পড়বে। প্রত্যেক বছরই যদি এ্যামেন্ডমেন্ট আনতে হয় তবে কখন যে "ফাইনাল" হবে বুঝতে পারব না। সেই জন্য মনে হয় - সার্কুলেশনে দিয়ে লোকের অভিমত নিয়ে এটা করাই ভাল কেন না -

"ভবতি বিজ্ঞতরঃ ক্রমশো জনঃ", সেই জন্য "কন্সিডার্ড অপিনিয়ন" নিয়েই এটা পাস করা উচিত।

Sj. Iswar Das Jalan: Sir, I have heard the arguments advanced by the learned members of the Opposition for circulation of this Bill. I regret to say that I have not seen sufficient reasons for doing so. (Question.) (A MEMBER: You never see.) So far as this Bill is concerned, most of the provisions of this Bill are the result of the initiative taken by the Calcutta Corporation itself. I have told in my opening speech that the Corporation appointed a Committee to suggest certain amendments, those amendments were brought before the Corporation, and then the Corporation sent to the Government those amendments. Thereafter we discussed with the representatives of the Calcutta Corporation those amendments and as a result of that discussion we came to certain conclusions. Some of them the Government accepted, and some of them the Government could not accept. Those that the Government accepted are incorporated in this Bill.

Therefore, it cannot be said that the provisions of this Bill have not been considered by the Corporation.

There are twenty-six representatives of the City of Calcutta in this House represented on the basis of adult franchise. They are well conversant with the needs of these people. When the matter was before the Corporation, it had been dealt with by them. When the matter is before the House and the members representing the City of Calcutta are quite competent to deal with them, I do not see any reason why it should be circulated. This Bill was published in the *Calcutta Gazette* on 1st of April. (Dr. SRIKUMAR BANERJEE: Very auspicious day indeed!) I have not yet received even one suggestion from the public that it should be circulated for opinion. If there are other suggestions for amendment, let those suggestions come to the Government and the Government will be prepared to consider them in due course. But that is no reason why those amendments which we have considered necessary should be delayed. So far as this Bill is concerned, we are in a progressive society and there is no reason why, if certain amendments are considered necesary, we should not make those amendments but stay on as we are eternally. That is the reason why I say that these amendments are before the House and members of this House have suggested several amendments and they will be considered in due course, but there is no reason why we should further delay the consideration of this matter. As a matter of fact some of the amendments are of importance. For instance, the cart tax; if the Bill is not passed just now, they will have to pay taxes at the rate of Rs. 48, whereas if we pass it today they will have to pay at the rate of Rs. 18. Similarly there are other provisions which are absolutely necessary and we cannot afford to delay the passing of this Bill. Many of the criticisms have been levelled against the Calcutta Corporation and its administration. I think the proper forum for the ventilation of those things in many cases is the Corporation itself, and in other cases this is not the proper stage at which it is necessary to consider them.

Under the circumstances, I am very sorry I cannot accede to the request of the sponsors of the circulation motions and I oppose them.

[5-20—5-30 p.m.]

The motion of Sj. Tarapada Bandopadhyay that the Calcutta Municipal (Amendment) Bill, 1953, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

AYES—59.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Dr. Srikumar
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Binoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Jana, Sj. Kumar Chandra
Joarder, Sj. Jyotish
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Let, Sj. Panchanon
Mahapatra, Sj. Balailal Das
Malia, Sj. Pashupatinath
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhusan
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mritunjoy

Pramanik, Sj. Surendra Nath
Ray, Sj. Narayan Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Sj. Saurendra Nath
Sen, Sjkta. Manikuntala
Shaw, Sj. Kripa Sindhu
Tah, Sj. Dasarathi

NOES—121.

Abdul Hameed, Janab Hazi Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, Sj. Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, Sj. Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Sj. Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, Sj. Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Dhar, Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Ganguli, Sj. Bipin Behari
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, Sj. Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Khan, Sj. Sashibhushan
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Mahbert, Sj. George
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prosad
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukharji, Dr. Amulyadhan
Mukherji, Sj. Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, Sj. Hem Chandra
Paul, Sj. Suresh Chandra
Platel, Mr. R. E.
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Harba-Sandeshkhali).
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Radhagobinda
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sarkar, Sj. Bijoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sukla, Sj. Krishna Kumar
Sikdar, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

The Ayes being 59 and the Noes 121, the motion was lost.

[5-30—5-33 p.m.]

Mr. Speaker: The rest of the amendments fall through.

Sj. Haripada Chatterjee:

স্পীকার মহোদয়, আমরা চাই আজকের "সেকেণ্ড রিডিং"এর আলোচনা বন্ধ থাক, আবার কাল হবে।

Mr. Speaker: Let the consideration motion be finshed.

The motion of Sj. Iswar Das Jalan that the Calcutta Municipal (Amendment) Bill, 1953, be taken into consideration was then put and agreed to.

Sj. Haripada Chatterjee:

স্পীকার মহোদয়, আজকে "সেকেন্ড রিডিং"এর আলোচনা বন্ধ থাক। আমরা এতে "সারপ্রাইজড" হয়ে গিয়েছি। এত "এ্যামেন্ডমেন্টস্" আছে যে তা পড়বার আমরা সময় পাইনি। এগুলি ভাল করে পড়ে তবে বলতে হবে, সুতরাং আজকের মত হাউস আপনি "এড্জোর্ন" করুন।

Mr. Speaker: Let us do some amendments.

Sj. Haripada Chatterjee:

"এ্যামেন্ডমেন্টস্"গুলি তো আমাদের ভাল করে পড়ে দেখতে হবে। সুতরাং "সেকেন্ড রিডিং"টা কাল হোক্।

Sj. Tarapada Bandopadhyay: Otherwise we will be embarrassed.

Mr. Speaker: Will you be able to finish this Bill tomorrow?

Sj. Haripada Chatterjee:

স্পীকার মহোদয়, আজকে এখন আর আমাদের পক্ষে এই "বিল" আলোচনা করা সম্ভব নয়, কারণ, এ্যামেন্ডমেন্টস্"গুলি তো পড়ে দেখতে হবে। আমাদের অনুরোধ আজকে আপনি হাউস "এড্জোর্ন" করুন—কাল আমরা এই বিলের আলোচনা করবো।

Mr. Speaker: Will you be able to finish all the amendments in course of tomorrow?

Sj. Subodh Banerjee:

কালকের মধ্যেই এই বিল "ফিনিস" করতে হবে, এমন কিছু বাঁধা ধরা নিয়ম আছে কি? অবশ্য আমরা "আন্নেসেসারী টাইম" চাচ্ছি না। তবে এ্যামেন্ডমেন্টস্"গুলিতো আমাদের পড়ে দেখতে হবে? সুতরাং আজকের মত আপনি "হাউস" "এড্জোর্ন" করুন।

Mr. Speaker: Very well. I will put clauses 1 and 2—there is no amendment. Then I will adjourn.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: I hope with the help of you all I shall be able to finish the Bill tomorrow.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjuornment.

The House was accordingly adjourned at 5-33 p.m. till 3 p.m. on Thursday, the 30th April, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Thursday, 30th April, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 30th April, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (SJ. SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 12 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 183 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Fire in a bustee at Tollygunge, Calcutta.

***211.** (SHORT NOTICE.) **Sj. Ambica Chakrabarty.** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state if it is a fact that some days back a fire broke out in a *bustee* of Tollygunge area, Calcutta?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the circumstances under which this fire broke out;

(*ii*) number of families affected by this fire;

(*iii*) amount of property damaged (in cash and kind);

(*iv*) whether any relief measures have been taken by the Government;

(*v*) if so, what are those measures;

(*vi*) whether any arrangement has been made to rehabilitate the families affected by fire;

(*vii*) if so, what is that arrangement;

(*viii*) whether any non-official relief organisations were allowed to work there: and

(*ix*) if so, the names of those organisations?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (Sj. Prafulla Chandra Sen): (*a*) and (*b*)(*iv*) Yes.

(*b*) (*i*) Fire started from a small straw-built hut occupied by a blind beggar and spread very rapidly helped by strong wind.

(*ii*) About 207.

(*iii*) Value of property damaged Rs. 1,15,450 approximately.

(*v*) Government provided temporary shelter to the affected persons in tents. Gratuitous doles in the shape of cooked food were supplied to them for the period from 12th March to 22nd March, 1953. From 23rd March to 5th April, 1953, cash doles at Rs. 3 per adult and Rs. 2-6 per child per week have also been given to these people. In addition, the following quantities of clothings have been distributed to them free of cost:—

Blankets—207 pieces.

Sarees—264 pieces.

Dhuties—190 pieces.

Shorts—100 pieces.

Shirts—50 pieces.

Frocks—50 pieces.

(*vi*) The matter is receiving the consideration of Government.

(*vii*) Does not arise.

(*viii*) and (*ix*) Non-official organisations desiring work on relief are not required to obtain the permission of Government. Relief provided by Government in this case was, however, distributed through the agency of the West Bengal State Branch of the Indian Red Cross Society.

Sj. Ambica Chakrabarty:

৬নং প্রশ্নের জবাবে বলেছেন যে "দি ম্যাটার ইজ রিসিভিং দি কনসিডারেশন অফ গভর্নমেন্ট"—কিন্তু ইহা কি সত্য যে সেটা বস্তী ছিল এবং সেখানে পুনর্বসতি হওয়ার জন্য গভর্নমেন্ট প্রথম কার্য্য শুরু করেছেন?

Sj. Prafulla Chandra Sen:

প্রথম কার্য্য সেখানে পুনর্বাসন করব ব'লে শুরু করি নি; আমরা সে জিনিষটা এখন বিবেচনা করছি।

Sj. Ambica Chakrabarty:

কোথায় সেই পুনর্বাসনের ব্যবস্থা হবে সে সম্বন্ধে কিছু ঠিক করেছেন?

Sj. Prafulla Chandra Sen:

আমি পূর্বেই বলেছি যে সমস্ত বিষয়টা বিবেচনা করা হচ্ছে।

Arrest of persons for contravening Levy Orders in Midnapore district.

***212.** (SHORT NOTICE.) **Sj. Jatish Ghosh (Chatal):** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় সদর মহকুমার নিম্নলিখিত ব্যক্তিগণকে লেভি আদেশ অমান্যের অভিযোগে গ্রেপ্তার করা হইয়াছে:—

(১) শ্রীগদাধর জানা, কেশিয়াড়ী, থানা কেশিয়াড়ী,

(২) শ্রীমাধব মাইতি, পিংলা, থানা পিংলা,

(৩) শ্রীভীমাচরণ সামন্ত, পিংলা, থানা পিংলা, এবং

(৪) শ্রীঈশ্বরচন্দ্র সিংহ, পিংলা, থানা পিংলা,

(খ) ইহা কি সত্য যে, এ সমস্ত ব্যক্তিদের লেভি-আপিল জেলা ম্যাজিস্ট্রেট আদালতে দায়ের আছে;

(গ) (ক) ও (খ) সত্য হইলে, মামলা ফয়সালা না হওয়া পর্যন্ত কোন্ আইনের বলে উহাদের গ্রেপ্তার করা হইয়াছে, তাহা জানাইবেন কি;

(ঘ) যাহারা ইহার জন্য দায়ী তাহাদের শাস্তির কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কি; এবং

(ঙ) ধৃত ব্যক্তিদের অবিলম্বে মুক্তি দেওয়ার কি ব্যবস্থা করিয়াছেন?

Sj. Prafulla Chandra Sen:

(ক) হ্যাঁ, কিন্তু শ্রীমাধব মাইতি ও শ্রীঈশ্বরচন্দ্র সিংহ গ্রেপ্তার হন নাই। গ্রেপ্তারী ব্যক্তিদের মধ্যে শ্রীগদাধর দে ছিলেন, গদাধর জানা নহে।

(খ) হ্যাঁ।

(গ) এসেন্সিয়াল সাপ্লাইজ (টেম্পোরারি পাওয়ার্স) এ্যাক্ট, ১৯৪৬এর ৭নং ধারায়।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) তদন্ত করিয়া মুক্তি দেওয়া হইয়াছে।

Sj. Jatish Ghosh:

এই যে উত্তর দিয়েছেন যে এসেন্সিয়াল সাপ্লাইজ এ্যাক্টএ তাদের ধরা হয়েছিল—সেটা কি আপীল হয়েছে তা না জেনেই তাদের ধরা হয়েছিল?

Sj. Prafulla Chandra Sen:

এ্যাট লিস্ট যারা করেছে তারা তখনও জানতে পারে নি।

Sj. Haripada Chatterjee:

উনি বলেছেন যে এসেন্সিয়াল সাপ্লাইজ (টেম্পোরারি পাওয়ার্স) এ্যাক্টএর ৭নং ধারায় গ্রেপ্তার করা হয়; আর (খ)তে বলেছেন যে আপীল ডিসপোজড অফ হয় নি; এখন প্রশ্ন হচ্ছে আপীল ডিসপোজড অফ না হ'লে কি কোরে অর্ডার কন্ট্রাভিন করা হ'ল?

Sj. Prafulla Chandra Sen:

ম্যাজিস্ট্রেটের কাছ থেকে তখনও সংবাদ পাওয়া যায় নি যে ঐ ভদ্রলোক আপীল করেছেন; ঐ সংবাদ যেই পাওয়া গেল তখনই ছেড়ে দেওয়া হয়েছে।

Sj. Haripada Chatterjee:

এই অন্যায়ের জন্য কি ক্ষতিপূরণ দেবেন?

Sj. Prafulla Chandra Sen:

অন্যায় তিনি করেন নি।

Sj. Haripada Chatterjee:

একজন লোককে অন্যায়ভাবে ধরা হয়েছে, তার যখন আপীল ডিসপোজড অফ হয় নি, তখন সে অর্ডার কন্ট্রাভিন করে নি—এটা সত্য কি না?

Sj. Prafulla Chandra Sen:

জুনিয়র এসেসরের কাছে খবর ছিল তারা কন্ট্রাভিন করেছে, তারা যে আপীল করেছে তা জুনিয়র এসেসর জানত না; জানতে পেরে ছেড়ে দিয়েছে।

Sj. Haripada Chatterjee:

এ কথা হ'তেই পারে না; আপনার জানা না জানার জন্য আইনের বাইরে যেতে পারেন না।

Mr. Speaker:

That is a matter of opinion. জানা না জানা আইনের বাইরে and is not a question of fact.

Sj. Haripada Chatterjee:

তারা কন্ট্রাভিন করে নি এটা মন্ত্রী মহাশয় জানেন কি?

Sj. Prafulla Chandra Sen:

তারা কন্ট্রাভিন করেছিল; যখন জেলা ম্যাজিস্ট্রেটের কাছে জানা গেল যে তারা আপীল করেছে তখন ছেড়ে দেওয়া হ'ল।

Mr. Speaker:

Please do not argue.

Sj. Haripada Chatterjee:

কর্পোরেশনের এই যে ক্ষতি হ'ল, কোন কাজের যদি একটা বাঁধাধরা দায়িত্ব না থাকে তাহ'লে কোন কাজ চলতে পারে না। সেইজন্য আমি বলছি যে এই রেসপনসিবিলিটি নেবে কে? কমিশনারকে রেসপনসিবল করতে পারেন না, ষ্টাণ্ডিং কমিটিকে রেসপনসিবল করতে পারেন না, কর্পোরেশনকে রেসপনসিবল করতে পারেন না,

[*Sj. Subodh Banerjee.*]

তাহ'লে যদি কোন ডিসপিউট হয়—এদের মধ্যে যদি মতের কোন ডিফারেন্স হয় তাহ'লে বিচার করবে কে? আমার কথা হচ্ছে যে প্রত্যেকটি কণ্ট্রাক্টে কমিশনারের মতামত থাকবে। তারপর তা ষ্ট্যান্ডিং ফিন্যান্স কমিটির কাছে যাবে গৃহীত হবার জন্য। কমিশনারের রেকমেন্ডেসন ষ্ট্যান্ডিং কমিটি যদি অনুমোদন না করে তবে ফাইনাল বডি কর্পোরেশন যা করণীয় তা করার আদেশ করবে। এই নিয়ম না করলে গলদ থেকে যাবে। এর আগে বহু গলদ দেখা গিয়েছে এবং আরো গলদ থেকে যাবে। এইজন্য আমার এই সংশোধনী প্রস্তাব মেনে নেবেন।

Sj. Iswar Das Jalan: Sir, I think Mr. Banerjee is suffering under some misapprehension. If you refer to section 110 you will find—

"Every contract shall be made on behalf of the Corporation by the Commissioner.

No contract for any purpose, which in accordance with any provisions of this Act or any rules made thereunder the Commissioner may not carry out without the sanction of one of the other municipal authorities, shall be made by him unless such sanction has been given.

No contract involving an expenditure exceeding five thousand rupees and not exceeding fifty thousand rupees shall be made by the Commissioner unless it has been sanctioned by the Standing Finance Committee.

No contract involving an expenditure exceeding fifty thousand rupees shall be made by the Commissioner unless it has been sanctioned by the Corporation.

Every contract made by the Commissioner involving an expenditure exceeding one thousand rupees and not exceeding five thousand rupees shall be reported to the Standing Committee concerned with the contract within fifteen days after it has been made."

If you read this section, no question of conflict arises between the Standing Committee and the Commissioner at all. Contract up to five thousand rupees the Commissioner is absolutely entitled to enter into; the only obligation for him is to report to the Standing Committee. Contract above five thousand rupees the Commissioner is not at all entitled to enter into unless it is sanctioned by the Standing Committee. Contract above fifty thousand rupees the Commissioner is not entitled to enter into unless it is sanctioned by the Corporation. Therefore there cannot be a conflict between the Commissioner and the Standing Committee at all. The question is, as is provided in the Act itself, it is the Standing Committee which will sanction it and it is the only body which will sanction it. Therefore no question of conflict arises.

So far as our proposal is concerned, what we have proposed is that instead of five thousand rupees it should be ten thousand rupees, meaning thereby that the Commissioner should be entitled to enter into a contract up to ten thousand rupees without the sanction of the Standing Committee or of the Corporation being taken beforehand. The only obligation is that he has to report to the Standing Committee as it is in the case of five thousand rupees. This increase is necessitated at the instance of the Corporation because as a matter of fact nowadays considering the price structure five thousand rupees is too small a sum, and to get the sanction of the Standing Committee takes a lot of time. Therefore, for the sake of expediting the business this amendment has been moved. Therefore I do not see as to why we should change it.

With regard to the amendment to reduce from five thousand rupees to three thousand rupees, it is not necessary for me to reply because we are going to extend and he is going to decrease. That is not a feasible proposal, because after all when the Corporation itself thinks that it should be done, why should we reduce it? If the Corporation wants to give more powers to the Commissioner, who are we to say that no powers should be given? I therefore oppose the amendment.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 22(2)(*b*), line 1, for the proposed word "ten" the word "three" be substituted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that to clause 22(2), the following paragraph be added, viz.—

"(*d*) after clause (*c*), the following clause shall be added, namely :—

'(*f*) Every contract shall bear the recommendation of the Commissioner before it is sent to the Standing Finance Committee; in case of any disagreement between the Commissioner and the Standing Finance Committee it shall be referred to the Corporation for final disposal.' "

then put and lost

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

Dr. Narayan Chandra Ray: I beg to move that in clause 23, lines 2 and 3, for the proposed words "two thousand and five hundred" the words "seven hundred and fifty" be substituted.

[5—5-10 p.m.]

এটা সীল দেওয়ার কথা। এখানে বলা হচ্ছে একটা সারটেন সাম্‌এর উপর হ'লে সীল দিয়ে রাখতে হবে, আর কতকগুলো স্পেসিফিকেশন ফর্মালিস করাতে হবে। এখানে—

"shall be sealed with the seal of the Corporation and shall specify the work to be done or the materials or goods to be supplied as the case may be."

এখানে অন্য কোন প্রশ্ন নাই, এক্সপিডাইট করা মাত্র। সুতরাং যিনি খাতায় লিখবেন এবং সহি করবেন তাঁরই কাজ। সেটা কেন ১ হাজার থেকে বাড়িয়ে ২॥ হাজার করা হবে? এবং কেন ১ হাজার থেকে কমিয়ে দেওয়া হবে না? আমার উদ্দেশ্য যেটা করতে হবে সেটা খাতায় লিখতে হবে এবং সহি দিতে হবে। আমি সেজন্য প্রস্তাব দিচ্ছি যে ১ হাজার থেকে ২॥ হাজার না কোরে সে জায়গায় ১ হাজার থেকে ৭৫০ টাকা করা উচিত।

Sj. Iswar Das Jalan: This is also an amendment in order to expedite the business. As a matter of fact the Corporation has to purchase lots of quantity of goods at a moment's notice. The question is that section 111 provides very elaborate procedure; still lots of other things have to be done. As the Act stands, it provides that up to Rs. 1,000 you need not enter into these formalities. Instead of Rs. 1,000 we are putting it at Rs. 2,500, and therefore I do not think that I can agree to the reduction of even Rs. 1,000.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 23, lines 2 and 3, for the proposed words "two thousand and five hundred" the words "seven hundred and fifty" be substituted, was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 24.

Mr. Deputy Speaker: Amendment No. 19 is out of order, because it is vague.

Sj. Hemanta Kumar Basu: It was vague, but I want to make it definite. You must consult the experts

Mr. Deputy Speaker: Who is the expert?

Sj. Hemanta Kumar Basu: It was vague about it, but by my amendment I have made it explicitly clear. As regards the value of depreciation, the Commission must consult the expert machinery. The clause was vague; it is not definite. So, I want to make it clear.

Sj. Iswar Das Jalan: Sir, without prejudice and without making it a precedent, he may be allowed to move his amendments.

Mr. Deputy Speaker: All right.

Sj. Hemanta Kumar Basu: Sir, I move that in clause 24, in the proposed new clause (*aa*), line 2, after the word "Corporation", the words "in consultation with the *bona fide* experts" be inserted.

[Sj. Hemanta Kumar Basu.]

I also move that in clause 24, in the proposed new clause (*aa*), lines 2 and 3, the words "as far as may be possible", be omitted.

Sj. Hemanta Kumar Basu:

এ্যাজ ফার এ্যাজ পসিবল যেটা এ্যামেণ্ডমেণ্টএ আছে সেটা ভেগ হয়ে আছে। কমিশনার নিজের ইচ্ছামত কোন মেশিনারীর ভ্যাল্‌ কি হবে তা ঠিক কোরে নেবেন। কমিশনার সব বিষয়ে এক্সপার্ট নন; কাজেই সেই মেশিনারীর যে কত ডেপ্রিসিয়েশন ভ্যাল্‌ ধরা হবে এবং কমিশনার কি কোরে ব্ঝবেন কোন্‌ মেশিনের ডেপ্রিসিয়েশন ভ্যাল্‌ কত হবে? সেদিক থকে আমার এ্যামেণ্ডমেণ্ট খ্‌ব এক্সপ্লিসিট এবং এটা গ্রহণ করা উচিত। আমি সেইজন্য বলছি যে যদি কোন মেশিনের ডেপ্রিসিয়েশন ঠিক করতে হয় তবে ঐসব বিষয়ে যাঁরা এক্সপার্ট তাঁদের যেন কন্সাল্ট করা হয়, এবং কমিশনারের ইচ্ছামত যেন না করা হয়।

Sj. Iswar Das Jalan: Sir, so far as the budget is concerned, it is always done, under expert guidance. It is placed before the Corporation. The Corporation examines it and passes it. It is not necessary to say that only in case of depreciation there should be *bona fide* experts. Do you mean that in case of other sections of the budget there should be no *bona fide* experts? It is not necessary at all.

So far as the other amendment is concerned, we have provided at the instance of the Corporation "as far as may be possible". We understand that there might be some difficulty in fixing it absolutely, and therefore we have provided it for the time being. As a matter of fact, if we find later that this thing can be eliminated we shall say so, but at present we are advised that this is the only thing which should be considered in the Act. That is the reason why it is there.

The motion of Sj. Hemanta Kumar Basu that in clause 24, in the proposed new clause (*aa*), line 2, after the word "Corporation," the words "in consultation with the *bona fide* experts" be inserted, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Basu that in clause 24, in the proposed new clause (*aa*), lines 2 and 3, the words "as far as may be possible", be omitted, was then put and lost.

The question that clause 24 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 25 to 27.

The question that clauses 25 to 27 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 28.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that for sub-clause (*1*) of clause 28, the following sub-clause be substituted, viz.:—

"(*1*) in clause (*i*), for the words 'to be not exceeding' the words 'in no case to be more than' shall be substituted."

এটার অর্থ হচ্ছে এই—অরিজিনাল এ্যাক্টে আছে নট এক্সিডিং ৫ পার্সেণ্ট—এই নট এক্সিডিং করার ফলে ৫ পার্সেণ্ট কোরে একটা সিলিং বেঁধে দিয়েছেন। এটাতে করদাতাদের করের ভার বাড়ছে; সিনেমা ও অন্যান্য সংক্রান্ত ব্যাপারে সরকার বা কর্পোরেশনকে যতট্‌কু দিতে হবে সেটা সাধারণভাবে যারা দর্শক তাদের ঘাড়ের উপর চাপে। সেইজন্য অন প্রিন্সিপল আমি চেয়েছিলাম যে কর্পোরেশনের আয় বাড়াবার জন্য অন্যান্য যে দিকে যা কর্‌ন যেখানে যেখানে হাতে পাওয়া যায় সেখানে না হয় তা কর্‌ন; কিন্তু যেখানে চাপ দিলে গরীবের উপর পড়ে সেগ্‌লো নেবেন না; সেইজন্য আমি এ্যামেণ্ডমেণ্টটা এইরকমভাবে দিয়েছি।

Mr. Deputy Speaker: Dr. Ray, you please move the other amendments standing in your name.

Dr. Narayan Chandra Ray: Yes, Sir. I move that in clause 28(*2*), in paragraph (*a*) of the proposed proviso to clause (*ii*) of section 168(*4*) of the said Act lines 8 to 10, for the words "a referee named in a panel of referees appointed by the State Government" the words "the Corporation and the Corporation by a resolution may refer the matter to a Special Committee formed for the purpose" be substituted.

I also move that in clause 28(*2*), in the proposed proviso to clause (*ii*) of section 168(*4*) of the said Act, paragraph (*b*) be omitted.

I further move that in clause 28(2), in the proposed proviso to clause (ii) of section 168(4) of the said Act, paragraph (c) be omitted.

এ কথাটার উদ্দেশ্য এই—যদি আমরা এইটুকু না বাড়াই তাহ'লে এই কোয়েশ্চেন অফ রেফারি এ প্রশ্ন ওঠে না। রেফারির কাছে যদি রেফার করা হয় তখন প্যানেল অফ রেফারি হবে তবে সামবডি এ্যাপয়েন্টেড বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট। এ হ'লে ত ষ্টেটের কণ্ট্রোলে যাচ্ছে। সে জায়গায় আমি নিতে চেয়েছি যে একটা কমিটির কাছে রেফার করা হ'লে ভাল হয়—The Corporation may refer to a Special Committee formed for the purpose.

তাতে ষ্টেট ইণ্টারফারেন্স বাদ দিয়ে কর্পোরেশন সেটা নিজেই ডিসপোজ অফ করবে।

(Sj. Subodh Banerjee rose to move amendment No. 22.)

Sj. Iswar Das Jalan: Sir, this amendment is out of order as it requires the sanction of the Governor under Article 207(1) of the Constitution.

Mr. Deputy Speaker: Mr Banerjee, your amendment is out of order, because of a previous ruling by Mr Speaker.

[5-10—5-20 p.m.]

Sj. Haripada Chatterjee: Sir, I beg to move——

Mr. Deputy Speaker: Your amendment No 23 is out of order.

Sj. Iswar Das Jalan: It is out of order because it has not the sanction of the Governor.

Mr. Deputy Speaker: It is out of order. Please move your next amendment, No. 24.

Sj. Haripada Chatterjee: Sir, why is it out of order?

Mr. Deputy Speaker: It is out of order under Article 207(1) of the Constitution.

Sj. Subodh Banerjee: Sir, I draw your attention to Article 199(2) "A Bill shall not be deemed to be a Money Bill by reason only that it provides for the imposition of fines or other pecuniary penalties, or for the demand or payment of fees for licences or fees for services rendered, or by reason that it provides for the imposition, abolition, remission, alteration or regulation of any tax by any local authority or body for local purposes". We can move amendments which may alter the rate of taxation of local bodies, i.e., the Corporation. Sir, therefore, my amendment is in order.

Sj. Iswar Das Jalan: Sir, let it be moved.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 28, for sub-clause (1), the following sub-clause be substituted, namely:

> "(1) in clause (i), for the words 'not exceeding five per cent.' the words 'exceeding five per cent. but not exceeding ten per cent.' shall be substituted."

Sj. Subodh Banerjee:

আমার বক্তব্য হচ্ছে যে বসত বাড়ীগুলির উপর ট্যাক্স ৫ পার্সেণ্ট ধরা হয়েছে। জেনারালি ট্যাক্স বড়লোকের উপর ধরা হয় বেশী এবং গরীবের উপর কম। অর্থাৎ

The rate of tax should be more upon the rich and less upon the poor.

এই হচ্ছে ট্যাক্সেসন প্রিন্সিপল। এই হচ্ছে নীতি এবং যে কোন ট্যাক্সই এইভাবে ধার্য্য হয়ে থাকে। একটা বাসিন্দা যে বাড়ীতে থাকে তার ভ্যালুয়েশন হিসাবে ফাইভ পার্সেণ্ট ট্যাক্স দিতে হয়, একটা ব্যবসায়ী যেমন সিনেমা যারা চালায় তারা খুব ভাল লাভ করে তারাও ঐ ফাইভ পার্সেণ্ট ট্যাক্স দেবে—এটা ফিসক্যাল পলিসি অর্থাৎ কর নির্দ্ধারণ নীতির দিক থেকে মোটেই সমীচীন নয়। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই জিনিষটা রাখা হোক যাতে ট্যাক্স ফাইভ পার্সেণ্ট থেকে টেন পার্সেণ্ট এটা ধরা হবে সিনেমার বেলায়।

Sj. Haripada Chatterjee: Sir, I beg to move that after clause 28(1), the following new sub-clause be inserted, viz.—

> "(1A) in clause (i), for the words "five per cent.', the words 'ten per cent.' shall be substituted".

[Sj. Haripada Chatterjee.]

I also beg to move that after clause 28(*1*) the following new sub-clause be inserted, viz.—

"(*1A*) to clause (*i*), the following proviso shall be added, viz.—

'Provided that portions of such buildings let out on rent shall be assessed separately under sub-sections (*1*), (*2*) and (*3*) ' "

Sj. Haripada Chatterjee:

আমার দু'টি এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে একসঙ্গে বলছি। একসঙ্গে দু'টির অবতারণা করছি। আমার প্রস্তাব সুবোধ ব্যানার্জি মহাশয়েরই মত। আমি আশ্চর্য্য হচ্ছি এই দেখে যে আগে এরা রেখেছিলেন নট এক্সিডিং ৫ পার্সেন্ট বাড়ীর ভ্যালুয়েশন অর্থাৎ ১ পার্সেন্ট বা ২ পার্সেন্ট করতে পারতেন। এখন সেটাই বদলে ফাইভ পার্সেন্ট করছেন এটা যথেষ্ট নয়। কারণ নজির হচ্ছে সিনেমা হাউস। সিনেমা হাউসে লাভ লোকসান কিরকম হয়! আমি তিনটি হাউসের হিসাব কর্পোরেশনের মধ্য থেকে নিয়ে এসেছি, যেরকম করে থাকি সেরকম করেছি। আমি কারও শত্রু নই, কারও নাম করতে চাই না। কিন্তু দেখুন একটি হাউসএর এক্জিস্টিং এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ২৩,৭৬০ টাকা। রিভাইজড এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ৫২,৩৮২ টাকা। যদি গ্রস রিসিটের ৫ পার্সেন্টও ধরা যায় তাহ'লে দাঁড়ায় ২২,১২৯ টাকা এক্জিস্টিং এ্যানুয়াল ভ্যালুয়েশনএর চাইতেও কম। একটা সিনেমা হাউসে কিরকম লাভ হয় সভাপাল মহাশয়, আপনি জানেন। প্রধান মন্ত্রী মহাশয় এক সময়ে বলেছিলেন টাকাটা কোত্থেকে পাবেন সেটা দেখিয়ে দিলে তিনি আমাকে একটা ব্রঞ্জ মেডাল দেবেন। আমি আজকে কোথা থেকে টাকা পাওয়া যাবে সেটা আবিষ্কার করে দিচ্ছি, আমার কিন্তু সোনার মেডেল চাই। আমার মনে হয় আমার এ্যামেন্ডমেন্টটি নিয়ে নেওয়া উচিত। বাড়ীর ব্যাপারে ৫ পার্সেন্ট ধরেছেন সেটা যাই হোক সিনেমার ব্যাপারে কি দাঁড়ায় দেখুন। এক্জিস্টিং এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ২৩,৭৬০ টাকা আর ৫ পার্সেন্ট হিসাবে গ্রস রিসিটএর উপর ধরলে সেটা দাঁড়ায় ২২,১২৯ টাকা, তাহ'লে তারাও কি আরও কমিয়ে দিতে চাচ্ছেন? আর একটা সিনেমা হাউসের ব্যাপারে দেখুন—তার এ্যানুয়াল এক্জিস্টিং ভ্যালুয়েশন হচ্ছে ২২,৫৭২ টাকা, রিভাইজড এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ৪২,৭৯৩ টাকা, আর ৫ পার্সেন্ট অন রিসিট বেসিস ধরলে সেটা দাঁড়ায় ২০,৩৮৪ টাকা। আমার জিজ্ঞাসা স্বায়ত্বশাসন মন্ত্রীর কাছে, তিনি কি সদয় হয়ে তাদের আরও কমিয়ে দিতে যাচ্ছেন? যদি তা না করতে চান তাহ'লে কিন্তু আমার এ্যামেন্ডমেন্টটি নিয়ে নেওয়া উচিত।

আর একটা কথা হচ্ছে ২৪ নম্বরে যা দিয়েছি যদি "পোরসানস অফ সাচ বিল্ডিংস লেট আউট অন রেন্ট" হয় তাহ'লে তার এ্যাসেসমেন্ট সেপারেটলি করা হবে। এখানে আমার বক্তব্য হচ্ছে যে একটা সিনেমার পোরসন হয়ত লেট আউট করা হ'ল, ধরুন দোতালা, সেখানে বার অর্থাৎ মদের দোকান হ'ল। সেখানে বাড়ীর মতই ৫ পার্সেন্ট ধরা হবে কিন্তু সেখানে তারা কি পাচ্ছে সেটা দেখা উচিত। সেটা ভাড়া দিচ্ছে—আর একটা সিনেমা হাউস কিরকম ভাড়া দিয়েছে তার কথা বলছি,—সেটার ৫ পার্সেন্ট যদি করা হয় তাহ'লে তার কাছে পাওয়া যায় ৬১,৬০০ টাকা। অথচ তার এক্জিস্টিং এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ৩৮,৮৪০ টাকা এবং রিভাইজড এ্যানুয়াল ভ্যালুয়েশন হচ্ছে ৭২,৬০০ টাকা এটাই তার দেওয়া উচিত। এই আমার কথা, আমার এ্যামেন্ডমেন্ট খুব যুক্তিসঙ্গত যদি বলেন বিরোধী-পক্ষের কথা শুনব না সে আলাদা কথা, তা যদি না করেন, বিরোধীপক্ষের কথা যদি শুনতে হয় তাহ'লে আমার এই দু'টি এ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন, সিনেমার ব্যাপারে দেখিয়ে দিলাম। সিনেমা হাউসগুলির নাম করব না, যদি কোন দিন সিনেমা দেখতে যাই তাহ'লে বলবে হরিপদবাবুই এরকম করেছেন—যদিও কোন দিন সিনেমা আমি দেখি না।

[5-20—5-30 p.m.]

Sj. Iswar Das Jalan: Sir, the position is this. Under section 168 the assessment of land and building to the consolidated rate is provided and it is said that the annual value of any land or building shall be deemed to be the gross annual rent at which the land or building might at the time of assessment be reasonably expected to let from year to year, less, in the case of a building, an allowance of ten per cent. for the cost of repairs and for all other expenses necessary to maintain the building in a state to command such gross rent. This is the scheme of the Act for consolidated rate.

Sub-clause (*3*) of that section provides that if the gross annual rent of a building not ordinarily let cannot be easily estimated, the gross annual rent of the building for the purpose of sub-section (*1*) shall be deemed to be five per cent. of the value of the building obtained by adding to the estimated cost of erecting the building less a reasonable amount for depreciation and other things. Therefore in the case of an ordinary building the basis of assessment is only the rent.

So far as cinemas are concerned, you will find that the basis of assessment is not only rent but the amount derived from advertisement and also from the sale of admission tickets. Suppose in the case of a building the business is carried on

by the owner, we do not include the profits of the business in the annual value of the building, but in the case of the cinemas we are penalising them by adding to the annual value not only the rent and the advertisement but also the sale of admission tickets. That was the reason why at present in the Act the limit was put at five per cent. and a lower limit even could be put. Now, under our amendment we are saying that it should not be less than five per cent. and I do not think that it will be fair for us to make it ten per cent. After all we cannot take cinema as only a luxury for the rich; I think it is a luxury also for the poor and so far as *byabsadars* are concerned I have not the balance sheet of these *byabsadars* nor can I verify the correctness or otherwise of it, but that is immaterial for our purpose because that is a matter for the Income-tax authorities to consider. So far as municipal authorities are concerned, they will simply see as to what should be the fair annual value on which assessment should be levied in respect of a building occupied by a cinema house.

With regard to the other amendments moved by my friend Dr. Narayan Ray, well, he goes the other way; he wants to retain the rates as they are. With regard to question of referee, he says, let it be decided by the Corporation. The Corporation itself has stated, let it be decided by a referee and it is just fair that wherever there is a dispute between the Corporation and an assessee it may be decided by a referee who is the more just forum.

I therefore oppose the amendments moved by the members.

The motion of Dr. Narayan Chandra Ray that for sub-clause (*1*) of clause 28, the following sub-clause be substituted, viz.—

> "(*1*) in clause (*i*), for the words 'to be not exceeding' the words 'in no case to be more than' shall be substituted"

was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 28, for sub-clause (*1*), the following sub-clause be substituted, namely:—

> "(*1*) in clause (*i*), for the words 'not exceeding five per cent.' the words 'exceeding five per cent. but not exceeding ten per cent.' shall be substituted"

was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that after clause 28(*1*), the following new sub-clause be inserted, viz.—

> "(*1A*) in clause (*i*), for the words 'five per cent.', the words 'ten per cent.' shall be substituted"

was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that after clause 28(*1*) the following new sub-clause be inserted, viz.—

> "(*1A*) to clause (*i*), the following proviso shall be added, viz.—
>
> 'Provided that portions of such buildings let out on rent shall be assessed separately under sub-sections (*1*), (*2*) and (*3*)' "

was then put and lost

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 28(*2*), in paragraph (*a*) of the proposed proviso to clause (*ii*) of section 168(*4*) of the said Act, lines 8 to 10, for the words "a referee named in a panel of referees appointed by the State Government" the words "the Corporation and the Corporation by a resolution may refer the matter to a Special Committee formed for the purpose" be substituted, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 28(*2*), in the proposed proviso to clause (*ii*) of section 168(*4*) of the said Act, paragraph (*b*) be omitted, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 28(*2*), in the proposed proviso to clause (*ii*) of section 168(*4*) of the said Act, paragraph (*c*) be omitted, was then put and lost.

The question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clause 29.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 29, lines 3 and 4, for the proposed words "from the commencement of the quarter following the date on which the acquisition is made", the words "from the commencement of the quarter in which the date of acquisition falls" be substituted.

আমার কারণ হচ্ছে, ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট জমি কিনে নিচ্ছে, তাদের প্রপার্টির উপরে এ্যাসেসমেণ্ট হচ্ছে, সুতরাং এই এ্যাসেসমেণ্টএর জন্যে তাদের দিতে হবে এর পরের কোয়ার্টার থেকে না সেই কোয়ার্টার থেকেই। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট একটা কমার্শিয়াল ট্রাষ্ট—তারা নিশ্চয়ই দিতে পারে, সুতরাং এরজন্যে যদি কর্পোরেশনএর ইনকাম বাড়ে সেটা দেওয়া উচিত।

Sj. Iswar Das Jalan: Well, the Improvement Trust also is a public body. We have got to look to the interest of that too. I therefore cannot accept the amendment.

The motion of Sj. Ganesh Ghosh that in clause 29, lines 3 and 4, for the proposed words "from the commencement of the quarter following the date on which the acquisition is made", the words "from the commencement of the quarter in which the date of acquisition falls" be substituted was then put and lost.

The question that clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clause 30.

Sj. Hemanta Kumar Basu: I beg to move that clause 30(*1*)(*a*) be omitted.

মাননীয় স্পীকার মহাশয়, সেকসন ১৭২ অফ দি এ্যাক্টে আছে যে এই যে নোতুন মিউনিসিপ্যাল আইনটি বিধিবদ্ধ করা হয়েছিল তার আগে যেসমস্ত বাড়ী বা জমি ভ্যালুয়েসন করা থাকে সেই ভ্যালুয়েসন এই আইন যখন করা হবে তারপরেও ঠিক থাকবে যদি না কোনো কারণে তার পরিবর্ত্তন করা হয়। কিভাবে এই আইনের পরিবর্ত্তন ঘটতে পারে, গভর্ণমেণ্ট যদি নটিফিকেশন দিয়ে বলে কোনো পার্টিকুলার ল্যান্ড অর বিল্ডিংএর ভ্যালুয়েশন করা হোক, তাহ'লে সেই ভ্যালুয়েশন, মিউনিসিপ্যাল কমিশনার করতে পারে? কারণ, যে বাড়ীর আগে ভ্যালুয়েশন হয়ে আছে সেটা ইরেগুলার, সেটাকে ক্যানসেল করা হ'লে তখন কমিশনার সেটাকে নোতুন ক'রে ভ্যালুয়েশনএর ব্যবস্থা করতে পারেন, বা কোনো বাড়ী যদি নোতুন ক'রে তৈরী হয়, বা রিকন্‌স্‌ট্রাকটেড হয় তাহ'লে তার ভ্যালুয়েশন কমিশনার নোতুন ক'রে করতে পারেন, আবার যদি কোনো পুরাণ বাড়ী ডিপ্রিডেসনএর জন্যে বা যে কোন কারণে ভেঙ্গে যায়, তাহ'লে কমিশনার নোতুন ক'রে ভ্যালুয়েশন করতে পারেন। এখানে তাই অরিজিনাল এ্যাক্টএ ছিল "উইথ দি এ্যাপ্রুভাল অফ দি ফাইনান্স ষ্ট্যাণ্ডিং কমিটি"। এখানে এ্যামেণ্ডমেণ্ট দিয়ে সেইটে তুলে দেবার ব্যবস্থা হচ্ছে। যেটা ছিল এ্যাক্টএ প্রভিসনাল, আমি সেটাই রাখতে চাই। যেকোনো ভ্যালুয়েশন নোতুন ক'রে করবেন, যদি আগে যে ভ্যালুয়েশন ছিল সেটা যদি বদলাতে হয় তাহ'লে ষ্টাণ্ডিং ফাইনান্স কমিটির মত নিয়ে যেন করেন এই আমার অভিমত।

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 30(*1*), for the paragraph (*a*), the following paragraph be substituted, viz.—

"(*a*) in clauses (*b*), (*c*), (*d*) and (*e*), for the words 'in accordance with such rules as may be made by the Standing Finance Committee' the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted"

[5-30—5-40 p.m.]

Sir, I also beg to move that for clause 30(*1*)(*e*)(*v*), the following be substituted, viz.—

"(*v*) in sub-clause (*ii*), after the words 'shall have effect from' the words 'the commencement of the quarter in which the acquisition takes place' shall be inserted, and."

Sir, I beg also to move that in clause 30(*2*), in the proposed amendment to sub-section (*4*) of section 172 of the said Act, lines 7 to 9,

for the words beginning with "following" and ending with "Commissioner", the words "in which the acquisition takes place" be substituted.

স্যার, আমি এই ষ্টান্ডিং ফাইনান্স কমিটি, এটা তুলে দেবার জন্য আপত্তি করি, সেইজন্য আমি এটাকে রিপ্লেস করছি "উইথ দি পারমিশন অফ দি স্পেশাল কমিটি ফরমড ফর দি পারপাস"। আগের বক্তা যে কারণে বলে গিয়েছেন ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট সম্বন্ধে আমিও তাই বলছি যে, "দি কোয়ার্টার কমেন্সিং ফ্রম দি ডেট অফ এ্যাকুইজিসন"—এটা আমি আফটার না করে আগে বসিয়ে দিচ্ছি।

Sj. Iswar Das Jalan: Well, I am sorry I have to oppose the amendments. The position is that certain powers are given to the Commissioner, and it has been found out that it is very difficult to frame the rules according to which the valuation has to be made in such cases. Therefore, this amendment has been proposed at the instance of the Corporation. I, therefore, oppose the amendments.

The motion of Sj Hemanta Kumar Basu that clause 30(*1*)(*a*) be omitted, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 30(*1*) for the paragraph (*a*), the following paragraph be substituted, viz.,—

> "(*a*) in clauses (*b*), (*c*) (*d*) and (*e*), for the words 'in accordance with such rules as may be made by the Standing Finance Committee' the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted,

was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that for clause 30(*1*)(*c*)(*e*), the following be substituted, viz.,—

> "(*e*) in sub-clause (*ii*), after the words 'shall have effect from' the words 'the commencement of the quarter in which the acquisition takes place' shall be inserted, and."

was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 30(*2*), in the proposed amendment to sub-section (*4*) of section 172 of the said Act, lines 7 to 9, for the words beginning with "following" and ending with "Commissioner", the words "in which the acquisition takes place" be substituted, was then put and lost.

The question that clause 30 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 31 to 33.

The question that clauses 31 to 33 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Deputy Speaker: Amendment No. 33, new clause 33A, is out of order.

Sj. Haripada Chatterjee: মাননীয় ডেপুটি স্পীকার, আমার ক্লজটা আউট অফ অর্ডার কেন হলো বুঝতে পারলাম না।

Mr. Deputy Speaker: It is beyond the scope of the Bill.

Sj. Haripada Chatterjee: যাই হউক আমাকে বলতে দিন। আমার সংগে স্পীকারের কথা হয়েছিল।

Mr. Deputy Speaker: It is out of order. You cannot move it.

Sj. Haripada Chatterjee: আমি বলছি, স্যার, এ্যাসেসমেণ্ট করে ভ্যালুয়েশন ঠিক করে দিলে তার পরিবর্ত্তন হয়ে যায়। সেইজন্য আমি বলছি এটা মিউনিসিপ্যাল গেজেটে বের করে দেন। (ডিসটারবেন্স।) স্যার, ওঁরা গোলমাল করছেন আমি গভর্ণমেণ্টকে কিরূপ হেল্প করছি, তাই দেখুন। তারপর আমি দেখছি চারু বিশ্বাস কমিটি এক জায়গায় বলেছেন অনেক বড় বড় রাঘব বোয়াল কিরূপভাবে ট্যাক্স ফাঁকি দেন। এবং আমরা জানি কর্পোরেশনের বড় বড় মাতব্বর ট্যাক্স ফাঁকি দেয়। সেইজন্য আমি বলছি কার কি ভ্যালুয়েশন ঠিক করা হলো তা যেন মিউনিসিপ্যাল গেজেটে পাবলিস করা হয়। তারপর কোলে বাজারে কি অবস্থা সেই কথা বলছি।

Sj. Bankim Chandra Kar: On a point of order, Sir. After the Speaker has declared something out of order, can he be allowed to speak on this subject?

Mr. Deputy Speaker: That is no point of order.

Dr. Bidhan Chandra Roy: Section 178 of the Act has not been amended by this Bill. Therefore, any amendment of section 178 should be out of order.

Sj. Haripada Chatterjee:

আমার উদ্দেশ্য হচ্ছে সরকারকে হেল্প করা, আজকে যাঁরা এই ট্যাক্স ফাঁকি দিচ্ছেন তাঁদের পক্ষে পাবলিস হ'লে আর ফাঁকি দেওয়ার সুবিধা হবে না।

Mr. Deputy Speaker: Mr. Chatterji, your speech is irrelevant; it is useless.

Sj. Haripada Chatterjee:

না, স্যার, আমি ইরেলিভ্যান্ট বলছি না। আমার কথা হচ্ছে যাতে এটা পাবলিস হয় তার ব্যবস্থা করুন। (ডিসটারবেন্স।)

Mr. Deputy Speaker: Your speech is irrelevant. We will now take up clause 34.

Clause 34.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that for clause 34 the following be substituted, namely:—

"34. In section 180 of the said Act,—

(1) the word '*bustee*', in the two places where it occurs, shall be omitted;

(2) the words 'The Commissioner shall publish in the *Official Gazette* all particulars relating to all such cases of valuation road by road within seven days from the date of issuing notice to the owner or the occupier' shall be added at the end."

Sj. Subodh Banerjee:

যে এ্যামেণ্ডমেন্ট বা সংশোধনী প্রস্তাব হরিপদবাবুর আউট অফ অর্ডার করে দিলেন, সেটাকেই অন্যভাবে এখানে ইন অর্ডার করে এনেছি।

(এ ভয়েস: অন্যায়।)

হ্যাঁ। ভ্যালুয়েশন নূতন করে হ'লে তা জানিয়ে দেবার কথা থাকলেও সেটা অভিজ্ঞতার দিক থেকে দেখি যে অমুক জায়গায় লিস্ট রেখে দেওয়া হয়—একথা লেখা থাকলেও কর্পোরেশনে লিস্ট টাঙ্গান হয় না। সুতরাং যাতে লোকে জানতে পারে তাই একটা জিনিষ এই জায়গায় যোগ করে দিতে বলছি যে সেটা অফিসিয়াল গেজেটে বা মিউনিসিপ্যাল গেজেটে পাবলিশ করা হ'ক। আর একটা কথা—৭ দিনের কথা বলছি কেন? ভ্যালুয়েশন সম্বন্ধে আপত্তি থাকলে ১৫ দিনের মধ্যে দরখাস্ত করতে হবে। ১৫ দিনের মধ্যে যদি দরখাস্ত করতে হয় তাহ'লে দরখাস্তকারীর হাতে সময় দেওয়া দরকার। সেইজন্য এই ৭ দিন গ্রহণ করা দরকার। নাহ'লে অনেক অসুবিধা রেট-পেয়ার্সদের ফেস করতে হবে। এ ছাড়া আর একটা সুবিধা হবে। কি রকম? না, দেখা গেল রাস্তার এ পাশের একটা বাড়ীর ভ্যালুয়েশন ৩০ হাজার টাকা, আর ওপাশে ভ্যালুয়েশন হয়ে গেল ১০ হাজার টাকা। এইভাবের বহু রকম জিনিষ এখন হয়। এ নূতন কোন ঘটনা নয়; এই কর্পোরেশনের এজিয়ান ষ্টেবলএর ব্যাপারে জানা আছে এ রকম হয় এবং তা মন্ত্রী মহাশয়ও জানেন। তাই এই প্রকা[illegible] ক্ষেত্রে রোড বাই রোড কথাটা বলেছি—[illegible] অফিসিয়াল গেজেটে পাবলিশ হ'লে রাস্তার এপা[illegible] এক রকম আর ওপাশে আর এক রকম এ যে হয়—[illegible]

(এ ভয়েস: বাড়ী যদি ছোট হয়?)

আপনি ত হাওড়ার—সেখানকার কথা চিন্তা করু[illegible] কি আছে। তাহ'লে বোঝা যাবে আমার পাশের বাড়[illegible] এত ভ্যালুয়েশন হ'লে আমার কেন বেশী হবে। এইজন্য এই রুল দিয়েছি। আশা করি মন্ত্রী মহ[illegible] এটা গ্রহণ করবেন।

[5-40—5-50 p.m.]

Sj. Haripada Chatterjee:

স্যার! আমি এটা সাপোর্ট কোরে বলব। সহ-সভাপাল মহাশয়! আমি যেটা বলছিলাম এবং যেটা বলতে বাধা পেয়েছিলাম সেইটা এখন বলি।

আমার কথা হচ্ছে কোলে মার্কেট একটা ৪ তলা বিল্ডিং; সে সম্বন্ধে বলছি যে রিপোর্ট ক্যালকাটা কর্পোরেশন ইনভেষ্টিগেশন কমিটির, তাঁরা কি রকম গাফিলতী করেন, সেটা বলছি। "ডেলি কালেকসনস আর ফ্রম ডেলি-রেটেড ভেণ্ডরস", ইত্যাদি। মাসের কালেকসন ১,১৭০ টাকা ধরা হয়েছে। মাসের কালেকসনকে ১২ দিয়ে গুণ কোরে বছরের ভ্যালুয়েশন করা হয়। এখন আমি বলতে চাই যে মাসে কেন, দৈনিক এরচেয়েও বেশী আয় হয়। অথচ কি কোরে যে এই কোলে মার্কেটের ভ্যালুয়েশন ধরা হয় তা জানবার উপায় নাই; কিন্তু জানিয়ে দেবার কথা আছে। ১৭৮ ধারায় আছে যে জানিয়ে দিতে হবে; কিন্তু কোথায় পাওয়া যাবে? যেকোন ব্যক্তি একটা টাকা দিলে বা কোন ভ্যালুয়েশন জানতে গেলে পাড়ায়, বাজারে তা জানতে পারবে না। আইন হচ্ছে জানান; ১৭৮ ধারায় প্রভিসন আছে অথচ তার কিছুই পাওয়া যায় না। আমরা দেখি যে এখনও ১ কোটি ২৬ লক্ষ টাকা ট্যাক্স বাকী পড়ে আছে, যারা এই ট্যাক্স ফাঁকি দেয় তারা সব বড় বড় কর্পোরেশনের চাঁই—রাঘব বোয়াল বলা

যেতে পারে, তারা ট্যাক্স দেবে না; বড়লোকে অন্য বাড়ী ছেলের নামে ভাড়া দিয়ে দিলে; তাহলে ৫ পার্সেন্ট বেঁচে গেল। তার ১ হাজার টাকাটা ৫০ টাকায় ভাড়া সাব্যস্ত হ'ল এবং সেই অনুসারে ভ্যালুয়েশনও সাব্যস্ত হ'ল; অথচ একটা গরীব লোকের বাড়ীর এমনভাবে ভ্যালুয়েশন হ'ল যে তার দেওয়া খুব কষ্টকর। বড়লোকেরা চিরকাল ট্যাক্স ফাঁকি দিয়ে আসছে। এখনও এই স্বরাজের আমলেও কি তাই চলবে? তা যদি হয় তাহ'লে ত কোন প্রার্থনাই নাই। সেইজন্য আমি অপোজিসনএর দিক থেকে বলছি যে অফিসিয়াল গেজেটে পাবলিশ করা হোক। কিন্তু এটা তাঁরা নিতে পারবেন না; আউট অফ অর্ডার হয়ে গেল এই ভাল কথাটা। কাজেই এখানে এই যে জিনিষটা রয়েছে যে অফিসিয়াল গেজেটে পাবলিশ কোরে দেওয়া হোক এটা মন্ত্রী মহাশয় নিয়ে নিন। তা নাহ'লে বলব যে সমস্ত বড় বড় রাঘব বোয়াল চিরকাল ট্যাক্স ফাঁকি দিয়ে আসছে তাদেরই ফাঁকি দেবার সুবিধা কোরে দেওয়া হবে, অন্য কিছুই নয়। আমাদের এই সামান্য জিনিষটা এ্যাকসেপ্ট করুন; নইলে ডিভিশনে দিতে হবে।

Sj. Iswar Das Jalan: The position is that under section 178 it is provided that when the valuation under section 172 of the lands and buildings in any ward has been completed, the Commissioner shall cause the respective valuations to be entered in a list and give public notice of the place where such list may be inspected. Such notice shall be by advertisement in local newspapers and also by placards posted up in conspicuous places throughout such ward. The Commissioner shall also cause a placard to be posted up in each *bustee* showing separately for each hut standing on the *bustee* the valuation assigned to it in the valuation list. The persons having custody of the valuation list shall permit any person to inspect it and to make extracts from it. No fee shall be charged for any such inspection. But there shall be payable, by all persons other than owners or occupiers of land in the ward and their agents a fee of Re. 1 in respect of each entry extracted. The provisions of section 180 which are before the House tell us that when a building has been for the first time valued, a special notice shall be given to the owner and occupier of the same. So far as the Act is concerned sufficient public notice is provided for. The question is as to whether the provisions of this Act are carried out or not. If the provisions of the Act are not carried out there are eighty Councillors in the Corporation of Calcutta and lakhs and lakhs of rate-payers whose interest is jeopardised to see to it. If they cannot safeguard their rights even if it is provided for under the Act, I do not think anybody can safeguard their rights. Now it is a question of publication in the *Official Gazette*. My friend should remember that in the city of Calcutta there may be lakhs and lakhs of houses and now if every valuation has to be published in the *Official Gazette*, you can see how much expense and how much delay it will entail. If those people whose interest it is to see that the valuation is there properly done, if they do not take interest nobody is going to read in the *Official Gazette* as to what is being published there. Why should it be in the case of the Calcutta Corporation? Why should it not be in the case of the municipalities of Bengal that it should be published in the *Official Gazette*. It is an impracticable proposition. As a matter of fact, the Act provides sufficient safeguards for its publicity and it is for the representatives of the people who are in the Corporation and the rate-payers to be alive to their rights and obligations under this Act. I, therefore, oppose the amendment.

[5-50—6 p.m.]

The motion of Sj. Subodh Banerjee that for clause 34 the following be substituted, namely:—

"34. In section 180 of the said Act,—

(1) the word '*bustee*', in the two places where it occurs, shall be omitted;

(2) the words 'The Commissioner shall publish in the *Official Gazette* all particulars relating to all such cases of valuation road by road within seven days from the date of issuing notice to the

owner or the occupier' shall be added at the end"

was then put and a division taken with the following result:—

AYES—48.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Binoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Jana, Sj. Kumar Chandra
Joarder, Sj. Jyotish
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohan
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhusan
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar.
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Sj. Jyotish Chandra (Falta)
Ray, Dr. Narayan Chandra
Sahu, Sj. Janardan
Shaw, Sj. Kripa Sindhu
Tah, Sj. Dasarathi

NOES—117.

Abdul Hameed, Janab Hazi Sk.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhayay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, Sj. Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, Sj. Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, Sj. Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, Sj. Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Dhar, Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Ganguli, Sj. Bipin Behari
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, Sj. Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Khan, Sj. Sashibhushan
Mahammad Ishaque, Janab
Mahbert, Sj. George
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Annada Prosad
Maziruddin, Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukharji, Dr. Amulyadhan
Mukherji, Sj. Ajoy Kumar
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, Sj. Hem Chandra
Paul, Sj. Suresh Chandra

Platel, Mr. R. E.
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa-Sandeshkhali).
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Radhagobinda
Roy, Sj. Ramhari
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sarkar, Sj. Bijoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sikdar, Sj. Rabindra Nath
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

The Ayes being 48 and the Noes 117, the motion was lost

The question that clause 34 do stand part of the Bill was then put and agreed to

Clause 35.

Sj. Hemanta Kumar Basu: I beg to move that in clause 35, in the proposed words, line 7, for the words "two rupees" the words "one rupee" be substituted

স্পীকার মহাশয়, আমি এইমাত্র বলছি যে, কোন বাড়ীর ভ্যালুয়েশন যখন হবে, বস্তীর বা জমির ভ্যালুয়েশন হবে সেই ভ্যালুয়েশন রেজিস্ট্রীতে এণ্ট্রি করলে পর যদি কোন কিছু এমন কি একটা নোটও যদি লিখে নিতে চান তাহ'লেও এক টাকা চার্জ দিতে হবে। আবার দেখা যাচ্ছে যে বিষয়ে কোন অবজেকসন থাকে এবং তার জন্য সে বিষয়ে অবজেকসনএর হিয়ারিং হ'লে পর আগে সেকশন ৮২তে যা ছিল তাতে কোন চার্জ ছিল না। কিন্তু যদি সেই অবজেকসন ডিটারমিন হবার, সিদ্ধান্ত হবার পরে যে অর্ডার পাঠান হয় তাহ'লে সেই অর্ডারএর জন্য ১৫দিনের মধ্যে দু'টি টাকা দিতে হবে। এখন ব্যাপার হচ্ছে নূতন আইন হ'লে একথা বলেছিলাম, কর্পোরেশন অফিসার বলেছিলেন আমরা যা মাইনে পাই তাতো পাই, আজকে লোকের কাজ করছি তারজন্য কিছু নেব না? এজন্য দেখছি প্রত্যেক কাজের জন্য একটা করে ফি চান, কলকাতার রেট-পেয়ার্সরা কি ট্যাক্স দেন না যে তাদের আলাদা কাজের জন্য টাকা দিতে হবে? একবার ভ্যালুয়েশন হ'লে তার এণ্ট্রির জন্য ১ টাকা আবার অবজেকসন ডিটারমিন হলে পর অর্ডার যাবে তার জন্য দু'টাকা ফি দিতে হবে। এটা অত্যধিক; সেজন্য ২ টাকার জায়গায় ১ টাকা বলছি। অর্ডার পাঠাবার জন্য দু'টাকা হ'তে পারে না সেজন্য ১ টাকা ধরছি। এদিক থেকে ১ টাকা এবং ওদিক থেকে ১ টাকা বলছি।

[6—6-25 p.m.]

Sj. Iswar Das Jalan: Sir, I accept the amendment.

The motion of Sj. Hemanta Kumar Basu that in clause 35, in the proposed words, line 7, for the words "two rupees" the words "one rupee" be substituted, was then put and agreed to

The question that clause 35, as amended, do stand part of the Bill, was then put and agreed to

Clauses 36 to 38.

The question that clauses 36 to 38 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 39.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that for clause 39(*1*), the following be substituted, namely:—

> "(*1*) in the second proviso to sub-section (*1*), for the words 'with the approval of the Standing Finance Committee' the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted."

মিঃ স্পীকার, স্যার, আমার উদ্দেশ্য হচ্ছে এখানে যে একজেম্পশনএর কথা আছে, এই এ্যাক্টএর যে প্রভিশন আছে যে কমিশনার ইচ্ছা করলে কাউকে কাউকে একজেম্পট করতে পারবেন। কিন্তু কথা হচ্ছে একেই তো কর্পোরেশনএর নামে বদনাম আছে যে এটা একটা এজিয়ান ষ্টেবল এবং অত্যন্ত করাপশন এখানে আছে, তারপর একজেম্পশন জিনিষটা হয়ত ভাল কিন্তু কমিশনার যদি ইলেকটেড হতেন কর্পোরেশন থেকে তাহ'লে খুবই ভাল হত, কিন্তু ইনি হচ্ছেন গভর্ণমেণ্টের নির্ব্বাচিত ব্যক্তি তার ভেতর দিয়ে এই কংগ্রেস সরকার ক্ষমতা গ্রহণ করবার চেষ্টা করছেন। ষ্ট্যাণ্ডিং কমিটির এপ্রুভাল নিয়ে কমিশনার একজেম্পট করতে পারেন এটা তো আগেই ছিল, তারজন্যে, কিন্তু এখন সেটাও রাখতে চাইছেন না। কাজেই কমিশনারকে সর্ব্বেসর্ব্বা করে দিতে চাচ্ছেন। কমিশনারের ভেতর দিয়ে যে কত দুর্নীতি আসতে পারে, করাপশন স্বজনতোষণ ইত্যাদি, তার ঠিক নেই। সুতরাং তা দূর করতে হ'লে একটুখানি

[Sj. Ganesh Ghosh.]

চেক, রেসট্রিকসন থাকা দরকার। এজন্যে আমি বলি একটা স্পেশাল কমিটি করে, তাদের মত নিয়ে কমিশনার একজেম্পট করতে পারবেন। আশা করি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আমার প্রস্তাব গ্রহণ করবেন।

Sj. Iswar Das Jalan: Sir, the suggestion is that instead of the Standing Finance Committee it should be the Special Committee. I see no reason to substitute a Special Committee instead of the Standing Finance Committee. The position is that we feel difficulty in the situation. Unusual delay is caused on account of this provision, and therefore what we have provided is this "A statement reporting therein every remission or refund granted under sub-section (*1*) shall be submitted quarterly by the Commissioner to the Standing Finane Committee." If the Standing Finance Committee find that he has not properly discharged his functions or he has not acted *bona fide* they control him. That is the reason why I do not think that so far as this amendment is concerned it will be an improvement on the situation, if we have a Special Committee. I think the Standing Finance Committee will be good enough for the job. What I have provided is only for administrative convenience.

The motion of Sj. Ganesh Ghosh that for clause 39(*1*), the following be substituted, namely:—

"(*1*) in the second proviso to sub-section (*1*) for the words 'with the approval of the Standing Finance Committee' the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted."

was then put and lost.

The question that clause 39 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 40.

The question that clause 40 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 41.

Sj. Ganesh Ghosh: Sir, I move that for clause 41, the following be substituted, namely:—

"41. In the second proviso to section 222 of the said Act, for the words 'with the approval of the Standing Finance Committee, the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted."

স্যার, এখানেও ওই একই ব্যাপার। ওই রেমিশনএর কোয়েশ্চেন। কর্পোরেশনের যিনি কমিশনার তার হাতে এই ক্ষমতা দিতে চাইলে সেজন্যে আমি আগে যে সংশোধনী প্রস্তাব এনেছিলাম, সেই রকম একটি সংশোধনী প্রস্তাব এখানেও এনেছি।

(Sj. Hementa Kumar Basu rose to speak.)

Mr. Deputy Speaker: Mr. Basu, your amendment is out of order.

Sj. Hemanta Kumar Basu: Why Sir? How can it be out of order?

আমার এ্যামেন্ডমেন্ট ৪১(এ)তে, নয় ৪১তে। "ইট ইজ রংগলি রিটেন্ড"।

Mr. Deputy Speaker: Because it has a negative force.

Dr. Bidhan Chandra Roy: You cannot omit the whole clause

Sj. Iswar Das Jalan: I need not take the time of the House. For the same reason I have to oppose the motion of Mr. Ghosh.

The motion of Sj. Ganesh Ghosh that for clause 41, the following be substituted, namely:—

"41. In the second proviso to section 222 of the said Act, for the words 'with the approval of the Standing Finance Committee' the words 'with the permission of the Special Committee formed for the purpose' shall be substituted."

was then put and lost.

The question that clause 41 do stand part of the Bill, was then put and agreed to.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment.)

Clause 42

[6-25—6-35 p.m.]

Sj. Ambica Chakrabarty: Sir, I beg to move that in clause 42(*1*), for the paragraph (*a*) the following paragraph be substituted, *viz.*-

> "(*a*) in clause (*a*), for the words 'rupees ten' the words 'rupees five' shall be substituted and the word 'and' shall be omitted", and

I also beg to move that in clause 42(*1*)(*b*), in the proposed amendment to clause (*b*) of sub-clause (*1*) of section 225 of the said Act, line 1, for the words "rupees eighteen" the words "rupees nine" be substituted.

I further beg to move that in clause 42(*1*)(*b*) in the proposed amendment to clause (*b*) of sub-section (*1*) of section 225 of the said Act, line 3, for the words "rupees forty" the words "rupees twenty" be substituted.

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that in clause 42(*1*)(*b*), in the proposed amendment to clause (*b*) of sub-section (*1*) of section 225 of the said Act, line 1, for the words "rupees eighteen" the words "rupees fifteen" be substituted.

I also beg to move that in clause 42(*1*)(*b*), in the proposed amendment to clause (*b*) of sub-section (*1*) of section 225 of the said Act, line 3, for the words "rupees forty" the words "rupees twenty" be substituted.

Sj. Haripada Chatterjee: Sir, I beg to move that in clause 42(*1*)(*b*), in the proposed amendment to clause (*b*) of sub-section (*1*) of section 225 of the said Act, line 1, for the words "rupees eighteen" the words "rupees five" be substituted.

I also beg to move that in clause 42(*1*)(*b*), in the proposed amendment to clause (*b*) of sub-section (*1*) of section 225 of the said Act, line 3, for the words "rupees forty" the words "rupees ten" be substituted.

Sj. Ambica Chakrabarty: মাননীয় স্পীকার মহাশয়, আমার, এই তিনটি এ্যামেণ্ডমেণ্ট ক্লজ সংক্রান্ত ব্যাপারে আমি একসঙ্গেই বলব। এখানে একটা এ্যামেণ্ডমেণ্ট যখন রয়েছে, ১০ টাকা অরিজিনাল এ্যাক্টে ছিল

"If the cart is fitted with pneumatic tyres Rs. 18."

আজ সেখানে আমি বলছি, ১০ টাকার জায়গায় ৫ টাকা করা হোক, তারপর আর একটা জায়গায় যে এ্যামেণ্ডমেণ্ট আছে, যেখানে ১৮ টাকা আছে,

if the cart is fitted with solid rubber tyre Rs. 40

সেখানে আমি বলছি ৯ টাকা হওয়া উচিত। তারপর, আর একটা ব্যাপার, যেখানে ৪০ টাকা—

if the cart is not fitted with pneumatic tyres or with solid rubber tyre Rs. 20.

সেখানে ২০ টাকা হওয়া উচিত, কারণ, এই গাড়ী সাধারণতঃ যারা রাখে, অর্দ্ধেকের বেশীর ভাগই লোকই অত্যন্ত দরিদ্র। তাদের নিউম্যাটিক টায়ার কিংবা সলিড রবার টায়ার, তাদের পক্ষে রাখা সম্ভবপর নয়। তাদের যদি ৪০ টাকা দিতে হয় তাহ'লে অত্যন্ত কষ্ট হবে। সেজন্যে ৪০ টাকা না করে ২০ টাকা করা উচিত। যদি নিউম্যাটিক টায়ার রাখতে পারে তাদের অনেক টাকা খরচ করতে হয়, সুতরাং তাদের যদি আপনারা কিছু টাকা কম করে না ধরেন, তাহ'লে আমার মনে হয় তারা তা রাখতে পারবে না। মাননীয় স্পীকার মহাশয়, ৪০ টাকার যেখানে ১৮ টাকা করা হয়েছে, সে জায়গায় একটা ক্লজ সলিড টায়ার যদি নেওয়া হয় তাহ'লে যে ১৮ টাকা রয়েছে তাদের পক্ষে অত্যন্ত অসুবিধা হবে। সেজন্য আমার এ্যামেণ্ডমেণ্ট আমি এখানে নিয়ে এসেছি। এইসব দরিদ্র লোকদের রেজিস্টার্ড করবার যে ফি লাগে তা একজেম্পট করে দেওয়া উচিত। তা না হ'লে তাদের পক্ষে অত্যন্ত অসুবিধা হয়। যারা এমনি গাড়ী রাখেন, তাদের রেজিস্ট্রেসান ফি থাকলেও কোনো ক্ষতি নেই। সেজন্যে আমি যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি আশা করি সেটা মেনে নেবেন।

Sj. Haripada Chatterjee: আমার বক্তব্য হচ্ছে এই যে প্রথমে যাদের কাছ থেকে রেজিস্ট্রেসন ফি নেওয়া যাচ্ছে, এখানে বলা হয়েছে যে দয়া করে কমিয়ে দিয়েছেন—১৮ টাকা করতে চাচ্ছেন যেখানে ৪০ টাকা ছিল। এখানে যারা নিতান্ত দরিদ্র, যারা কার্ট চালায় তারাও পড়ে। এখানে যে ডেফিনিসন আছে—

গত বছরের আগের বছর কর্পোরেশন সম্পর্কে যে আইন তৈরী হয়েছিল তার বিরুদ্ধে বিভিন্ন খবরের কাগজের মারফৎ, বিভিন্ন সভার ভিতর দিয়ে প্রচণ্ড বিরোধিতা দেশের ভিতর অভিব্যক্তি লাভ করেছিল। কিন্তু তা সত্ত্বেও জনসাধারণকে উপেক্ষা করে কেবলমাত্র সংখ্যাগরিষ্ঠতার জোরে এই বিল পাশ করা হয়েছিল। এবারও যখন সেই বিলকে সংশোধন করার উদ্দেশ্যে নূতন একটা বিল এলো তখন তাতে আমরা আশা করেছিলাম যে অনেক কিছু ভাল জিনিষ থাকবে কিন্তু আমরা আশাহত হয়েছি, বিক্ষুব্ধ হয়েছি। শুধু আমি নই দেশের জনসাধারণও এতে অত্যন্ত বিক্ষুব্ধ হয়েছে এবং এই হাউসের বিরোধী পক্ষের ভিতর দিয়ে জনসাধারণের বিক্ষোভ প্রকাশ পেয়েছে।

ফ্রানচাইজ ভোট সম্পর্কে যেমন সব ব্যবস্থা আছে তার কিছুই মন্ত্রী মহাশয় এখানে করেননি। সাবালক অর্থাৎ নির্দ্ধারিত বয়সের লোক হ'লে, সে ভোট পাবে এবং যে ভিত্তিতে এই পরিষদের নির্ব্বাচন হয় সেইভাবে কর্পোরেশনেও নির্ব্বাচনের ব্যবস্থা হোক, এইটাই হচ্ছে জনসাধারণের দাবী। সেই দিকে মন্ত্রী মহাশয় কি করেছেন? কিছুই করেননি। বিরোধী পক্ষ থেকে যা বলা হচ্ছে সে সম্বন্ধে কি তিনি চিন্তা করেছেন? কিছুই করেননি। কর্পোরেশনের ভোটার পরিবর্ত্তন সম্পর্কে তিনি কিছুই করেননি, করতে অস্বীকার করেছেন। যা কর্পোরেশনে আজকে আছে সে হচ্ছে কতকগুলি মুষ্টিমেয় লোকের হাতে ক্ষমতা, ও নিজেদের পকেটে ভোট রেখে যাতে বরাবর কর্পোরেশনে এসে দখল করে রাখতে পারেন তারই চেষ্টা চলেছে। এবং এরই জন্য এই কলিকাতা কর্পোরেশনে আদি অনন্তকাল ধরে দুর্নীতি চলে আসছে।

বস্তী সম্বন্ধে বস্তীর জনসাধারণের সুবিধার কোন ব্যবস্থার জন্য মন্ত্রীমহাশয় এই বিলের ভিতর কিছু করেছেন কি? কিছুই করেননি। গত কাল এখান থেকে সেই দাবী উঠেছিল, কিন্তু সে সম্বন্ধে কোন পরিবর্ত্তন করেছেন কি? তিনি করেননি এবং করতে অস্বীকার করেছেন। কলিকাতায় ১৮ লক্ষ লোক বস্তীতে বাস করে; বস্তীতে জল পায় না, বস্তীতে আলো নাই, ড্রেন নাই, অথচ কলেরা আরম্ভ হয়ে গেছে এবং কলেরায় বস্তীর বেশীর ভাগ লোকই মরে। বেলগেছিয়া বস্তীতে শতকরা ৭০ জন টিউবারকিউলসিস রোগে ভুগছে; মন্ত্রীদের কাছে গেলে তাঁরা বলেন "কি করব"? জমিদারের জমি, আমরা ত কিছু করতে পারি না। তাদের কি স্বাস্থ্যের জন্য বাধ্য করতে পারেন না? ড্রেনের ব্যবস্থা, জল দেবার ব্যবস্থা ত তাঁরাই করবেন। আপনারা শুনে আশ্চর্য্য হবেন যে টালার নীচে বস্তীবাসী বস্তীতে জল পায় না। তার কি কোন ব্যবস্থা হয়েছে? এখান থেকে অবশ্য দাবী করা হয় জলের ব্যবস্থা করার জন্য; আইন কোরে ক্ষমতা নিন যাতে জমিদারদের বাধ্য করা যেতে পারে বস্তীতে জল দেবার জন্য বিশেষ কোরে এই গরমের সময় যখন কলেরা হয়। কিন্তু মন্ত্রীমহাশয়েরা সেকথা শুনছেন না এবং শুনতে অস্বীকার করেছেন। ঔদ্ধত্যের সঙ্গে সংখ্যাগরিষ্ঠতার জন্য বলেছেন "আমরা আপত্তি করি"। এ সব সম্বন্ধে কোন ব্যবস্থা করেন নি এবং করতে অস্বীকার করেছেন। এই বিলের ভিতর দিয়ে আমরা ত দেখছি গরীব লোকের কিছুই সুবিধা করেননি। সাধারণ গরীব মানুষ গাড়ী চালায়, তাদের ৪০৲ টাকা ট্যাক্স ধরা হয়েছে। তারপর এ্যাসেস্‌মেণ্টএর যে সমস্ত ব্যবস্থা আছে তাতে দেখি ট্যাক্স ছিল কম, সেগুলি বাড়িয়ে দেওয়া হয়েছে। যদি ১৫ দিনের মধ্যে এ্যাসেস্‌মেণ্টএর টাকা জমা দেওয়া না হয় তাহ'লে সুদ বাড়িয়ে দেওয়া হয়। গরীব মানুষের জন্য কোন সুবিধার ব্যবস্থাই করছেন না। সংখ্যাগরিষ্ঠতার জোরে সব কিছু অন্যায় ক'রে যাচ্ছেন; বড় লোকদের ট্যাক্স বেশী নেন না, এই সব অনেক অবিচার করছেন। বিরোধী পক্ষ থেকে দাবী উঠেছিল যারা নীচের সমাজের তাদের সুবিধা কোরে দিন; কিন্তু তাঁরা তা করতে রাজী নন। এই বিলের এই জন্যই বিরোধিতা করি। (জনৈক সদস্য: বড় লোক ব'লেই সব আপত্তি করছেন?) হাঁ। বড় লোকদের উপর ট্যাক্স বাড়াতে চাই। আপনারা অনেকেই ত বড় লোক নন। স্পীকার মহাশয়! আমি আশ্চর্য্য হয়ে যাই যে কি কোরে ওঁরা হাঁ বলেন।

মন্ত্রীমহাশয়ের যে মনোভাব কাল প্রকাশ পেয়েছে তা অত্যন্ত আপত্তিজনক। মন্ত্রীমহাশয় আমাদের কোন সংশোধনই গ্রহণ করেন নি, কেবল, হেমন্ত বাবুর একটা সাধারণ সংশোধন গ্রহণ করেছেন, আর আমাদের পক্ষের দু'টো ব্র্যাকেট তুলে দিয়ে কাজ শেষ করেছেন। বিরোধী পক্ষের সংশোধন গ্রহণ ত করেনই নি, এমন কি তার যথেষ্ট জবাব পর্য্যন্ত দেন নি। অনেক ক্ষেত্রে বিরোধী পক্ষের যুক্তির খণ্ডন

প্রয়োজন বোধ করেননি, এবং অনেক জবাবে মাত্র বলা হয়েছিল, "আমরা এটা গ্রহণ করতে পারি না।" সংখ্যাগরিষ্ঠতার জোরে এমনভাবে বিরোধী পক্ষকে উড়িয়ে দিতে চেষ্টা করলে এখন হয়ত সমর্থ হবেন কিন্তু ভবিষ্যতে পারবেন না। কালকে বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে কর্পোরেশনের ভিতর অন্ততঃ যাতে বিরোধী পক্ষের প্রতিনিধি বিভিন্ন কমিটিতে থাকে তার ব্যবস্থা করুন; প্রপরসনাল রিপ্রেজেণ্টসনএর ব্যবস্থা করুন ও এঁরা গণতন্ত্রের কথা বলেন অথচ প্রপরসনাল রিপ্রেজেণ্টসন চান না। এটা গণতন্ত্রের কথা নয়। এই বিলের ভিতর দিয়ে গণতন্ত্রকে গলা টিপে মারার চেষ্টা করা হচ্ছে। আমি একটু আগে বলেছি এবং সবাই বলেছেন যে এই যে ব্যবস্থা করা হচ্ছে এতে একটি লোকের হাতে সমস্ত ক্ষমতা দিয়ে সমস্ত কর্পোরেশনকে নাকচ কোরে দেবার চেষ্টা হচ্ছে। এটা সম্পূর্ণ গণতন্ত্রবিরোধী। সেই জন্যই কালকে বিরোধী পক্ষ থেকে বার বার বলা হয়েছে এই সর্বনাশা বিল পাশ করার আগে জনমত নিন, কলিকাতার বাসিন্দাদের মত নিন, তার পরে সর্ব্বসম্মতিক্রমে বিলটি আনুন। সরকারকে জনসাধারণের কথা কে শোনাবেন? অন্ততঃ বলুন আপনারা জনসাধারণের প্রতিনিধি কিনা। কাদের প্রতিনিধি আপনারা? কলিকাতার ২৬ লক্ষ লোকের মধ্যে ২০ লক্ষ লোক গরীব, আপনারা কখনই তাদের প্রতিনিধি নন। প্রপরসনাল রিপ্রেজেণ্টসনএর ব্যবস্থা করেননি। এই বিলের ভিতর দিয়ে সরকারের যে প্রতিনিধি তাকেই ক্ষমতা দেওয়া হচ্ছে। তার জন্য যুক্তি দিচ্ছেন মন্ত্রী মহাশয় যে কর্পোরেশন থেকেই এই রকম দাবী করেছে। আজকে কর্পোরেশন কংগ্রেসের মেজরিটি। এতে এ্যাডমিনিষ্ট্রেশনএর জন্য কমিশনারকে ক্ষমতা দেওয়া হচ্ছে। একথা তাঁরা ভাবেন না।

[10-45—10-55 a.m.]

আমি এখানে বলছি কমিশনারকে ক্ষমতা দেওয়ার বদলে আপনারা ক্ষমতা নিজেদের হাতে রাখুন। এদিকে আপনারা বলছেন না যে কেন কর্পোরেশনের হাতে ক্ষমতা দরকার। কমিশনারএর হাতে ক্ষমতা দেওয়ার পূর্ব্বে কর্পোরেশনের কাছে আপনাদের জিজ্ঞাসা করা উচিত ছিল। মন্ত্রী মহাশয় বল্লেন যে কর্পোরেশন তাদের সিদ্ধান্ত জানিয়েছে। আপনারা কমিশনারের হাতে ক্ষমতা দিয়ে অত্যন্ত অন্যায় ও অগণতান্ত্রিকতার কাজ করছেন। এবং আমি এর তীব্র প্রতিবাদ করছি। এর চেয়ে কর্পোরেশনের হাত থেকে সমস্ত নিয়ে আপনারা সোজাসুজি আপনাদের হাতে নিয়ে নিন তাহ'লে দেখতেও সুন্দর হ'ত আর আপনারা যা চাইছেন তাই পেতেন। অথচ কর্পোরেশনও রাখলেন আবার আপনাদের নির্ব্বাচিত কমিশনারকে কর্পোরেশনের ক্ষমতাকে বাই পাশ করবার অধিকার দিলেন। সেইজন্য আমি আবার অনুরোধ করছি এটা জনসাধারণের মধ্যে চালু করেন এবং যাতে গরীব মধ্যবিত্তদের খানিকটা সুবিধা দেওয়া যেতে পারে তার দিকে দৃষ্টি দেবেন।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, after what I have heard in this House in the discussion of the Bill, I must say I am still confirmed in the opinion that this Bill should not be passed. It is a very retrograde and reactionary thing. The greatest sorrow is to think to what low level the present Ministry has brought the Corporation of Netaji Subhas Chandra Bose, C. R. Das and other great leaders of this country. It was once a democratic and a sovereign body but by and by it has been reduced to this low position and it is now subservient to the present Government. In all the actions of the Government in so reducing the status of this democratic body we find only the motive that the Ministry is trying to tighten their grips for their own political purposes, with an eye to the future stability and security of their position.

Mr. Speaker: Please develop some new arguments. Everybody is repeating the same argument.

Sj. Tarapada Bandopadhyay: They are tightening their grips on the Corporation. This is scandalous. The sponsor of the Gangasagar Mela Bill, Sj. Iswar Das Jalan, the Minister-in-charge of this Bill, is trying to kill the last vestige of democracy that still remains.

Mr. Speaker: Gangasagar Mela Bill was passed some days ago and that Bill cannot be criticised now without an amending Bill.

Sj. Tarapada Bandopadhyay: Sir, wise counsel given to the sponsor of the Bill, to the Congress Ministry, in the best motive, in the most co-operative manner was not paid heed to. What was the

[Sj. Tarapada Bandopadhyay.]

suggestion? Give some representation to all shades of opinion. To that their answer was, no. It was suggested that the burden of taxation on the poor should be lightened to some extent. Their answer was, no. Some ways and means were suggested to see that the rich and the influential persons could not evade their taxation. That was also not listened to.

Mr. Speaker: That has been repeated thrice.

Sj. Tarapada Bandopadhyay: Therefore, I must say it is a retrograde step and the House should not pass this Bill.

Sir, there is no provision in this Bill for taking care of so many beggars and vagrants who are dying everyday as summer flies in the streets without a morsel of food, without medicine or even water at the time of their death. It is regrettable and it is a standing scandal and nuisance to any Corporation or Government worth the name. Therefore, there should have been some provision to start an asylum for these unfortunate human beings. Then we would have been glad and would extend our co-operation in the matter of the passage of this Bill. I am sorry that has not been done.

Therefore, I oppose this Bill and I would again make a last minute appeal to the sponsor of the Bill, to the Ministry and to the Congress benches not to pass this Bill.

Sj. Dasarathi Tah:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে Calcutta Municipal Bill Act হবার পর আবার এ্যামেণ্ডমেণ্ট বিল আকারে এসেছেন এখানে সাধারণভাবে এইটা দেখতে পাচ্ছি যে, যেকোন জিনিষকে সংশোধন করলে সেই খারাপ জিনিষটা ভাল হয় আর এখানে দেখতে পাচ্ছি যে সংশোধন করার ফলে যাও ছিল তার চেয়ে আরো খারাপ হচ্ছে। আমরা প্রথমেই দেখছি যেভাবে আমাদের এই বিল সম্বন্ধে বক্তৃতা দিয়ে বারণ করে দেওয়া হচ্ছে--

Mr. Speaker: মিউনিসিপাল এ্যামেণ্ডমেণ্ট বিল সম্বন্ধে বলতে পারবেন না একথা বলিনি কখনও তবে Gangasagar Mela Bill cannot be criticised without an amending Bill.

Sj. Dasarathi Tah:

আমি এই কথা বলবো যে আমাদের স্বায়ত্ত-শাসন বিভাগের মন্ত্রী এই স্বায়ত্ত-শাসনকে লিকুইডেসনএ দিয়ে এই স্বায়ত্ত-শাসন যা ছিল সেটাকে স্ব-আয়ত্ত-শাসনে পরিণত করেছেন। কিন্তু বহু শাহ চলে গিয়েছে, পাঠান শাহ, মোগল শাহ, ইংরাজ শাহ, লীগ শাহ চলে গিয়েছে। কংগ্রেস শাহও একদিন চলে যাবে, কিন্তু কংগ্রেসের একটা পথ থাকা দরকার। এখানে তাঁরা সমস্ত ক্ষমতাই গভর্ণমেণ্টের হাতে তুলে দিচ্ছেন কিন্তু যখন তাঁরা গভর্ণমেণ্টএ থাকবেন না তখন তাঁদের মাথা গুঁজবার স্থানও আর থাকবে না। আমরা বাইরের লোক, ৩।৪ মাস কলিকাতায় থাকি। প্রথমেই আমাদের চোখে পড়ে এই কলিকাতা নগরের লোকের স্বাস্থ্যের দিকে। যদি পায়খানায় যান তাহ'লেই দেখতে পাবেন। অবশ্য ঐদিকে যাঁরা বসে আছেন তাঁদের এই সরকারী পায়খানায় যে নরক সৃষ্টি হয়েছে তা দেখবার সুযোগ হয় না। এই সংশোধনী বিলে ঠেলা গাড়ীর উপরেও ঠেলা দেওয়া হ'ল বেশী করে ট্যাক্স করার জন্য। কিন্তু বড় বাজারে ফুটপাথের উপর, হেমন্ত বাবু বলেছেন যে গরীব লোকেরা যদি কাপড়ের ছিট বিক্রয় করে অমনি পুলিশ তাদের ধরে নিয়ে যায়, আর এখানে লোকে পারমানেণ্টলি ব্যবস্থা করে নিয়েছে মহর্ষি দেবেন্দ্র নাথ রোডে। এরা রিফিউজী নয়, অথচ এদের জন্য কর্পোরেশন কোন ব্যবস্থাই করে না। এখানে গরু ছাগল থাকে, পায়খানা করে, যাতায়াতের অসুবিধা হয়, ড্রেন পরিস্কার হয় না কিন্তু কর্পোরেশনের এদিকে নজর নেই। এখানে বড় বড় বাজার আছে। অবশ্য সেখানে বড় লোকরা বাজার করতে যান না তাদের কর্মচারী আছে কিন্তু যারা সাধারণ ও মধ্যবিত্ত লোক তাদের যে দুর্গন্ধ সহ্য করতে হয় তা বলা যায় না। রাস্তার চকে পানের বাজারের যে অবস্থা হয়েছে তা দেখে মনে হয় সেটা পরিস্কার করার কোন ব্যবস্থাই নেই। এই মহর্ষি দেবেন্দ্র নাথ রোডে "লরি" সমস্ত সার ধরে আছে তার কোন ব্যবস্থা নেই। এই বিলের আসল নায়ক ডাক্তার রায় তিনি

কলিকাতা মিউনিসিপ্যালিটিতে আণ্ডারগ্রাউণ্ড ড্রেন করবার প্রস্তাব করলেন যাতে লোকের ধোঁয়া না লাগে এবং এই পরিকল্পনায় ছয় লক্ষ টাকা জলে দিলেন।

[10-55—11-5 a.m.]

সেই জন্য আমার কথা হচ্চে এই যে প্রত্যেকটা জিনিষই দেখছি, ওঁদের হাতে গেলেই সেটাই সোনা হয়ে যাচ্ছে। সেই জন্য হরিপদ বাবু যা বলেছেন মিত্রী অব বির্লা হাউসে যে নীতি সে একটা অদ্ভুত ব্যাপার, এবং এই যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গ সরকারের মাথার উপরে যাঁরা চেপে বসেছেন তারা যেটাই হাতে নেন তাঁরই সেই অবস্থা। সুতরাং আমরা কোনই আস্থা রাখতে পারছিনে। কর্পোরেশনের ব্যাপারে আজ সকলের প্রতিনিধিত্ব নাই এবং এজন্য প্রতিবাদ করা সত্বেও ওঁরা অবশ্য এটাকে পাশ করিয়ে নিবেন যেমন বরাবর ওঁরা করে আসছেন।

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়, সরকার পক্ষ কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টের এই যে সংশোধনী এনেছেন, সে সম্বন্ধে আমার পূর্ববর্ত্তী বক্তারা অনেক কিছু বলেছেন। সে সম্বন্ধে আমি আর কিছু বলব না। গ্রাম আলোচনা কালে মন্ত্রী মহাশয় যে বলেছেন কর্পোরেশনই চেয়েছে সেই জন্যই ওঁরা এই সংশোধনী এনেছেন। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, কর্পোরেশনের যে সমস্ত সদস্যেরা এই মিউনিসিপ্যাল এ্যাক্ট সংশোধনের জন্য চেয়েছে, তারা কারা? এবং কর্পোরেশনের কোন্ মিটিংএ এই সমস্ত প্রস্তাব গ্রহণ করা হয়েছে সে সমস্ত জিনিষ দেখবার জন্য তাঁকে আমি অনুরোধ করছি। আজকার এই গণতন্ত্রের যুগে জনসাধারণের সুখসুবিধার ব্যবস্থা করাই সরকারের কর্ত্তব্য। নাগরিকবৃন্দের সুখসুবিধা দেবার কি চেষ্টা তাঁরা এ বিলের মধ্যে করেছেন—আমি জিজ্ঞাসা করি। কলকাতার মতন নগরীতে লোকের জলের যে অসুবিধা আছে এবং সেইটের যে অভাব-অভিযোগ আছে নরকের দৃষ্টান্ত স্বরূপ বস্তী যেসব আছে সেখানে পায়খানার ব্যবস্থা নাই, সে সমস্ত ব্যবস্থা করার কথা এই বিলে আছে কি? কলকাতার পার্কগুলিতে জনসাধারণ যে বেড়াতে যায়, সেগুলি আজ মরুভূমির মতন পড়ে আছে, সেগুলি যাতে জনসাধারণের আরাম ও আনন্দদায়ক হয় তা করার জন্য কিছু করা হয়েছে কি? এই কলকাতার কেন্দ্র স্থলে যে কার্জন পার্কটা ছিল সেটা যে ট্রাম কোম্পানীকে দেওয়া হ'ল, সেইটে দেবার প্রস্তাবটা কর্পোরেশন থেকে এসেছিল কিনা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই। অনেক লোক আজ ফুটপাতে মরে পড়ে থাকে কর্পোরেশনের সদস্যরা দিয়েছেন কিনা আমরা জানতে চাই। সে সমস্ত দাবী সম্বন্ধে কিছুই এ বিলে নাই। কর্পোরেশনের যে সমস্ত মার্কেট, বাজার আছে যেমন লেক মার্কেট, ল্যান্স-ডাউন মার্কেট ও গড়িয়াহাটা মার্কেট, সেই সমস্ত মার্কেটে যে সমস্ত গরীব লোক শাকসব্জী বিক্রয় করতে আসে তাদের ঝুড়ি বা টুকরী ছুঁড়ে ফেলে দেওয়া হয়। পুলিশ তাদের কাছ থেকে যে তরী-তরকারী কেড়ে নিয়ে যায় সে দিকে গভর্ণমেণ্ট বা কর্পোরেশন কারোই লক্ষ্য নাই। আজ তাই এই বিলটা দেখে মনে হচ্ছে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার যাতে নষ্ট করা যায় সেই রকম সুপারিশ তাঁরা এই বিলের মধ্যে আজ করেছেন। এবং কর্পোরেশনের কোন্ মিটিংএ কোন্ সদস্যরা এই সব করার জন্য ভোট দিয়েছে মন্ত্রী মহাশয় সে সম্বন্ধে আমাদের সব জিনিষ বলুন। আমরা যা জানি তাতে এই কথা বলতে পারি গভর্ণমেণ্ট বড় লোকদের উপর ট্যাক্স ধার্য্য করছেন না। অথচ এই কলকাতার উপর যাদের দু'একখানা ঘর আছে তাদের উপর করভার বেড়ে গিয়েছে।

তারপরে দুর্নীতি কর্পোরেশনে যে সমস্ত আছে তা যেমন ছিল তেমনি রয়েছে; সে সমস্ত দুর্নীতি দূর করার চেষ্টা ত করেনই নাই, বরঞ্চ কর্পোরেশনে হিটলারী রাজত্ব কায়েম করার জন্য ডাঃ রায়ের নমিনীকে কমিশনার করে তার হাতে সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে।

Sj. Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়!

১৯৫১ সালে মিউনিসিপ্যাল এ্যাক্ট যখন পাশ করা হয় তখন তার বিরুদ্ধে একটা এ্যাজিটেশন হয়েছিল যে সুরেন্দ্র নাথের কীর্ত্তি নষ্ট করা হচ্চে এবং ডেমোক্রেসিকে ধ্বংস করা হচ্চে। তার পূর্ব্বে ১৯৪৮ সালের মার্চ মাসে যখন গভর্ণমেণ্ট কলিকাতা কর্পোরেশন সুপারসেসন করেছিলেন তখনও একটা আন্দোলন হয়েছিল যে কাউন্সিলরদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, এবং এটা খুব অন্যায় হয়েছে। সাধারণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা স্বায়ত্ত-শাসনমূলক প্রতিষ্ঠানগুলি পরিচালিত হয় এটা সকলেই চায়। কিন্তু একথা অনেকেই জানেন যে গত কয়েক বৎসর যাবৎ কর্পোরেশনের কাজ যেভাবে পরিচালিত হয়েছে তাতে কলিকাতার জন-সাধারণ যে খুব বেশী উপকৃত হয়েছে তা বলা চলে না, এবং যাঁরা দায়িত্বশীল পদে অধিষ্ঠিত ছিলেন কাউন্সিলর

[Sj. Narendra Nath Sen.]

হিসাবে, তাঁদের কাজের ফলে কলিকাতা কর্পোরেশন "চোরপোরেশন" আখ্যা পেয়েছিল। একথা গণেশ বাবুও ব'লে গেছেন। তাদের কাজের ফলে কলিকাতা কর্পোরেশনের অত্যন্ত বদনাম হয়েছিল। ১৯৪৮ সালের সুপারসেসনের ফলে কর্পোরেশনের শাসন ও কার্য্যব্যবস্থা ভাল কি মন্দ হয়েছিল সে কথা আলোচনা করতে চাই না; কিন্তু এইটুকু বলতে পারি যে এই সুপারসেসন অন্ততঃ কর্পোরেশনের কতকগুলি সম্পত্তি রক্ষা করেছে; এটা অনেকে হয়ত জানেন না। এই সময়ে কর্পোরেশনের ১০ বিঘা মূল্যবান জমি বিক্রী করা হয়েছিল এবং কোন কোন কাউন্সিলরের তার ভিতর অংশও ছিল। একথাও অনেকে হয়ত জানেন না।

[11-5—11-15 a.m.]

সুপারসেসনের কিছু আগে কর্পোরেশনের হাজরা পেল ডিপোর দশ বিঘা খুব মূল্যবান জমি কম দামে বিক্রী হয়ে গেছে এবং কোন কোন কাউন্সিলরদের তার ভেতর অংশ ছিল। বহু মূল্যবান এই দশ বিঘা জমিতে যদি কর্পোরেশনের একটা মার্কেট হতো, তাহলে আলীপুর, চেৎলা, কালীঘাট ও ভবানীপুরের লোকদের খুব সুবিধা হ'তো, এতে জনসাধারণের যেমন উপকার হ'তো, কর্পোরেশনেরও বহু টাকা আয় হ'তো। (এ ভয়েস ! এঁরা কংগ্রেস কাউন্সিলর তো? নাম বলুন।) কিন্তু তা হয়নি। কোন কোন কাউন্সিলারের এর ভেতর হাত ছিল। সুপারসেসনের আগে গড়িয়াহাট মার্কেটের একটা অংশ কোন কাউন্সিলারের বন্ধুকে বে-নামীতে নামমাত্র মূল্যে লীজ দেওয়া হচ্ছিল, এটাও অনেকে জানেন না। এর আগে যাদের হাতে দায়িত্ব ছিল তাদের কেউ কেউ যে এভাবে ক্ষমতার অপব্যবহার করেনি তা বলা যায় না। এমন কেস হয়েছে যে কোন প্রমিনেন্ট কাউন্সিলর, কোন বিখ্যাত হোটেল কোন একটা নির্দিষ্ট কোম্পানীতে ইন্সিওরেন্স না করার জন্য সেই হোটেলের লাইসেন্স ক্যানসেল করিয়েছেন। কাজেই ক্ষমতার যখন অপব্যবহার হয়, সেটাকে বন্ধ করবার জন্য যদি বিশেষ আইন করার প্রয়োজন হয়, তাহ'লে সেটা করা নিশ্চয়ই দরকার। ডাঃ ব্যানার্জী বলেছেন এই এ্যাক্টে ডেমক্রেসী নষ্ট হয়ে যাচ্ছে। আমি তার উত্তরে বলবো

Democracy is covetable no doubt, but sometimes it becomes a curse if there is no provision to check the abuses of law.

আগেই বলেছি ১৯৫১ সালে যে বিলটা আনা হয়েছিল, তা পাশ হবার আগে এর বিরুদ্ধে একটা এ্যাজিটেশন হয়েছিল। তার একটা কারণ কমিশনারের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে এবং কাউন্সিলরদের হাত থেকে কতকগুলি ক্ষমতা নিয়ে নেওয়া হয়েছে, বিশেষ করে সার্ভিসেসের ব্যাপারে। আমার মনে হয় কমিশনারের পদে যিনি থাকেন তাঁকে যদি কাউন্সিলরদের তোষামোদ করে চলতে না হয়, ইণ্ডিপেণ্ডেণ্টলি তাঁরা যদি কাজ করতে পারেন, তাহ'লে খুব ভাল হয়। ১৯৫১ সালের আইনকে এজন্য কলিকাতার জনসাধারণ ওয়েলকম করবে।

১৯৫১ সালের এই নূতন আইনের কয়েকটা স্পেশাল ফীচার দেখিয়ে দিতে চাই। প্রথম কথা এই আইনের দ্বারা স্যার সুরেন্দ্রনাথের কীর্তি নষ্ট করা হয় নাই। ১৯২৩ সাল, আর ১৯৫১ সাল এক নয়। ১৯২৩ সালে যে পরিস্থিতির মধ্যে স্যার সুরেন্দ্র নাথ আইন প্রণয়ন করেছিলেন, সেই আইন তার মধ্যেই সীমাবদ্ধ থাকতে পারে, ১৯৫১ সালে তা থাকতে পারে না। তখন কলিকাতার নাগরিকের সেটা প্রয়োজন ছিল। এই ১৯৫১ সালের আইনের স্পেশাল ফীচার হচ্ছে

Expansion of franchise right

আগে যে ফ্রান্‌চাইজ রাইট ছিল, এই আইনে তার চেয়ে অনেক বেশী নাগরিক অধিকার আমরা পেয়েছি। আগে ছিল যে বাড়ীভাড়া ২৫৲ টাকা দিত, সে ভোটার হতে পারতো, আর বস্তিতে ১২৲ টাকা ট্যাক্স দিলে পর ভোটার হওয়া যেত। আর এই আইনে করা হয়েছে ৮৲ টাকা মাত্র বাড়ী ভাড়া বা ৪৲ টাকা ট্যাক্স যে দেয়, সেই ভোটার হতে পারে। তারপর এডুকেশনাল কোয়ালিফিকেসনের দ্বারাও ফ্রানচাইজ রাইট অনেকখানি বেড়েছে। স্যার সুরেন্দ্র নাথ যে আইন প্রণয়ন করেছিলেন, তা থেকে এই আইনটা

more progressive—this Act has gone still further

এ ছাড়া আরও কতকগুলি ব্যাপর আছে, এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপার, তার ভেতর এমন কেস্ অনেক আছে, যা থেকে দেখা যাবে যে অর্ডিনারী গ্র্যাজুয়েট ও ওভারসীয়ার, ইঞ্জিনীয়ারিং ইত্যাদি পোষ্টে চাকরী পেয়েছে। এগুলোর চেক হওয়া প্রয়োজন। বর্ত্তমান আইনে ২০০৲ টাকা পর্য্যন্ত বেতনের এ্যাপয়েণ্টমেণ্টগুলো কমিশনারের হাতে রয়েছে এবং তার উপরের বেতনের এ্যাপয়েণ্টমেণ্টগুলি মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের হাতে দেওয়া হয়েছে। আমি বলবো এই যে

Municipal Service Commission is certainly a boon for the Corporation and to the ratepayers of Calcutta.

কমিশনারের হাতে যে ক্ষমতাগুলি দেওয়া হয়েছে, আশাকরি এর দ্বারা সার্ভিসে নেপটিজম অনেকটা বন্ধ হবে। এর উপরেও চেক থাকা ভাল। আমার মনে হয় কমিশনার যে এ্যাপয়েন্টমেন্টগুলি করেন, তার একটা

monthly statement of list of persons appointed with their qualifications

যদি কর্পোরেশন মিটিংএ প্লেস করা হয়, ফর এ্যাপ্রুভাল, তাহ'লে ভাল হয়। মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের হাতে যে সমস্ত এ্যাপয়েন্টমেন্টগুলি রয়েছে তার জন্য যদি পিরিওডিক্যাল এক্জামিনেসনের ব্যবস্থা করা হয় এবং কমিশনারের হাতে যে সব এ্যাপয়েন্টমেন্ট রয়েছে, একমাত্র মিনিয়েল্স্ ছাড়া, আর সমস্ত এ্যাপয়েন্টমেন্টের জন্য এই এক্জামিনেসন সিস্টেম ইন্ট্রোডিউস করা হয়, তাহ'লে আরও ভাল হয়। তবে যে সিস্টেম করা হয়েছে সেটা আগের চেয়ে ভাল, আমি বলবো।

Relief to the tax-payers.

তারপর আর একটা জিনিষ রয়েছে, সেটা হচ্ছে, সবচেয়ে বেশী রিলিফ পাচ্ছে করদাতারা, যাদের কন্সলিডেটেড রেটে স্কেল করে দেওয়া হয়েছে। আগে, যাদের বাড়ী আছে তাদের প্রত্যেককে ২২ পারসেণ্ট ট্যাক্স পে করতে হতো, আর নূতন আইনে এখন ডিফারেণ্ট স্কেল হয়েছে। তার ফলে মধ্যবিত্ত গৃহস্থেরা খুবই উপকৃত হয়েছে। অনেক জায়গায় ট্যাক্স ৫০ পারসেণ্ট কমে গেছে বলে জানি। এতে হরিপদ বাবু আপত্তি করেছেন। কিন্তু আমি বলি এটা খুব ভাল হয়েছে।

Sj. Haripada Chatterjee: আমি এতে আপত্তি করি নাই। কলিকাতা হাওড়া শুধু——

Sj. Narendra Nath Sen: এ ছাড়াও কলিকাতার রেট-পেয়াররা আরও উপকৃত হয়েছে রিবেট সিস্টেম করাতে। এতে টাইমলি পেমেণ্টও হচ্ছে এবং মধ্যবিত্ত রেট-পেয়াররাও খুব উপকৃত হচ্ছে। কাজেই এই যে ফীচারগুলি আমি দেখালাম প্রেজেণ্ট এ্যাক্টের, এই ধারাগুলি ১৯২৩ সালের আইন থেকে অনেক প্রোগ্রেসিভ বলে আমি মনে করি। এর আরও কিছু ইম্প্রুভমেণ্ট হওয়া উচিত। আমার মনে হয় কণ্ট্রাক্টের ব্যাপারটা যদি আরও কিছু টাইটেন করা যায়, তাহ'লে ভাল হয়। এ সম্বন্ধে আরও কিছু প্রভিসন থাকা প্রয়োজন। সার্ভিস এ্যাণ্ড কণ্ট্রাক্টের ভেতর দিয়ে অনেক করাপসন আসে। কণ্ট্রাক্টের ক্ষেত্রে এমন অনেক কেস দেখা গেছে যে কর্পোরেশনে খদ্দরের নামে অখদ্দর প্রচলিত হয়ে আসছে।

এ বিলের একটা ধারা সম্বন্ধে মনে করেছিলাম বিরোধী পক্ষের বন্ধুগণ কিছু বলবেন। ৫৪এ যে ধারাটা হয়েছে

unauthorised use of filtered and unfiltered water.

আমার মনে হয় অনেক ক্ষেত্রে এর প্রয়োজন আছে। কিন্তু এটাতে বস্তীবাসীদের খুব অনিষ্ট হবার সম্ভাবনা আছে বলে মনে হয়।

[11-15—11-25 a.m.]

বড় বড় বস্তীতে অনেক লোক বাস করে, একেই তো কর্পোরেশনের ওয়াটার সাপ্লাই ব্যবস্থা ভাল নয়, তারপরে অনেক বস্তীতে মাত্র একটি করে কল আছে। এই সব জায়গার লোক ভাল পানীয় জল না পেয়ে গঙ্গার জল ব্যবহার করতে বাধ্য হয় শৌচ, ধৌত প্রভৃতি কাজের জন্য। বস্তীতে এই ধারাটী যদি কার্য্যকরী করা হয়, তাহলে বস্তীকেন্দ্রের লোকদের ভয়ানক অসুবিধায় পড়তে হবে। সুতরাং এই ধারাটী যেন তাদের ক্ষেত্রে কার্য্যকরী করা না হয়। বিলটী সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। টালীগঞ্জ মিউনিসিপ্যালিটিকে এই বিলের আওতায় আনা হয়েছে। ক্যালকাটা কর্পোরেশনের আশে পাশের জায়গা নিয়ে ডেভলপ করতে পারলে ভাল হয় সন্দেহ নেই, কিন্তু টালীগঞ্জ এলাকা নিলে সেটা কর্পোরেশনের লায়েবিলিটি হয়ে দাঁড়াবে, কারণ কর্পোরেশন কলকাতার লোকদেরই উপযুক্ত জল এবং অন্যান্য সুখসুবিধা দিতে পারে না, সুতরাং টালীগঞ্জ নিলে সেটা আরও লায়েবিলিটি হয়ে দাঁড়াবে এবং কলকাতার লোকদের খুব সাফার করতে হবে। টালীগঞ্জের লোকেরাও এতে খুব উপকৃত হবে না। কর্পোরেশনের সিভিল ইঞ্জিনীয়ার এ সম্বন্ধে তদন্ত করে একটা রিপোর্ট দিয়েছেন, তাতে তিনি বলেছেন যে টালীগঞ্জের এলাকা যদি নিতে হয় তাহ'লে রোড, কনজারভেন্সি, লাইট-সয়েল, ওয়াটার-সাপ্লাই প্রভৃতির ব্যবস্থা বাবদ ইমিডিয়েটলি এ্যাডিসনাল খরচের জন্য ৬০ লক্ষ টাকা প্রয়োজন। যদি এই টাকা ক্যালকাটা মিউনিসিপ্যাল ফণ্ড থেকে নেওয়া হয় তাহ'লে তা কলকাতার নাগরিকদের পক্ষে কষ্টকর হবে। এখানকার বস্তীর লোকেরা জল পায় না। বিশেষত: চেতলা-কালীঘাটের বস্তীতে যেজের নীচে পাইপ বসিয়েও জল পাওয়া যায় না। এই অবস্থায় টালীগঞ্জের জন্য এত টাকা কর্পোরেশন থেকে খরচ করলে কলকাতার নাগরিকদের দুর্দশার সীমা থাকবে না। ক্যালকাটার ইম্প্রুভমেণ্ট যদি করতে হয়

[Sj. Narendra Nath Sen.]

তাহ'লে আগে কাশীপুর [illegible] ইমপ্রুভ করে তারপরে যদি গভর্ণমেণ্ট টালীগঞ্জ এরিয়া নিতে পারতেন তাহ'লে ভাল হ'ত। কলকাতার মিউনিসিপ্যাল বিল্ডিং রুলস থেকে টালীগঞ্জের মিউনিসিপ্যাল রুলস আলাদা, কাজেই টালীগঞ্জের লোকদের অনেকে বিপদে পড়বে।

Specially conservancy, privy, septic tank

সম্বন্ধে আমাদের যে আইন আছে সেটা এদের পক্ষে খুব ক্ষতিকর হয়ে দাঁড়াবে। আমার মনে হয় আগে ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের দ্বারা টালীগঞ্জকে ডেভেলপমেণ্ট করে তারপরে এটাকে ক্যালকাটা কর্পোরেশনে নিলে ভাল হ'ত।

(At this stage the red light was lit.)

আমার মনে হয় এই বিলের শিডিউলে কর্পোরেশনে টালীগঞ্জের যে রিপ্রেজেণ্টেশন দেবার ব্যবস্থা হয়েছে সেটা আরও বেশী দেওয়া উচিৎ। কেন না, এখন টালীগঞ্জ মিউনিসিপ্যালটিতে অনেকগুলি মিউনিসিপ্যাল ওয়ার্ড কমিশনার আছে, যথা ১নং ওয়ার্ডে ৪ জন, ২নং এ ২ জন, ৩নং এ ৩ জন, ৪নং এ ৪ জন এবং ৫নং এ ২ জন। আমার মনে হয় অন্ততঃ ৮ জন রিপ্রেজেণ্টেটিভ সেখান থেকে আসা উচিৎ। এখন যে ব্যবস্থা হয়েছে তার বদলে তিলজলার ১ জন, কসবার ১ জন, ঢাকুরিয়ার ১ জন, বাঘপুর ও যাদবপুরের ২ জন, বোড়াহাটের ১ জন ও টালীগঞ্জের ২ জন, ৫ জনের জায়গায় এইভাবে ৮টা ওয়ার্ডে ৮ জন হ'লে ভাল হয়। দ্বিতীয় কথা হ'ল এই যে এখন যে বাউণ্ডারী ঠিক করা হয়েছে তাতে দেখা যায় একটা ওয়ার্ডের মধ্য দিয়ে আর একটা ওয়ার্ড চলে গিয়েছে, এরকম মিসলিডিং ডিমার্কেশন দূর করা উচিৎ। মিউনিসিপ্যালিটিগুলির নির্ব্বাচনের ব্যবস্থা সরকার থেকে গ্রহণ করে সরকারী ব্যবস্থায় নির্ব্বাচন পরিচালিত ক'রবার বিষয় বিবেচনা করে দেখতে আমি সরকারকে অনুরোধ করছি। কারণ অতীতে দেখা গিয়েছে যে কোন কোন প্রভাবশালী কাউন্সিলরের সমর্থক একই নামের ব্যক্তিগণ বিভিন্ন বাড়ী থেকে ৩।৪টা ওয়ার্ড থেকে ভোটার হয়েছেন এবং বহু ভুয়া ভোটার তালিকাভুক্ত হয়েছে। নির্ব্বাচনে কোন কোন কাউন্সিলরের পক্ষে বহু পক্ষপাতিত্ব দেখা গিয়েছে। কর্পোরেশনের নির্ব্বাচন বিভাগের কোন কোন কর্ম্মচারীর সাহায্যেই এই সব কাজ সম্ভব হয়েছে এবং তারাও নানাভাবে পুরস্কৃত হয়েছেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Ray: মিঃ জালান, আপনি কমিশনার সাহেবের দিক থেকে যে খবর পাবার তা পেয়েছেন এবং বিলে তা দিয়েছেন। সাধারণ জনতার দিক থেকে অনেক কথা বলার ছিল, এবং তার কিছুটা আমাদের মুখ থেকে শুনেছেন। এরপর জিজ্ঞাসা করি আপনি নতুন করে বিল আনবার কোন পরিকল্পনা নেবেন কি না?

Sj. Iswar Das Jalan: Sir, I have heard with the closest attention the criticisms made by the esteemed members in the Opposition. To me it appears most of the criticisms relate to matters which have got no relationship to the present Bill. As a matter of fact in the Third Reading the debate should be restricted only to the contents of the Bill, and I need not reply to the points which have got no relevancy to the present Bill. Some of them should be raised in the meetings of the Corporation which is primarily in charge of its administration. The Government cannot interfere in all its details. So far as some of the other matters are concerned I think they are subject-matters for a budget discussion—who is a representative, who is not a representative, who represents the will of the people, who does not represent the will of the people, are all matters of controversy into which I need not enter. I can only say this that we have come by the same franchise as my friends in the Opposition, and if they claim to represent the people, we no less claim to represent the people. We represent the majority of the people (Question, question.) The Government is there and its responsibility is there. In spite of questions, in spite of everything that they might say, the facts are facts and we cannot deny facts. But I need not enter into that. For, this is not the occasion for dealing with this controversy. So far as my friend, Haripada Babu, is concerned I do not think I need reply to the points raised by him because all the points which he raised I replied when the Second Reading was going on. So far as his invectives are concerned, I am happy to take them because

we happen to be friends since 1938 and I remember the days when in his excitement he took away the mace of the Speaker and walked away with it like a Hanuman (Laughter). Therefore I need not say anything further about it.

So far as Dr. Banerjee is concerned I think he need not have any misapprehensions that any provision has been made for compound interest. As a matter of fact there is no provision for compound interest. It is a matter of calculation only and I have already stated in my speech that the interest amounts to 6¼ per cent. Therefore there was no concealment whatsoever, no subterfuge by which any compound interest has been provided. So far as the question is concerned as to how much we have whittled down the economy of the Corporation that is a matter about which we have heard enough and the time has come when we ought to realise the changed situation in the country. What we should aim at is the efficiency of our local bodies. There was a time when the Britishers ruled this country, the entire administrative powers were in their hands. They gave us a limited sphere of self-government in the shape of these local bodies and we viewed any encroachment upon autonomy with the greatest concern. The times have changed. Now the entire Government belongs to the people and the criterion with which we should approach the problem is how best to have an efficient administration of the local bodies.

[11-25—11-35 a.m.]

So far as the provisions of this Bill are concerned, I have already stated before and I repeat it once more. They are the outcome of the suggestion made by the Corporation of Calcutta itself and if the Corporation of Calcutta thinks it necessary to vest the Commissioner with certain powers for better administration there is no reason why we should not agree to it. The proposals which came from Corporation were all discussed by us and after discussion we have come to the conclusion to embody it in the shape of a Bill. Therefore, I need not say anything further than this that our aim is that the Corporation of Calcutta should function efficiently and well. It is a matter of common knowledge that our administration of local bodies requires a great reorientation. As a matter of fact, I find that 90 per cent. of the municipalities are not realising more than 50 per cent. of their taxes. No roads, no amenities, nothing can be provided unless and until the financial position is improved and for improving the financial position certain drastic remedies are to be adopted and unless these are adopted we cannot put the finances in order. The local Finance Enquiry Committee Report—if you read it you will find—depicts a very sad state of affairs so far as the collection is concerned and the greatest collection is in Madras where the system of Executive Officers is introduced and the Executive Officers are responsible for realisation of the money. In the last Municipal Act we provided for the rebate and interest and still it has not been able to yield the results that were expected. My friend, Dr. Banerjee, said that the defaulters are the rich people. If the defaulters are the rich people, it is all the more reason that the penalty should be increased further—instead of 6¼ per cent. it should be 12 per cent. While in one breath they say it is a burden on the poor, in the other breath they say it is protection to the rich. Where is the protection? If the rich are defaulters and if we increase the rate of interest what is the harm? There is no harm. We have got to adopt certain measures and unless we adopt those measures we cannot improve the position of the local bodies (interruption). Whatever it is, I have heard that hackneyed argument time and again in this House. I know that the role of the Opposition is to oppose and we cannot help it. We cannot abdicate in their favour. It is not necessary for us to dwell on those matters which have got no

[Sj. Iswar Das Jalan.]

relevancy to the subject-matter of this Bill. I have dealt with the matter and I feel that so far as the management and administration of these local bodies are concerned I seek the utmost co-operation of the Opposition. Co-operation does not mean that every suggestion that is made must be accepted by us—whether we feel that the amendment or the suggestion is worthy of acceptance or not. I have adduced my reasons for every amendment that I have to oppose. My difficulty is that I have to oppose if I do not agree to it and if I feel that it cannot be accepted. I have already said that so far as this Bill is concerned we have not gone on many matters of principle. We have gone on matters of detail. I do not say for one moment that this is exhaustive. There may be many more things to be done which may affect the questions of principle in future and I will invite my friends of the Opposition to make their suggestions if any so that they may be considered in due course of time. But I am not afraid of the fact that because a Bill has been passed in 1951 and if a change is necessary in 1953 we should not make the change. If a change is found to be necessary within six months after, I think we shall have to make it. After all, we are not static body. We are a dynamic society. Wherever changes become necessary we should have the courage to bring forward those changes.

With these words I commend my motion to the House and I hope the House will pass it.

The motion of Sj. Iswar Das Jalan that the Calcutta Municipal (Amendment) Bill, 1953, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result:

AYES—114.

Abdul Hameed, Janab Hazi Sk.
Abdus Shokur, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, Sj. Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, Sj. Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Bose, Sj. Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, Sj. Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Dhar, Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, Sj. Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Khan, Sj. Sashibhushan
Lahiri, Sj. Jitendra Nath
Mohammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prosad
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Momtaz, Maulana
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, Sj. Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar

Naskar, Sj. Hem Chandra
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa-Sandeshkhali).
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Radhagobinda
Roy, Sj. Ramhari
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Sukla, Sj. Krishna Kumar
Sikdar, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

NOES—51.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Dr. Srikumar
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bora, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Binoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Jana, Sj. Kumar Chandra
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohan
Kuar, Sj. Gangapada
Lutfal Haque, Janab
Mahapatra, Sj. Balailal Das
Moni, Sj. Dintaran
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mrityunjoy
Ray, Sj. Jyotish Chandra (Falta)
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Provash Chandra
Saha, Sj. Madan Mohon
Saha, Sj. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Shaw, Sj. Kripa Sindhu
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

The Ayes being 114 and the Noes 51, the motion was carried.

[11-35—11-45 a.m.]

The City Civil Court Bill, 1953.

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the City Civil Court Bill, 1953.

(The Secretary then read the short title of the Bill.)

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to move that the City Civil Court Bill, 1953, be taken into consideration.

Sir, in order that the debate may proceed on a rational basis I desire to lay before the House a statement, and that is as follows:—

The State Government on 17th December 1949 set up a Committee to consider, *inter alia*, the following matters and to report—

(*a*) whether there should be a City Civil Court and Sessions Court for the Calcutta area,

(*b*) whether the Court, if established, should have jurisdiction over the presidency town or over the whole area administered by the Calcutta Corporation,

(*c*) whether the Small Causes Court should remain,

(*d*) whether the Original Side should have concurrent jurisdiction,

(*e*) whether the existing Admiralty, Vice-Admiralty, testamentary, intestate and matrimonial jurisdiction should be exercised solely by the Original Side,

[Sj. Satyendra Kumar Basu.]

(*f*) whether the Original Side should be retained.

The Committee began its labours on 7th January, 1950, and made a report in February, 1951. As the presidency town includes the commercial and business centre of the city, representatives of commercial bodies and of the Chambers of Commerce were examined. They were unanimously of the opinion, as were the Committee, that the Original Side should be retained. However, as the volume of work on the Original Side had then increased and on the assumption that the increase of work would be maintained and that there would be progressive increase in the volume of work, the Committee recommended that a City Civil Court should be established to take up the work in excess of that which the High Court could cope with.

The Committee held that in the past the Original Side dealt quite effectively and promptly with the litigations. Two to four Judges sitting on that side could deal with the whole work.

The Committee further found that the appellate work had dwindled owing to partition and that the work of the Original Side had then increased.

The Committee proceeded on the basis of the figures from 1945 to 1949. There was a rise in the institutions from 2,067 suits in 1945 to 5,368 suits in 1949. In 1945 institutions exceeded disposals by 429 suits and in 1949 by 731 suits.

The Committee noticed that the percentage of appeals from the Original Side was small.

It also noticed that the disposals also had increased.

There was a setback in disposals due to, amongst others, the following reasons:—

(1) exodus during the last war,

(2) communal riots,

(3) epidemic failure of banking and other companies, and strain on High Court in dealing with them.

They demanded the Court's immediate attention and in preference to other litigations.

The Committee recognised that disposals in 1949 and 1950 were substantially higher than those up to 1948. In fact disposals have increased from year to year.

The Committee recommended as follows:—

(1) that the City Civil and Sessions Courts should be created to relieve the Original Side of a part of its jurisdiction;

(2) that the territorial jurisdiction should be confined to the presidency town and should not be extended to the whole area administered by the Calcutta Corporation; the jurisdiction of Alipore Courts need not be modified.

Incidentally I may draw the attention of my friends to what was suggested by Sri Atul Gupta. This is what he said:—

"I agree that the Original Side should be retained, but its jurisdiction, both Civil and Criminal, somewhat curtailed. One of my chief reasons for retention of the Original Side is my conviction that a strong Calcutta High Court is necessary not only for the good of West Bengal, but perhaps for the whole of the Republic. An abolition of the Original Side would make the Calcutta High Court a small Court, the State of West Bengal being a small State. But a small High Court can hardly be a strong Court. It has to be kept in mind that we have the largest city in India as the capital of its smallest State, at least in area."

(3) unanimously, that the Small Causes Court should be retained;

(4) that Admiralty, Vice-Admiralty, matrimonial jurisdiction should be retained by the Original Side, and testamentary and intestate jurisdiction should be exercised by that Court within the limits of its jurisdiction;

(5) that the High Court has an exclusive jurisdiction in regard to company matters; it involved work of highly specialised kind and this work should remain exclusively in that Court;

(6) that liquidation of Banking companies is by Statute given exclusively to the High Court and this work should remain exclusively in that Court;

(7) that as regards insolvency, the two Courts should have concurrent jurisdiction—this is not permissible unless there is a radical and drastic change introduced in the Insolvency Act which is a Central Act;

[11-45—11-55 a.m.]

(8) unanimously, that the High Court should have exclusive jurisdiction over all commercial matters of the value of Rs. 5,000 or more;

(9) that the High Court should retain exclusive jurisdiction over suits relating to land excluding mortgage suits above Rs. 50,000 in value. As regards other suits some recommended that jurisdiction should be limited to Rs. 25,000 and others to Rs. 20,000.

The Committee recognised and recorded that mortgage suits should remain in the High Court as by reason of its peculiar procedure and rules, at a sale, title is guaranteed and the property fetches the highest value much to the advantage of the mortgagor.

The Bill has been drafted to relieve the Original Side of the High Court to the extent necessary and in pursuance of these recommendations.

According to the recommendations, commercial suits up to the value of Rs. 5,000 have been assigned to the City Civil Court. As the two courts are going to compete for jurisdiction commercial suits have been detailed to avoid conflict, contentions and controversy and consequent fruitless and unnecessary litigation. The definition cannot be left in the domain of speculation, uncertainty and legal controversy to be settled by protracted and numerous contentious litigations and followed by appeals. There should be no room for the exercise of discretion where the question of jurisdiction of the court is in issue. A precision has been aimed at as the jurisdiction of either court will depend upon the exact meaning of the expression. An exhaustive catalogue of such suits, so far as possible, has been scheduled. The Judicial Reforms Committee was not able to define a commercial suit.

As regards other suits a lower pecuniary jurisdiction has been fixed for the City Civil Court for the following reasons:—

Number of Judges on the Original Side has been increased to 20 in 1952.

There must be work on the Original Side sufficient for 20 Judges and the surplus only can be assigned to the City Civil Court.

In apportioning the work we have to act with great caution so that there may not be wastage of Judges and officers in either court. Moreover the quality of judges also that

[Sj. Satyendra Kumar Basu.]

may be available for the City Civil Court is a matter of speculation. It is now difficult enough to secure good quality Judges even for the High Court.

Owing to division of Bengal less appeals come to the Appellate Side and there are now more Judges available to dispose of work on the Original Side. Now actually, I believe there are seven Judges assigned to the Original Side.

A large proportion of the pending suits have been instituted under the Banking Companies Act. They are short cases and a number of them can be disposed of in a day by a single Judge. I am informed that is what is being done now.

Miscellaneous work like application under Article 226 has decreased owing to large number of decisions settling the law, as to high prerogative writs and analogous matters.

Insolvency matters have dwindled down to about a dozen cases in the year. This is due to the fact that provisions for sending debtors to Civil Jail have been made more stringent. There seems to have been a decline in the institution. In 1949, 1950 and 1951 the number of institutions were 5,368, 5,271 and 5,355. In 1952, 4,961 suits were filed and there were 218 award cases as under the Indian Arbitration Act, 41 matrimonial cases, 18 testamentary matters, 3 Admiralty cases and 40 O.T. suits. In any case, the expected progressive increase which was presumed and formed the basis of the report has not materialised. Owing to failure of Banks and Companies and slump in the trade litigation is likely to decrease. The number of suits this year is likely to be less than 5,000. Special Tribunals have been established to deal with certain classes of cases. These do not come to ordinary courts. Climax was reached and the highest number of institutions were between 1949-51. Disposals have increased and they are now of the order of about 4,600 per year. If the City Civil Court was established before 1949 in accordance with the recommendations, the result would have been as follows: In 1949, 5,368 suits were instituted. Suits up to the value of Rs. 50,000 were instituted for the recovery of land; other suits up to the value of Rs. 25,000; commercial suits up to Rs. 5,000—in all 3,562 suits would have been assigned to the City Civil Court. That would have represented 66 per cent. of the institution of suits in the High Court. Likewise, in 1950, 5,271 suits were filed and 3,961 suits would have gone to the City Civil Court and that would have represented 75 per cent. of the entire work of the Original Side of the High Court. Similarly, in 1951, 5,355 suits were filed and out of this 3,961 suits would have gone to the City Civil Court which would have represented 72 per cent. of the total suits instituted in the High Court. According to our scheme in the Bill in 1952 about 2,150 suits would have gone to the City Civil Court, and that would have represented, I believe, 44 per cent. of the total institution in the High Court. This aspect was never presented before the Committee; nor could it then be foretold that later on there would be an increase in the strength of Judges in the High Court; nor could it be anticipated that instead of 3, 7 Judges would be available to the Original Side continuously throughout the year. The Judicial Reforms Committee has recognised in its Report that it was not then possible for them to work out what volume of work would be transferred to the City Civil Court. According to the scheme disposals by the City Civil Court were estimated to be 4,600 a year. In Bombay also they proceeded cautiously. Originally a limit of 10,000 was set, and 3 Judges were

appointed and now they have seven Judges and a limit of 25,000. According to the scheme of the Act about 45 per cent. will go to the City Civil Court. The new Court has to absorb the traditions of the High Court and has to maintain a standard of dignity and efficiency. Suitable Judges have got to be recruited. With the abolition of estates and tenures perhaps non-commercial litigations will decrease further. It is well-known that disposal in the High Court is quicker. There the number of Judges has been increased and institutions have decreased and disposals have progressively increased. Experience has to be gained and when sufficient experience has been gained, jurisdiction may be enlarged. We must proceed on realistic, factual and firm grounds and be rational. Factual aspect must be given due consideration. If we succeed, the jurisdiction can be enlarged later on according to experience. Much noise has been raised by gentlemen who, in their own interest, have tried to create cloud of smoke and confusion. We must remain aloof from the controversy and take an unbiassed and impartial view in the interest of the litigants. The Bill is intended to be purely and solely in the interests of the litigants. The object is to keep down the costs and effect speedy trial. Rules will be framed in order to give relief to the common litigants.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the City Civil Court Bill, 1953, be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st September, 1953.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that the City Civil Court Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1953.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that the City Civil Court Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1953.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that the City Civil Court Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1953.

[11-55—12-5 p.m.]

Sj. Hemanta Kumar Basu: মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ষ্টেটমেণ্ট রেখেছেন সেই ষ্টেটমেণ্ট থেকে এটা বেশ পরিষ্কার হচেছ যে যেভাবে এই বিল আমাদের সামনে আনা হয়েছে তাতে এই বিলের মধ্যে অনিবার্য্য-ভাবে অনেক স্ববিরোধী ভাব থাকবে। এখানে পরিষ্কার কিছু বলা হয়নি যাতে করে সিটি সিভিল কোর্টের জুরিসডিক্সনে যে কত টাকার সংগের স্যুট আসে, কমার্সিয়াল বা নন-কমার্সিয়াল, কত টাকার স্যুট তা পরিষ্কার হচেছ না। এই বিলে ১০ হাজার টাকা পর্য্যন্ত বলা হয়েছে, কিন্তু ষ্টেটমেণ্টে যেভাবে বলা হয়েছে তাতে করে কিছুই পরিষ্কার হয় না। এটা ঠিক যে সিটি সিভিল কোর্টের যে দাবী সেটা বহু দিনের দাবী। পার্টিশনের পরে যেভাবে হাই কোর্টে মামলার সংখ্যা বেড়ে চলেছে এবং একটা মামলা নিষ্পত্তি হতে যে সময় ও অর্থব্যয় হয় তাতে করে যারা লিটিগ্যাণ্ট পাব্লিক তাদের খুব অসুবিধা হয়। আজ আমাদের সামনে যে বিল এসেছে তাতে যদি সাধারণ লোক অল্প খরচে তাড়াতাড়ি বিচার পায় সেটা বাঞ্ছনীয়। জুডিসিয়াল রিফর্মস কমিটি সেইভাবেই বলেছেন যে হাই কোর্টের অরিজিনাল সাইডে ল্যাণ্ড এণ্ড কমার্সিয়াল স্যুটস--ল্যাণ্ড ২৫ হাজার টাকা, আর কমার্সিয়াল স্যুট ৫০ হাজার টাকা—এটা সিভিল কোর্টে দেওয়ার জন্যে। সেই রিফর্মস কমিটির এই রেকমেণ্ডেশন রয়েছে, কিন্তু এখানে আমরা দেখছি যে এই বিলেতে সিটি সিভিল কোর্টের জন্য ১০ হাজার টাকার রেকমেণ্ডেশন দেওয়া হয়েছে। Original Side of the High Court সেখানেতে যে কর্সের জন্য যে কোর্ট-ফী ধরা হয় না এখানে সিটি সিভিল কোর্ট যদি ১০ হাজার টাকার মত কেসেতে দেওয়া হয় তা'লে তাতে করে যে এ্যাডমিনিষ্ট্রেশনের সুবিধা লক্ষ্য ছিল সেটা রক্ষিত হবে, এবং সিটি সিভিল কোর্টে যাবার অব কেসেস বেশী হবে? মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যেটা, সেটা ৪৯, ৫০, ৫১এর কথা বলেছেন। এখন জমির দাম, বাড়ীর দাম যেভাবে বেড়ে গিয়েছে এবং কলকাতার যেসমস্ত বাড়ী আছে তার খুব কম জমিরই দাম ১০ হাজার টাকার কম হবে। কাজেই যদি ১০ হাজার টাকা অবধি রাখা যায় তা'লে সিটি সিভিল কোর্টে কেস সে তুলনায় খুব কমই

[Sj. Hemanta Kumar Basu.]

Sj. Jyoti Basu: Sir, today is the last day for non-official resolution. After the ballots were drawn for the resolutions there was another resolution given notice of by some of the members of this House with regard to the Coronation of Queen Elizabeth and Pandit Jawaharlal Nehru's attendance. We were told that it has been referred to the Minister-in-charge, but I do not know what has happened with that resolution and when it will be taken up and whether another day will be fixed for the resolution.

M. Speaker: There are three or four days more, and if I receive consent, I shall let you know.

Non-official Resolutions.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move——

Mr. Speaker: You moved the resolution the other day. You can now speak on it. Have you seen the three amendments to your resolution? There are other non-official resolutions and if you accept any amendment, it will shorten the time, so that other resolutions may be taken up.

Sj. Jnanendra Kumar Chaudhury: Yes, Sir, I have seen the amendment by Sj. Charu Chandra Bhandari, and this amendment I can accept. I shall take only a few minutes.

১৯১২ সাল বাংলা থেকে কিছু অংশ নিয়ে উড়িষ্যা ও বিহার প্রদেশ গঠিত হয়। তখন বাংলার কতক অংশ বিহারের অন্তর্ভুক্ত হয়ে যায় এবং অন্তর্ভুক্ত হয়ে যাবার পর "দি সেন সেক্রেটারী অফ ষ্টেট" তিনি এটা স্বীকার করেছিলেন। তার পর প্রত্যেক বারই কংগ্রেসের প্রত্যেকটি অধিবেশনে স্বীকার করা হয়েছে যে বাংলার কিছু অংশ ভুলে বিহারে চলে গিয়াছে। যারা বাংলা ভাষা ব্যবহার করে তাদের সঙ্গে এটা ইণ্টার কনেক্টেড্ বলে যে অংশটা বিহারে গিয়েছে সেই অংশটা বাংলা দাবী করে। এইটা দাবী করলে এবং সেই দাবীর মধ্যে দিয়ে সেটা যদি বাংলায় ফিরে আসে তাহলে এই ভাষা-ভাষীর দাবী আর করতে হয় না। কিন্তু দেখা গিয়েছে যে বিহারের "লেজিস্লেটিভ্ এসেম্ব্লী" স্পীকার বাংলা ভাষায় বক্তৃতা করতে কাকেও দেয় নি, অথচ আমাদের এসেম্ব্লীতে আপনি ত, স্যার, এমনকি সাওতালী ভাষায় ও পার্ব্বত্য ভাষায় বক্তৃতা করতে দিয়েছেন। এই যেটা হচ্ছে, আমার বিশ্বাস আগের-বার আমরা এই এসেম্ব্লীতে ৭ই আগষ্ট ১৯৫২ তারিখে যে রিজোলিউশন পাস করেছিলাম,—

"that this Assembly is of opinion that to solve the problem of rehabilitation of refugees from East Pakistan and protection of Bengali culture and heritage, the State Government should request the Government of India to invite the President to recommend introduction of a Bill in Parliament to increase the area of West Bengal and to diminish the area of Bihar."

এটা বোধ হয় তারই প্রতিক্রিয়া হয়েছে, যে প্রতি-ক্রিয়ার ফলে বাংলাতে কাকেও বক্তৃতা করতে দেওয়া হয় নি। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ১৫ই এপ্রিল ১৯৫৩ তারিখ হতে শ্রীযুত বৈদ্য নাথ ভৌমিক—কংগ্রেসের একজন বড় সেবক, তিনি অনসন ব্রত অবলম্বন করেছেন এবং তাঁর জীবন যাবার মত হয়েছে। এটা কেউই কন্সিডার করছেন না, কংগ্রেসও উপেক্ষা করছেন। বাংলার সীমা পুনর্গঠন—

Mr. Speaker: There is another motion today of Sj. Jyotish Joarder. Do not confuse the two issues. Your resolution relates only to recognition of Bengali as an official language in the Bihar Legislature. That resolution relates to a broader question—redistribution of boundaries. Please confine yourself to your resolution.

Sj. Jnanendra Kumar Chaudhury: If that portion comes to Bengal, that question will not arise; there will be no person to go to Bihar Assembly to speak in Bengali.

Dr. Bidhan Chandra Roy: His proposition is that Bengali should be a State language in Bihar. If that portion is taken into Bengal, the resolution falls through.

Sj. Jnanendra Kumar Chaudhury: Official language and not State language.

Dr. Bidhan Chandra Roy: Supposing that portion comes to Bengal, still you want Bengali to be an official language?

Sj. Jnanendra Kumar Chaudhury: No. If that portion comes to Bengal, then there will be no need for that.

Mr. Speaker: Why not? Supposing there are four Bengali members in the Bihar Legislature representing other areas?

Sj. Jnanendra Kumar Chaudhury: আমি একটা কথা বলছি যে ১৭ জন এম্ এল্ এ, ও এম্ এল্ সি, দাবী করছে প্রেসিডেন্টের কাছে যাতে তাঁরা বাংলা ভাষায় বলতে পারেন। তাঁরা এই দাবী "অনরেষ্টী" করেছে প্রেসিডেন্টের কাছে। সেইজন্য আমি বলছি যে কেবল দে মহাশয় যে এমেণ্ডমেণ্ট এনেছেন সেটার আর দরকার নেই যেহেতু তাঁরা অনরেষ্টী দাবী করেছেন। এবং চারু ভাণ্ডারী মহাশয় যে এমেণ্ডমেণ্ট এনেছেন সেটা আমি একসেপ্ট করছি। আশা করি এটা আন্‌ইউনানিমাসলি এই এসেম্বলীতে পাশ করা হবে।

Mr. Speaker: Somebody must move Charu Babu's amendment.

Sj. Natendra Nath Das: Sir, I move by way of amendment, that for the Resolution No. 4 tabled by Sj. Jnanendra Kumar Chaudhury, the following be substituted, namely:—

"This Assembly is of opinion that a substantial proportion of the population of Bihar speak Bengali language and desire the use of that language to be officially recognised by that State, and that the President should therefore be pleased to take suitable action under Article 347 of the Constitution of India, for such recognition of the Bengali language in pursuance of the demand made in that behalf on the part of the Bengali-speaking Members of the Bihar Legislature."

শ্রদ্ধেয় চারু বাবুর যে এমেণ্ডমেণ্ট তা জ্ঞান বাবু একসেপ্ট করে নিয়েছেন। এবিষয়ে আমার আর কিছু বলবার নাই। সংবাদপত্রে পড়েছি বিহারে এসম্বন্ধে এম্, এল্, এরা অনারেষ্টী এই যুক্তি নিয়েছেন, আর এখানে যে রেজোলিউশনটা এসেছে, সেটা আমরা যদি ইউনানিমাস্‌লী সাপোর্ট করি, তাহলে আমার মনে হয় প্রেসিডেণ্ট ৩৪৭ আর্টিক্‌ল অনুযায়ী ইণ্টারভিন করবেন। "বেঙ্গলি ল্যাংগুয়েজ" মানভুম, সিংহভুম বাংলা দেশের অন্তর্ভুক্ত হলে পর, তাদের ষ্টেট ল্যাংগুয়েজ হয়ে যাবে। এখন তাঁরা এসেম্বলীতে ও স্কুলে বাংলা বলতে পারে না, তখন আর এই অসুবিধায় তাদের পড়তে হবে না। কাজেই আমার মনে হয় কংগ্রেসী বন্ধুরা চারু বাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন, জ্ঞান বাবু সেটা গ্রহণ করেছেন, সেটা তাঁরাও গ্রহণ করবেন। ইতিমধ্যে বিহারের বেঙ্গলি-স্পিকিং লেজিস্‌লেটাররা যে রাস্তা প্রদর্শন করেছে, তা যদি আমরা একবাক্যে সমর্থন করি, তাহলে কাজটা সহজ হয়।

[4-30 - 4-40 p.m.]

Dr. Bidhan Chandra Roy: Sir, I want to make the position of Government clear on this resolution. The resolution, particularly the amendment of Charu Babu, represents the point of view which we want to place before the public and therefore I feel that this amendment should be accepted and I have asked Shri Debendra Chandra Dey to withdraw his amendment. The reason is this. Since the date the last amendment was given it appeared in the Press that certain members of the Bihar Legislature have already made a public demand on behalf of recognition of the Bengali language as an official language of the province. Year before last when I was moving in different parts of Bihar for election purposes, one of the greatest complaints that I heard from the Bengali-speaking residents of that place was that in many respects the Bengali language was suppressed by the authorities,

[Dr. Bidhan Chandra Roy.]

and I placed this view before the Government of Bihar and the Ministers. They also said that a document which was written in Bengali could not be accepted for registration in the Bihar registration office. They said that they had on many occasions desired to speak in the Bengali language in the courts and they could not. I believe I read somewhere in the Press that the Bengali language was not allowed to be spoken as one of the languages inside the Bihar Legislature. Sir, I feel that in the interests of India as a whole this approach is a wrong approach. If there is a substantial proportion of population in a particular area which is speaking a particular language, it is the duty of the State to give encouragement to it. There was a great deal of excitement sometime back in some parts of Bihar when its Government prescribed that in the schools the Bengali language could not be taught above a certain standard, and in fact at one time it was thought that they would insist upon every Bengalee learning Hindi as the only language to be learnt. Sir, this was entirely against the spirit of the Constitution and you cannot deprive a paticular group of people from speaking the language of the community to which it belongs, because the culture and the development of a particular group of people revolves round the language itself. I am myself a person who was born in Bihar and read up in Patna College and I spent the first 20 years of my life there and I have a very large number of friends, both amongst Biharees and amongst the Bengalees there, and I am perfectly sure that barring some political people the majority of Biharees are also sympathetic towards this point of view that a Bengalee child and a Bengalee person in his own family and in his neighbourhood should be allowed to use the language of their parents and of the community to which they belong. In that view of things, Sir, I feel that this resolution is merely paraphrasing the idea that is contained in the Constitution and we only want to draw the attention of the President in this matter and ask him to take such action as he feels necessary in order that the Bengali language may be an official language of the Province. I therefore feel that so far as this side of the House is concerned we should associate ourselves with the amending resolution as has been proposed by Shri Charu Chandra Bhandari.

Sj. Debendra Chandra Dey: I agree with the Leader of the House and I do withdraw my amendment and I support Shri Charu Chandra Bhandari's amendment.

Sj. Subodh Banerjee: On a point of Order, Sir. Can a mover of any amendment withdraw his amendment without the consent of the House?

Mr. Speaker: It was done in accordance with the sense of the House.

Sj. Tarapada Bandcpadhyay: মাননীয় স্পীকার মহাশয়, আমি বিহারে বঙ্গ-ভাষাভাষী যারা বাঙ্গালী রয়েছে, তারা যাতে বাংলা ভাষায় কথাবার্তা বলতে পারেন, সকল স্থানে বাংলা ভাষায় মনোভাব ব্যক্ত করতে পারেন, সেই সম্বন্ধে শ্রীযুক্ত চারু চন্দ্র ভাণ্ডারী মহাশয় যে রেজোলিউশন এনেছেন, তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। এই যে রেজোলিউশন এটা অত্যন্ত প্রয়োজনীয়। কারণ এর সঙ্গেতে অন্য রেজোলিউশন যা আমাদের রয়েছে এবং গতবার বাজেট সেসনে আমরা যেটা করেছিলাম এবং আমাদের মুখ্যমন্ত্রী যেটা সাপোর্ট করেছিলেন, সেটা পাশ হয়েছিল। বিহারের বাংলা ভাষাভাষী অঞ্চল যাতে তাঁরা বাংলাকে প্রত্যার্পণ করেন, সেজন্য প্রেসিডেণ্টের কাছে একটি দাবী বা অনুরোধ করা হয়েছিল, সেটার সঙ্গে এটার অবিচ্ছেদ্য সম্বন্ধ রয়েছে। হঠাৎ তাঁরা বাংলার প্রতি এত বিরূপ হলেন কেন? তবে মানুষ যা করে, একটা উদ্দেশ্য নিয়ে করে। তাঁরাও জানেন কংগ্রেস বরাবরই বলে এসেছে বাংলা ভাষাভাষী অঞ্চল বাংলাকে প্রত্যার্পণ করতে হবে এবং ভাষার ভিত্তিতে প্রদেশগুলির পুনর্গঠন করতে হবে। এটা বিহার ভালভাবে জানে এবং তাঁদের বড় বড় কংগ্রেসী,

ভাল ভাল লীডার তাঁরা এটা বরাবর বলেছেন—হাঁ, এটা করতে হবে। কিন্তু হঠাৎ স্বাধীনতা লাভের পর বিহারের যেন মত পাল্টে গিয়েছে। তাঁরা যেন দেখা যাচ্ছে বঙ্গভাষাভাষী অঞ্চল দিতে চাচ্ছেন না। এখন দিতে চাচ্ছেন না বললে ত হবে না? এঁরা বুঝেছেন এটা দিতে হবে—একটা "কমিট্‌মেণ্ট" রয়েছে। আন্তর্জাতিক আইন, নীতি বা ল' যা রয়েছে, ভারতবর্ষের কংগ্রেস বরাবর যে প্লেজ করেছেন, তা করতে হবে—তবে আজ বা কাল। তবে তাঁরা একটা "ওয়ে আউট" বা উপায় বের করেছেন যে যদি কোনরকমে বাংলা ভাষাকে উড়িয়ে দিতে পারেন, বাংলা ভাষাকে তুলে দিতে পারেন, আর তার পরিবর্ত্তে হিন্দী চালিয়ে দিতে পারেন, তাহলে ভাষার ভিত্তিতে যখন প্রদেশের পুনর্গঠন হবে, তখন এখন যেটা বাংলা ভাষাভাষী অঞ্চল আছে সেটা আর বাংলাকে প্রত্যার্পণ করতে হবে না। একটি মাত্র উপায় তাঁরা বুঝেছেন এবং সেই জন্যই দেখছি ৫।৭ বছর ধরে একটা "হেক্‌টিক্" চেষ্টা করে চলেছেন। সেইজন্য সেখানকার বড় বড় লোক, কংগ্রেসী নেতা উঠে পড়ে লেগেছেন যাতে সেখানকার স্কুলে, পাঠশালায়, কোর্টে, অফিসে বাংলা ভাষা না চলতে পারে। গতবার সেন্সাসেতে বাংলার বদলে হিন্দী তাদের মাতৃভাষা বলে লিখিয়েছিল। হয়ত একটা কু-উদ্দেশ্য নিয়েই তাঁরা এটা করেছেন। সেটা আমাদের ধরতে হবে। এটা ভাল কথা নয়। সোজা কথায় এতদূর বিষ ছড়িয়ে গেছে যে, বিধান সভায় স্পীকার মহাশয়, আপনি এখানে কত রকম ভাষায় বক্তৃতা করতে দিচ্ছেন—ওখানী ভাষা যা হয়ত আমরা একজনও বুঝতে পারি না, সেটা তাঁর মাতৃভাষা বলে এবং সেটা তাঁকে বলতে দেওয়া উচিত বলে আপনি তাঁকে বলতে দিচ্ছেন, বিহারের বিধান সভায় যাঁরা বাঙ্গালী সদস্য আছেন, তাঁদের বাংলা ভাষায় বলতে দেওয়া হয় না।

Mr. Speaker: It is not very proper to refer to what a Speaker in the other House has done. Since the Speaker's conduct in the other House cannot be debated here, you should not refer to what a Speaker in the other House has done.

[4-40—4-50 p.m.]

Sj. Tarapada Bandopadhyay: It is very painful that I should have to refer to it.

আমি তাঁর প্রতি কোন উদ্দেশ্য আরোপ করছি না। কারণ তিনি একজন স্পীকার। কিন্তু আমাদের মত সাধারণ লোকের মনে একটা সন্দেহ হতে পারে। তারপরে এর পাশাপাশিই আমরা দেখছি সেখানকার বিধান সভার কংগ্রেস দলের যিনি চিফ্ হুইপ্, তিনি পর্য্যন্ত এত অডাসিটি দেখিয়েছেন যে বাংলার আর থাকবারই নাকি দরকার নাই। পার্শ্ববর্ত্তী প্রদেশগুলির সঙ্গে বাংলাকে ভিড়িয়ে দেওয়া হোক। তার থাকার দরকার নাই। এইটে একটা বিপজ্জনক পরিস্থিতির উদ্ভব হয়েছে—পাকিস্তানে যেমন হচ্ছে উর্দ্দু চাপানোর ব্যবস্থা, একে সামান্য ব্যাপার বলে ছেড়ে দিলে চলবে না। একটা গল্প আছে যে একজন ভদ্রলোকের দুপায়ের ভিতর দিয়ে একটা ইঁদুর গিয়েছিল, তিনি খুব ব্যস্ত হলেন সেই ইঁদুরকে ধরবার জন্য এবং চার দিকে ছুটাছুটি করতে লাগলেন, আর একজন ভদ্রলোক তাঁকে জিজ্ঞাসা করলেন,—মহাশয় ঐ সামান্য ইঁদুরটাকে ধরবার জন্য আপনি এত হয়রাণ হচ্ছেন কেন? জবাবে সেই ভদ্রলোকটি বল্লেন, আপনি কি এটা বুঝতে পারছেন না, আজ আমার পায়ের ফাঁক দিয়ে একটা ইঁদুর চলে গেলে আমি যদি কিছু না বলি, তাহলে কাল হয়ত একটা বেড়াল যাবে, আর একদিন একটা বাঘ যাবে, হাতি যাবে। তারপর নৌকা, ষ্টীমার সব কিছুই যাবে—সবারই যাবার রাস্তা হয়ে যাবে। এইজন্য আমি গোড়াতেই প্রতিকারের ব্যবস্থা করছি। সেই রকম বাংলাকে সাপ্রেস্ করবার জন্য, তার অনিষ্ট করবার জন্য যে সামান্য চেষ্টা বেহারের হচ্চে সে অপচেষ্টার এখন থেকেই যদি বিশেষভাবে আমরা প্রতিবাদ না করি, এবং সেণ্টারে যাঁরা আছেন দণ্ডমুণ্ডের কর্ত্তা, বা আমাদের যিনি প্রেসিডেণ্ট রয়েছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ যদি না করি এসম্বন্ধে, তাহলে বাংলারও পায়ের মধ্য দিয়ে বেহারের নৌকো, ষ্টীমার চলে যাবে। বাস্তবিক নিজের যেটা মাতৃভাষা সে ভাষায় যদি কেউ কথা বলতে না পারে তাহলে সে যেখানেই থাকুক, ইংলণ্ড বা আমেরিকায়ই থাকুক তাহলে প্রকৃত ডেভেলপমেণ্ট কিছুতেই হতে পারে না, পর্দার আড়ালের বস্তুর যেমন একটা অস্পষ্টতা থাকে, অন্য ভাষার মধ্য দিয়ে যাকে কথা বলতে হয় তার ভাবের মধ্যেও তেমনি একটা অস্পষ্টতা থাকবেই। এই ভারতবর্ষে প্রত্যেক প্রদেশের পৃথক পৃথক প্রাদেশিক কাল্‌চার রয়েছে, বেহারের বাংলা ভাষাভাষী লোকেরা যদি বাংলায় কথা বলতে পারে তাহলেই তাদের যে কালচার রয়েছে সেটা বজায় থাকবে। সুতরাং তাদের বাংলা ভাষায় কথা বলতে দিতে হবে।

এই এসেম্‌ব্লীতে যে প্রস্তাব এনেছেন তার ভিতর দিয়ে বিশেষভাবে আমি প্রতিবাদ করছি বেহারে যা হবার চেষ্টা চলছে সেই সম্বন্ধে; এবং সঙ্গে সঙ্গে আমাদের কর্ত্তৃপক্ষ

[Sj. Tarapada Bandopadhyay.]

ও প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। এর প্রতিকার না করলে বাঙ্গালীরা দুঃখিত হবে—একথা কেউ শুনবে না। তাই আমার বক্তব্য হচ্চে শুধু রেজলুশন পাশ করলেই হয় না, গতবার বাজেট সেসনে আমরা একটা রেজলুশন পাশ করেছিলাম এবং মুখ্য মন্ত্রী মহাশয় তাঁর প্রেসিং দিয়েছিলেন কিন্তু আজ পর্য্যন্তও কিছুই হল না।

Dr. Bidhan Chandra Roy: Sir, may I inform my friend that on the 12th May Bihar Legislature is discussing the question of the extension of Bengal in pursuance of our resolution?

Sj. Tarapada Bandopadhyay: স্যার, আমি আশা করি আমাদের মুখ্য মন্ত্রী-মহাশয় সেইসব ব্যাপারে, যে সব ব্যাপারে কোন মতভেদ নাই, যদি হাত দেন তাহলে সকলকারই সাপোর্ট পাবেন এবং আমাদের সকল রকম সাহায্য পাবেন। এটার সম্বন্ধে আমি বলব সারা বাংলা তাঁর পেছনে রয়েছে এইটে ভেবে নিয়ে তিনি যেন বিশেষভাবে চেষ্টা করেন। তিনি যদি কনষ্টিটুসনাল-ভাবে অগ্রসর হন, সাহায্য ত পাবেনই সারা বাংলার আশীর্ব্বাদও পাবেন।

Sj. Hemanta Kumar Basu: স্পীকার মহোদয় এ বিষয়ে আমি এক মত। সেখানে যে সমস্ত বাঙ্গালী আছে তারা এসেম্বলীর ভিতর বা বাইরে যেখানেই হোক তাদের শিক্ষা সংস্কৃতি বাংলায় ভাষায় হবে,—এই যে দাবী এটা আলাদা। আর একটা দাবী হচ্ছে ভাষার ভিত্তিতে দেশগুলি, প্রদেশগুলি নূতন করে গঠন করা সেটা আলাদা প্রস্তাব।

যদি এই রকম হয়—ভাষার ভিত্তিতে বাংলা দেশ গঠন তাহলে প্রথম মানভূম তারপর ধলভূম ইত্যাদি আরও কয়েকটি স্থান বাংলার ভিতর আসে। কিন্তু এ হলেও বহু বাঙ্গালী বিহারে থেকে যাবে। এক সময় বিহার, বাংলা, উড়িষ্যা, আসাম এক-সঙ্গে ছিল। এখন সেই সব জায়গায় বহু বাঙ্গালী রয়ে গিয়েছে। কাজেই এই দুটো আলাদা পৃথক ব্যাপার। কারণ, যদিও ভাষার ভিত্তিতে বাংলা পুনর্গঠন হয় তাহলেও বহু বাঙ্গালী বিদেশে থেকে যাবে। সুতরাং বিহার বা অন্যান্য প্রদেশে যে সমস্ত বাঙ্গালী থেকে যাবে, তাদের অধিকার থাকবে তাদের মাতৃ-ভাষায় কথাবার্ত্তা বলা, মাতৃভাষায় ছেলেপুলেদের শিক্ষা দেওয়া এবং আইন পরিষদে তাদের বাংলা ভাষায় কথা বলবার সম্পূর্ণ সুযোগ ও অধিকার থাকবে। কাজেই বাংলা ভাষা অঞ্চল প্রতিষ্ঠা হলেই সব সমস্যা সমাধান হয়ে গেল তা নয়। যে কোন প্রদেশে বাঙ্গালী থাক তাদের সেখানে নিশ্চয়ই মাতৃভাষায় কথা বলবার এবং শিক্ষা ব্যবস্থা করবার সম্পূর্ণ অধিকার থাকবে। এই জন্যই এটা আমি এধার থেকে সমর্থন করছি।

Mr. Speaker: Mr. Basanta Lall Murarka will please speak. Are you, Mr. Murarka, speaking on this resolution? On which resolution are you going to speak? There is another resolution of Mr. Jyotish Joardar.

Sj. Basanta Lall Murarka: On this resolution—

स्पीकर महोदय, मैं श्री चारूचन्द्र भण्डारी का जो संशोधन प्रस्ताव पेश हुआ है उसको समर्थन करने के लिये खड़ा हुआ हूं। जिस समय यह खबर आई कि बिहार Assembly के स्पीकर महोदय ने एक बंगाली भाई को इसलिये भाषण देने से रोक दिया कि वह बंगला भाषा में बोलने के लिये खड़े हुये थे। उनमें कहा गया कि विधान में उनको बंगला भाषा में बोलने का कोई हक नही है। मेरे ख्याल में विधान में ऐसी कोई बाधा नहीं है और हर आदमी को अपनी जबान में बोलने का पूरा पूरा हक है।

इस समय जब boundary को लेकर आलोचना हो रहा है उस वक्त एक member को बगला बोलने से रोक देना राज्यनैतिक और मानवता दोनों के रूप से बिल्कुल अनुचित मालूम होती है। मैं कहता हूं कि इससे हिन्दी भाषा भाषियों का सिर नीचा हो गया। तमाम बिहार में Atul Chandra Gupta, Nibaran Chandra और Nirapat Mukherji जैसे बंगाली भाईयों ने बहुत सेवा की हैं। वहां किसी को हक हासिल नही होता है कि उनको बंगला भाषा में बोलने से रोका जाय। मैं समझता हूं कि बिहार में बंगला बोलने

का हक मिलना चाहिये इसलिये मै राष्ट्रपति Rajendra Babu से अनुरोध करूंगा कि जल्द से जल्द इस चीज को अपने हाथ में लेकर इसका फैसला कर दें। इसी बंगला भाषा ने बन्दे मातरम के Bankim Chandra, कविगुरु Rabindra Nath, Raja Rammohan Roy, और Srish Chandra जैसे महापुरुष पैदा किया है।

बिहार बिधान सभा मे जो स्पीकर महोदय ने बंगला भाषा मे बोलने मे रोक दिया है इसको मै अच्छा नही समझता हूं। मै चाहता हू कि सब कोई मिलकर जल्द से जल्द इस मनोभाव को दिल मे मिटा दे और हर शख्स को जो अपना भाषा बोलने का हक है वह मान ले। Manbhum और Singhbhum के लोगो को अपना भाषा बोलने का जो हक है उसको नही मानना अन्याय है। मै आशा करता हू कि हमारे तमाम भाई चारु बाबू के संशोधन प्रस्ताव का समर्थन करेंगे।

[4-50 — 5 p.m.]

Dr. Ranendra Nath Sen: माननीय स्पीकार মহাশয়, এই যে সংশোধনী প্রস্তাব জ্ঞান বাবু আনলেন আশা করি এই সংশোধনী প্রস্তাব সমস্ত হাউস থেকে সকলে এক বাক্যে গ্রহণ করতে পারবেন। আমাদের জাতীয় আন্দোলনের ঐতিহ্য হচ্ছে আমাদের দেশে যখন যা কিছু আন্দোলন হয়েছে তখন এই ভাষার মাধ্যমে হয়েছে। সে জন্য আমাদের জাতীয় আন্দোলনের প্রথম থেকে দেখা যাবে যে, জাতীয় জাগরণের সঙ্গে সঙ্গে ভাষারও জাগরণ হয়েছে। আমাদের জাতীয় আন্দোলনের নেতাদের মধ্যে অনেকেই সাহিত্যিক ও ভাষাবিদ্ ছিলেন। সুতরাং আমাদের দেশের জাতীয় আন্দোলনের মধ্যে ভাষার একটা মস্ত বড় দান আছে। ব্রিটিশ আমলের ইংরেজরা চায়নি আমাদের দেশে কোন প্রকার আন্দোলন হয়ে জাতীয় ভাষার সূত্রপাত হয়। তাই কংগ্রেস কর্তৃপক্ষ এই জিনিষটা বুঝতে পেরে প্রস্তাব করেছিলেন যে, প্রত্যেকেই নিজ নিজ ভাষায় শিক্ষা সংস্কৃতি ও সভ্যতার অধিকারী হবেন।

আমাদের হিন্দি ভাষার প্রতি, বিহারী ভাইদের প্রতি কোন রাগ বা বিদ্বেষ নাই। আমাদের এ হাউসে অনেকে আছেন যাঁরা হিন্দি ভাষাকে শ্রদ্ধা করেন। এক ভাষার সঙ্গে অপর ভাষার কোন বিরোধ নাই। বর্তমানে আমাদের দেশের একটা রাষ্ট্র ভাষা করবার যে চেষ্টা হচ্ছে সেটা ঠিক নয়। সমস্ত ভারতবর্ষটাই বহু জাতির দেশ, এখানে যদি একটা রাষ্ট্র ভাষার প্রবর্তনের চেষ্টা হয় তাহলে বিহারে যে ঘটনা হয়েছে সেই ঘটনা বার বার ঘটবার আশঙ্কা থাকে। আগামী ১৫ বছর পর্যন্ত ইংরিজী চলবে, তারপর হিন্দি ভাষা শুরু হবে। বাংলাই হোক আর হিন্দি হোক, কোন ভাষাই উপর থেকে জোর করে চাপিয়ে দিয়ে দেওয়া যায় না। নিজের যদি চেষ্টা না থাকে তাহলে গভর্ণমেণ্ট থেকে চাপিয়ে দিলে সেটা অবদমিত হবে। বহু জাতির দেশ সোবিয়েট ইউনিয়ন। সেখানে বহু জাতি আছে, বহু ভাষা আছে, এবং নূতন নূতন ভাষার সৃষ্টি হচ্ছে। সোবিয়েট কনষ্টিটিউসনে একটা রাষ্ট্র ভাষা নাই। সোবিয়েট ইউনিয়নে যত জাতি আছে তাদের প্রত্যেকেরই নিজ ভাষায় কথা বলবার ও শিক্ষার অধিকার আছে। কোনও দিন যদি একটা রাষ্ট্র ভাষার শ্রেষ্ঠতা স্বীকৃত হয় তাহলে হয় তো পরে একটা রাষ্ট্র ভাষা হতে পারে। আমাদের দেশেও এই দিক থেকে এটা বোঝা দরকার হয়তো এক দিন হিন্দি রাষ্ট্র ভাষা হতে পারে, কিন্তু অবদমিত করলে বিহারের মত অবস্থা হবে। আমাদের ভারতবর্ষে আরও অনেক ভাষা আছে এবং তার মধ্যে উর্দুর একটা বিশিষ্ট স্থান আছে। আমাদের প্রধান মন্ত্রীর ভাষাও উর্দু ভাষা। কিন্তু এই উর্দু ভাষাটা আজ দেশ থেকে লোপ পেতে বসেছে। এটা শুধু মুসলমানের ভাষা নয়, হিন্দুরও ভাষা। পণ্ডিত নেহেরুর মত বক্তৃতা আমরা শুনেছি তার প্রত্যেকটাই নিছক উর্দুতে বলা।

কাজেই আমি মনে করি না একটা রাষ্ট্র ভাষা করবার কোনও দরকার আছে। প্রত্যেকেরই নিজ নিজ ভাষায় কথা বলার অধিকার, শিক্ষালাভের অধিকার থাকবে, এবং আর একটা কথা হচ্ছে প্রত্যেকে নিজ নিজ ভাষায় কথা বলার ও কাজ করার অধিকারী হবে, এবং সমস্ত ভারতবর্ষে এই জিনিষ করা সম্ভব এবং তার উদাহরণ সোবিয়েট ইউনিয়নে আমরা দেখি। এই যদি না করা হয় তাহলে বিহারে যে ঘটনা ঘটেছে সেই ঘটনা অন্যত্রও ঘটবার সম্ভাবনা আছে। কাজেই এই কথা বলেই এই প্রস্তাব সমর্থন করছি। এবং বস্তুতঃ এই প্রস্তাব এমনভাবে দেওয়া দরকার যে, শুধু এই হাউসেই

[Dr. Ranendra Nath Sen.]

যে গ্রহণ করা হচ্ছে তা নয়, আমরা সকলেই যদি গ্রহণ করি তা হলে এর প্রতিক্রিয়া খারাপ হবে না, তা ভালই হবে।

Maulana Mohammad Momtaz:

مسٹر اسپیکر، سر، میں آج آپ کے سامنے یہہ کہنے کیلئے کھڑا ہوا ہوں کہ مجھے یہہ سنکر دکھہ ہوا کہ بہار اسمبلی میں جس وقت ایک اسپیکر کو جو بنگلہ زبان میں بولنے کے لئے کھڑے ہوئے تو انہیں روک دیا گیا اور یہہ کہا گیا کہ بنگلہ میں وہ نہیں بول سکتے ہیں *

بنگلہ زبان ایک میٹھی زبان ہے - دلکش سریلی زبان کہی جاتی ہے - بنگال اسمبلی میں بنگلہ، انگریزی کے علاوہ ہندی، اردو اور دوسرے زبانوں کے بولنے کا حق حاصل ہے - لیکن میری سمجھہ میں نہیں آتا کہ بہار اسمبلی میں وہاں کے اسپیکر نے بنگلہ بولنے سے کیوں منع کیا - ایک طرف تو اس زبان میں دلکشی اور نزاکت ہے، دوسری طرف اس میں ادب اور لٹریچر ہے - یہہ وہ زبان ہے کہ جس کے ذریعہ اسپیکر مقرر اعلی سے اعلی خیالات کا اظہار کر سکتا ہے - ہندوستان کی اعلی اور ترقی یافتہ زبانوں میں اسکی ایک خاص جگہہ ہے - میرے کانسٹیٹیونسی (Constituency) کے بہت سے لوگوں نے مجھہ سے یہہ کہا کہ بہار میں ایک نئی بات پیدا ہو گئی ہے کہ وہاں کے اسمبلی میں ایک تقریر کرنے والے کو بنگلہ بولنے سے روک دیا گیا - میں نے کہا کہ اگر بنگال اسمبلی میں یہہ سوال پیش ہوا تو میں اس پر ضرور کہونگا اور اسکے خلاف آواز بلند کرونگا - ہر شخص کو حق حاصل ہے کہ وہ اپنی زبان میں اپنے خیالات کا اظہار کرے اور خاص کرکے بنگلہ ایک ایسی زبان ہے جس میں ایک اسپیکر نہایت اچھی طرح اور واضح طور سے اپنے دل کی باتوں اور خیالات کو پیش کر سکتا ہے - یہہ زبان لٹریچر سے بھری ہوئی ہے اور بڑے بڑے لوگوں نے اس میں قومیت پیدا

کی ہے ' ہندوستان کی لاج رکھنے کے لئے اس زبان نے بڑا کام کیا ہے - بنگلہ زبان ایک ایسی زبان ہے کہ اس سے مردہ جان میں زندگی آجاتی ہے - ہندی زبان کو ہماری شاہی زبان ہے اس میں ہی تقریر کرنی ہوگی یہہ ضروری نہیں اور خاص کر کے بنگلہ زبان کو روک دینا یہہ بہت بڑی غلطی ہے - آج انگریز تو چلے گئے اور ان کو ہم نے بڑی مشکلوں سے نکالا مگر آج تک انگریزی زبان کو ہم فالو کر رہے ہیں - ہمیں تو شرم آتی ہے کہ ہم انگریز کو فالو کرتے ہیں اور ان کی زبان بول سکتے ہیں مگر بنگلہ نہیں بول سکتے ہیں - میرا تو شرم سے سر نیچا ہو جاتا ہے - میں تو یہہ کہونگا کہ بنگلہ زبان ایک زندہ زبان ہے ' اسکو برقرار رکھنے کے لئے ہم سبھوں کو کوشش کرنی چاہئے - میں یہہ اور بھی کہونگا کہ ہندوستان کے کسی بھی اسٹیٹ اسمبلی میں یہہ سوال آئندہ پیش نہ ہو اور ہر شخص کو اختیار دیا جائے کہ وہ اپنی زبان میں تقریر کر سکے اور کسی بھی زبان میں بولنے سے روکا نہیں جائے - میں یہہ کہونگا کہ بنگلہ زبان ۱۴۰ سال سے بولی جاتی ہے - یہہ قانون بنانے والی زبان ہے - اسکو روکنا ہر حیثیت سے عقل اور مصلحت کے خلاف ہے - اس لئے میں کہونگا جو بنگلہ زبان اور وہاں بولنے سے روک دیا گیا اس کے خلاف رائے دینگے •

آخر میں مسٹر اسپیکر کے معرفت میں اپنے دوستوں سے یہہ کہنا چاہتا ہوں کہ وہ اس رزولیشن کو بالاتفاق پاس کر لیں کیونکہ بہار کی کافی آبادی کے لوگ بنگلہ زبان بولتے ہیں - ہندوستان کے صدر شری راجندر پرشاد سے درخواست کریں کہ وہ ہندوستان دستور کے دفعہ نمبر ۳۴۷ کے رو سے بنگلہ زبان کو بہار حکومت کی سرکاری زبان میں شامل کر لیں تاکہ ہر شخص کو اپنی زبان میں بولنے کا پورا پورا حق حاصل ہو •

[5—5-10 p.m.]

Dr. Atindra Nath Bose: Mr. Speaker Sir, the resolution before the House embodies the very modest demand, namely, to preserve the Bengali language and culture in Bihar. If I rise to support this resolution, it is only as a prelude to the application of Article 3 of our Constitution, i.e., for the redistribution of boundaries of Bengal and Bihar on a linguistic basis.

Sir, ever since India became independent, the language and culture of Bengali in Bihar are coming in for bitter persecution at the hands of the Congress Government of that State. Far from implementing the long standing Congress promise of redistribution of boundaries on a linguistic basis they have set their face against anything that stands for Bengali language and culture. It is only after all attempts at constitutional redress were tried and exhausted that the Loke Sevak Sangha of Manbhum had to start *Satyagraha* to press their demand. This *Satyagraha* was suspended only after a clear assurance from the All-India Congress Committee that the demand will be looked into, and that a Four-man Committee will be set up to enquire into the demand and take positive steps in that direction. The *Satyagraha* was suspended only on that condition, but so far nothing has been done in that direction. Apart from letting loose a veritable reign of terror on the Bengali language and culture, the Bihar Government have gone further and have been treating the Bengalees there as aliens. They have gone so far as to demand of the Bengali-speaking race that they have to produce domicile certificate to make themselves eligible for service and for admission to Government educational institutions and to avail of educational scholarships or prizes. Such restrictions, I think, are unheard of in any other part of India. The Bengalees in Bihar are treated as virtual aliens. Sir. May I ask whether there is provision for double citizenship in India? If not, is not a citizen of India entitled to all the facilities of services, admission to educational institutions or availing of educational scholarships and prizes? Far from redressing any of these grievances which we have brought to their notice, the authorities in Bihar have even gone further to totally extinguish any trace of the Bengali language and culture; and with a view to that end they have introduced Hindi as a compulsory medium in educational institutions of that State. When, Sir, in the year before last our Chief Minister Dr. Roy and Sj. Krishnaballav Sahai, Revenue Minister of Bihar, went on a joint election tour in that area, the representatives of Manbhum brought these things to the notice of these two Congress leaders, and they again gave an unequivocal promise that all these things will be looked into and redressed after the election, and Sj. Krishnaballav Sahai went so far as to commit in an open meeting that he would abide by whatever direction Dr Roy would give even if that included Manbhum's transfer to West Bengal I am quoting from a letter written by a veteran Congressman of that district, who is in close correspondence with Dr. Roy here. But far from implementing any part of the election promise, the Revenue Minister has offered a startling condition that education in the Manbhum district will be provided to Bengalees only up to Class VII, and that thereafter the Bengali-speaking students will have to get their education in Hindi. It is no use reminding them of the assurances given after the suspension of Manbhum *Satyagraha* by the Government of India on 19th August, 1949, that every Indian child of Manbhum will be given the right to receive education in his mother tongue up to the Matriculation Standard. All these promises have been thrown into the waste paper basket

Sir, I shall conclude with an appeal to our own Government and shall remind the Bihar Government of these promises given on several

occasions, and I am to remind them that in Madhya Pradesh the Marathi language has been recognised as an official language side by side with Hindi. I shall urge that at least the same equal privileges and rights be extended to the Bengali people in Bihar.

Sj. Koustuv Kanti Karan: মিঃ স্পীকার, স্যার, এই প্রস্তাব সম্পর্কে বেশী বলবার কিছু নেই। আমি এই সম্বন্ধে ব্যক্তিগতভাবে এই কথাই মনে করি যে যখন আমরা বিহারের বাংলাভাষী অঞ্চলকে বাংলার সঙ্গে সংযুক্ত করবার জন্য বিশেষ আন্দোলন আরম্ভ করেছি এবং যে দাবী উত্থাপন করেছি সেই দাবীর পরিপ্রেক্ষিতে যখন বিচার করি তখন এই রকম প্রস্তাবের কোন দরকার দেখি না। কারণ যদি বিহার সরকার আজকে বাংলাভাষী সেখানে যারা থাকে তাদের সেই দাবী স্বীকার করে নেনও তা হলেও আমরা বিহারের বাংলাভাষী অঞ্চলকে বাংলা দেশে আনবার দাবী পরিত্যাগ করতে পারবো না।

[5-10—5-20 p.m.]

কাজেই আমি মনে করি বিহার সরকার এই দাবী স্বীকার করুন আর নাই করুন, আমরা যে দাবী উপস্থাপিত করেছি, সেই দাবী যাতে রক্ষিত হয়, তার জন্য সমস্ত ব্যবস্থা অবলম্বন করবার অনুরোধ আমাদের ভারতবর্ষের প্রেসিডেণ্টকে জানাতে হবে। আমরা বাঙ্গালী বলে, যাঁরা বাংলাভাষাভাষী বিহারে আছেন, তাঁদের প্রতি সহানুভূতিজ্ঞাপক প্রস্তাবের সমর্থন না করে পারি না। কারণ বিহারে যে বাঙ্গালীরা আছেন, তাঁরা শুধু যে এসেম্বলীতে বাংলা ভাষায় কথা বলতে পারছেন না তা নয়, সেখানে সাব-রেজেষ্ট্রি অফিসে কোন দলিলপত্রে বাংলায় স্বাক্ষর করতে পারেন না এবং কোর্টেও বাংলা ভাষায় কথাবার্তা বলতে পারেন না কাজেই আমি মনে করি এই অবস্থা এড়াবার জন্য বহু চেষ্টের যাতে উদ্ভব না হয়, তার জন্য সংবিধানের ৩৪৭ ধারা সন্নিবেশিত হয়েছিল। সংবাদপত্রে দেখেছি কয়েকদিন পূর্ব্বে বিহারের আইন সভায় যারা বাঙ্গালী প্রতিনিধি আছেন, তাঁরা বাংলা ভাষাকে অফিসিয়াল ল্যাংগুয়েজ করবার জন্য প্রেসিডেণ্টের কাছে যে দাবী উপস্থিত করেছেন, আমি বাঙ্গালী হিসেবে তাঁদের সেই দাবীর প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। ব্যক্তিগত ভাবে আমি মনে করি আজ যদি বিহার সরকার তাদের এই দাবী স্বীকার করেও নেন, তাহলেও বিহারের বাংলাভাষাভাষী অঞ্চলকে বাংলার সঙ্গে সন্নিবেশিত করবার সঙ্কল্প পরিত্যাগ করবো না। সেইজন্য এই প্রস্তাব সম্পর্কে দীর্ঘ বক্তৃতা না দিয়ে আমি শুধু এ কথাই বলবো যে আমি সম্পূর্ণভাবে এই দাবী সমর্থন করবো। বাংলা ভাষাভাষী যে অঞ্চল আছে, সেই অঞ্চলের অধিবাসীদের শিক্ষা, সংস্কৃতি বিকাশের পূর্ণ সুযোগ বিহার গভর্ণমেণ্টকে দিতে হবে এবং সঙ্গে সঙ্গে এ দাবীও জানাবো যাতে সেই অঞ্চলগুলি বাংলার সঙ্গে যুক্ত হয়। তার জন্য আমরা যে দাবী উপস্থিত করেছি বিহার সরকার তথা আমাদের প্রেসিডেণ্ট সকলেই সেটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখবেন এই বলে আমি চারু বাবুর প্রস্তাব সমর্থন করছি।

Mr. Speaker: The resolution has been sufficiently debated. Let it now be put. The amendment of Sj. Natendra Nath Das reads "This Assembly is of opinion that a substantial proportion of the population of Bihar speak Bengali language and desire the use of that language to be officially recognised by that State, and that the President should therefore be pleased to take suitable action under Article 347 of the Constitution of India, for such recognition of the Bengali language in pursuance of the demand made in that behalf on the part of the Bengali-speaking Members of the Bihar Legislature." This is in substitution of the original resolution of Sj. Jnanendra Kumar Chaudhury. If this is passed, the rest of the resolutions fall through.

Sj. Jogesh Chandra Gupta. I think it should be "moved by Sj. Natendra Nath Das standing in the name of Sj. Charu Chandra Bhandari" because all the speakers referred to Sj. Charu Chandra Bhandari.

Mr. Speaker: Under the rule it becomes the motion of Sj. Natendra Nath Das, although it was tabled by Sj. Charu Chandra Bhandari.

The motion of Sj. Natendra Nath Das that—

> This Assembly is of opinion that a substantial proportion of the population of Bihar speak Bengali language and

> desire the use of that language to be officially recognised by that State, and that the President should therefore be pleased to take suitable action under Article 347 of the Constitution of India, for such recognition of the Bengali language in pursuance of the demand made in that behalf on the part of the Bengali-speaking Members of the Bihar Legislature

was then put and agreed to.

Mr. Speaker: The rest of the resolutions fall through.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, should it not be recorded that it has been unanimoulsy passed?

Mr. Speaker: Of course, it has been unanimously passed. It will be recorded.

Sj. Hemanta Kumar Basu:

স্যার, আমি রেজোলিউশনের যে নোটিশ দিয়েছিলাম, তার একটু আধটু যা চেঞ্জ করেছি, সেটা পড়ছি।

Mr. Speaker: You move the resolution and please get somebody to move an amendment, and that will do.

Sj. Hemanta Kumar Basu: Sir, I move that—

> This Assembly is of opinion that the West Bengal State Government should move the Central Government to set up a Committee consisting both of official and non-official members to investigate into the whereabouts of the funds left by Netaji Subhas Chandra Bose and his Azad Hind Government before Netaji Bose had left for an unknown destination, as reported in the press.

Dr. Srikumar Banerjee: Sir, I beg to move that the following verbal changes be adopted in the resolution just now moved by Sj. Hemanta Kumar Basu. Let it read "This Assembly is of opinion that the West Bengal State Government should move the Central Government to set up a Committee consisting both of the members of the Central and State Legislatures to investigate into the whereabouts of the funds reported to have been left by Netaji Subhas Chandra Bose and the Azad Hind Government founded by Netaji Bose before Netaji Bose had left for an unknown destination from Saigon."

Dr. Bidhan Chandra Roy: Sir, I rise on a point of order. Is there anything in the Constitution which would enable us to ask for a joint Committee consisting of the members of the Central Legislature and of the State Legislature? I doubt very much.

Mr Speaker: Mr. Basu, can you make it members of one Legislature—either Central or State?

Sj. Hemanta Kumar Basu: Sir, cannot the Government of India appoint a Committee consisting of members of the Central Legislature as well as of the State Legislature?

Dr. Bidhan Chandra Roy: No, it cannot be. The Central Government would appoint members of the Central Legislature but how can the Government of India ask the Provincial Legislature to appoint members on it? I have not seen anything like it in the Constitution.

Sj. Hemanta Kumar Basu: The Government of India will appoint. The resolution is this: that the Government of West Bengal should move the Central Government to set up a Committee.

Dr. Bidhan Chandra Roy: If you set up a Committee without mentioning as to where the Committee members would come from, it is a different matter. But you say here about members of the Central Legislature and the Provincial Legislature. I do not know whether there is anything in the Constitution to enable us to ask for it.

Sj. Jyoti Basu: Sir, I think it is quite in order, because what is being proposed here is that the Central Government, not the Parliament, is requested to appoint a Committee with members who belong to Parliament and members who belong to the State Legislature. I think the Central Government can do that; and if the members of the State Legislature and Parliament agree to serve on the Committee, there is no constitutional difficulty about it.

[5-20—5-30 p.m.]

Mr. Speaker: I want Dr. Roy to clarify. So far as States are concerned, recently in the Delimitation Commission the Central Government advised a Committee to be appointed consisting of members of the Central Legislature and the West Bengal Legislature. Of course, non-official resolutions are recommendatory resolutions. Supposing the State Government requests the Central Government to appoint a Committee which will consist of members both from the State Legislature and from the Central Legislature, will there be any difficulty? I do not think there will be.

Dr. Bidhan Chandra Roy: Yes, Sir, but the difficulty is, where is the authority of the Committee to investigate into the funds of the private organisation? You will have to ask for evidence, you will have to find out people who will give evidence. I do not know whether the Central Government will appoint a Committee to investigate into the funds that may be somewhere laid. What authority will that Committee have to investigate into the whereabouts unless it was a case in which under the Reserve Bank Act or something like that investigation can be made into some banks, I do not know. I cannot understand the way in which the investigation will proceed.

Sj. Jyoti Basu: Again I do not think there is any difficulty in appointing this Committee to investigate into certain matters, but it may be that difficulties will crop up. That I agree, because as soon as they start investigating, the banks in South East Asia might say, "we refuse to give any reply". It may be an ineffective investigation. But all the same we saw some reports in the press that certain gentleman toured in South East Asia and came back from South East Asia and they had given certain evidence to him with regard to the funds which are lying somewhere there. Anyway, if the Indian Government makes an effort through a Committee, it is just possible that certain evidence may come forth from non-official organisation as well. That is a secondary matter whether it will be an effective investigation or not which we shall consider at a later stage when the investigation begins.

Mr. Speaker: Why do you ask the Central Government to take steps?

Sj Hemanta Kumar Basu: It is the Central Government which is the proper authority which will be approached to set up a Committee. It is they who can do this, we cannot do this.

Mr. Speaker: The question of powers of the Committee arises—the authority to carry on the investigation. Simply by appointing a Committee it cannot be done. It concerns the question of foreign banks and other foreign States. It must have the proper authority. The Central Government have alone the power to do it.

Dr. Bidhan Chandra Roy: There is another point which I want to make. It is asked that the West Bengal State Government should move the Central Government. It says "funds reported to have been left by Netaji and his Azad Hind Government". If I am to write a letter to the Central Government I will have to say something. I know nothing about it. What am I to write to the Central Government? If I say that it is reported in the press, is that sufficient? If you simply say, "This Assembly is of opinion that the

[Dr. Bidhan Chandra Roy.]

Central Government should make an enquiry", I can understand that, but you ask the State Government to take steps. Therefore I am asking this question. I know nothing about the funds that have been left by Netaji Subhas Bose; I know nothing except what appeared in the press. Is that sufficient for me to proceed? I have no idea whether the Azad Hind Government had left any funds, whether Subhas Babu had left any funds. How am I to proceed in the matter?

Mr. Speaker: You will proceed on the strength of the recommendatory resolution.

Dr. Bidhan Chandra Roy: I do say it will be useless. May I suggest to my friend Hemanta Babu, you simply say "This Assembly is of opinion that the Central Government do take steps to investigate into this matter" instead of putting it in this form. I think his object will be served if he asks the Central Government to take steps to investigate into the matter.

Sj Hemanta Kumar Basu: But the West Bengal Government must move the Central Government.

Dr. Bidhan Chandra Roy: As soon as you pass the resolution it will be sent on to the Central Government.

Sj Hemanta Kumar Basu: Then there will be no objection.

Sj. Iswar Das Jalan: The position is any resolution which emanates from the Legislative Assembly of West Bengal must proceed upon some foundation. With regard to the funds, where is the *prima facie* case?

Sj Hemanta Kumar Basu: A Minister of the Azad Hind Government has made a statement.

Sj. Iswar Das Jalan: There are good grounds for holding that the particular fund was there. Is it wise for the West Bengal Legislative Assembly to proceed upon a hypothetical basis? Would it be a dignified procedure on our part to proceed upon a simple press report appearing somewhere and make a resolution and send it to the Central Government?

Dr. Srikumar Banerjee: Would Mr. Jalan give us an idea as to the kind of evidence that is required before the Assembly can sponsor a resolution? We have to proceed upon press reports in a matter concerning Netaji Subhas Chandra Bose in the matter of his whereabouts, in the matter of funds which he may or may not have left behind. We have got to proceed upon press reports or upon the report of somebody who was associated with Netaji. I do not see how he can insist upon a higher standard of evidence in sponsoring a resolution.

Dr. Bidhan Chandra Roy: I would suggest this form if this meets Hemanta Babu's wishes: This Assembly is of opinion that the Central Government do take steps to investigate into the funds reported to have been left by Netaji Subhas Chandra Bose and his Azad Hind Government

Sj Hemanta Kumar Basu: I have no objection.

Mr. Speaker: Let us proceed on the amended form.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: I beg to move that the following words be added at the end of resolution No. 20 in the name of Sj. Hemanta Kumar Basu, namely:—

> "and, further as in the view of the Government of India Netaji Subhas Chandra Bose is dead, the State Government should move the Government of India to lay before the public the grounds of their findings regarding his death."

Mr. Speaker: How can it be mixed up with this resolution?

Sj Hemanta Kumar Basu: A resolution that was passed in the last Assembly was this: "This

Assembly is of opinion that the West Bengal Government move the Government of India to set up a Committee to investigate into the death of Netaji Subhas Chandra Bose'', and, Sir, you know that the Government of India had already written to the Chief Minister of the Government of West Bengal that their opinion was that Netaji is dead. We want by this resolution a clarification of the death news of Netaji Subhas Chandra Bose. We want to ask the Government of India to place their findings as to how they have arrived at the decision, at the finding regarding the death of Netaji Subhas Chandra Bose. So the resolution is quite different

Mr. Speaker: Why combine them together? Do it separately. This cannot be an amendment. It is a substantive resolution

Sj Hemanta Kumar Basu: It may be taken as a different resolution—I have no objection. Will the House allow the amendment to be moved as a substantive resolution?

Mr. Speaker: Let the original take shape first. The amendment cannot be allowed to come as a substantive resolution

Sj Hemanta Kumar Basu: It will have to come today.

Sj. Debendra Chandra Dey: I beg to move this amendment "This Assembly is of opinion that the Central Government make proper investigation regarding the funds reported to be left by Netaji Subhas Chandra Bose and his Azad Hind Government." This is to be substituted in place of Sj. Hemanta Basu's resolution.

Sj. Hemanta Kumar Basu: I accept it.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, কথাটা হচ্ছে এটা শুধু য়্যাড করা হচ্ছে।

Mr. Speaker: Your amendment cannot be allowed. You cannot have that by way of amendment. It is an entirely different matter.

Sj. Hemanta Kumar Basu: You allow him to move a resolution.

Mr. Speaker: That cannot be. Resolutions are ballotted

[5-30—5-40 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

সম্পূর্ণ রিজলিউসনএর সঙ্গে একটু য়্যাড করছি।

Mr. Speaker: I quite follow. It is an entirely different matter.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমার বক্তব্য হচ্ছে নেতাজী --

Mr. Speaker: An amendment must relate to the main resolution. Your resolution is something different It has got nothing to do with the main resolution

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমি নেতাজী সুভাষ চন্দ্র বোসের সংগে একটা কথা য়্যাড করছি :—

"ফাউন্ডার অব দি আজাদ হিন্দ্ গভর্নমেন্ট"।

Mr. Speaker: No, no. That cannot be allowed.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, নেতাজী সুভাষ চন্দ্রের মৃত্যু সম্বন্ধে গত এসেম্বলীতে অনেক আলোচনা হয়েছে। নেতাজীর মৃত্যু সম্বন্ধে অনেক রকম সংবাদ আমরা শুনেছি। এই এসেম্বলীতে গত অধিবেশনে এই সম্বন্ধে যে প্রস্তাব গৃহীত হয়েছিল তা ভারত সরকারের নিকট পাঠান হয়েছিল, তার উত্তরে ভারত সরকার জানিয়েছেন তাঁদের বিশ্বাস নেতাজীর মৃত্যু হয়েছে। আমরা সকলেই জানি যে, নেতাজী সুভাষ চন্দ্র ভারতবর্ষের স্বাধীনতার জন্য ভারতের বাহিরে কিভাবে আজাদ হিন্দ গভর্ণমেণ্ট সৃষ্টি করেছিলেন, এবং সেই আজাদ হিন্দ গভর্ণমেণ্ট কিভাবে ভারতের বাহিরে থেকে দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিলেন। এবং সেই আজাদ হিন্দ বাহিনী এমন কি ইম্ফল পর্য্যন্ত অর্থাৎ ভারতের জমি পর্য্যন্ত এসেছিলেন। সেই আজাদ হিন্দ গভর্ণমেণ্ট পরিচালনার জন্য দক্ষিণ-পূর্ব এসিয়ার জনসাধারণ কোটি কোটি টাকা নেতাজীর হাতে

[Sj. Hemanta Kumar Basu.]

ন্যস্ত করেছিলেন। আমরা বহুবার সংবাদপত্রে দেখেছি যে ভারতবর্ষের স্বাধীনতার সংগ্রাম পরিচালনার জন্য তাঁর হাতে বা তাঁর গভর্ণমেন্টের হাতে যে টাকা সেখানকার জনসাধারণ দিয়েছিলেন সেই সমস্ত টাকা খরচ হয়নি এবং তার অনেক টাকা আজাদ হিন্দ গভর্ণমেন্টের কাছে ছিল। এবং সেই টাকা ভারতবর্ষ বা ভারত গভর্ণমেন্ট দাবী করতে পারেন, কারণ সেই টাকা আজাদ হিন্দ গভর্ণমেন্টের টাকা এবং তিনি যে স্বাধীন গভর্ণমেন্ট প্রতিষ্ঠা করেছিলেন তার টাকা। কাজেই সেই দিক থেকে সেই টাকার কি হলো সে সম্বন্ধে অনুসন্ধান করবার অধিকার আমাদের আছে এবং ভারত গভর্ণমেন্টের আছে। এবং সেই টাকার অনুসন্ধান করে সেই টাকা যদি আমরা পাই তাহলে সেই টাকা দিয়ে আমরা অনেক ভাল কাজ করতে পারবো, অন্ততঃ নেতাজী সুভাষ চন্দ্র "মহাজাতি সদন" যা তিনি পরিচালনা করে গিয়েছেন তাতে সেই টাকা লাগাতে পারবো। ১৯৪৫ সালে ১৭ই আগষ্ট যখন নেতাজী সুভাষ চন্দ্র সায়গন থেকে চলে যাবার পরে যে এরোপ্লেন দুর্ঘটনা হয় তারপর তাঁর অনেক অনুসন্ধান সত্বেও আমরা তাঁর কোন খোঁজ পাচ্ছি না। সেই দুর্ঘটনাতে তাঁর মৃত্যু ঘটেছে এটাই জনরব যদিও তাঁর মৃত্যু সম্বন্ধে অনেকবার অনেক রকম কথার সংবাদ পাওয়া গিয়েছে। কেউ বলেছেন তিনি গুলি করে মারা যান, ম্যাকআর্থার গুলি করে মেরেছেন। কেউ বলেন তাঁকে গুপ্ত হত্যা করা হয়েছে। আর দেখা যায় যে ডাঃ রাধাবিনোদ পাল যখন টোকিও গিয়েছিলেন তখন তিনি নেতাজীর মৃত্যু সম্বন্ধে জিজ্ঞাসা করায় জেনারেল ম্যাকআর্থার বলেছিলেন সুভাষ চন্দ্র আমাদের প্রধান শত্রু। তারপর ডাঃ রাধাবিনোদ পাল যখন বলেন তিনি তো এখন নাই তখন জেনারেল ম্যাকআর্থার কোন উত্তর দেন নি। যাই হোক, আজকে যা আলোচনার বিষয় সেটা হলো অর্থ বা টাকার ব্যাপার। সংবাদপত্রে আমরা দেখি যে, যখন তিনি সায়গণ ত্যাগ করেন এরোপ্লেন করে তখন তাঁর সঙ্গে আজাদ হিন্দ গভর্ণমেন্টের মন্ত্রী এবং বড় বড় সামরিক কর্ম্মচারী ছিলেন, এবং তিনি যাবার সময় একজন জাপানি জেনারেল--নামটা তার যোশিদা--তাঁকে সঙ্গে করে নিয়ে যান। কিন্তু আমরা সংবাদপত্রে দেখেছি যে সেই প্লেনটা হঠাৎ পরিবর্ত্তন হয়ে যায় এবং তাঁকে সেখান থেকে অন্য এরোপ্লেনে করে নিয়ে যাওয়া হয়। তারপর ২৪শে আগষ্ট আমরা রেডিও থেকে এবং সংবাদপত্রে শুনলাম তিনি এরোপ্লেন দুর্ঘটনায় মারা গিয়েছেন।

আমরা জানি আজাদ হিন্দ গভর্ণমেন্টের অনেক টাকা ও সোনা ছিল। সে টাকা কোথায় যাবে, কে নিয়ে যাবে। সে দিন নেতাজীর সঙ্গে মন্ত্রী ও সামরিক কর্ম্মচারীদের যাবার কথা ছিল, কিন্তু প্লেনে জায়গা না থাকায় নেওয়া হয় নি, একমাত্র কর্ণেল হবিবুর রহমান তাঁর সঙ্গে গিয়েছিলেন। এরোপ্লেনে বহু টাকা এবং সোনা ভর্ত্তি বাক্স প্রেরিত হয়। পরে শুনা যায় যে সে টাকা টোকিও নিয়ে যাওয়া হয়েছে। ২৪শে তারিখে তাঁর মৃত্যু সংবাদ ঘোষিত হবার পরে মিঃ এস্, এম্, আয়ার--তিনি আজাদ হিন্দ গভর্ণমেন্টের একজন বিশিষ্ট কর্ম্মচারী--তাঁকে টোকিও নিয়ে যাওয়া হয়, এবং এই টাকার যতদূর খবর পাওয়া গিয়েছে সেই টাকা সঙ্গে যায়, এবং সেই টাকা কিভাবে খরচ হয়েছে বা কোথায় গেল তাহার কোন সন্ধান পাওয়া না গেলেও--সেই টাকা একজন ভারতীয়--তাঁর নাম মিঃ রামমূর্ত্তি--তাঁর কাছে গচ্ছিত রাখা হয় এবং দেখা গেল সেই মিঃ রামমূর্ত্তি রাতারাতি একজন মহা ধনী হয়ে গেলেন। এই মিঃ রামমূর্ত্তি এখন ভারতবর্ষেই আছেন।

[5-40—5-50 p.m.]

কাজেই টাকার সঙ্গে যারা জড়িত--টাকা যা টোকিওতে গেছে--মিঃ আয়ার কিছু জানেন, মিঃ রামমূর্ত্তি কিছু জানেন এবং সেখানকার ইণ্ডিয়ান এনভয়--তিনিও জানেন। কিন্তু তা সত্বেও এখন পর্য্যন্ত ভারত গভর্ণমেন্ট সেই টাকার অনুসন্ধানের জন্য বিশেষ কোন চেষ্টা করেন নি। এই টাকা ভারতবাসীর টাকা। ভারতবর্ষে প্রভিসনাল গভর্ণমেন্ট বলে যে স্বাধীন গভর্ণমেন্ট সৃষ্টি হয়েছিল, ভারতকে স্বাধীন করবার জন্য এবং আপনারা সকলেই স্বীকার করেছেন যে বৃটিশ শাসনের হঠাৎ অবসানের যে কারণ সেই কারণের একটা বিশেষ কারণ হচ্ছে, আজাদ হিন্দ গভর্ণমেন্ট যেভাবে ভারতবর্ষের বাইরে থেকে লড়াই করেছিল। যেভাবে আজাদ হিন্দ গভর্ণমেন্টের অফিসারদের বিচার করবার সময় ভারতের সৈন্য বাহিনীর মধ্যে যে আন্দোলন দেখা দিয়েছিল--বিশেষ করে, আর, আই, এনের বিদ্রোহ--তার মধ্য দিয়েই বৃটিশ শাসনের ভারতবর্ষ থেকে অবসান ঘটে। তাই, সেই গভর্ণমেন্টের যে টাকা বা অর্থ ছিল--সেই কোটি কোটি টাকা, আজাদ হিন্দ গভর্ণমেন্ট দক্ষিণ-পূর্ব্ব এশিয়ার ব্যবসায়ীদের কাছে যে টাকা পেয়েছিল, সেই টাকা সম্বন্ধে অনুসন্ধান করবার আমাদের অধিকার আছে।

নেতাজীর মৃত্যু সম্বন্ধে ভারত গভর্ণমেন্ট যে কথা বলেছেন যে তাদের বিশ্বাস যে তিনি নেই। যদিও সেভাবে একটা এরেগুমেন্ট আনা হয়েছিল, তা সত্বেও

আমরা নিশ্চয়ই ভারত গভর্ণমেণ্টকে জিজ্ঞাসা করতে পারি তাঁর মৃত্যু সম্বন্ধে আপনাদের যে ধারণা, বা যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তের কারণ কি? কারণ ভারতবর্ষে এই রকম বহু লোক আছে--যারা তাঁর মৃত্যু সম্বন্ধে নানারকম কনফ্লিক্টিং সংবাদ দিচ্ছে--যাতে করে তাঁর মৃত্যু সম্বন্ধে সঠিক ধারণা করা যায় না। কাজেই ভারত গভর্ণমেণ্টের পরিষ্কার করে বলা উচিৎ যে কি কি কারণে, কিভাবে তারা অনুসন্ধান করেছেন এবং কি উপায়ে তারা এটা জানতে পেরেছেন। কারণ আমরা দেখছি নানা রকম সংবাদ নানান দিক থেকে পাচ্ছি যে তিনি মারা যান নি--বেঁচে আছেন। এই রকম সংবাদ বিশ্বস্তসূত্রে জানা গিয়েছে। যাহোক এ দিক থেকে ভারত গভর্ণমেণ্টের উচিত জনসাধারণকে তাদের অনুসন্ধানলব্ধ তথ্যগুলি জানান। সেই সঙ্গে এই অর্থ--এই যে ৩।৪ বাক্স ভর্তি সোনা--সেই সময়ে তুলে নেওয়া হয়েছিল--সে টাকা কোথায় গেল। সেই টাকাগুলির সন্ধান করতে পেলে অনেক রহস্যই বের হয়ে যাবে। সেই জন্য আমি প্রস্তাব এনেছি এই অর্থ সম্বন্ধে ভারত গভর্ণমেণ্ট বিশেষ অনুসন্ধান করুন। কারণ যে ঘটনাই ঘটুক না কেন, সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছিল। তার বিশেষ গুরুত্ব আছে, এবং যখন আজাদ হিন্দ গভর্ণমেণ্ট যারা পরিচালনা করেছিলেন, যারা প্রধান মন্ত্রী বা বিশিষ্ট কর্মচারী হয়েছিলেন তাদের কাছ থেকেই যখন এই রকম সংবাদ এসেছে। তখন আমাদের নিশ্চয়ই এটা অনুসন্ধান করা দরকার। সেই অর্থ আমাদের--আমাদের দেশের জনসাধারণ তাদের সর্বস্ব দিয়েছিল স্বাধীনতা সংগ্রামের জন্য--সেই অর্থ অপব্যয়িত হবে, সেই অর্থ যথেচ্ছা খরচ হবে, সেটা ভারতবাসী ও আমরা সহ্য করতে পারি না। এই পবিত্র অর্থ দেশের ভাল কাজে লাগুক। সেইজন্য এই অর্থের অনুসন্ধান করতে হবে এবং সেইজন্যই আমাদের প্রধান কর্তব্য হিসাবে এই প্রস্তাব আপনাদের কাছে এনেছি। আশা করি, এই প্রস্তাব সকলেই সমর্থন করবেন।

Dr. Atindra Nath Bose: At the fag end of the last session of this House a resolution was unanimously adopted requesting the Government of West Bengal to urge upon the Central Government to undertake an enquiry about the whereabouts of Netaji. Sir, this resolution of this House received a very curt treatment from the authorities in Delhi. They said that the Government are satisfied that Netaji is dead and that nothing further can be done about this matter. Sir, the whereabouts of the treasure of the Azad Hind National Bank which was taken by Netaji at the time of his historic departure are very intimately connected with the whereabouts of Netaji himself. If we can come to any conclusive finding about the whereabouts of Netaji, or if he is at all dead, about the manner of his death, then I think the mystery of treasure of the Azad Hind Bank may be very easily solved. Our Government in Delhi have conclusively accepted the plane crash story. This plane crash story has been subjected to doubt for various reasons even by the Anglo-American secret service --not to speak of others. Col. Habibur Rahman who accompanied Netaji at the time of his last flight and who previously gave out the story of the crash has very recently repudiated his statement from Pakistan in a statement in the *Civil and Military Gazette* which has been reproduced in the *Free Press Journal*. When he came he presented Netaji's watch to Sj. Sarat Chandra Bose; the watch was quite intact. But he did not say anything about the treasure which Netaji carried nor did he say anything about the ashes of Netaji. The story of the ashes preserved at Renokji Temple seems to be a later concoction. If the Government are very definite about their findings I wonder why should they not publish those materials in the form of a White Paper? Why of all persons Sj. S. K. Ayyar is deputed to make an investigation in Japan about Netaji and why should he undertake a conducted tour in that country?

[5-50—6-30 p.m.]

There are other I. N. A. officers who were very closely connected with Netaji during the last days of the Indian National Army and there were many of them who were very intimately connected with Japan and who knew the Japanese language, but none of them were deputed to enquire into the matter on the spot. Sir, these I. N. A. officers as well as the Japanese officers who had been all along in close

[Dr. Atindra Nath Bose.]

contact with Netaji and who took charge of Netaji during the flight are, all of them, living. Why should not the Government of Delhi take recorded statement from these people and publish them in the form of a White Paper?

Recently, Sir, a report appeared in a Japanese paper, viz., *Mainichi*, in which one Rammurti figured very prominently. He was the ex-President of the Indian Independence League. He suddenly made himself a multi-millionaire and thereafter he returned to India and submitted his report to whom we do not know. Sir, let the Government at Delhi get an authentic report from Rammurti. Let him tell wherefrom did he find the money with which he became an upstart overnight. Sir, the India Government owe it to the people of Bengal as well as of India to bring all these facts before the public and remove any shade of suspicion that may remain in their minds.

It is no use, Sir, dilating upon the national importance of these matters. It is no use repeating once again how the people of Bengal, and for the matter of that, of India feel very keenly about the whereabouts of their national hero. I think, Sir, it is an insult not merely to this House but to the entire people of India to treat the unanimous resolution of the House in such a summary and curt fashion and I request the Government of West Bengal to take the matter up over again in right earnest and impress upon the Government at Delhi so that a searching enquiry is made into the matter, so that evidences are taken from all people who were connected with Netaji towards the fag end of his career, so that these are made public—in the form of a White Paper.

(At this stage the House was adjourned for half an hour.)

(After adjournment.)

Sj. Jyoti Basu: Sir, before you take up the resolution, may I point out to you that day before yesterday we were given a notice that the Abolition of Zemindary Bill is coming up tomorrow, but, unfortunately, as yet we are not in possession of the Bill. So, I bring it to your notice.

Mr. Speaker: It will not be taken up tomorrow.

Sj. Jyoti Basu: Anyway, it should be in our hands before even there is a motion for it to be referred to the Select Committee. Otherwise, it is extremely difficult for us to know what is being referred to the Select Committtee.

Sj. Dasarathi Tah:

স্পীকার মহাশয়, হেমন্তবাবুর রেজলুসনটা এখনো শেষ হয় নাই, আমরা এটা সমর্থন করি।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সকলের চেষ্টা হওয়া উচিত জাতীয় সম্পদ বজায় রাখা। আমাদের সুজলা সুফলা বাংলা নিঃস্ব হতে চলেছে, ডেনসিটি অফ পপুলেশন বেড়েই চলেছে, লোকে খেতে পাচ্ছে না, পরতে পাচ্ছে না, এই শোচনীয় অবস্থায় দেশ আজ দাঁড়িয়েছে। কিন্তু জাতীয় সম্পদ রক্ষা করা সকলের কর্তব্য। রামকৃষ্ণ পরমহংস, বিবেকানন্দ যেমন আমাদের জাতীয় সম্পদ, তেমনি সুভাষচন্দ্রও আমাদের জাতীয় সম্পদ। তিনি আমাদের জন্য কি কাজ করেছেন না করেছেন তা আমাদের হৃদয়ে অঙ্কিত হয়ে রয়েছে। আগুন কখনো চাপা থাকে না। প্রেসিডেন্সি কলেজএ পড়ার সময় সুভাষবাবু যে ওটেন সাহেবের অত্যাচারের প্রতিবাদ করেছিলেন সে জিনিষ সকলেই জানেন। সুভাষবাবু যে কি ধাতুতে গড়া সেটা সেদিনই বুঝা গিয়েছিল, আমি তখন সেকেণ্ড ইয়ার ক্লাসে পড়ি ঘটনাটি ছবির মত মনে পড়ছে। তিনি কিভাবে প্যারালাল গভর্ণমেণ্ট গড়ার চেষ্টা করেছেন, কিভাবে করে গিয়েছেন তা আমরা জানি। তাঁর এই কীর্ত্তি দেশবাসী শ্রদ্ধার সহিত মনে রাখবেন। এখানে একটা কথা বলবো—ডাঃ রায় কিছু মনে করবেন না, ভবিষ্যতে একদিন তিনিও দেশের তথা সমস্ত ভারতবর্ষের সম্পদ হবেন। সুভাষবাবুও জাতীয় সম্পদ, এই সম্পদ যাতে রক্ষিত হয় সেটা দেখা দেশবাসীর সকলের কর্ত্তব্য। সেজন্য আমি মনে করি ষ্টেট থেকে ভালভাবে তার জীবনী লেখা দরকার

এবং দেখা সরকার নিজে বাঙ্গালার এই অমূল্য সম্পদ যেন না হারায়। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Sj. Ambika Chakrabarty: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় হেমন্তবাবুর রেজোলিউসনের সমর্থন করছি, অর্থাৎ তার সাবষ্টিটিউট প্রস্তাব সমর্থন করছি। আজাদ হিন্দ গভর্ণমেণ্টের অর্থ নিয়ে এদেশে অনেক রকম জল্পনা-কল্পনা চলছে, ভ্রান্ত ধারণার সৃষ্টি হয়েছে। কিছুদিন আগে আজাদ্ হিন্দ গভর্ণমেণ্টের একজন মন্ত্রী শ্রীদেবনাথ দাস মহাশয় ইষ্টান কাণ্ট্রিজ ঘুরে এসেছেন। সেখান থেকে এসে তিনি যে রিপোর্ট দিয়েছেন তাতে দেখা যায় যে আজাদ্ হিন্দ্ গভর্ণমেণ্টের যে প্রভূত পরিমাণ অর্থ ছিল, তার কোন সন্ধান মিলছে না। সেই অর্থকে আমরা আমাদের জাতীয় সম্পত্তি বলে মনে করি। সেই অর্থ যদি উদ্ধার করা যায়, তাহ'লে আমাদের জাতীয় পরিকল্পনায় এই অর্থ ব্যয়িত হতে পারে। কাজেই সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এর-কাছে এই গভর্ণমেণ্টের মারফতে অনুরোধ করতে চাই যদি আজাদ্ হিন্দ্ গভর্ণমেণ্টের এই সমস্ত অর্থ অনুসন্ধান করা যায়, উদ্ধার করা যায় তাহলে এটাকে আমাদের জাতীয় সম্পত্তি হিসাবে ব্যবহার করা যাবে। সুতরাং যে প্রস্তাব উঠেছে এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি বলতে চাই যে সুভাষচন্দ্রের আজাদ্ হিন্দ্ গভর্ণমেণ্টের সেই অর্থ এখন কোথায় আছে, তার কোন ঠিক ঠিকানা নাই, তার সঠিক খবর পাওয়ার জন্য সেণ্ট্রাল গভর্ণমেণ্টের তরফ থেকে একটা কমিটি গঠন করে এই অর্থ কোথায় আছে তার অনুসন্ধান করা হোক্।

[6-30—6-40 p.m.]

Sj. Ananda Gopal Mukherjee: মাননীয় স্পীকার মহোদয়, আমি এই প্রস্তাব সমর্থন করতে উঠে খুব অল্প দু-একটি কথা বলবো। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের জন্য ও জনসাধারণকে স্বাধীনতার মন্ত্রে উদ্বুদ্ধ করবার জন্য ভারতবর্ষে যাঁরা জাতির কাছে নমস্য হয়ে আছেন তার মধ্যে নেতাজী শ্রেষ্ঠ। আমি এই কথা বলতে চাই যে আজ স্বাধীনতা পাওয়ার পর নেতাজী ভারতের বাইরে থেকে আমাদের দেশকে স্বাধীন করবার জন্য যে চেষ্টা করেছিলেন, এমন কি ব্রহ্মদেশেও খানিকটা অংশে জাতীয় সরকার প্রতিষ্ঠা করেছিলেন, এবং সেই জাতীয় সরকার পরিচালনার জন্য যথেষ্ট অর্থ জনসাধারণ স্বেচ্ছায় সাহায্য করেছিলেন তাঁকে। আজকে প্রশ্ন উঠেছে সেই অর্থ কোথায়? সেই অর্থ যদি থাকে, যদি আজ কেউ সেই অর্থ নিয়ে অপব্যবহার করে থাকে তাহলে আমাদের ভারত গভর্ণমেণ্টের তরফ থেকে তার একটা অনুসন্ধান করা উচিত। যাতে এই অর্থের আমরা হদিস পেতে পারি এবং সেই অর্থ ফিরে পেতে পারি তার ব্যবস্থা অবলম্বন করা উচিত। এ শুধু কোন একটা বিশেষ দলের দাবী নয়, আমি মনে করি বাংলাদেশের প্রত্যেকটি মানুষ এই কথা তাঁদের অন্তরের কথা বলে মনে করেন এবং তাঁদের অন্তরের কথাই আজ এই বাংলাদেশের আইন সভায় রূপ নিচ্ছে। আমি শুধু এই কথা বলে আমার বক্তব্য শেষ করবো যে সরকার সম্পূর্ণভাবে একটা তদন্ত কমিটি গঠন করে যাতে এই অর্থটা কি হ'ল তার হদিস্ পান তার জন্য চেষ্টা করেন। আমি এই সঙ্গে বলবো এই অর্থের হদিস্ করতে গিয়ে যদি আজ কোন প্রকারে হদিস্ পাওয়া যায় যে নেতাজী সুভাষ চন্দ্র জীবিত আছেন—বাংলাদেশবাসীর সেই আকাঙ্খিত দাবী আজ এই আইন সভায় উঠেছে। হয়তো প্রমাণ আছে যে তিনি মারা গিয়েছেন কিন্তু একথা কেউ বিশ্বাস করতে পারে না। তিনি জীবিত আছেন, তিনি আজ আমাদের মধ্যে ফিরে আসুন প্রত্যেকটি মানুষ বোধ হয় মন থেকে এই কথাই বলছেন। একটা আইনসঙ্গত কোন বাধা না পেয়ে হয়ত এইভাবে তাঁরা তাঁদের অনুরোধ এনেছেন।

এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

The motion of Sj. Debendra Chandra Dey in substitution of the original resolution of Sj. Hemanta Kumar Basu that—

> This Assembly is of opinion that the Central Government be requested to take steps to investigate regarding the funds reported to be left by Netaji Subhas Chandra Bose and his Azad Hind Government, was then put and agreed to.

[The resolutions of Sj. Hemanta Kumar Basu and motion of Dr. Srikumar Banerjee fell through.]

Mr. Speaker: Next resolution. Sj. Nalini Kanta Haldar.

(Sj. Nalini Kanta Haldar was not present.)

Sj. Natendra Nath Das: Sir, may I move the resolution standing in the name of Sj. Nalini Kanta Haldar?

Sj. Debendra Chandra Dey: Sir, you have not allowed such a thing to us.

Mr. Speaker: It is a ballotted resolution. The mover of a resolution takes his chance by ballot, and if the mover of a resolution does not come, it should not be allowed to be moved.

Sj. Natendra Nath Das: So far as Proja Socialist Party is concerned, I submit that a member of that party who has given notice of a resolution of the very same nature may be allowed to move this resolution. Let Sj. Dasharathi Tah who has got another very same resolution move this resolution.

Mr. Speaker: All right.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that this Assembly is of opinion that with a view to ameliorate the condition of the *Bargadars* (share-croppers) of paddy lands and to safeguard their interests, the Government should immediately bring in a Bill embodying provisions to the following effect either by amending the Bargadars Act, 1950, or otherwise:—

(1) the *bargadar* should be deemed to supply seeds and plough for the cultivation of the lands. Any *bargadar* having seeds or plough from the owner of the land, should be deemed to have it on the basis of a separate contract not connected with crop-sharing as a *bargadar*;

(2) the protection of the land, by way of construction or maintenance of *bundhs*, *ails*, etc., so far as it lies in his power and capacity, should be the primary responsibility of the owner of the land;

(3) any agreement made before or after the passing of the law relating to the *bargadars*, stipulating less than two-thirds of the produce as the share of the *bargadars* should be considered void; and

(4) no Bhagchas Conciliation Board, to be constituted for the purpose of settlement of disputes between the *bargadar* and the owner, should have as its member or Chairman any person who owns more than 5 acres of land cultivated *khas* or by *bargadars* or who belongs to a joint family which owns or the members of which own, in the aggregate, more than 5 acres of land cultivated in a similar way or who is an employee of such person or joint family.

Sj. Natendra Nath Das: Sir, I want to speak.

Mr. Speaker: Yes.

Sj. Natendra Nath Das: এখন যেটা আইনে আছে, সংশোধনের পরেও এই ব্যাপার। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে প্রথম ১।৩ অংশ বর্গাদার এবং ১।৩ অংশ ওনার নেবার পর যে রিমেনিং ১।৩ অংশ থেকে যায় সেটা খুব কম্‌প্লিকেটেড এণ্ড ইন্‌ট্রিকেট্‌। তাতে বলা আছে প্লাউ এবং ক্যাটল যে যেরকম দেবে, সেই অনুযায়ী ওয়ান-থার্ড শেয়ার ভাগ হবে। এতে কি বলা হয়েছে দেখুন--

"The remainder of the produce left after deducting the quantities referred to in paragraphs (*a*) and (*b*) shall be divided between the *bargadar* and the owner in such proportion as would be fair and reasonable having regard to their respective contributions to the cost of cultivation including in particular the supply of plough-cattle, plough and other agricultural implements and manure and to the cost of protection or irrigation of the land."

এটা থাকার ফলে যেটা বর্ত্তমান আইনে আছে ডিভিসন অফ প্রডিউস সম্বন্ধে সেক্সন ৩, সাব-সেক্সন ২ (সি)--এটা লাষ্ট ওয়ান-থার্ডটাকে ভাগ করবার জন্য--এটা অত্যন্ত কম্‌প্লিকেটেড ব্যাপার এবং তার ফলে বহু রকম মামলা মোকদ্দমা সৃষ্টি হচ্ছে। ভাগচাষ কন্‌সিলিয়েশন বোর্ডের সামনে হাজার হাজার কেস চলে যাচ্ছে, কিন্তু কোন কিছু লাভ হচ্ছে না। জমি ভাগ হচ্ছে, শেয়ার নিয়ে গোলমালের সৃষ্টি হচ্ছে।

যদি তেভাগা দিতে হয় মহাত্মা গান্ধী যা বলেছিলেন তাই করা উচিত। তিনি এই প্রিন্সিপল এনেছিলেন দেশের সামনে তেভাগা সম্পর্কে যে টিনার্স অফ দি সয়েল টু-থার্ডস্ পাবে এবং বাকী ওয়ান-থার্ড অংশ ওনার বা মালিক পাবে। সেই নীতি যখন এই আইন সভা গ্রহণ করলো তখন শেষ তৃতীয়াংশ ভাগ করবার একটা জটিল পন্থা রয়েছে, এবং তার ফলে নানা রকম মামলা মোকদ্দমা সৃষ্টি হচ্ছে এবং মহাজনরা তার আড়ালে থেকে আরও জটিলতা সৃষ্টি করছেন ও ভাগচাষ বোর্ডের সামনে কেস্ পুঞ্জীভূত হয়ে উঠছে এবং দেশে অশান্তি সৃষ্টি হচ্ছে। সেইজন্য শেষ ওয়ান-থার্ড সোজাসুজি ভাবে ভাগ হওয়া উচিত, অর্থাৎ টু-থার্ডস্, ওয়ান-থার্ড নীতিতে--যাতে কমপ্লিকেসিজ না থাকে। সেইজন্যই এই রেজোলিউসন করা হয়েছে, প্রকৃতপক্ষে যারা বর্গাদার তারা যাতে টু-থার্ডস অংশ পুরাপুরি পায়।

[6-40—6-50 p.m.]

এমন জায়গা আছে যেখানে জমি পাওয়া যায় না। একজন এসে বলে আমি লিখে দিচ্ছি আপনি যদি বিশ্বাস না করেন। আমি টু-থার্ডস্এর কম নেব, ১০ আনা আপনাকে দেব। জমি লোকে পায় না। মহাজন লোককে দিয়ে লিখিয়ে নেয়। এখন যে আইন আছে তাতে প্রোটেক্শন কিছু দেওয়া হয় বটে, কিন্তু আমরা যে প্রস্তাব দিয়েছি সেটা কার্যকরী করা হলে বর্তমান আইনে যে গলদ আছে তা সংশোধন করা হবে। গতবার এমেণ্ডমেণ্ট এনেছিলাম এই ডিভিসন অফ প্রডিউস নিয়ে, কিন্তু এই যে সেক্সন্ ৩ আছে সেটার এমেণ্ডমেণ্ট আসে নি। সেজন্য সেটা তখন আমরা এই হাউসের সামনে আনতে পারি নি। এই প্রস্তাবের প্যারাগ্রাফে আছে—

"the *bargadar* should be deemed to supply seeds and plough for the cultivation of the lands. Any *bargadar* having seeds or plough from the owner of the land, should be deemed to have it on the basis of a separate contract not connected with crop-sharing as a *bargadar*".

যদি কোন ক্যাটল, প্লাউ, ওনার দিয়ে থাকেন তবে নগদ দাম দিয়ে শোধ করুন, ক্রপ-শেয়ারিংএর সংগে তার কোন সম্পর্ক থাকবে না। অন্য কোন মজুরী দিয়ে শোধ করুক, তা না হ'লে সেটার আড়ালে থেকে মহাজন অনেক সময় গোলযোগ বাঁধায়। সেক্সন ২তে আছে—

"the protection of the land, by way of construction or maintenance of *bundhs*, *ails*, etc., so far as it lies in his power and capacity should be the primary responsibility of the owner of the land".

এখানে আমরা যা বলেছি এর দ্বারা ওনার অফ ল্যাণ্ডকে বাদ দেওয়ার কথা বলছি না। সেজন্য এটা বলি—

"any agreement made before or after the passing of the law relating to the *bargadars*, stipulating less than two-thirds of the produce as the share of the *bargadars* should be considered void".

সেক্সন ৩তে যেটা বলেছেন—

"if the *bargadar* and the owner whose land he cultivates agree in writing to any mode of division, such mode of division shall be adopted".

এতদ্বারা আমি বলেছিলাম চাপ দিয়ে মহাজন অনেক সময় ইচ্ছামত লিখিয়ে নেয়। তারা লিখে দিতে বাধ্য হয় টু-থার্ডস্ তারা নেবে না। মালিক তাদের এইরকম লিখে দিতে বাধ্য করেন। সেজন্যই আমরা যেটা এনেছি--

"no Bhagchas Conciliation Board, to be constituted for the purpose of the settlement of disputes between the *bargadar* and the owner, should have as its member or Chairman any person who owns more than 5 acres of land cultivated *khas* or by *bargadars* or who belongs to a joint family which owns or the members of which own, in the aggregate, more than 5 acres of land cultivated in a similar way or who is an employee of such person or joint family".

এটার আর কোন মানে থাকবে না। সেইসব উদ্দেশ্য যাতে ঠিকমত সিদ্ধ হয় তাহার জন্য আমরা এই প্রস্তাব এনেছি। তারপর সেক্সন ৬এ আছে—

"Every Board shall consist of a Chairman who shall be a person in the service of Government and four other members, two of whom shall be representatives of *bargadars* cultivating lands situated in the local area for which the Board has been established and the other two shall be representatives of owners of lands cultivated by such *bargadars*, etc.".

এখন এই ব্যবস্থা আছে। আমরা দেখেছি একটা ক্যাম্পিরিতে যত জোতদারই থাকুক না কেন, একটা

[Sj. Natendra Nath Das.]

লোকের যত জমিই থাকুক না কেন, আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি মফঃস্বলে যখন ভাগচাষ বোর্ড হয় তখন অনেক ক্ষেত্রেই বর্গাদারদের নামে মহাজনরা ভাগচাষ বোর্ড দখল করে বসে থাকে। তারা ভাগ-চাষীর ন্যায্য পাওনার দিকে মোটেই নজর দেয় না। কাজেই আমি চাই সেখানে এমন প্রতিনিধি থাক যারা তাদের দুঃখ বুঝবে—এমন লোককে মেম্বার করা হোক। সেইজন্য আমি আশা করি গভর্ণমেণ্ট শীঘ্র শীঘ্র এই বর্গাদার্স এক্ট এমেণ্ড করার ব্যবস্থা করবেন। এটা যদি না করেন তাহ'লে বর্গাদার আইনের কোন মানে থাকবে না। এবং নানারকম অসুবিধার সৃষ্টি হবে। বর্গাদারদের উপর মামলা করাবার জন্য এবং তাদের টু-থার্ডস্ দেবার জন্য এই আইনটা সহজ করে দেওয়া হোক। আশা করি এই প্রস্তাব গ্রহণ করা হবে।

Dr. Bidhan Chandra Roy: Sir, I rise to oppose this motion. The reasons are the following. Only the other day we had the Bargadars Act altered by the House. My friend who spoke just now admitted that at that time they omitted to place this point of view before the House. It is obviously an attempt on the part of my friends to see that the *bargadar* gets two-thirds and the other person who gives the *barga* gets only one-third. It would be much better if they had said that the whole of the produce of the area should belong to the *bargadars;* it would have been more straightforward. He says that the *bargadar* should be deemed to supply seeds and ploughs for the cultivation of the land—"should be deemed to supply"—although whether it is supplied or not supplied, does not matter.

Then he says that the protection of the land should be the responsibility—as far as it lies in his power—of the owner of the land, but the *bargadar* must get his share.

Then he says that the agreement which may have been made before should be void **now**. This is against all canons of social justice. But the fourth one is most astonishing of all, namely, if a *raiyat* who has got 20 acres of land—a *raiyat*, not a zemindar—who is cultivating his land by *bargadar*—is not to be on the Conciliation Board because he owns more than 5 acres of land. It is a most preposterous suggestion I have ever heard.

[6-50—7 p.m.]

You have got to deal justice between the big and the small, between the owner of the land and the *bargadar*. You say that simply because he happens to possess more than 5 acres of land, simply because he has acquired that land, he should not be on the Conciliation Board. I have not heard such a proposition seriously made before the House. Now, everybody knows that we are going to introduce the Land Acquisition Bill—the Land Reforms Bill—for the removal of the zemindars. I am afraid, my friends have been obsessed with the idea that there is always a zemindar and there is always a *bargadar* who is always oppressed by the zemindar. We have got to remove the zemindar. Then who do remain—the cultivator and the *bargadar*. If so, nobody will be bold enough to stand here and say that I shall not allow any *raiyat* to have any say in the matter of conciliation. I am very sorry that I have got to oppose it. It is most inopportune. It is against all canons of social justice.

Finally, if the Removal of Zemindary Bill is passed, as I hope it will be, we will have to reorient all our ideas regarding tenancy laws in Bengal, the relationship between the landlord and the tenant and the relationship between the *bargadar* and the *raiyat* in future. Therefore, as I said before, this resolution is inopportune, it is not a straightforward resolution as it might have been if it had been an amendment to the Act which has been discussed in the Assembly and it is against all canons of social justice. Therefore, I oppose most vehemently this resolution being passed by the House.

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I am sorry that I have to oppose this resolution. This resolution is, to compute it

modestly, shamelessly partial to the *bhagidar* and it is very much against the interests of the owners. Well, Sir, we must be fair to both parties—both the owners and the *bhagidars*. We should not rob the owners to pay the *bhagidars*. It is not a principle which can be based on justice, equity, good conscience or fair play. Also I do not like that, although the law on this point has been passed in this very Assembly some days ago, we should again very soon propose that this law should be changed thoroughly—preposterously, I should say. Persons should know where they stand, where their rights and duties stand, at least for a substantial period of time. We cannot change the law so soon and harass the people like anything.

Sir, the wording of this resolution is against all canons of justice and against all interpretation of law as well. What is the first part? Item (1) is—"the *bargadar* should be deemed to supply seeds and plough for the cultivation of the lands." This resolution wants that there should always be a presumption of fact. Although he has not, as a matter of fact, supplied seeds or manure or plough he should be deemed against fact that he has supplied seeds, he has supplied manure and he has supplied plough. There cannot be a presumption like this and, to put it modestly, I must say that this must be characterised as a dishonest presumption. How can there be a presumption like this? Although you have not done a thing like this, you would be deemed in the eyes of law that you have done it. That is a psychologically absurd proposition. Again, it says "Any *bargadar* having seeds or plough from the owner of the land, should be deemed to have it on the basis of a separate contract not connected with crop-sharing as a *bargadar*." Even if, as a matter of fact, the owner supplies seeds and supplies plough, still it must be presumed, as a matter of law and not as a matter of fact, that he has supplied the seeds and the plough on the basis of a contract although, as a matter of fact, that contract never saw the light of the day or never actually took place between the parties. It was for this reason that I was saying that this portion of the resolution would ask the court of law or the Bhagchas Board to take recourse to an untenable presumption of fact.

Now, I come to item (2)—"the protection of the land, by way of construction or maintenance of *bundhs*, *ails*, etc., so far as it lies in his power and capacity, should be the primary responsibility of the owner of the land." The owner has to do everything—he has to buy the land, he has to supply seeds, he has to supply manure, he has to supply plough, he has to maintain the *ails* and he has to maintain the *bundhs*. Although he does all these, still the lion's share of the crop should invariably and under all circumstances go to the *bhagidar*. This is also an absurd proposition of law, absurd proposition of fact and this, I should say, cannot be maintained, cannot be supported in any civilized society. I must say that we must be fair to both the parties.

Now, item (3) says—"any agreement made before or after the passing of the law relating to the *bargadars*, stipulating less than two-thirds of the produce as the share of the *bargadars* should be considered void." Why should it be considered void? Although there was a solemn contract, although there was a legal contract, although there was a fair and equitable contract according to the law in force for the time being, still by some fiat, by some stroke of pen, they want to make the court or the Bhagchas Board hold that all these contracts are void. As I was saying, persons should know where they stand, where their rights and duties stand. If their rights and duties change like this on all occasions, then certainly there will be only harassment, there will be only misunderstanding and certainly there will be no good relationship between the parties concerned, between the owners and the *bhagidars* which relationship is

[Sj. Tarapada Bandopadhyay.]

most desirable, so far as all of us are concerned. If really good and cordial relationship is not established between the parties concerned, then certainly cultivation of the land cannot go on smoothly and we cannot get the largest quantity of crops from the land. Therefore, I oppose it.

As our Chief Minister characterised item No. (4), this is also absurd. Why should it be that a person who has got more than 5 acres of land should not be taken as a member to sit on the Bhagchas Board and deal even-handed justice between the parties concerned? Why should we always presume that a man who has got 5 acres of land should always be partial to the owner and should be unfair to the *bhagidar*? This is also a very bad presumption. This presumption also cannot be countenanced because it is a matter of law—it is a principle of law—that every person should be presumed to be an honest man until it is proved that he is not an honest man, until he is proved to be a dishonest man. Likewise, the owner of a land may also claim that a man owing no land should not be allowed to sit as a member on the Bhagchas Board because he will always be partial to the *bhagidars* and he will always be unfair to owners.

Sir, this is nothing but a claptrap resolution and it must be thrown out.

[7—7-10 p.m.]

Sj. Monoranjan Hazra: মাননীয় স্পীকার মহাশয়, এই যে প্রস্তাব আজকে এসেছে, আমি এই প্রস্তাবের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলছি।

যখন বর্গাদার বিলটা এখানে এসেছিল, সেই সময় আমি বলেছিলাম, এবং এখনও আমি মনে করি যে আজকের দিনে বর্গাদার প্রশ্নটা সেদিক থেকেই বিচার করা উচিত। সেটা হচ্ছে আজকে দেশের ভূমি ব্যবস্থা যেমনই থাকুক না কেন, আজকে দেশের সামনে খাদ্য সমস্যাই সবচেয়ে বড় সমস্যা। আজকে ভাগচাষীরা যদি জমি চাষ করবার অধিকার পায়, তাহলে দেশে খাদ্য ফসল অধিক ফলবে সে বিষয়ে কোন সন্দেহ নাই।

দ্বিতীয় কথা হচ্ছে, ভাগচাষীরা জমিতে যে ফসল ফলাবে, তাদের সেই অধিকার থেকে যদি বঞ্চিত হবার আশঙ্কা থাকে, তাহলে নিশ্চয়ই তাদের মধ্যে প্রেরণা ও দেশপ্রেম স্বতঃস্ফূর্ত হয়ে বেরিয়ে আসবে না। সেদিক থেকে আজকে প্রশ্ন হচ্ছে আপনারা যাঁরা এই প্রস্তাবের বিরুদ্ধে বলছেন, তাঁদের কাছে নিবেদন এইযে যখন বীজ আর লাঙ্গলের প্রশ্নটা এসেছে, সকলে জানেন আজ পর্য্যন্ত বাংলাদেশে এই বীজ আর লাঙ্গল ভাগচাষীরা দিয়ে আসছে। অথচ সেটা স্বীকৃত হয় নি কোথাও। সেজন্য বেশীর ভাগ জায়গায় জমির মালিক কোন কিছু বীজ বা লাঙ্গল না দিয়ে বরাবর বীজ ধানের জন্য যা ন্যায্য পাওনা তাথেকে চাষীদের বঞ্চিত করে আসছেন। আজকে এই বর্গাদার আইন আনবার জন্য এই প্রশ্নটা এসেছে যে বীজ ধান চাষীরা নিয়ে নেবে। এটা ন্যায্য। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় জমিদারদের জমি থেকে যে আয় হয়, সেটা অতি সহজলভ্য আয়, অতি কম প্রয়াসেই হয়, সেজন্য সেই জমিতে যে অধিক ফসল ফলাতে হবে, তার জন্য তাদের চেষ্টা ও দরদ অত্যন্ত কম। সেই চেষ্টার দায়িত্ব এখন ন্যস্ত করা হচ্ছে ঐ ভাগ-চাষীদের উপরে। সেখানে যদি আজ বীজ এবং লাঙ্গলের প্রশ্ন ওঠে, তাহলে সেটা যে ভাগচাষীরা দিয়েছে এমন ধরে নেওয়া কখনও অযৌক্তিক হবে না। যদিও বেশীর ভাগ ক্ষেত্রে দেখতে পাওয়া যায় জমিদাররা লাঙ্গল ও বীজ না দিয়ে ভাগচাষীদের সেই অধিকার নিতে চান। সেইজন্য সেপারেট কণ্ট্রাক্ট যদি আগে থাকতে থাকে, তাহলে জমিদারদের দাবী সাব্যস্ত করা যেতে পারে, তা না হলে পারে না। এই যে যুক্তি এর বাস্তব অবস্থা স্বীকার করতেই হবে।

তৃতীয়তঃ হচ্ছে যে, বর্গাদারের ঐ জমির রক্ষণাবেক্ষণ সম্পর্কে। বর্গাদার কখনই জমির রক্ষণাবেক্ষণ করতে পারে না, তার সামর্থ্যও নাই এবং করবার মত আইনগত অধিকারও নাই।

তারপর উচ্ছেদের প্রশ্নে দেখতে পাই—যেই ফসলটা তোলা হয়ে গেল, অমনি সঙ্গে সঙ্গে জমিদারের নোটিশ পড়লো আর একজনকে জমি বিলি করার। বিলি করার আগে থেকেই ক্ষেত্র পূর্বেকার চাষী প্রস্তুত করে থাকে, ইতিমধ্যে জমিদার আর একজনের সঙ্গে কণ্ট্রাক্ট করেন বীজ দেবে না, লাঙ্গল দেবে না, অথচ বখরা আধাআধি, ভাগচাষী সমস্ত ধান জমিদারের বাড়ীতে পৌঁছে দেবে। প্রথমতঃ একজন ভাগচাষীকে বঞ্চিত করা হচ্ছে, দ্বিতীয়তঃ যেন কল্পনা অনুযায়ী নূতন চাষীকে কিছু দেওয়া হচ্ছে। এই যেখানে অবস্থা,

সেক্ষেত্রে সেই জমির বাঁধ বাঁধা, আইল বাঁধা ইত্যাদি ভাগচাষীর পক্ষে সম্ভব নয়। এটা অবাস্তব জিনিষ। সেজন্য এটা জমিদারেরই করা কর্ত্তব্য এবং তারজন্য যা কিছু খরচ হবে, তাও জমিদারের দেওয়া উচিত।

তারপর ভাগচাষ বোর্ড সম্পর্কে যে কথা আছে, কি হবে কি না হবে, তা নিয়ে তর্ক করতে চাই না। আসল কথা হচ্ছে ২।৩ অংশ যেটা ভাগচাষীর পাওনা সেটা তাকে দিতে হবে, আইনে স্বীকার করা হয়েছে। তারপর এই প্রশ্ন উঠতে পারে না যে এই ২।৩ অংশ দেওয়া হবে না।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ সদস্যদের বলতে চাই যে এই হচ্ছে আসল অবস্থা। ডাঃ রায় সোশ্যাল জাষ্টিসের যে কথা বললেন আমরা দেখতে পাচ্ছি বর্গাদার এ্যাক্ট হওয়া সত্বেও পুলিস, এস, ডি, ও, ভাগচাষ বোর্ডের মেম্বার, জমিদার—সকলে একসঙ্গে ষড়যন্ত্র করে ভাগচাষীকে যখন বঞ্চিত করছে, তখন কিন্তু এই সোশ্যাল জাষ্টিসের কথা ওঠে না, তারপর যখন তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা করছে, ওয়ারেণ্ট বার করছে, তখন এই সোশ্যাল জাষ্টিসের কথা ওঠে না, ভাগচাষের ব্যাপারে যখন হাটালের ৫জন কৃষক মেয়ে জান্ দিয়েছে, কাকদ্বীপের চাষীরা প্রাণ দিয়েছে, ডুবীর ভেড়ীর ৫জন কৃষক যা প্রাণ দিয়াছেন তখন এই সোশ্যাল জাষ্টিসের কথা ওঠেনি। আজকে সেকথা উঠছে। উঠছে কখন? না, যখন বর্গাদার আইনে বর্গাদারের অধিকার স্বীকার করা হয়েছে। এখন যখন নানা আইনের মারপ্যাচের ত্রুটী রয়েছে, তানিয়ে যখন আইনের প্রশ্ন উঠেছে, সেই আইনের প্রশ্নকে বানচাল করবার জন্য এমন অবস্থার সৃষ্টি করে রাখা হয়েছে, যার জন্য পরিষ্কার করে সরকার পক্ষ থেকে কিছু বলবার প্রয়োজন হয়েছে, তখন এই সোশ্যাল জাষ্টিসের কথা উঠছে। এই সোশ্যাল জাষ্টিস বলে যদি কিছু থাকে, তাহলে তার সমস্ত কিছু এই বর্গাদারদের পক্ষে দিতে হবে, তাদের প্রোটেক্শন্ দিতে হবে, তেভাগা দিতে হবে। যদি কোন জমিদার তা না দেয়, তাহলে সেই জমিদারকে এ্যারেষ্ট করে জেলে পুরতে হবে। এই রকম দৃষ্টিভঙ্গীই আজ হওয়া উচিত।

Sj. Shambhu Charan Mukherjee: Mr. Speaker, Sir, I oppose the resolution on the following grounds. Firstly, already steps have been taken in the Bargadar Act itself to ameliorate the condition of the *bargadars*. I think that it would be a folly to hold that the amendment of the Bargadar Act will improve the condition of the *bargadars*. I like to state here that the abolition of intermediary interests and redistribution of lands to the landless tillers and *bargadars* may somewhat improve the condition of the *bargadars* and landless tillers. Those who hold that the amendment of the Bargadar Act alone will improve the condition are, I must say, living in fools' paradise.

My next ground is this that it would be unjust as well as inequitable to hold that because a person is a *bargadar*, so he must be supplied with plough and seed. I think that this proposition can neither take the shape of law, nor can it enter into any enactment which seeks to do some social justice to the people. Further, the mover of this resolution wants us to hold that if the owner of the land supplies plough and seed that will be taken to be a separate contract and not connected with crop-sharing as a *bargadar*. Sir, I beg to place before the House this and this only that we are here to look to the interests of the *bargadars* as well as other people of the society who want justice from us.

[7-10—7-20 p.m.]

If we hold that the *bargadars* are the only people who live in the society, then we may make any amount of enactment to save them. But my point is that we are to promulgate such laws and make such enactments as are beneficial to the society as a whole, not to any particular section of the people, not to any particular class of people.

My next point is this, that a contract is a result of free volition of a party. If one binds oneself with one contract, then it will be taken in the eye of law as well as in the eye of the public that he has done this with his eyes open, unless he can prove in any competent court of justice that some undue influence has been practised upon him in this respect. So, Sir, a contract, whether entered into by him before the promulgation of this Act or after the promulgation of this Act

[Sj. Sambhu Charan Mukherjee.]
—there is section 7 and Explanation under it which will guide all the parties. So, I think that no other resolution is necessary to explain this Act or to make any such resolution as may benefit the *bargadars*. The Explanation under section 7 runs thus, "Where there is an agreement under clause (*1*) of of section 3, a Board shall consider whether such agreement was made by the free consent of the parties thereto and shall disregard such agreement if it is satisfied that consent to such agreement was caused by coercion, undue influence, fraud, misrepresentation or mistake". So, I emphatically say that this part of the resolution is unnecessary.

With these words, I oppose this resolution.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, দাশরথি বাবুর আনা প্রস্তাবটি আমি সম্পূর্ণ সমর্থন করি। সরকারের বর্গাদার আইনে যে সমস্ত ফাঁক আছে সেই ফাঁকগুলি দূর করার জন্য এই প্রস্তাবে কিছুটা চেষ্টা হয়েছে; সেইজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। যুক্তি অবশ্য কিছু কিছু দিয়েছেন বিরুদ্ধ পক্ষের কেউ কেউ এবং সরকার পক্ষেরও কেউ কেউ কিন্তু আমি যুক্তিগুলো ঠিক বুঝতে পারিনি, অন্ততঃ কনভিন্সড্ হয়নি। প্রথম কতকগুলি বড় প্রিন্সিপিলসএর কথা বলছি। যদি কোন একটা কণ্ট্রাক্ট হয় সেটা পরে ভয়েড বলে গণ্য হতে পারে। কণ্ট্রাক্টএর স্যাংটিটি—এটা রাখবার কথা প্রস্তাবের বিরোধীরা বলেছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করি এই যে পারমানেণ্ট সেটেলমেণ্ট, জমিদারী প্রথা হয়েছিল এটা কি কোন কণ্ট্রাক্ট? নিশ্চয় এটা কণ্ট্রাক্ট। যদি তাই হয় তাহলে জমিদারী প্রথা কি করে বিলোপ করছি, তাহলে সেই কণ্ট্রাক্ট কি করে ভয়েড করতে যাচেছন? জমিদাররা এই এই করবে এবং তার বদলে তারা এই এই পাবে—এই সর্ত্ত চিরস্থায়ী বন্দোবস্তে বলা হয়েছে—এটা আজকে বদলান প্রয়োজন। এই জন্য প্রয়োজন হয়েছে যে আইনই বলুন আর কণ্ট্রাক্টই বলুন কোন জিনিষই শাশ্বত নয়, দেশের প্রয়োজনে আইন বদলান হয়। এবং দেশের সাধারণের প্রয়োজনে যদি দরকার হয় তাহলে কণ্ট্রাক্টও বদলাতে হবে, তা না হ'লে কোন আইন দেশের স্বার্থের বিরুদ্ধে গেলেও তাতে চিরকাল ঠিক করে থাকতে হবে, এর মধ্যে কি যুক্তি আছে তা আমি বুঝতে পারি না।

আজকে যে কণ্ট্রাক্ট হয়েছে বর্গাদার প্রথা নিয়ে সেটা যখন জনসাধারণের বিরুদ্ধে যাচেছ তখন তাকে ভয়েড করে দিতে হবে এবং তা করার মধ্যে অন্যায় কিছু নেই। দ্বিতীয়তঃ কোন কণ্ট্রাক্ট মানুষ তার ফ্রী উইলএ করে। কিন্তু একটা গোড়ার কথা আছে যে যদি আনইকুয়াল টার্মস হয় তাহলে কণ্ট্রাক্ট ইনভ্যালিড হয়ে যাবে—এই ত আইনে বলে। যদি এমন একটা জিনিষ হয় যে একদিক থেকে একটা পার্টি এডভানটেজিয়াস পজিসনে আছে আর একটা পার্টি ডিসএডভানটেজিয়াস পজিসনএ যাচেছ তাহলে সেই কণ্ট্রাক্ট ইনভেলিড হয়ে যাবে। শরৎ বাবু হাইকোর্টে একটা কেস করেছিলেন, সেটার নজীরও আছে। সুতরাং আইনের সেই দিক থেকে এটা অচল। এই যে কণ্ট্রাক্ট এটা ফ্রী উইলএ করা হয় নাই সেই জন্য এই কণ্ট্রাক্ট অচল। জমিদার, জোতদাররা একটা এডভানটেজিয়াস পজিসনএ আছেন; তারা বর্গাদারকে বলছেন "তুমি আগে যদি কণ্ট্রাক্টএ সই না কর, তাহলে তোমাকে জমি দেবো না"। আর আমাদের দেশে ল্যাণ্ডহাঙ্গার খুব বেশী, অর্থাৎ জমির জন্য কম্পিটিশন খুব বেশী। সুতরাং ভাগচাষী তার পেট চালাবার জন্য বাধ্য হয়েছিল এই কণ্ট্রাক্টএ সই দিতে—এটা কোয়ার্সন এবং ইট ইজ ফ্রী উইল নয়। সুতরাং এই যে জমিদার ও জোতদার তারা বর্গাদার আইনের সুযোগ নিচেছন, একে কি করে চেক করবেন? এমন একটা চেক দেওয়া দরকার যাতে ভাগাভাগীর সর্ত্ত করা থাকলেও তাকে একেবারে ইনভ্যালিড, ভয়েড করে দেওয়া যায়। সরকার যে বর্গাদার বিল এনেছেন—জানি ল' হয়েছে—বর্গাদার লাঙ্গল, বীজ ধান প্রভৃতি যদি দেয় তাহলে সে সেই অংশ পাবে, আর জোতদার যদি এই সমস্ত দিয়ে থাকে তাহলে সে এই অংশ পাবে। এখানে মালিক বা জোতদার তারা বঞ্চিত হচেছ না, কারণ সে যদি দিয়ে থাকে তাহলে ঐ ভাগের বেলায় সে কণ্ট্রাক্টএর জোরে সে তার পুরো পাওনা পেয়ে যাবে। সুতরাং সেদিক থেকে কোন অসুবিধা নেই। কিন্তু বর্গাদার দিলেও সে পাবে না কারণ জমির মালিক তার সুবিধামত সর্ত্তে বর্গাদারের স্বাক্ষর করিয়ে নিয়েছে এবং আইনতঃ এই চুক্তিনামাই ফসলের ভাগ স্থির করবে।

দ্বিতীয় জিনিষ হচেছ বাঁধ বাঁধা, আল বাঁধা। আমি বুঝতে পারলাম না, কেউ কেউ বললেন যে জমিদার সবই করবে আর লাভের শেয়ার নিয়ে যাবে বর্গাদার। তাহলে এ থেকে বুঝতে হবে যে বর্ত্তমান আইনে যা আছে তা তারা পড়েন নি। এই বাঁধ বাঁধা, আল দেবার দায়িত্ব কার? এই দায়িত্ব জমির মালিকের। সুতরাং যে আইন রয়েছে সেটা করো

করছেন না রিজিভলী। কে জমিতে বাঁধ দেবে, সেই দিতে পারে যার জমির উপর একটা স্বত্ব আছে। বর্গাদারদের জমির উপর কোন স্বত্ব আছে না কি? সে কার জমিতে বাঁধ দেবে? সুতরাং এই আল দেবার দায়িত্ব মালিকের। (এ ভয়েস: আল আবার কি জিনিষ?)

(Disturbances and noise.)

তৃতীয়—কথা আমার ২৪-পরগণায় যা আছে সেটা বলবো। বর্গাদারের $\frac{২}{৩}$ অংশ শেয়ার পাবার কথা হয়েছে। আমি বাস্তব একটা ঘটনা আপনাদের চোখের সামনে তুলে ধরছি। সুন্দরবনের জয়নগর থানার নলগড়া ইউনিয়নে--সেখানে মালিক পক্ষ নোটিশ দিয়েছেন যে যদি কবুলতিতে সই না দাও তাহ'লে তোমায় জমি দেবো না। আজকের খবরের কাগজে দেখলাম তারানগর থেকে দুটো ফ্যামিলি চলে এসেছে। কলিকাতার রাস্তায় এসে তারা কেন ভিক্ষা করছে--এগুলি একটু চিন্তা করা দরকার। খালি আইনের স্যাংটিটির কথা চিন্তা করবেন না, বাস্তবের দিকে একটু তাকান। এ সম্পর্কে ওখানকার সার্কেল অফিসার ও মেজিষ্ট্রেটএর কাছে যদি খোঁজ নেন তাহলে এর সূত্র পাবেন। সেখানকার মালিক পক্ষ বলেছেন যে যদি তোমরা সাদা কবুলতিতে সই না দাও তাহলে তোমাকে জমি দেবো না, এবং জমির জন্য বাধ্য হয়ে সে সেই কবুলতিতি সই দিয়েছে।

[7-20—7-30 p.m.]

তার ফল কি? সাদা কাগজে সই করে দিল, জমি ঠিক ক'রে দিল, এই কথা লিখে দিল ১০ আনা ৬ আনা ভাগ হবে। জমির মালিক পাবে ফসলের ১০ আনা আর ভাগচাষী পাবে ৬ আনা। কবুলতির ফল হল ভাগচাষীর মৃত্যু। যে কোন মন্ত্রী বা উপমন্ত্রী যান, তাঁরা আপনাদের কাছে প্রত্যক্ষ ঘটনা তুলে ধরবে। জোর ক'রে এই জিনিষগুলি জমির মালিকরা করছেন। কি ক'রে একে ঠেকাবেন? যে কোন কণ্ট্রাক্টই হোক না কেন, $\frac{২}{৩}$ অংশ পাবে বর্গাদার এই আইন করতে হবে। নিজেদের জমি থাকলে স্বতন্ত্র কথা, কিন্তু ভাগচাষীদের এক কোঁটাও জমি নাই। জয়নগরে শতকরা ৬২ ভাগ জমি বর্গাদার প্রথায় চাষ হয়। শতকরা ১৮ ভাগ ক্ষেত মজুর দিয়ে হয়। ৮০ পার সেণ্ট ল্যাণ্ড অর্থাৎ জমি তাদের দিয়ে চাষ হয়। দেশের অধিকাংশ লোকই এই রকম। তাদের স্বার্থ রক্ষা করবেন না? এই তো জাষ্টিস নয়, দিস ইজ নট ফেয়ার প্লে। এটাকে আমি জাষ্টিস বলি না, আর্গুমেণ্ট বলি না। ঠিক আপনাদের রকম আর্গুমেণ্ট দিয়ে কথা বলবে বড়বাজারের ব্যবসায়ীরা। হয়তো বলা হবে এই রাজত্বে পাব্লিক প্রপার্টির স্যাংটিটি স্বীকার করে নেওয়া হয়েছে। যদি ৯৫ জনকে বাঁচাতে গিয়ে ৫ জনকে মেরে ফেলা দরকার হয় ডেফিনাইটলী আমাদের সেই আইন তৈরী করতে হবে। ৫ জনের স্বার্থ রক্ষার জন্য ৯০ জনের স্বার্থ জলাঞ্জলি দিতে হবে এই রকম আইন করতে আমরা আসিনি। আপনারা বলতে পারেন বড়বাজারের ক্লাইভ ষ্ট্রীটএর সাহেবদের সম্পত্তি কনফিসকেট করবেন? তা আপনারা বলতে পারেন না। দেশের জনসাধারণের স্বার্থেই আইন করতে হবে। বর্গাদার ও ক্ষেতমজুররা দেশের ৭০।৭২ ভাগ; তাদের স্বার্থ কি রক্ষা করবেন না? তাদের স্বার্থ রক্ষা করবেন, না জমিদারের? ডাঃ রায় রায়তের কথা বলেছেন। ডাঃ রায় রায়তের কি বুঝেন? তিনি পাঞ্জাবের দিকে তাকিয়ে দেখুন। সিকান্দার হায়াৎ খানও তো রায়ৎ ছিলেন সেখানে। তাই শুধু রায়ৎ বল্লে চলবে না। আমি জানি জয়নগরে এক এক জন জোতদারের ১২ শত বিঘা জমি আছে। এখানে যা করা হচ্ছে তাকে শুধু অবিচার নয়, অত্যাচারও বলা চলে। সমস্ত দেশের প্রগ্রেসকে বাধা দিতে চাচ্ছে কায়েমী স্বার্থবাদীর দল।

তারপর, বলা হচ্ছে জমিদারী প্রথা বিলোপ বিল আসবে। যতদিন না আসে এটা করতে কি আপত্তি। না হয় একটা আইন ইনভ্যালিড হ'য়ে থাকবে। জমিদার জোতদারের দলই সুখসুবিধা পাবে এটা কোন যুক্তি নয়; কিভাবে জমিদারী বিলোপ বিল আসবে জানি না। আর একটা কথা, জমিদারী প্রথা গেলেই জোতদারী চ'লে যাবে একথা ঠিক নয়। জোতদারী প্রথা থাকলে বর্গাদারীও টিকে থাকবে। সেইজন্যই বর্গাপ্রথা বিষয়ে একটা কম্প্রিহেনসিভ বিল আনতে হবে; মোটামুটি সেটা এই প্রস্তাবে আছে। এই কথা ব'লেই শেষ করছি।

Sj. Rajkrishna Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাবের বিরোধিতা করে আমি সর্বপ্রথমে এই কথা বলতে চাই যে আমাদের বিরোধী বন্ধু সুবোধ ব্যানার্জি মহাশয় যা বল্লেন তার সঙ্গে আমি একমত নই। তিনি সুন্দরবন অঞ্চল সম্বন্ধে যা বল্লেন তাতে আমি একমত নই। তিনি যেমন সেখানকার একজন প্রতিনিধি আমিও সেইরূপ ওখানকার প্রতিনিধি। আমি এ কথা বলতে চাই যে আমিও অঞ্চল সম্বন্ধে কম জানি না। এখানে রেজুলেশনের প্রত্যেক প্যারায় আমরা দেখতে

[Sj. Rajkrishna Mondal.]

পাচ্ছি এই কথাই সুস্পষ্ট হয়ে দেখা যাচ্ছে যদিও মহাজন লাঙ্গল, গরু ও বীজ দেয় তাহা হলেও ধরে নিতে হবে যে তারা দেয় নি, সেটা মহাজনকে একটা সেপারেট কণ্ট্রাক্ট করে আদায় করে নিতে হবে। এবং সম্ভাবতঃই এইগুলো আদায় করতে নালিশ করতে হবে। এবং এইভাবেও সিভিল কোর্টে যেতে হবে। এই ল্যাণ্ডওনারকে একবার নিজের প্রাপ্য অংশ পাওয়ার জন্য এবং আর একবার গরু, লাঙ্গল ও বীজ দেওয়ার জন্য দুইবার নালিশ করতে হবে। এতে কোন পক্ষও কি ভাগচাষী কি জমির মালিক কেহই উপকৃত হবে না। আমি জানি না সুবোধ বাবু কিভাবে ভাগচাষীদের উপকার করতে চাইছেন? সুতরাং আমি মনে করি এই প্রস্তাবের পক্ষে তিনি যা বলেছেন এটা সম্পূর্ণ অবাস্তব, সেই জন্য আমি এটার বিরোধিতা করছি।

[7-30—7-40 p.m.]

তারপর আর একটা কথা--সুবোধ বাবু বলেছেন যে ওনার অফ দি ল্যাণ্ড মেনটেন করবেন--তারাই বাঁধ দেবেন, আইল দেবেন। এখন এইটেই বিচার্য্য বিষয় যে যারা আইল দেবে, বাঁধ দেবে, তারাই পাবে $\frac{১}{৩}$, আর ভাগচাষীরা পাবে $\frac{২}{৩}$। এটাই কি মানবতা। (নয়েজ।) গরু পালন করবে একজন, খইল খাওয়াবেন তিনি—আর দুধ খাবে আর একজন—এটাই কি সুবিচার! যে ওনার অফ দি ল্যাণ্ড তাকেই জমি মেনটেন করতে হয়। আমি নিজে সুন্দরবন অঞ্চলে গিয়ে দেখেছি যে নোনাজল জমিতে যখন ঢোকবার উপক্রম হয়, তখন সেই জমির ওনার তার সর্ব্বস্ব দিয়ে বাঁধ আটকায়, কিন্তু একটা ভাগ-চাষীকেও সেই বাঁধ ঠিক করবার সময় দেখা যায় না। ওনার অফ দি ল্যাণ্ড সে জানে যে ইণ্টারেষ্ট না নিলে জমি নষ্ট হয়ে যাবে--এতে তারই সর্বনাশ হবে। সেই জন্য সে সেই জমি মেনটেন করার চেষ্টা করে। মেনটেন না করে, লাঙ্গল গরু না দিয়ে ভাগচাষী কি করে $\frac{২}{৩}$ অংশ পাবে বুঝতে পারি না।

তারপর কণ্ট্রাক্ট বিষয়ে যা বলা হয়েছে সেটা বোডার অফ দি রিজোলিউশনকে বিবেচনা করতে বলি।

আর একটা কথা হচ্ছে--ভাগচাষ বোর্ডএ যে ৪ জন বেসরকারী সদস্য থাকবে, তার সম্বন্ধে আইনে আছে ২ জন থাকবে ভাগচাষীদের মধ্য থেকে, আর ২ জন থাকবে ওনারদের মধ্য থেকে। এখানে দেখতে পাচ্ছি যে ৫ বিঘার অধিক যাদের জমি আছে তারা কেহই আসতে পারবে না। কোন্ যুক্তিতে কার যুক্তিতে, এটা সন্নিবেশিত করা হয়েছে বুঝতে পারি না--তা আমার মাথায় আসে না। কারণ ৩।৪ বিঘা জমি যে ভাগে চাষ করে, তার কতটুকু জমির ইণ্টারেষ্ট সম্বন্ধে জ্ঞান আছে বুঝি না। যে ২৫।৫০ বিঘা জমি চাষ করে, আর ৩।৪ বিঘা জমি যে চাষ করে, তার চেয়ে ইণ্টারেষ্ট অনেক বেশী। তাই এখানে কে দরদী বন্ধু--তা আমরা বুঝতে পারি না। (নয়েজ এণ্ড সাউটস।)

আসল ভাগচাষীদের কাছ থেকেই আসছি। ভাগচাষীদের সম্বন্ধে আমরা সব জানি। তাদের উপর আমাদের দরদ আছে। (নয়েজ।) আমরা জানি ওনার অফ দি ল্যাণ্ড সময়ে অসময়ে তাদের খেতে দেয়, রোগ হলে তাদের চিকিৎসার ব্যবস্থা করে। এই অসময়ে দেখে বলেই তাদের মধ্যে প্রেমের বন্ধন আছে। (নয়েজ।) এইভাবে যদি আমরা তাদের দূরে দূরে নিয়ে যাই, তাহলে তাদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন ছিন্ন হবে। তাই বলছি যে ভাগচাষ বোর্ডে আইন যা পাশ হয়ে গিয়েছে --সেটা দেখা যাক কতদূর কার্য্যকরী হচ্ছে। তারপর দরকার হলে এই হাউসে সেটা এমেণ্ডমেণ্ট করা যাবে। এই বলে আমি এই রেজোলিউশনের সম্পূর্ণ বিরোধিতা করছি।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় সদস্য দাশরথি তা মহাশয়ের যে রেজোলিউশন তা সমর্থন করছি। আমরা দেখেছি যে বর্গাদার এ্যাক্ট যেটা হয়েছে তার মধ্যে সিড অব প্লাউ দেওয়া সংক্রান্ত একটা অংশ রাখা হয়েছে এবং জমির মালিক যদি ইচ্ছা করেন তাহলে জমি কেড়ে নিতে পারেন সেই ব্যবস্থাও এর মধ্যে রয়েছে। বাস্তবিক পক্ষে এই অংশগুলি বর্গাদার-দের স্বার্থের প্রতিকূল হয়েছে। এগুলির জন্য বর্গাদার এ্যাক্টে তারা যে সুবিধা পেত, তারা পাচ্ছে না। এর দ্বারা তাদের স্বার্থ নষ্ট হয়ে যাচ্ছে। এই যে রেজোলিউশন আনা হয়েছে, এই রেজোলিউশন সম্পূর্ণভাবে বর্গাদারদের স্বার্থের দিকে দৃষ্টি দিয়ে আনা হয়েছে এবং সেজন্যই এই রেজোলিউশন গ্রহণ করা উচিত। আমরা পল্লীগ্রাম থেকে আসছি—সেখানের বর্গাদারদের সম্বন্ধে আমরা জানি যে বীজ ও চাষের জন্য লাঙ্গল বর্গাদারদেরই দিতে হয়। এইগুলির জন্যই তাদের জমি দেওয়া হয়। জমির মালিক যারা অতিরিক্ত লাঙ্গল এবং মজুর রাখতে পারেন--তাঁরা নিজেরাই চাষ করতে পারেন। এবং বর্গাদারদের দিয়ে তারাই চাষ করান যাদের পক্ষে যথেষ্ট মজুর রেখে চাষ করা সম্ভব হয় না। যাঁরা পল্লীগ্রামের চাষ-বাসের খবর রাখেন তাঁরা নিশ্চয়ই জানেন যে বর্গাদার

জমি চাষ করে, এবং তাদেরই গরু ও লাঙ্গল দিতে হয়। জমির মালিক দেন না। তার জন্য কোন একটা কণ্ট্রাক্টও হয় না। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে অসময় পড়লে জমির মালিকরা বর্গাদারদের খেতে দেয় ও নানারকম সাহায্য করে। আমি জানি যে তা হয়ে থাকে। কিন্তু এক মণ ধান দিলে তাদের $১\frac{১}{২}$, ২ মণ ফেরৎ দিতে হয়। যে বীজ দেওয়া হয় তার জন্যও অতিরিক্ত ফেরৎ নেওয়া হয়। লাঙ্গল দিলে তাদের অতিরিক্ত মূল্য দিতে হয়। তাই অসময়ে যে সাহায্য করা হয়, তার জন্য তাদের অনেক বেশী মূল্য দিতে হয়। লাঙ্গল, বীজ সংক্রান্ত আলাদা একটা কণ্ট্রাক্ট থাকলে এই সুবিধা হয় যে লাঙ্গল, বীজের জন্য যে তাদের একটা অংশ থাকে, সেটা থেকে বর্গাদাররা বঞ্চিত হয় না। বাস্তবিকপক্ষে বর্গাদারদের দিকে দৃষ্টি রাখলে এটাই করা উচিত। তারপর বর্গাদারদের ভবিষ্যৎ অত্যন্ত অনিশ্চিত করে রাখা হয়েছে। কারণ মালিক যদি নিজে চাষ করতে চায়, তাহলে সে সেই জমি নিয়ে নিতে পারে। সেখানে ভাগচাষীরা এক বছর বা ২ বছর কাজ করতে পারবে তার ঠিক নেই। জমিতে বর্গাদারের স্থায়ী স্বত্ব নেই, স্থায়ী স্বত্ব মালিকের। আর বাঁধ বা আইল জমির একটা স্থায়ী অঙ্গ।

[7-40—7-50 p.m.]

কাজেই জমির বাঁধ বাঁধা ও মেরামত এগুলি জমির মালিক যে তাকেই করতে হবে। এটা সঙ্গত কথা।

তৃতীয় পয়েন্ট যেটা এনি এগ্রিমেণ্ট ষ্টিপুলেটিং লেস দ্যান $\frac{২}{৩}$ সংক্রান্ত এমন ব্যবস্থা করা হোক যে বর্গাদার অলওয়েজ $\frac{২}{৩}$ পাবে। যে সমস্ত ক্ষেত্রে জমির পরিমাণ কম, বর্গাদার, কৃষক, চাষী তারা চাষের জন্য যথেষ্ট জমি পায় না, তারা কি করে অনেক সময়? না, নিজের স্বার্থ সম্বন্ধে যথেষ্ট সচেতন নয় বলে, সংঘবদ্ধ নয় বলে, চাষের সিজনএ সক্ষম লোক বাড়ীতে চুপচাপ বসে না থেকে যা কিছু একটা কাজে লাগবার জন্য যে কোন সর্তে, অনেক সময় গোপনে কণ্ট্রাক্ট করে, কি লাভ হবে কি না হবে, সেটা আর চিন্তা না ক'রে জমি ভাগে নেয়। কাজেই যেখানে $\frac{২}{৩}$ অংশ পাবে, সেখানে সে কণ্ট্রাক্ট করে এলো আধা আধি পাবে। কিন্তু এই যদি ব্যবস্থা থাকে যে বর্গাদার অলওয়েজ ২।৩ অংশ পাবে, তাহলে একটা অন্যায় কমপিটিশন থাকবে না। তা না হ'লে তাদের স্বার্থের পরিপন্থী কাজ হবে। চাষবাসের জন্য যদি মালিক কোন সাহায্য করে থাকেন, তার জন্য মালিক চাষীর কাছ থেকে ন্যায়সঙ্গত মূল্য নিয়ে নেবেন।

তারপর যে ভাগচাষ বোর্ড করা হয়েছে সেখানে মালিকরা স্থানীয় অন্যান্য সভ্যদের প্রভাবান্বিত করেন। তাতে বাস্তবক্ষেত্রে ভাগচাষীদের স্বার্থ নষ্ট হয়ে যায়। সাধারণ চাষী শ্রেণীর সত্যিকার প্রতিনিধি যদি ভাগচাষ বোর্ডের সভ্য থাকেন, তাহ'লে ভাগচাষীদের যে কি কষ্ট, তারা পরিশ্রমের বিনিময়ে যে কি পায়, সেদিকে লক্ষ্য রেখে নজর দিয়ে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবার জন্য চেষ্টা করবেন। এই সব দিক থেকে, বিচার করতে গেলে, যে বর্গাদার এ্যাক্ট এমেণ্ডমেণ্ট সম্বন্ধে যে রেজোলিউশন আনা হয়েছে, সেটা সমর্থনযোগ্য। এটা সকলের গ্রহণ করা উচিৎ।

Sj. Bankim Mukherji: Sir, now I move closure

এ সম্বন্ধে অনেক আলোচনা হয়ে গেছে। পরের রেজোলিউশন অত্যন্ত জরুরী। প্রথমের রেজোলিউশন পরে চলে যাচ্ছে। কাজেই আমি ক্লোজার মুভ করছি।

Mr. Speaker: Do you want to forego the right of reply?

Sj. Bankim Mukherji:

অন্ততঃ তা যদি না হয় আসছে শুক্রবার দিন আরও একটা নন-অফিসিয়াল ডে পাওয়া উচিত।

Mr. Speaker: That is a matter for consideration. I shall consider it.

Sj. Haripada Chatterjee:

সপ্তাহে একটা দিন নন-অফিসিয়াল ডে পাচ্ছি, তাও খুব কম পাই। একটা প্রয়োজনীয় প্রস্তাব রয়েছে, আপনি আগামী দিনটা পাইয়ে দিন।

Dr. Bidhan Chandra Roy: These members (pointing to Government side) who are speaking today never spoke before. Let them have an opportunity for speaking.

Sj. Hemanta Kumar Basu:

আমি যে এডজোর্নমেণ্ট মোশন মুভ করেছিলাম-- বৈদ্য নাথ বাবুর ব্যাপারে সে প্রস্তাব শীঘ্রই আসবে, সেদিন আলোচনা করা হবে। আর একদিন অন্ততঃ নন-অফিসিয়াল ডে হওয়া উচিত।

Mr. Speaker: That will be considered. Today some members came to my chamber and gave an assurance that they would come to an understanding as to the number of speeches on the side of the Opposition but they could not come to it. I am not in favour of a closure motion. At least Mr. Dasarathi Tah has a right to speak. There are so many members in the list of speakers.

Sj. Dasarathi Tah:

যদি এরপর রেজোলিউশন আনা হয়, তাহলে সংক্ষেপে বলে শেষ করবো।

Mr. Speaker: Do you want to close the debate or it is a right of reply?

Sj. Dasarathi Tah: It is a right of reply.

Mr. Speaker: Then let Mr. Nishapati Majhi speak.

Sj. Bankim Mukherji:

আমি ক্লোজার মুভ করেছি। ক্লোজারের পরেও রাইট অফ রিপ্লাই হতে পারে। কিন্তু——

Mr. Speaker: If the Opposition members want to speak how can I allow a closure?

Sj. Bankim Mukherji:

ক্লোজার যে কোন সময় যে কোন মেম্বার মুভ করতে পারেন। হাউস এই সেন্সএ এটা নিতে পারেন। আমি ক্লোজার উইথড্র করতে রাজী আছি, যদি এসিওরেন্স পাই যে আর একটা দিন পাওয়া যাবে।

Mr. Speaker: There cannot be assurance or withdrawal. If the Opposition members want to speak how can I allow closure?

Sj. Bankim Mukherji: It is in the interest of the Opposition that the next resolution be moved. It is very important and we want to move it. If it be the last day of non-official business, I would ask for a closure.

Mr. Speaker: If the Opposition had been serious, they would have ample opportunity during the last three or four days that were allotted for non-official business. They could have made proper arrangements for it.

Sj. Bankim Mukherji:

অপোজিসনএর এ সেন্স রয়েছে শুক্রবার নন-অফিসিয়াল ডে। আগামী শুক্রবারও আমরা নন-অফিসিয়াল ডে হিসেবে পেতে চাই।

Dr. Bidhan Chandra Roy:

আগামী সোমবারও নন-অফিসিয়াল ডে পাওয়া যাবে।

Mr. Speaker: You have had four non-official days and there has been no shortage of Opposition hours.

Sj. Hemanta Kumar Basu:

আমাদের পাওনার তুলনায় কম দিন পেয়েছি।

Sj. Bankim Mukherji:

৭।৮ দিন আমাদের নন-অফিসিয়াল ডে পাওনা হয়েছে। তার মধ্যে ফোর ডেজ মাত্র পাওয়া গেছে।

Mr. Speaker: You can ask for one more day for non-official business. That can be considered. So far as this resolution is concerned, how can I put a closure now?

Sj. Hemanta Kumar Basu:

আজকে আমাদের সময় কম দেওয়া হয়েছে। কারণ হাউস আজকে এক ঘণ্টা পরে--৪টার সময় সিট করেছে।

Mr. Speaker: Today we are sitting up to 8 o'clock whereas the normal sitting is up to 7 o'clock. We are sitting for four hours today.

Sj. Hemanta Kumar Basu:

এর আগে তো ৬।৭ ঘণ্টা হাউস চলেছে।

Mr. Speaker: As I said we are sitting for four hours.

Sj. Hemanta Kumar Basu:

আমরা বাজেটের সময় আড়াইটা থেকে রাত ৮।৯ টা অবধি হাউস চালিয়েছি।

Mr. Speaker: As regards budget, there are fixed hours. Let Mr. Nishapati Majhi speak.

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, নলিনী কান্ত বাবু যে প্রস্তাব গোড়ায় এনেছিলেন, পরে মাননীয় ডা মহাশয় যেটা উপস্থাপিত করেছেন আমি সেই প্রস্তাব থেকে ঠিক কলের উপরের খোলা জিনিষটা বাদ দিয়ে পাঁচ সম্বন্ধে দু চারটি কথা বলা দরকার মনে করছি।

বাংলাদেশে একদিন ভাগচাষ, মজুর চাষ, কিষাণ চাষ প্রভৃতি বহু রকম চাষ ছিল। এখন আছে এক লাঙ্গলের চাষ, দুই লাঙ্গলের চাষ, তিন লাঙ্গলের চাষ, অধিক জমি অধিক চাষী যারা লাঙ্গল নিয়ে চাষ করছে তাদের কথা আজ একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে ভাবতে হবে। অতএব এক লাঙ্গলের অন্তর্ভুক্ত এই চাষী--ভাগচাষী। তার অপরাধ হচ্ছে জমির উপর তার কোন স্বত্ব নাই। কিন্তু যদি আজ জাতীয় সরকারের জাতীয় পরিকল্পনা দেখা যায় তাতে এই জিনিষটা দেখা যায় যে বহুজনের হাত থেকে জমি নিয়ে যারা প্রকৃত জমি চাষ করছে, যারা প্রকৃতই গতর খাটাচ্ছে তাদের হাতে ধীরে ধীরে জমি দিতে এবং ভূমির উন্নতি সাধন করতে হবে। সারা পশ্চিম বাংলার ভাগচাষীর সংখ্যা সাড়ে ছ'লক্ষের কাছাকাছি। তারা কেমনভাবে জীবনযাপন করে আজকে তাদের সেই দুঃখের কথা একটু আপনাদের কাছে নিবেদন করছি। সেটা বড়ই বেদনাদায়ক। ৮।৯।১০ বছরের শিশু একটা পরিবারে, সে কিভাবে কাজ শিখে কাজ তাকে কতখানি করতে হয়, সেটা অনেকে জানেন না। ঐ সময় হতে সে গরুর গা ধোয়া শিখতে শিখতে গরুকে ডাঙ্গায় নিয়ে যায়, চরায় এবং গোয়াল পরিষ্কার করে, সার তৈরী করতে শিখে। বীজ তৈরী করতে শিখে। তারপর ধীরে ধীরে ক্ষেতে লাঙ্গল ধরতে শিখে। এই রকম করে তার ১২টা বছর যখন পার হয়ে যায়, তখন তার কৃষি শিক্ষার কাজ সম্পূর্ণ হয়। তারপর সে হয় মজুর চাষী, না হয় ভাগচাষী।

[7-50—8 p.m.]

আজ সারা বাংলায় এই রকম ভাগচাষীর সংখ্যা $৬\frac{১}{২}$ লাখ। তারা লাঙ্গল ধরে এবং তাদের ঘরে যদি অনুসন্ধান করা যায় তাহলে দেখা যাবে ঠিক এইরূপ $৬\frac{১}{২}$ লাখ কি ৮ লাখ আজ যারা কৃষক কাল তারা ভাগচাষী হওয়ার জন্য তৈরী হয়ে আছে। যারা আজকে নিজেদের প্রগতিশীল বলেন, বিপ্লবী কর্মী বলেন আজ তাদের সর্বাগ্রে উচিত ছিল যখন পশ্চিম বাংলা সরকার জমিদারী উচ্ছেদ করতে যাচ্ছেন তখন তাদের জন্য কি নীতি হওয়া কর্তব্য সেটা যদি এই রেজোলিউশনএ আনত ত আমি আনন্দিত হতাম। আমি তাকে অভ্যর্থনা জানাতাম (বিরোধী পক্ষ: বা! বা!) কাজেই আমি বলতে বাধ্য হচ্ছি যে তাঁরা অন্তরের কথা বলেন নি; শুধু অংশটা এখানে আলোচনা করেছেন।

সুবোধ বাবু যদিও ভাল কোরে অনেক কথা ব্যাখ্যা করেছেন কিন্তু আজ প্রশ্ন হচ্ছে যে সারা বাংলার যে $১\frac{১}{২}$ কোটী বিঘা জমি এই ভাগ চাষীরা কোরে থাকে এবং তাদের সংখ্যা যদি $৬\frac{১}{২}$ লক্ষ হয় তাহলে একরূপ ভাগচাষীর দরজায় গিয়েছেন কত জন? তাদের সংখ্যা কত? আমার মনে হয় ১ লাখের কম নয়। আজ পরস্পরের মিলন, পরস্পরের সাধনা ও যোগাযোগের দ্বারা পশ্চিম বাংলার কৃষি কাজ চলেছে, ফসল ফলেছে এবং লেনদেনের কারবার একেবারে বন্ধ হয়ে যায়নি। আজকে সে দিকটা বিবেচনা করা দরকার। আর একটা দিক বিবেচনা করবার আছে। সেটা এই যে এই ভাগচাষীর বুকে ৩টা শূল বিদ্ধ হয়ে আছে এবং সেই ৩টা শূল কি কোরে ছিঁড়ে ফেলা যাবে। একটি শূল সে জমিহীন, তাই ৭ পুরুষ ধরে আজকে শিক্ষাহীন, অবনমিত, নির্য্যাতিত। তার গ্রামের মধ্যে স্থান নেই, তাকে গ্রামের একপাশে ছোট চালা কোরে থাকতে হয়। আজ বিপ্লবী দল, বিপ্লবী নেতাগণ সেদিকে নূতন আলোক পাত না করার জন্য সত্যই আমি আন্তরিক-ভাবে প্রস্তাব সমর্থন করতে পারলাম না। আশা করি এই সব দিক আজ বড় কোরে না দেখে যাতে আজ এই রাজ্যে যে বহু পতিত জমি রয়েছে, সেদিকে একটা নীতি নিয়ে বছরে ১, $১\frac{১}{২}$ বা ২ লাখ কোরে জমি তাদের লাঙ্গলের চাষে দিতে পারা যায় সেদিক থেকে চিন্তা করা দরকার এবং অগ্রসর হওয়ারও দরকার।

(Here red light was shown.)

তা ছাড়া আর একটা দিকও দেখা উচিত। পশ্চিম বাংলাকে ৩০ হাজার গ্রামে যদি ভাগ করা যায় তাহলে ১ লাঙ্গলী চাষী বা ২ লাঙ্গলী চাষী-----

Mr. Speaker: Mr. Majhi, your time is up. Please resume your seat.

Sj. Dasarathi Tah: মাননীয় অধ্যক্ষ মহোদয়। এরপরে ভাষাভিত্তিক প্রদেশগঠন সম্বন্ধে খুব দরকারী প্রস্তাব আছে; তার জন্য আমি জবাবের জন্য খুব কম সময় নিচ্ছি।

এটা এমন একটা চমৎকার প্রস্তাব আমরা মনে করেছিলাম যে সরকার যখন বর্গাদার আইন পাশ করেছেন তাতে তাঁরা তাড়াতাড়ি কোরেছেন, অল্প সময়ের মধ্যে মাথা খাটাতে পারেন নি। তবে জমিদারী উচ্ছেদ বিল দেখা যাচ্ছে এটাতে বোধ হয় তাঁদের সুবুদ্ধির উদয় হবে; কিন্তু যাঁরা বিরুদ্ধে বললেন তাঁদের দেখে অন্য রকম ধারণা হল এবং

[Sj. Dasarathi Tah.]

কাজী নজরুলের কথায় মনে হল তাদের ব্যাপারে এই রকম যে--

"পেটে এক আর মুখে আর এক
এই যে তোদের ভণ্ডামী,
এতেই তোরা লোক হাসালি
বিশ্বে হলি কমদামী"

এইভাবে তাঁদের সম্বন্ধে ধ'রে নেওয়া হচ্ছে। মুখ্য-মন্ত্রী মহাশয় বললেন যে জমিদারী তুলে দেওয়া হচ্ছে এবং বর্গাদারদের প্রতি তাঁর দরদ আছে। যদি তা হয় তাহলে বর্গাদার আইন পাশ করলেন কেন? যে কোন আকারেই আনুন--জমিদারী উচ্ছেদ বিল আনুন আর জোতদার উচ্ছেদ বিল আনুন--বর্গাদারদের দরদ দেখিয়ে সেটায় পরিষ্কারভাবে লিখে দেওয়া হয়েছে--

"West Bengal State Acquisition Bill".

অতএব সে কথা এখানে ওঠে না।

আমার বন্ধুরা ২।১ জন বলেছেন যে এই রেজ-লিউশন আনার ফলে দরদ নাই এই ভাগীদারদের উপর। ভালবাসা দেখান হচ্ছে না। আমরা ভালবাসি, তোমরাও ভালবাস। ভালবাসার ত আকারের ভেদ আছে। আমি মাছ ভালবাসি, সেও একরকম ভালবাসা। আমাকে বলতে হয় ঐ

"জোতদারের ভালবাসা,
(যেন) মুসলমানের মুরগী পোষা"

সেই জন্য ভাল কোরে জোতাদারদের ভালবাসতে চেয়েছেন। আমাদের মাঝি মহাশয় শেষ দিকে কি জানি উচ্ছাস সহকারে বলেছেন "বিপ্লব চাই" সামান্য এতটুকু কেন? অবশ্য তার জন্য তাকে খুব ধন্যবাদ দিচ্ছি, অভিনন্দিত করছি। তিনি লীডার এবং কংগ্রেস পক্ষীয়। এই জমিদারী এবোলিসন বিল যে আকারে এনেছেন সেটা সঙ্গে সঙ্গেই সিলেক্ট কমিটিতে দেওয়া হবে সে জন্য তিনি বিক্ষোভ জানিয়েছেন। সেজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি শুনেছেন যখন বর্গাদার বিল আসে তখন আমাদের পক্ষে যে দিন বলা হয়েছিল --এ কি জমিদারী উচ্ছেদ বিল হচ্ছে--সে কথা বোধ হয় তাঁর স্মরণ আছে। প্রস্তাবে যে সব কথা বলা হয়েছে তাতে আঁৎকে উঠেছেন সেটা দেখে যে এ কি গান্ধী মহারাজের শিষ্যের কাজ? সে সুর ব্যাপারে সবার এক জায়গায় মিল। বর্গাদার বিরুদ্ধে মামলা মোকাদ্দমার পথ খোলা আছে। এতে লাভ কি হ'ল? গরুকে কচি কচি ঘাস খাওয়াতে চান, কিন্তু গোবরের ছিঁটে দিলে খেতে চায় না। এও সেই রকম ভাবে করা হয়েছে। তাকে সরল করিয়ে সোজাসুজি কোরিয়ে দেওয়া দরকার, যাতে আদালতে ছুটতে হবে না। কিন্তু আমরা দেখছি এই জায়গায় বেশ মিল রয়েছে। কাজেই পরিষ্কারভাবে বলা উচিত ল্যাণ্ড টু দি টিলার যারা বিধবা বা নাবালক আছে, যাদের কম জমি আছে এবং দুঃখ দুর্দ্দশা আছে তাদের সামন্য সমাধান করা, তাদের যাতে ভালভাবে চলে সে দিকে দৃষ্টি রাখা উচিত। বিশেষ কোরে, কংগ্রেস পক্ষীয়দের কথায় বলছি তাঁরা গান্ধীজীর আদর্শগুলি মনে রাখুন। মাঝি মহাশয় অনেক বিপ্লবের কথা শুনালেন, চারু বাবু ভূদান যজ্ঞ করছেন; কিন্তু শুধু যজ্ঞ করলে হবে না, দক্ষিণা চাই। হয় ত সরকার মোটা কমপেনসেশন দিয়ে জমিদারী নিতে চান, কিন্তু আমি বলব যারা লুটপাট কোরে এতদিন নিয়েছে তাদের খেসারত দেব কেন? তাদের জমিদারী কেড়ে নেব।

আমি বলছি ওরা যদি বর্গাদারদের ভাল চান, ল্যাণ্ড টু দি টিলার এদিকে অগ্রসর হতে চান তাহলে সে পক্ষে এই প্রস্তাবটা ভাল; কিন্তু ওদের সে সুবুদ্ধি হবে ব'লে ত বিশ্বাস নাই, তবু সাধারণভাবে এই রিজলিউসনটা গ্রহণ করতে বলি।

Mr. Speaker: The resolution has been debated enough. I put the resolution to vote.

Sj. Nishapati Majhi: এর পরে কি সমস্ত রিজলিউসনটা আসবে, না একটা আসবে।

Mr. Speaker: There is a very important resolution.

Sj. Nishapati Majhi: পশ্চিম বাংলায় নানারকম লোক আছে ছায়াচিত্রের মত একথা কি মনে নেই?

Mr. Speaker: Why not, it will come in order. I cannot change the order.

The motion of Sj. Dasarathi Tah that this Assembly is of opinion that with a view to ameliorate the condition of the *bargadars* (share-croppers) of paddy lands and to safeguard their interests, the Government should immediately bring in a Bill embodying provisions to the following effect either by amending the Bargadars Act, 1950, or otherwise:—

(1) the *bargadar* should be deemed to supply seeds and plough for the cultivation of the lands. Any

bargadar having seeds or plough from the owner of the land, should be deemed to have it on the basis of a separate contract not connected with crop-sharing as a *bargadar;*

(2) the protection of the land, by way of construction or maintenance of *bundhs*, *ails*, etc., so far as it lies in his power and capacity, should be the primary responsibility of the owner of the land;

(3) any agreement made before or after passing of the law relating to the *bargadars*, stipulating less than two-thirds of the produce as the share of the *bargadars* should be considered void; and

(4) no Bhagchas Conciliation Board, to be constituted for the purpose of settlement of disputes between the *bargadar* and the owner, should have as its member or Chairman any person who owns more than 5 acres of land cultivated *khas* or by *bargadars* or who belongs to a joint family which owns or the members of which own, in the aggregate, more than 5 acres of land cultivated in a similar way or who is an employee of such person or joint family

was then put and lost.

[8—8-10 p.m.]

Sj. Jyotish Joarder: Mr. Speaker, Sir, I beg to move that this Assembly is of opinion that in veiw of the suggestion of President of India at the civic reception given him by the Calcutta Corporation in December, 1952, to settle the question of readjustment of boundaries of West Bengal with Bihar by mutual discussions and in view of the fact that the reconstitution of the States in Indian Union on linguistic basis will help in realising the popular urge and enthusiasum, the West Bengal State Government should take immediate steps to move the Central Government and the Bihar State Government for the reconstitution of the boundary of the State of West Bengal by inclusion in it of the Bengali-speaking areas now lying in the State of Bihar.

Mr. Speaker, Sir, the resolution I have just now moved before the House needs no explanation. The subject-matter of it has been hanging fire since the last 40 years and eminent sons of India like Deshabandhu Chittaranjan, the late Sarat Chandra Bose, Netaji Subhas Chandra, the late Sir Tej Bahadur Sapru, the late Parameshwar Lal always urged for undoing the wrong which had been perpetrated on Bengal by alien foreign rulers with a purpose. It will be of no avail to narrate here the stories as to why the Congress in power conveniently brushed aside what the Congress in opposition advocated year after year and used it as a weapon to rouse popular feelings against foreign domination. It is now an open secret.

But, Sir, common men hardly commit a mistake—people are never guided by sheer opportunism. They always stand for an ideal and continue their fight to realise the ideal. So, the somersault of the Congress could not change the attitude of the people. They continued their struggle and voiced their demand to readjust the boundaries of West Bengal by restoration to it the contiguous Bengali-speaking areas lying at present in Bihar. The ominous silence, nay, the insidious opposition of the present Congress leaders could not damp their spirit.

In 1948 when the Constituent Assembly appointed the Linguistic Provinces Commission, people expected that the question of settling Bengal's demands would be placed before it. But they were utterly disappointed when they found that this had been cleverly taken out of the jurisdiction of that Commission. And in justifying this Dr. Rajendra Prasad, who was then the President

[Sj. Jyotish Joarder.]

of the Constituent Assembly, said: "As the President of the Constituent Assembly I was asked by the Drafting Committee which had prepared a Draft of the Constitution to appoint a Commission to find out the feasibility and other matters connected with the creation of certain new provinces in the south for which there has been a persistent demand. I accordingly have appointed a Commission to go into that question and I am blamed for including the question of revision of boundaries of existing provinces also. This is a matter really for the Government of India and not for the Constituent Assembly which is not concerned with the boundary disputes but which is required to mention names of States which will constitute the Union."

Thus with a clever move the age-long demand of the people of Bengal was taken out of the jurisdiction of the Commission. But the findings of the Commission have afterwards been conveniently used for suppressing this demand. This Commission not only said that time for redistribution of States and re-adjustment of their boundaries was inopportune but it went a step further. It created a loophole for the Congress to wriggle out of its old pledge to the people. When the Committee says that "whatever the origin of these provinces, and however artificial they may have been, a century or so of political administrative and, to some extent, economic unity in each of the existing provincial areas had produced a certain stability and a certain tradition, and any change in this would naturally have an upsetting effect." One feels that no better arguments could have been produced by Englishmen for perpetuation of British rule in India.

Our Congress rulers always refer to difficulties in solving popular questions. Nobody will deny that there are difficulties. But those who do not dread difficulties and take courage to overcome them deserve praise. Difficulties in politics, as in other human affairs, are for solving and not for consigning to cold storage. But our Congress rulers, being bankrupt in States-manship always seem afraid to move and advise delay. This is why the top-most Congress leaders are today losing their grip over the people and have already become men of the past.

But the Congress was forced to appoint the J.V.P. Committee due to widespread public feeling and sentiment. This Committee also brushed aside "what might be called petty adjustments of provincial boundaries such as are demanded in parts of Northern India" and expressed the opinion "that no such question should be realised at the present moment"; though in the opinion of the Committee, such demands were not "unjustified or without merits".

The J.V.P. report could give the Congress authorities to rest on their oars but it infuriated the people. There were widespread protests all over the country and agitation for implementing the demand of the people continued.

To carry on the agitation in a systematic manner the West Bengal Linguistic States Redistribution Committee was formed in September last year. Eminent leaders of progressive politics, thought, and culture joined the organisation to force the Government to concede to people's demand and Shri Atul Chandra Gupta, the eminent jurist of India, came forward to carry on the struggle to its logical conclusion as its President.

This Committee forwarded their demands to the President of the Indian Union, the Prime Minister and Home Minister of India and the Chief Minister of West Bengal. But excepting the President of the Union and the Chief Minister of West Bengal, none of these dignitaries had the courtesy to reply to these letters even. The opportunity for the settlement of this life-and-death question was there, but the Government concerned did not like to avail of it. This shows what lies in the back of their mind.

But the martyrdom of Shri Potti Sriramalu spoiled the masterly inactivity of the Congress rulers. They had to move and in spite of their feats had to bow to the people's demand. People all over the country became restive. Even so, it must however be remarked in passing that whatever was done then by the authorities-that-be was designed to tide over the immediate difficulty. Nay, the gift of the right hand was counter-poised by the offtake of the left. Formation of a truncated Andhra is supposed to counteract the formation of a full-fledged Andhra including the Telegu-speaking people of Hyderabad. Be that as it may, even in itself the act of yielding too little and too late on the part of the authorities has pointed unmistakably to only one conclusion. The hour has definitely struck in favour of relentless popular pressure for the achievement of the goal of Linguistic States Redistribution throughout India.

Taking the cue, as it were, Dr. Rajendra Prasad came to Calcutta and replying to the civic reception given him by the Calcutta Corporation suggested that the question should be settled by mutual discussion. But how has the question been taken by Congressmen? They could not rise above self-interest.

[8-10—8-17 p.m.]

Just after this suggestion the Speaker of the Bihar Assembly honoured it so to speak by not allowing the members from Manbhum to address the House in their mother tongue which is Bengali. Sir, I am conscious of the fact that the Speaker cannot do any wrong as he is above party considerations. But, Sir, the Mahabharat says that Srikrishna never took up weapons in the battle of Kurukshetra to prove his neutrality; and only drove the chariot of the hero of the rival group.

In primary and secondary schools of Manbhum the mother tongue of Bengali boys has been banned and Hindi has been imposed on them to suppress their own language and culture.

But to surpass these all, the Chief Whip of the Bihar Assembly Congress Party stood on the floor of the House and shamelessly demanded the liquidation of West Bengal. But it is strange that although the President of the Congress has expressed his disapproval of this, no official protests have yet been made either by the All-India Congress Committee or the Bihar Congress. This shows the mental attitude of Congress stalwarts and the way to which the wind has been blowing. The outcry of Shri Srikrishna Sinha, the Chief Minister of Bihar, does not suggest that they are willing to take up the President's suggestion.

All these have forced the people of Manbhum to declare openly that they must come out of Bihar. The conference of the Loka Sevak Sangha at Bhangat, held on April 9 and 10 last and the public meeting held only last week at Purulia that people there could no longer tolerate the suppression of their language and culture.

The resolution, passed by this Assembly a few months ago, on this subject has been practically shelved. The resolution recently passed by the West Bengal Provincial Congress Committtee at Garbeta, is merely a clever move to hoodwink the people.

This has exasperated the people and Shri Baidyanath Bhowmic to undertake the fast by following the path of Potti Sriramalu. He has by his fast roused enthusiasm among the people; but the callous indifference shown by the Government have turned the people indignant. If any unhappy event follows Shri Bhowmick's fast, the entire responsibility will be on the State Government. I also make bold to declare here that the Congress Government have been forcing the people to resort to desperate methods in order to wrest their demands from the unwilling hands of the Minister.

Sir, a dynamic approach to the affair has to be made before it is too late. The life of Shri Baidyanath

[Sj. Jyotish Joarder.]

Bhowmic may be insignificant to the Congress and the Government but to the people his life is a national asset. There is still time to move; and I appeal to the Government to take up courage in both hands and emulate the example of Karnatak Congressmen who rose to the occasion to plead unequivocal solidarity with Shri Samkar Gour Patil and his cause. The precious life was saved on the 25th day of *Satyagraha* to the honour and glory of his cause and his people. Today is the 14th day of Shri Bhowmick's fast. Let the Congress Government of West Bengal in their turn behold the writing on the wall, "Now or Never"! Hesitation now can lead only to one goal, conflagration?

History and posterity will not forgive them if they fail to stand by the people at this critical juncture.

It is in the fitness of things that I should add a few words regarding the recent Belgaum speech (28th April) of Pandit Nehru. Pandit Jawaharlal in that speech of his has studiously avoided any mention of the future of the readjustment of boundaries of West Bengal and Bihar on linguistic basis. He has only proposed the creation of a Commission, that will examine all aspects of redistribution on linguistic basis. Such dilatory commission to watch the consequences of the formation of Andhra and such general and vague terms as "all aspects" cut little ice today with the people of West Bengal. The country has seen enough of it and has come to its patience's end. No talks of acceptance or non-acceptance of a principle but clear and unequivocal declaration to the effect and fixation of dates of implementation are the minimum needs of the hour. As for instance readjustment of borders of Bihar and West Bengal on linguistic basis must at once be decreed as an accepted fact for implementation by a definite date on a definite plan.

Again as a preplanned advertisement it has appeared in the press that Bihar Assembly is going to give its sacrosanct opinion on the floor of the House upon the West Bengal Assembly resolution. People of West Bengal are not to be deceived so easily by such silly methods of diversion. They are by now quite familiar with the attitude of Congress-ridden reactionaries there as elsewhere. If the Chief Minister of Bihar, Shri Srikrishna Singh's attitude is a guide to thte minds of that Assembly for all practical purposes and if the readjustment of Bengal-Bihar boundary is to hang on it then woe betide Bengal and woe betide the Congress Government in this State of West Bengal who want to cut a practical joke so to speak on the issue of life-and-death question of West Bengal and of the unassailable cause of Linguistic States Redistribution throughout India by its dubious ways of hide and seek.

If West Bengal has to live it is imperative that the provinces of Indian Union should immediately be reconstituted on a linguistic basis. So warned the late Sarat Chandra Bose of revered memory.

What from linguistic and cultural point of view, what from geographical and economic point of view and what from question of Be or not to Be for West Bengal in one word, it is imperative that the districts of Manbhum, Singhbhum and Santal Parganas which now form part of Bihar and as also the Bengali-speaking areas of Bhagalpur and Purnea must at once be incorporated in the territory of West Bengal.

Congress Government of West Bengal must take it up in a "do or die" spirit or quit. To speak in Netaji's words, "If Bengal lives, who dies, and if Bengal dies who lives".

With these words, Sir, I commend this resolution to the House.

Adjournment.

The House was then adjourned at 8-17 p.m. till 3-30 p.m. on Tuesday, the 5th May, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Tuesday, the 5th May, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 5th May, 1953, at 3-30 p.m.

Present:

Mr Speaker (Sj SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 12 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 189 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3-30—3-40 p.m.]

Waste lands in Arambagh subdivision, Hooghly.

***253. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) হুগলী জেলার আরামবাগ মহকুমায় মোট কত বিঘা পতিত জমি আছে,

(খ) আরামবাগ মহকুমার নিম্নলিখিত থানাগুলিতে যথাক্রমে কত বিঘা করিয়া পতিত জমি আছে :—

(১) পুড়শুড়া থানা,
(২) আরামবাগ থানা,
(৩) গোঘাট থানা, এবং
(৪) খানাকুল থানা ;

(গ) আরামবাগ মহকুমার নিম্নলিখিত স্থানসমূহে যথাক্রমে কত বিঘা করিয়া পতিত জমি আছে :—

(১) মলয়পুর,
(২) জলায়,
(৩) সাইবোনার মাঠ, এবং
(৪) দলকার মাঠ ; এবং

(ঘ) এই সমস্ত পতিত জমি উদ্ধারের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

Minister-in-charge of the Agriculture Department (Dr. Rafiuddin Ahmed):

(ক) ষ্ট্যাটিষ্টিক্যাল ব্যুরোর র‍্যাণ্ডম স্যাম্পলিং প্রথায় আনুমানিক ৪৫,৭৫০ বিঘা।

(খ) থানাওয়ারী নির্ভরযোগ্য কোন হিসাব দেওয়া সম্ভব নয়।

(গ) এইরূপ তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ।

(ঘ) পতিত জমি পুনঃসংস্কারের জন্য সরকারী ট্রাক্টর ভাড়া লইবার ব্যবস্থা আছে। ইহা ছাড়া মালিক ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পতিত জমি পুনঃসংস্কারকল্পে Waste lands (Requisitioning and Utilisation) Act, 1952, অনুযায়ী অনধিক ২০ বৎসর দখল ও চাষের জন্য কালেক্টারের নিকট আবেদন করিতে পারেন।

Sj. Madan Mohon Saha: (গ)তে যে উত্তর দিয়েছেন সে সম্বন্ধে বলি কত সময়ের মধ্যে সে তথ্য সংগ্রহ করা যাবে মাননীয় মন্ত্রীমহাশয় তা অনুগ্রহ কোরে জানাবেন কি ?

Dr. Rafiuddin Ahmed: কোন্ কথা আপনি জান্‌তে চান ? উত্তরে (খ)তে বলেছি যে থানাওয়ারী নির্ভরযোগ্য কোন খবর দেওয়া সম্ভব নয়। যদি আপনি প্রশ্ন করেন ত পরে উত্তর দেব।

Sj. Madan Mohon Saha: কতদিনে এই তথ্য সংগৃহীত হতে পারে ?

Dr. Rafiuddin Ahmed: এরূপ তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ। আবার "কোশ্চেন" করলে বছর খানেক পরে দিতে পারব।

Sj. Ajit Kumar Basu: আরামবাগ মহকুমার বহু গরীব চাষী এই সমস্ত জমি চাষ-আবাদ করবার জন্য তৈরী আছে একথা কি মাননীয় মন্ত্রীমহাশয় জানেন ?

Mr. Speaker: That question does not arise out of this question. This is a question to ascertain the total area of the uncultivated land and not the number of tenants.

Sj. Ajit Kumar Basu: আবার প্রশ্ন হচ্ছে জমি পুনরুদ্ধারের জন্য এবং চাষ-আবাদ করবার উপযোগী করবার জন্য গরীব চাষী আরামবাগে রয়েছে একথা কি মন্ত্রীমহাশয় জানেন ?

Mr. Speaker: *That question does not arise.*

Sj. Madan Mohon Saha:
ট্রাক্টর ভাড়া পাওয়া যাবে, সরকারের কাছে?

Dr. Rafiuddin Ahmed:
আমাদের লোক্যাল এগ্রিকালচার অফিসারের কাছে আবেদন করলে "লিষ্ট" অনুসারে "ট্রাক্টর" ভাড়া পাবেন।

Sj. Madan Mohon Saha:
ভাড়ার পরিমাণ কত?

Dr. Rafiuddin Ahmed:
যেখানে সম্পূর্ণ অনাবাদী জমি সেখানে ৩০৲ টাকা কোরে একর, আর যে জমি আবাদ হয় তার ২৫৲ টাকা কোরে একর।

Relief to political sufferers or to the families.

***254. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister in-charge of the Finance Department be pleased to state—

(ক) নির্যাতিত রাজনৈতিক কর্মীদের ভাতা দেওয়া সম্বন্ধে সরকারী নীতি কি;

(খ) ১৯৫২ সাল পর্যন্ত কতজনকে এই ভাতা দেওয়া হইয়াছে,

(গ) যাঁহাদের ভাতা দেওয়া হইয়াছে তাঁহাদের নাম কি;

(ঘ) ভাতার উচ্চ ও নিম্ন হার কত;

(ঙ) কোন আবেদন এখনও বিবেচনাধীন আছে কিনা; থাকিলে, তাহার সংখ্যা কত,

(চ) ভাতা পাইতে হইলে স্থানীয় কোন ব্যক্তির অনুমোদন প্রয়োজন হয় কিনা, হইলে, কাহার;

(ছ) আবেদনপত্র পরীক্ষার জন্য কোন কমিটি আছে কিনা;

(জ) থাকিলে, এই কমিটির সভ্যদের নাম কি;

(ঝ) মেদিনীপুর জেলার দাসপুর থানার ৪নং ইউনিয়নের অন্তর্গত চেচুয়া-গোবিন্দনগর গ্রামের শ্রীকানাই মাঝিকে নির্যাতিত কর্মী ভাতা দেওয়া হয় কিনা;

(ঞ) চেচুয়া দারোগা হত্যা মামলার যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত শীতলচন্দ্র ভট্টাচার্যকে কোন বৎসর হইতে ভাতা দেওয়া হইতেছে;

(ট) তিনি কোন্ সালে ভাতার জন্য আবেদন করিয়াছিলেন;

(ঠ) বাঁকুড়া জেলার নির্যাতিত রাজনৈতিক কর্মী শ্রীশক্তিপদ চ্যাটার্জীর নিকট হইতে ভাতা বাড়ানোর আবেদন সরকার পাইয়াছেন কিনা; পাইয়া থাকিলে, ভাতা বাড়ান হইয়াছে কি, এবং

(ড) না হইয়া থাকিলে, কারণ কি?

Minister-in-charge of the Finance Department (Dr. Bidhan Chandra Roy):

(ক) নিম্নলিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সাহায্য পাইবার যোগ্য:—

যাঁহারা বর্তমানে কোন সক্রিয় রাজনীতিতে সংশ্লিষ্ট নহেন, অথচ—

(১) স্বাধীনতা সংগ্রামে, দীর্ঘকারাবরণে বা রাজনৈতিক পীড়নে পঙ্গু, বিকলাঙ্গ, বৃদ্ধ বা অকর্মণ্য; অথবা

(২) স্বাধীনতা সংগ্রামে নিহত, মৃত্যুদণ্ডপ্রাপ্ত বা কারাগারে রোগগ্রস্ত হইয়া বাহিরে আসিয়া মৃত্যুমুখে পতিত কর্মীদের দুঃস্থ পরিবার, অথবা

(৩) ১৯৪২ সালের আগষ্ট আন্দোলনে সরকারী কার্যকলাপের ফলে ভস্মীভূত, ধ্বংসপ্রাপ্ত বা বাজেয়াপ্ত হওয়ায় ক্ষতিগ্রস্ত জনসাধারণের প্রতিষ্ঠান।

(খ) ১,৮১৩ জন ব্যক্তিকে এবং ৭৬টি প্রতিষ্ঠানকে।

(গ) নামের তালিকা বিধানসভা পাঠাগারে রক্ষিত হইয়াছে।

(ঘ) সর্বোচ্চ হার—১০০৲ টাকা মাসিক।
নিম্নতম হার—৫৲ টাকা মাসিক।

(ঙ) নাই।

(চ) না। তবে আবেদনকারীর আবেদনপত্রের বিবরণ যে-কোন বিশিষ্ট বা পদস্থ ব্যক্তির দ্বারা লিখিতভাবে সমর্থিত হওয়া প্রয়োজন।

(ছ) ছিল।

(জ) অর্থমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী, সেচমন্ত্রী, পূর্তমন্ত্রী ও সরবরাহ মন্ত্রী লইয়া এই কমিটি গঠিত হইয়াছিল।

(ঝ) হয়।

(ঞ) এপ্রিল, ১৯৫২ সাল হইতে।

(ছ) ১৯৪৮ সালে প্রথমতঃ তিনি চাকুরীর জন্য আবেদন করেন। পরে ১৯৫১ সালে তিনি মাসিক সাহায্যের জন্য দরখাস্ত করিলে মন্ত্রিসভা কর্তৃক বিবেচনার পর তাঁহাকে মাসিক সাহায্য দেওয়া হয়।

(ঠ) পাইয়াছেন। ভাতা বাড়ান হয় নাই।

(ড) বৃদ্ধির পক্ষে গভর্ণমেন্ট কোন যুক্তিসঙ্গত কারণ পান নাই।

Sj. Mrigendra Bhattacharjya:

(ঙ) প্রশ্নের উত্তরে বলেছেন কোন "পিটিশন" এখনও পর্য্যন্ত নাই। যদি কোন "পিটিশন" করা হয় তাহলে মাননীয় মন্ত্রীমহাশয় কি তা বিবেচনা করবেন?

Dr. Bidhan Chandra Roy: Sir, when Government decided to help these persons in distress, we decided that we would spend Rs. 1 lakh on recurring pensions and Rs. 2 lakhs on non-recurring pensions. At the present moment, we are spending Rs. 4,60,000 on recurring pensions and altogether we have spent up to date Rs. 25 lakhs, recurring and non-recurring. In view of the finances of the Government, it is not likely that we would be able to entertain any new application or any application for enhancement of pension.

Sj. Haripada Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে একথা কি সত্য যে নদীয়া জেলায় বহু উপযুক্ত কর্মী কোন ভাতা পান নাই, অথচ কংগ্রেসের সঙ্গে যাঁরা সক্রিয়ভাবে যুক্ত এবং কংগ্রেসের কর্মকর্তা বা "অফিস-বেয়ারারস্" তাঁরা ভাতা পেয়েছেন?

Mr. Speaker:

নদীয়া জেলার কথা এ প্রশ্নে নাই।

Dr. Bidhan Chandra Roy:

আমি মনে করিনা এটা সত্য।

Sj. Haripada Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয়কে যদি এই সংবাদ দিই—অবশ্য আমি গোপনে দিতে চাই—তাহ'লে তিনি "কন্সিডার" করবেন কিনা?

Mr. Speaker: That is hypothetical.

আপনি দেখে দেবেন।

Sj. Haripada Chatterjee:

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে সংবাদ দেব; উনি সেটা বিবেচনা করে দেখবেন কিনা? উপযুক্ত কর্মীরা পায়না এবং যারা সক্রিয়ভাবে কংগ্রেসের কাজ করছে তারা পেয়েছে।

Dr. Bidhan Chandra Roy: I have said already we have no more money to give to any new applicant.

Sj. Haripada Chatterjee:

বললে দিন, যারা পাবার উপযুক্ত তাদের দিন।

Sj. Mrigendra Bhattacharjya:

১৯৫২ সালে যাঁদের পেন্সন্ দিয়েছেন তাঁরা কি পেন্সন্ পাচ্ছেন? মাননীয় মন্ত্রীমহাশয় কি খবর রাখেন যে এখন পর্য্যন্ত তাঁরা পেন্সন্ পাচ্ছেন কিনা?

Dr. Bidhan Chandra Roy:

নোটিশ চাই। সব পাচ্ছে, না পাবার কারণ নেই।

Sj. Mrigendra Bhattacharjya:

১৯৫২ সালের মার্চ্চ মাস থেকে যে পেন্সন্ হয়েছে ১৯৫১ সালের নবেম্বর মাসে সে মারা গিয়েছে, একথা কি জানেন?

Dr. Bidhan Chandra Roy:

আমি জানিনা, মারা গেলে নিশ্চয় পেন্সন পাচ্ছে না।

Sj. Jatish Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে যাঁরা সক্রিয় রাজনীতিতে যোগদান করেন নি সেই রকম লোক ভাতা পেয়েছেন। উনি কি জানেন যে ঘাটাল মহকুমার কংগ্রেস কমিটির সেক্রেটারী সুরেন্দ্র নাথ দাস ১৯৪৮ সাল থেকে (১লা জুন ১৯৪৮) থেকে পেন্সন্ পাচ্ছেন?

Dr. Bidhan Chandra Roy:

কবে?

Sj. Jatish Ghosh:

যে "লিষ্ট" লাইব্রেরীতে পেয়েছি তা থেকে দেখে বলছি যে ১লা জুন ১৯৪৮ থেকে তিনি পেন্সন্ পেয়েছেন। উনিও কংগ্রেস কমিটির সেক্রেটারী ছিলেন।

Dr. Bidhan Chandra Roy:

আপনার আপত্তি আছে?

Sj. Jatish Ghosh:

আপনি বলেছেন সক্রিয়ভাবে যাঁরা থাকবেন তাঁরা পাবেন না। কিন্তু তিনিত কংগ্রেস কমিটির সেক্রেটারী, তিনি কেন পাচ্ছেন?

Dr. Bidhan Chandra Roy: তিনি বোধ হয় নিষ্ক্রিয়, সক্রিয় নয়, তিনিত কংগ্রেস কমিটির সেক্রেটারী।

[3-40—3-50 p.m.]

Sj. Mrigendra Bhattacharjya: (ঘ) প্রশ্নের উত্তরে মন্ত্রীমহাশয় জানিয়েছেন কানাই মাঝিকে নির্যাতিত কর্মী পেন্সন্ দেওয়া হয়, মন্ত্রীমহাশয় বলবেন কি তিনি কি নির্যাতন ভোগ করেছেন?

Dr. Bidhan Chandra Roy: আমাকে নোটিশ দেবেন, বলে দেব।

Sj. Saroj Roy: মেদিনীপুর জেলায় চন্দ্রকোণা রোডের শ্রীযুক্ত ফণী সিংহকে কোন্ কারণে পেন্সন্ দেওয়া হয়েছে বলবেন কি?

(No reply.)

Sj. Iswar Das Jalan: Sir, can individual cases be discussed like this?

Mr. Speaker: You must put supplementaries which arise out of this question.

Sj. Hemanta Kumar Basu: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি নদীয়া জেলার গোবিন্দ দত্ত যার হিজলী গুলি কেসে হাত কাটা গিয়েছিল, তার এ্যালাউয়ান্স কেন বন্ধ করা হয়েছে?

Mr. Speaker: That question does not arise. If the Minister is to answer individual cases, then it requires looking up the whole departmental file.

Sj. Prafulla Chandra Sen: Pension has been restored.

Sj. Haripada Chatterjee: "রেষ্টোর" করা হয়েছে কম।

Dr. Bidhan Chandra Roy: তা হবে।

Sj. Hemanta Kumar Basu: ৫৲ টাকা হারে যদি ভাতা দেওয়া হয়, তাহ'লে সেটা কি অবস্থায় দেওয়া হয়েছে, মন্ত্রীমহাশয় বলবেন কি?

Dr. Bidhan Chandra Roy: সেই বাবার চেয়ে কাণা মামা ভাল।

Sj. Saroj Roy: মাননীয় মন্ত্রীমহাশয় বললেন তাঁর আর কোন টাকা নাই, যদি এইরকম কোন ঘটনা দেওয়া হয় যে যাদিগকে টাকা দেওয়া হচ্ছে, তারা যে সমস্ত কারণ দেখান হয়েছে, সেই কারণের মধ্যে পড়ে না?

Mr. Speaker: That is hypothetical question. That question does not arise.

এটা "কণ্ডিসনাল" করলে হবেনা।

Sj. Haripada Chatterjee: এই রকম ঘটনা এখনও ঘটছে, মন্ত্রীমশায় কি করবেন, তারা পেন্সনের টাকা ঠকিয়ে নিয়ে নিয়েছে এবং তারপর সক্রিয় রাজনীতি আরম্ভ করেছে?

Dr. Bidhan Chandra Roy: কোন ব্যক্তি ঠকিয়ে পেন্সন নেয়নি, তবে অসুস্থতার জন্য কারও টিউবারকুলোসিস হয়েছে আমরা তাকে হয়ত "লাম্পসাম গ্রাণ্ট" দিয়েছি, পেন্সন না দিয়ে এককালীন টাকা দিয়েছি।

Sj. Haripada Chatterjee: এককালীন টাকা নিয়ে নিয়েছে, তারপর রাজনীতি করছে?

Dr. Bidhan Chandra Roy: তা হতে পারে। চোর কোথায় আছে, তার পেটের ভিতর ঢুকবো কি করে।

Sj. Mrigendra Bhattacharjya: যাঁরা "পেন্সন" পাচ্ছেন, তাঁদের কেউ যদি সক্রিয় রাজনীতি করেন, তাহ'লে পেন্সন দেওয়া হবে কি?

Mr. Speaker: That is a hypothetical question. That does not arise.

Sj. Sudhir Chandra Das: এই যে (গ) প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন নামের তালিকা বিধান-সভা পাঠাগারে রক্ষিত আছে, সেটা কি মন্ত্রীমহাশয় আমাদের বিবেচনা করে দেখবার জন্য হাউসে সরবরাহ করবেন?

Mr. Speaker: That question does not arise. That is not the procedure. That is placed on the Library Table.

Sj. Probodh Dutta: মন্ত্রীমহাশয় এই যে (ঙ) উত্তরে বলেছেন সর্বদাই পেয়েছেন কিন্তু ভাতা বাড়ান হয় নাই, তার কারণ কি?

Dr. Bidhan Chandra Roy:

আমি তো বল্লাম আমাদের যা টাকা আছে তার পেন্সন দিয়েছি, সেটা বন্ধ করতে পারবো না। কাজে কাজেই নুতন পেন্সন দেওয়া বা ভাতা বাড়ান সম্ভব নয়।

Sj. Haripada Chatterjee:

একথা সত্য কি যারা কেবল কংগ্রেসকে সমর্থন করে, তাদের ভাতা দেওয়া হয়েছে?

Dr. Bidhan Chandra Roy:

এটা বলা শক্ত। হরিপদ বাবু কখন কংগ্রেসকে সমর্থন করেন, কখন করেন না তা বলা শক্ত।

Sj. Ananda Gopal Mukherjee:

একথা কি সত্য যে নদীয়া জেলার বামপন্থী কর্মী শৈলেন দত্ত রাজনৈতিক ভাতা পেয়েও গত নির্বাচনে বামপন্থী প্রার্থী হিসাবে দাঁড়িয়েছিলেন?

Mr. Speaker: That question does not arise.

Sj. Balailal Das Mahapatra:

অভিযোগ এসেছে বহু অবাঞ্ছিত ব্যক্তিকে পেন্সন দেওয়া হয়েছে—এজন্য মন্ত্রীমহাশয় একটি তদন্ত কমিশন গঠন করবেন কি?

Mr. Speaker: That is a matter of opinion That question does not arise.

Proposed exemption of prescribed text-books from levy of sales tax.

***255. Sj. Raipada Das:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state if the Government consider the desirability of doing away with the sales tax on books, specially school and college books, in the interests of the student community?

Dr. Bidhan Chandra Roy: Government are considering the question of exemption of prescribed text-books from the levy of sales tax.

Sj. Raipada Das: Will the Minister be pleased to state when can we expect Government to arrive at a decision?

Dr. Bidhan Chandra Roy: As soon as it is possible.

Sj. Jnanendra Kumar Chaudhury:

সমস্ত টেক্সট বুকস্ পাঠশালার বই, এটি, ই, স্কুল এর বই এবং কলেজের সমস্ত বইগুলির কথা গভর্ণমেণ্ট কন্সিডার করবেন কি?

Dr. Bidhan Chandra Roy:

সব বই তো নয়। যেগুলি prescribed by the University or the Secondary Board সেইগুলি কেবল।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Crimes within Sonarpur, Bhangar and Canning police-stations.

83. Sj. Subodh Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(*a*) the number of cases, if any, of arson, loot, dacoity, theft and attack on the villagers under Sonarpur, Bhangar and Canning police-stations during the last two years;

(*b*) the number of miscreants so far hauled up;

(*c*) the number of them in police custody and number of them released on bail;

(*d*) if any one of them has been executed;

(*e*) how many of these miscreants possessed dangerous weapons;

(*f*) the number of such weapons seized;

(*g*) how many of the miscreants belong to the following villages:—

(1) Sangur, (2) Hasanpur, (3) Kusthia, (4) Raipur, and (5) Chakraberia; and

(*h*) the steps taken by Government for prevention of crime in those areas?

Minister-in-charge of the Home Department (Dr. Bidhan Chandra Roy): (*a*) 668.

(*b*) 1,596.

(*c*) None in police custody and 129 released on bail.

(*d*) None.

(*e*) About 200.

(*f*) 166.

(*g*) (1) 4, (2) nil, (3) nil, (4) 1, and (5) 8.

(*h*) Anti-dacoity patrol camps were opened and special patrol introduced. In addition, resistance parties have been organised in all the villages under Sonarpur and Canning police-stations and also in important villages under Bhangar police-station.

Besides, several cases were instituted under sections 109/110, Cr.P.C., and Bengal Criminal Law Amendment Act.

Mr. Speaker: Questions over

Adjournment Motion.

Sj. Hemanta Kumar Ghosal:

মিঃ স্পীকার, স্যার, আমি একটা এডজোর্ণমেণ্ট মোশন দিয়েছিলাম।

Mr. Speaker: I have not disallowed it, but I have asked Government for a statement

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি "এডজোর্ণমেণ্ট মোশন" দিয়েছিলাম হাড়োয়া সম্বন্ধে। সেখানে যে মিটিং হয়েছিল আজকের কাগজে তার রিপোর্ট বেরিয়েছে। সেখানকার সমস্ত লোক দুর্ভিক্ষে আক্রান্ত হয়েছে। এ সম্বন্ধে সরকার কি করবেন, কি তাদের কর্ত্তব্য, সে বিষয় জানবার জন্য আপনার কাছে একটা "এডজোর্ণমেণ্ট মোশন মুভ" করেছি। গভর্ণমেণ্ট অবহেলা করে এই যে দেশের লোককে মারবার চেষ্টা করছে, সেই বিষয় আলোচনার জন্য যে "এডজোর্ণমেণ্ট মোশন মুভ" করেছি এখন পর্য্যন্ত সেটা আপনি "রিজেক্ট" করেন নি। আশা করি সেটা আপনি "কন্সিডার" করছেন, এখন সেটা "মুভ" করতে চাই।

Mr. Speaker: I have not refused it. But according to my power I can ascertain facts. I have asked Government what statement they can make on it. Then I shall decide.

Sj. Jyoti Basu: Sir, after he makes a statement, is it then that you will decide whether it is a fit subject for adjourning the House to discuss it?

Mr. Speaker: I have asked Government for a statement.

Sj. Prafulla Chandra Sen: Sir. I think that the distress in the Sunderbans area is chronic on account of special topographical features of this tract which is subject to periodical inundation against which protection is possible only through embankments which however are progressively deteriorating and are frequently breached The total area of the Sunderbans is 3,089 square miles, out of which 1,629 square miles are under reserve forest. The rest of the Sunderbans area, namely, 1,460 square miles together with about 1,600 square miles of the area outside the Sunderbans area in the 24-Parganas are affected The distress in the Sunderbans area proper is attributable to the flooding of the area by saline water through breaches in the embankments destroying the only crop which is raised in that area. In non-Sunderbans area, the distress generally comes from drought and insect pests. Almost every year relief work is undertaken by Government, and large sum is spent Last year more than a crore of rupees was spent on relief in that area. The population affected is over 7 lakhs. The West Bengal Government drew up certain proposals for sinking tube-wells and construction of roads in this area with a view to giving relief.

[3-50—4 p.m.]

The sinking of tube-wells was considered necessary and the scarcity of potable water is chronic in this salt-affected area which has become specially acute this year on account of drought, and it is not possible to leave this requirement

to be met by means of tanks which are affected by saline percolation. The road programme was designed to fulfil the following objects:—

(1) to provide work to the distressed people;

(2) to strengthen the existing embankments, wherever possible, by following the embankments in road alignments;

(3) to provide for road communication in areas which are not navigable, in other areas the roads have been designed to lead up to navigation points.

The total estimated cost for carrying out the programme was originally estimated to be Rs 1,37,000 for tube-wells and Rs 46·28 lakhs for construction of roads These proposals were first sent to the Government of India in the beginning of August, 1952 The Planning Commission subsequently sent a team of experts to tour the affected area On the advice of this team the original proposal was cut down and revised proposals for construction of 1,000 tube-wells at a cost of Rs 41·2 lakhs and 222·5 miles of road at a cost of Rs. 16·67 lakhs were forwarded to the Planning Commission for approval. The Government of India have now agreed to a grant of Rs 5 lakhs for the road programme subject to the condition of local contribution in the form of gift of land which is already assured. They have also agreed to a loan equal to half of the expenditure on tube-wells programme Assuming that the scarcity will last up to the end of March, 1954, orders have been issued sanctioning construction of 500 tube-wells in the distressed area at an estimated cost of Rs. 20·59 lakhs. Out of this sum Rs. 10 lakhs is expected to be available from the Government of India as a loan. Orders have also been issued to the immediate taking up of the construction of 150 tube-wells out of these 500 in the Sandeshkhali, Haroa and Hasnabad thanas, the population affected being 361,702. The cost of these 150 tube-wells would approximate to Rs. 5 lakhs. It is expected that these 150 tube-wells will be completed by the end of June next. The following roads should be constructed in the distressed area out of the provision of Rs. 5 lakhs:

Thanas Hasnabad and Sandeshkhali:

	Miles.
(i) Murarisa-Chaltaberia-Beddmari-Baylani-Bispur ..	11
(ii) Chaltaberia-Nazet ..	10
Thana Joynagar:	
(iii) Joynagar-Mollachak-Jalaberia	10
Total ..	31

Roads which serve as embankment as well as communications:

Thanas Canning, Haroa and Hasnabad:

(iv) Malanchabad-Balihati-Kulti	7
(v) Kathalbaria-Amjhura-Atharabaki-Fakirtaki ..	9
(vi) Katalbaria-Narayantala-Ramchandra	10
(vii) Hinglegunj-Dulduli-Hemnagar	16
Total ..	42
Grand Total ..	73

Out of this the construction of roads mentioned at (i), (ii) and (iv) above at an estimated cost of about Rs 2 lakhs and comprising 28 miles has already been ordered to be taken in hand immediately. It is expected to be completed by June next.

The Relief Department have already undertaken test relief works in the following unions:—

Police-station Haroa—Chaital, Uchilda, Kulti, Dhaturda, Haroa, Minakhan.

Police-station Hasnabad—Amlani, Bhowripore, Bishnupur, Hingelganj, Dulduli.

[Sj. Prafulla Chandra Sen.]

Police-station Sandeskhali—Hatgachi, Akratola, Kalinagar, Boymari, Bermajur, Sandeshkhali.

Sir, I may tell the honourable member that the price of rice in that area now varies between Rs. 22 and Rs. 24 per maund as against Rs. 37-8 on 30th April, 1952.

Sj. Hemanta Kumar Ghosal: What about the purchasing power?

Sj. Prafulla Chandra Sen: Test relief works have been undertaken in these unions so that people can have purchasing power. We have already sanctioned Rs. 1 lakh, out of which 50 per cent. has already been spent. We have already sanctioned Rs. 50,000 for giving gratuitous doles. Sir, we have already sanctioned agricultural loan to the extent of Rs. 4 lakhs and cattle purchase loan of Rs. 3½ lakhs. Sir, under the Embankments Act in the Sunderbans area we have already completed work amounting to Rs. 5,49,000 this year. After the 15th of this month an additional amount of Rs. 7,42,952 will be spent on the repairs of embankments. Apart from this a scheme amounting to Rs. 5,47,941 is also under examination. Sir, Government have taken all necessary steps to relieve distress in that area. We have also appointed a Special Relief Officer to look into the matter. An additional District Magistrate, Mr. Banerjee, has been placed in charge of this work.

Mr. Speaker: In view of the statement made by the Minister I do not think there is any further necessity of an adjournment motion.

Sj. Jyoti Basu: I do not want to discuss your ruling with regard to this matter, because you will quote something from those books and prove to me that your ruling is in order. But the point is you have today taken upon yourself an extraordinary course with regard to an adjournment motion by asking the Minister to make a statement.

Mr. Speaker: It was not extraordinary. It was according to the rules.

Sj. Jyoti Basu: It was extraordinary in the sense that it has never been done in the House before, as far as I know. Secondly, my point is that it is good that we have heard a lecture from the Minister in charge of Food. But, Sir, you will remember that during the course of the discussions on the Budget the Minister not only told us that there was a bumper crop in West Bengal, but he repudiated every suggestion made from this side of the House that a famine would break out in the 24-Parganas area, and he has been giving us day after day figure after figure, name after name of villages and areas where relief work has been undertaken. Despite all the assurances—and the assurance was also given that they would, if the occasion arose, discuss with the Opposition about the food situation—despite everything, Sir, you will see that famine has broken out in the 24-Parganas, and today we are told in a very heartless manner that there is chronic distress in this area and therefore nothing can be done, and so we have got this statement containing facts which tell us that after a year or so the situation might turn for the better and the people might live again in those spots. Sir, we have our fears with regard to this famine and we definitely charge the Government with having created this famine. It is man-made, it is not chronic. They could have prevented it and if a single man, woman or child has died in that area, then the blood of innocent citizens is on the heads of the Ministers. As such, we would like to discuss this matter. If you cannot give us permission today because Government business stands in the way, then I suggest, Sir, that after the Government business is over you set apart a day so that

we can, before we depart from this House for a long time, discuss about the terrible food situation which is prevalent not only in 24-Parganas but in Midnapore as well, I am told.

[4—4-10 p.m.]

You remember that when the Assembly was not in session, certain schemes were adopted by Government without consulting us

Sj. Iswar Das Jalan: On a point of order, Sir Here was an adjournment motion which you disallowed

Mr. Speaker: After hearing the Government statement

Sj. Iswar Das Jalan: The Minister made a statement According to our practice it is not open to discussion in this House The statement is there If any person wants to discuss it he has to follow certain procedure to discuss it Indirectly, by allowing a discussion, you are allowing the adjournment motion •

Mr. Speaker: I am not allowing it. I am only allowing Mr. Basu to speak

Sj. Jyoti Basu: Sir, as soon as the House closes within three or four days let us not be in a situation where, as soon as we leave here, we are told by the people in different parts of the State that the price of rice is such that they cannot buy it, as we see in the paper. Let them not tell us, why we did not discuss this question. On such an important and urgent matter I request you to set apart a day. I am not reopening your ruling with regard to this adjournment motion You give us a day and let Government look into it. Let us tell them what we feel about the food situation, and then it is for the Government to take measures which we suggest, or not. At least I would like to know from the Ministers whether they would be agreeable, after Government business is over, to discuss this matter one day for two or three hours. That is my request. I am not questioning your ruling but it is a special request made on this very important food situation.

Mr. Speaker: I shall consider the matter. I can only allow it when there is a motion before the House; there is no motion before the House. If a non-official day is insisted upon, a request will be made and it is for the Government to accept it or not. So far as the purpose of the adjournment motion is concerned - although I have withheld my consent- by allowing the Government statement the whole purpose of the adjournment motion has been served; the House has known the Government view in the matter

Sj. Hemanta Kumar Ghosal: Mr. Speaker, Sir —

Mr. Speaker: I cannot allow you to speak Your Leader has spoken on it

Sj. Hemanta Kumar Ghosal: Sir

Mr. Speaker: No more on this matter Of course, if there is any point of order, I can hear. The matter has been sufficiently clarified Your Leader has made a statement and I have given my decision

Sj. Charu Chandra Bhandari: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত আমি মন্ত্রীমহাশয়কে কি জিজ্ঞাসা করতে পারি যে জ্যোতি বাবু যে কথা বলেছেন সেই জিনিস বিবেচনা করবেন কিনা। কারণ বাজেট আলোচনার সময় অবস্থা আলাদা রকম ছিল।

Sj. Debendra Chandra Dey: Sir, on a point of order.

Mr. Speaker: Mr. Bhandari, are you presenting the same case?

Sj. Charu Chandra Bhandari: Sir, I am asking a question through you.

বাজেটের আলোচনার সময় একবার হঠাৎ তিনি বলেছিলেন "রিলিফ"এর ব্যবস্থা করেছেন—।

Mr. Speaker: You are again discussing the same matter.

Sj. Charu Chandra Bhandari:

এই বিল সার্কুলেশনে দেওয়ার একটা উদ্দেশ্য হচ্ছে এই আইন হওয়ার ২য় বৎসর বাদে কেন যে আইনের পরিবর্তন দরকার সেটার বিষয়ে মন্ত্রীমহাশয় বিশেষ যুক্তি দেখাতে পারেন নি। আমরা মনে করেছিলাম যে ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজনসে যা লেখা আছে সেগুলো তিনি এক্সপ্লেন করবেন। সেখানে লেখা আছে—

"The existing laws are not sufficient to deter obstruction or encroachment by unscrupulous persons on Government roads, etc."

এই এক্জিষ্টিং ল'এ কেন সুবিধা হচ্ছে না। কেন তার দ্বারা তাঁরা সুবিধা করতে পারছেন না এ সম্বন্ধে কোন ডিটেলসের কথা আমাদের কাছে বলেননি। দ্বিতীয় যে কথা বল্লেন আনস্ক্রুপুলাস পার্সনস সম্বন্ধে তারা কারা ? আমার এটা সার্কুলেসনে দেবার মতলব এ নয় যে সরকারী রাস্তা কেউ এসে দখল করুক। আমরা চাই যে সরকারী রাস্তা যেন বেশ ক্লিন থাকে। আনডিউ এনক্রোচমেণ্ট না হয়। বা কেউ এসে দোকানপাট বা বাড়ীঘর না করে। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও চাই না যে এই হাইওয়েজ এ্যাক্টের মধ্য দিয়ে অর্থাৎ যে হাইওয়েজ বিল এনেছেন সেই বিলের মাধ্যমে পুলিশ একটা হাইহ্যাণ্ডেড মেজার নেবার সুবিধা পাক, বা অন্য অন্য অথরিটিজরা এর মাধ্যমে গরীব লোকের উপর হাইহ্যাণ্ডেড মেজার নিক। সেইজন্য বিলের যে ধারাগুলি আছে সেগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে——

Mr. Speaker: ডিটেলস এত বলবার কি দরকার।

Do not go into details.

Sj. Biren Banerjee:

এর মধ্য দিয়ে দেখা যাচ্ছে যে সেখানে যদি ঘরবাড়ী করে বা দোকানপাট করে—এসব কারা করে ? অত্যন্ত গরীব লোকেরাই করে, বড় লোকেরা করে না। সেজন্য যেখানে ১০৲ টাকা ফাইন ছিল সেই জায়গায় মন্ত্রীমহোদয় এক চোটে বাড়িয়ে করতে চাইছেন ২৫০৲ টাকা ; এটার সত্য সত্যই জুলুম হবে। সুতরাং সেই প্রয়োজনীয়তা কতখানি আছে যে প্রয়োজনীয়তার কথা মন্ত্রীমহোদয় বল্লেন। সেই প্রয়োজনীয়তা এবং সে সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য আমি এই বিল সার্কুলেশনে দিতে বলি এবং সেপ্টেম্বর মাসের মধ্যেই সমস্ত ব্যাপার আমাদের কাছে এলে তখন এতে মত দিতে পারি। তা না হ'লে অর্থাৎ সার্কুলেশনের জন্য না দিলে লোকে যেমন আনডিউ এক্রোচমেণ্ট নিতে পারে তেমনি সঙ্গে সঙ্গে আনডিউ পুলিশ এক্সেসও হ'তে পারে।

এই সব কথা বিবেচনা ক'রে এই বিলটি সার্কুলেসনে দেবার জন্য এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি।

Sj. Monoranjan Hazra:

মিঃ স্পীকার, স্যার, এই যে বিল আনা হয়েছে এর টাইটেলটা দেখবার সময় মনে হয়েছে যে এটা বেঙ্গল হাইওয়েজ এ্যামেণ্ডমেণ্ট বিল না, বেঙ্গল হাইওয়েজ মবারী বিল।

Mr. Speaker: কি বল্লেন ? (এ ভয়েস : হাইওয়েজ মবারী বিল।)

Sj. Monoranjan Hazra:

সব থেকে বড় কথা হচ্ছে এই যে একজিষ্টিং ল আছে সেই মতে সাধারণতঃ যারা রাস্তা ঘাট আটকে রেখে বাধা দেয় তাদের আইনে পাওয়া যায় না। অথচ এই যে আইন করা হচ্ছে তাতে দেখছি যে ফাইন বাড়ালে তাঁদের উদ্দেশ্য সিদ্ধি হবে। কিন্তু সবচেয়ে বড় জিনিস আজকে বাধা ও নানা রকমে আসতে পারে এবং সে সব কথা এখানে নাই। যেমন, আজকে অমথা লেভি কোরে যদি ধান আনা হয় সেখানে সাধারণ লোকে জটলা করলে এই বিলের আওতায় পড়বে, বা খাদ্যদ্রব্য ধান চাল সংক্রান্ত ও লেভি সংক্রান্ত যে আইন রয়েছে তাতে এই বিলের সাহায্যে সেটা প্রয়োগ ক'রে মানুষের উপর অত্যাচার করা হবে। এই অত্যাচারকে যেন আইনসঙ্গত করবার জন্য এই বিল আনা হয়েছে।

আশাকরি মন্ত্রীমহাশয় এই বিল প্রত্যাহার করবেন, এবং একান্তই যদি মনে করেন যে আইনের প্রয়োজন, তাহ'লে জনসাধারণের কাছে প্রচারের জন্য দেবেন।

[3-50—4 p.m.]

Sj. Khagendra Nath Das Gupta: Sir, there is no point in circulating the Bill for public opinion, as already there is strong public opinion in favour of taking action for removing encroachments, etc., as has been ascertained from the numerous complaints received in my Department. The amending Bill has been prepared in order to meet public demand in this behalf. If this Bill is circulated, it will cause unnecessary delay in the matter whereas immediate action is called for.

Sir, I oppose the motion for circulation.

The motion of Sj. Biren Banerjee that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th September, 1953, was then put and lost.

The motion of Sj. Khagendra Nath Das Gupta that the Bengal Highways (Amendment) Bill, 1953, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 5, for the word "shall" the word "may" be substituted.

I beg further to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and fifty rupees", the words "ten rupees" be substituted.

I beg also to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 7, for the words "ten rupees" the words "one rupee" be substituted.

I beg also to move that in clause 3, the following proviso be added to the proposed section 6(*1*) of the said Act, viz.,—

> "Provided that in case of subsequent encroachments or obstructions made in violation of the order of the Court the fine may extend up to rupees one hundred with a further fine of rupees five per day."

Sj. Amulya Ratan Ghosh: Sir, I beg to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and fifty rupees" the words "twenty-five rupees" be substituted.

Sj. Ambica Chakrabarty: Sir, I beg to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and fifty rupees" the words "fifteen rupees" be substituted.

I further beg to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, lines 6 to 9, the words beginning with "and with a further fine" and ending with "the obstruction continues" be omitted.

I also beg to move that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 13, after the words "person convicted" the words "and if the person convicted fails to do that and encroachment or the obstruction continues, the court may impose a further fine not exceeding one rupee for everyday after the date specified by the court for removal of such encroachment or the obstruction" be inserted.

I also beg to move that in clause 3, in the proposed section 6 of the said Act, the following proviso and Explanation be added, namely:—

> "Provided that if the person responsible for such encroachment or obstruction, can prove that he is a refugee from East Bengal, the authority concerned, before removing the person, shall provide a suitable alternate accommodation for such person.

Explanation.—Refugee means a person who has come to Indian Union from East Pakistan after partition of India."

Sj. Subodh Banerjee: মিঃ স্পীকার, স্যার, এই বিলটির ষ্টেটমেন্ট অফ অবজেক্টস এণ্ড রিজনসে যে কথা বলা হয়েছে আর যা সংশোধিত করাতে আনা হয়েছে এই দুটোর মধ্যে একটু তফাৎ রয়েছে, সেই জন্য আমার এই সংশোধনী প্রস্তাবটা আনতে হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে আমাদের বর্তমানে যে আইন আছে, সেই আইনে যদি কেউ রাস্তা এনক্রোচ বা অবষ্ট্রাকশন করে তাকে উপযুক্ত শাস্তি দেওয়া যায় না। আমরাও কেউ চাচ্ছি না যে, কেউ রাস্তা এই রকমভাবে এনক্রোচমেন্ট বা অবষ্ট্রাকশন করে।

এখন প্রশ্ন হচ্ছে যদি কেউ অবষ্ট্রাকসন করে তাকে শাস্তি দেবো, না শুধু ফাইন করবো। আমাদের মূল উদ্দেশ্য হচ্ছে যাতে রাস্তায় এনক্রোচমেণ্ট না হয়, বা অবষ্ট্রাকসন না হয়। কিন্তু সেই জিনিষটা আইনে ঠিকভাবে নেই বলেই তা করতে পাচ্ছি না। অর্থাৎ হাই ওয়েজ আইনে নেই যে যদি কেউ এনক্রোচ করে তাকে সেখান থেকে তুলে দেওয়া যাবে। সেই ধারাটা যদি থাকত এই আইনের মধ্যে তাহলে বর্ত্তমানের বিলটি আনার দরকার হ'ত না। কেউ যদি এই রকম-ভাবে এনক্রোচ বা অবষ্ট্রাকসন করে তাহলে কোর্ট অর্ডার দেবে তাকে তুলে দেওয়া হোক এবং তাহলে সব হাঙ্গামা চুকে গেলো। কিন্তু সরকার পক্ষ থেকে যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে তার লক্ষ্যটা তা নয়। এখানে বলা হচ্ছে ফাইন "স্যাল বি", "মে বি" নয়। কিন্তু তুলে দেবার বেলায় "মে বি", "স্যাল বি" নয়। এতে মনে হয় কি? ফাইনের বেলায় "স্যাল বি" আর তুলে দেবার বেলায় "মে বি" ব্যবহার করা হয়েছে। সেই জন্য আমি ফাইনের জায়গায় "স্যাল বি" তুলে দিয়ে "মে বি" ব্যবহার করতে বলছি। দ্বিতীয় কথা হচ্ছে ফাইন আমরা চাচ্ছি কিন্তু বাড়াতে চাই না। ১০৲ টাকা ফাইন করার যে ব্যবস্থা পুরান আইনে আছে তাই থাকুক এবং প্রতিদিন যে এক টাকা করে ছিল সেটাও থাকুক, ওটা বাড়াবার কোন দরকার নেই। কারণ আমি জানি বহু গরীব লোক ছোট ছোট দোকান রাস্তার ধারে করেছে, তাদের যদি আইন দিয়ে বলি তোমরা তাড়াতাড়ি এখান থেকে চলে যাও বাবা, আর আইনে যদি ক্ষমতা থাকে তাহলে তা করা যেতে পারে। কিন্তু যদি এই আইন পাশ হয় তাহলে কোর্টকে ২৫০৲ টাকা ফাইন করতেই হবে। গরীব লোকটিকে দিতেও হবে। আবার আমরা এটাও চাই না যে কেউ কোর্টের ম্যাক্সিমাম ফাইন ১০৲ টাকাটা দিয়ে রাস্তায় চিরকাল বসে রইলো। তাকে যেন আর সেখান থেকে কখনও ওঠান যাবে না। সেইজন্য আমি সেই জায়গায় একটা প্রোভাইসো দিয়েছি যে বারবার অথবা সাব-সিকোয়েন্টলি যদি কেউ কোর্টের অর্ডার ভায়লেট করে তাহলে সেই ফাইন "পার ডে" বেড়ে বেড়ে একশো টাকা পর্য্যন্ত হতে পারবে। আপনারা এই রকম একটা পেনালটির ব্যবস্থা রুলের ভিতর রাখুন। তা না হলে গোড়াতেই যদি হয় ফাইনটা লক্ষ্য তাহলে ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস এণ্ড রিজনসে যে কথা আছে তার সঙ্গে মোটেই খাপ খায় না। ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস এণ্ড রিজনসে যে রকম লক্ষ্য, তাতে ষ্ট্রেস দেওয়া উচিত ছিল যে যদি কেউ এনক্রোচমেণ্ট বা অবষ্ট্রাকশন করে তাহলে কোর্ট অর্ডার দিয়ে তাকে উঠিয়ে দিতে পারবে। আমার এই এ্যামেণ্ডমেণ্টের সেইটাই আশা হয়েছে, এবং আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করে নেবেন।

Sj. Amulya Ratan Ghosh:

আমার এ্যামেণ্ডমেণ্টটি খুব সোজা। আগে ছিল জরিমানা ১০৲ টাকা এবং প্রত্যেক দিনের জন্য ১৲ টাকা। এখন এ বিলে তার জায়গায় হচ্ছে ২৫০৲ টাকা অর্থাৎ ২৫ টাইমস বেড়ে যাচ্ছে। এটা কোনক্রমেই যুক্তিসঙ্গত নয়। তাই আমি বলছি ২৫০৲ টাকা অত্যন্ত বেশী জরিমানা। গরীব লোক এনক্রোচমেণ্ট বা অবষ্ট্রাকশন করে জরিমানা দিতে গেলে সর্ব্বস্বান্ত হয়ে যাবে। কাজেই আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে এই ২৫০৲ টাকার জায়গায় ২৫৲ টাকা করা হোক।

[4—4-10 p.m.]

Sj. Ambica Chakrabarty:

স্যার, আমার এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আমার উদ্দেশ্য হচ্ছে অরিজিন্যাল এ্যাক্ট আছে এই এ্যাক্ট সংশোধন করতে গিয়ে এটা অত্যন্ত কঠোরতম ব্যবস্থা করা হয়েছে। এরকম ব্যবস্থার কোন প্রয়োজন নাই। সরকারী রাস্তাতে এনক্রোচমেণ্ট বা অবষ্ট্রাকশন কেউ চায় না, আমিও চাই না। এই আইন ২৮ বছর ধরে চলে আসছে, যুদ্ধের সময় পর্য্যন্ত হাইওয়ে যাতে অবষ্ট্রাক্টেড না হয় সে ব্যবস্থাও ছিল। যুদ্ধজনিত কাজের জন্য হাইওয়ে ব্যবহার করা হত। তখন এই আইন পরিবর্ত্তন করার কোন প্রয়োজনবোধ তখনকার সরকার করেন নাই। আজকে এই আইন পুনর্বর্ত্তন করতে গিয়ে এই রকম কঠোরতর ব্যবস্থা করবার কি কারণ আছে,—এ যেন লঘু পাপে গুরু দণ্ডের ব্যবস্থা। দৈনিক জরিমানা ১৲ টাকার জায়গায় ১০৲ টাকা এবং ১০৲ টাকার জায়গায় ২৫০৲ টাকা করা হয়েছে। অর্থাৎ এক জায়গায় ১০ গুণ আর এক জায়গায় ২৫ গুণ করা হয়েছে। এই এনক্রোচমেণ্ট এণ্ড অবষ্ট্রাকশন কারা করছে? যারা করছে তারা দরিদ্র গ্রাম্য লোক। যারা খেতে পায় না তারাই রাস্তার পাশে চায়ের দোকান, পান ও সোডার দোকান করে বসে থাকে। অন দি রোড একথা থাকলে বিশেষ কিছু বলার থাকত না। সেখানে রয়েছে টাচিং অর রোডসাইড ল্যাণ্ড—রাস্তার পাশে জমির উপর বসে যদি দোকানপাট করে তাহলে তাদের পুলিশ দ্বারা বলপূর্ব্বক সরিয়ে দেবার ব্যবস্থা রয়েছে। এটা এত ব্যাপক যে, পুলিশরা এর সুযোগ নেবে এবং দরিদ্র জনসাধারণের উপর হামলা করবে। একন্য তারা ১০৲ টাকার জায়গায় ২৫০৲ টাকা করার কোন

[Sj. Ambica Chakrabarty.]

যৌক্তিকতা বুঝতে পারি না। আর এক টাকার জায়গায় ১০৲ টাকা করারও কি যৌক্তিকতা আছে তাও বুঝতে পাচ্ছি না। আগেও সরিয়ে দেবার কঠোরতর ব্যবস্থা যা ছিল, ফাইন দিয়ে দিলে রেহাই পেত কিন্তু এখন ফাইন দিলেও রেহাই পাবে না। যেদিন কোর্ট জাজমেণ্ট দেবে সেদিন থেকেই তার উপর ফাইন ইমপোজড্ হবে। তাকে যে সময় দেওয়া হবে এক সপ্তাহ কি এক মাস সময় দেবে তাও নাই—এক মাসের মধ্যে সরে না গেলে তার উপর যে ফাইন ইমপোজ করা হয়েছে তা রিয়েলাইজ করে নেওয়া হবে সে ব্যবস্থাও নাই। একটা মারাত্মক ব্যবস্থা এই আইনের মধ্যে রয়েছে। কাজেই আমাদের অন্য একজন সদস্য বলেছেন তারা যে হাইওয়ে বিল নিয়ে এসেছেন এটা হাইওয়ে রবারির সামিল হয়েছে। হাইওয়ে রবারি করলে ২৫০৲ টাকা ফাইন হয়, কিন্তু এখানে তার চেয়েও কঠোরতর ব্যবস্থা করা হয়েছে, এর কারণ কি? কারণটা কি, তা আমি থার্ড রিডিংএর সময় বলবো। কাজেই আমার এ্যামেণ্ডমেণ্টএর উদ্দেশ্য হচ্ছে এক টাকা এক টাকাই থাক, ১০৲ টাকাও সেখানে থাক। এর এক টাকার জায়গায় ১০৲ টাকা ও ১০৲ টাকার জায়গায় ২৫০৲ টাকা বাড়িয়ে দেবার কোন কারণ নাই। যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উঠে না যায় তাহলে তার কাছ থেকে ফাইন আদায় করা হবে। এই হচ্ছে আমার এক নম্বর ও দুই নম্বর এ্যামেণ্ডমেণ্টের কথা। পরের এ্যামেণ্ডমেণ্ট পরে বলছি——

Mr. Speaker: Which number are you talking on?

Sj. Ambica Chakrabarty:

আমার সাট এ্যামেণ্ডমেণ্টএর কথা হচ্ছে। গত ২৮ বছর ধরে সেখানে এই রকম একটা আইন পরিবর্ত্তন করার জন্য কোন এ্যামেণ্ডমেণ্ট আনা সরকার প্রয়োজন বোধ করেননি এমন কি যুদ্ধের সময়ও প্রয়োজন বোধ করেননি, এখন এত হঠাৎ তার প্রয়োজন হল কেন? তার কারণ হল বর্ত্তমান বেকার সমস্যা এত বেড়ে চলেছে, যে সাধারণ লোক খেতে পাচ্ছে না, সাধারণ লোক আম, কাঁঠাল, শাকসব্জী, পান, বিড়ি ইত্যাদি বিক্রী করে, দরিদ্র গ্রাম্য জনসাধারণ, পূর্ব্ববঙ্গের লক্ষ লক্ষ রেফিউজি উদ্বাস্তু রাস্তার পাশে বসে এসব বিক্রী করে কোন রকমে জীবিকার সংস্থান করছে, যদিও কিন্তু সরকারপক্ষ থেকে ঐ সমস্ত হতভাগ্য বেকারদের জন্য আজও কোন ব্যবস্থা করা হয়নি তথাপি যারা নিজের চেষ্টায় নিজেদের সাধারণ পুঁজি দিয়ে রাস্তার পাশের জমিতে বসেছে, এবং তাদের উপবাসী স্ত্রী-পুত্রদের জন্য কিছু ব্যবস্থা করতে পেরেছে তাদেরই উপর আজ পুলিশ দিয়ে লাঠি মেরে জোর করে সেখান থেকে তাড়িয়ে দেবার, এবং তাদের কাছ থেকে ২৫০৲ টাকা আদায় করে নেবার ব্যবস্থা এই আইনের মধ্যে করা হয়েছে। সরকার যে আইন করেছে, রেফিউজি এ্যাক্টএর সেকশন ১৩তে রয়েছে যে অলটারনেটিভ ব্যবস্থা না করে অন্যত্র সরান যাবে না। অথচ এই আইনে রাতারাতি জোর করে ভায়ওলেন্স এপ্লাই করে সরিয়ে দিতে পারবেন এটা কেমনতর কথা? প্রধান মন্ত্রী মহাশয় অনশনের মধ্যেও অহিংসার ভাব দেখেন, যারা খেতে পায় না, যাদের স্ত্রী-পুত্র না খেয়ে থাকে, পুলিশের উপর হুকুম হবে তাদের রাতারাতি লাঠি মেরে সরিয়ে দেবে। তার মধ্যে তারা হিংসার ভাব দেখতে পাচ্ছেন না? তারা যাবে কোথায়, কি তারা খাবে, তার কোন ব্যবস্থা নাই অথচ তাদের যা আছে সে সমস্ত রাস্তার উপর তছনছ করে ফেলে দেওয়া হবে। বাই রোডসাইড ল্যাণ্ড এটা একটা ভেগ টারম। রাস্তার আশে পাশে কি হবে তার ঠিক নাই অথচ ইতিমধ্যে সুরু হয়ে গেছে পুলিশী জুলুম—যশোর-দমদম রোডে চলেছে, জি, টি, রোডে চলেছে, এবং তার ফলে রেফিউজিদের হাজার হাজার দরখাস্ত পড়ছে। হুগলীতে, যাদবপুরে সুরু হয়ে গেছে, কুচবিহারে, নেতাজী সুভাষ চন্দ্র রোড, টালিগঞ্জে চলেছে, তেলি দোকান পাট পুলিশ সব ভেঙ্গে চুরে দিচ্ছে। এরকম ব্যাপক একটা আইন অত্যন্ত মারাত্মক। শুধু রেফিউজি নয় পশ্চিম বাংলার অন্যান্য দরিদ্র বেকার লোক যারা রাস্তার পাশে বসে দোকান করে খায় তাদের উপরও এই হামলা চলছে। পশ্চিম বাংলার লোকের হয়ত মাথা গুজবার ব্যবস্থা আছে কিন্তু এই রেফিউজিরা তারা তাদের স্ত্রী-পুত্র নিয়ে যাবে কোথায়? সেজন্য আমি এই অলটারনেটিভ্ এ্যাকোমোডেসনএর কথা বলেছি। আপনারা একটু চিন্তা করে দেখুন। আইনে এরকম ব্যবস্থা হলে তাদের কি অবস্থা হবে? তাদের স্ত্রী-পুত্র পরিবার নিয়ে উপোস করে মরবে, এছাড়া কোন গত্যন্তর থাকবে না। কাজেই আমি আরনেষ্টলি রিকোয়েষ্ট করবো এ সমস্ত কথা বিবেচনা করে যদি এই আইনকে পাশ করতে হয় তাহলে ফাইনের মাত্রা কমিয়ে দেন। দোকান পাট যেখানে উঠিয়ে দেবার ব্যবস্থা হয় সেখানে একটু টাইম দেবেন।

[4-10—4-20 p.m.]

এবার রাস্তার আশে পাশে যে সমস্ত দোকানপাট আছে তাদের সরিয়ে দিতে হলে তাদের জন্য অলটারনেটিভ ব্যবস্থা করতে হবে এই কথা যেন

আইনে থাকে। আমার এ্যামেণ্ডমেণ্ট নিতান্ত যুক্তিপূর্ণ বলে আমি মনে করি। কোন রকম এনক্রোচমেণ্ট করে জনসাধারণের স্বার্থবিরোধী কোন কাজ না হয় সে দিকে লক্ষ রাখতে হবে। জনস্বার্থ রক্ষা করতে গিয়ে এই যে আইন করা হচ্ছে এতেই জনস্বার্থ ক্ষুণ্ণ করা হচ্ছে এবং দেশে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থার সৃষ্টি করা হচ্ছে। হাজার হাজার লোককে এইভাবে তাড়িয়ে দেওয়া হবে তাতে তারা উত্তেজিত হবে এবং দেশে উত্তেজনার সৃষ্টি হবে। সেইজন্য আমি বলছি যাতে উত্তেজনার সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য করবেন। আজকে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে তারপর বাস্তুহারার সমস্যা রয়েছে; তারা রাস্তার আশে পাশে দোকান করে কোন রকমে দিন কাটাচ্ছে। সরকার যদি বাস্তুহারার সমস্যার সমাধান করতে পারতেন তাহলে এই আইন আনার দরকার হতো না।

Mr. Speaker: You have said that enough.

Sj. Ambica Chakrabarty: আমি বারবার অনুরোধ করছি এই সংশোধনী প্রস্তাবটা গ্রহণ করে জনসাধারণের প্রতি সরকার সৌজন্য দেখাবেন।

Sj. Khagendra Nath Das Gupta: মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার বক্তৃতায় এই বিল আনয়নের উদ্দেশ্য সম্বন্ধে খুলে বলেছিলাম; এবং স্টেটমেণ্ট অফ অবজেক্টস্ এণ্ড রিজেন্সএও এ সম্বন্ধে বলা আছে। বর্তমানে যে আইন আছে তার দ্বারা রাস্তার উপর এনক্রোচমেণ্ট ক্রমশ: যেভাবে বেড়ে যাচ্ছে তা দূর করতে পারছি না, এইজন্যই এই বিল আনতে হচ্ছে। সরকারী রাজপথে অসংখ্য দোকানপাট হচ্ছে, এই দোকানদারদের প্রসিকিউট করার জন্য আমরা বেঙ্গল হাইওয়েজ অ্যাক্টএর সাহায্য নিচ্ছি। দোকানদারগণ ম্যাক্সিমাম ফাইন দিয়ে অবাধে রাস্তার উপর দোকান চালিয়ে যায়, আমরা তাদের সরাতে পারি না। আমার কাছে এমন ডকিউমেণ্ট আছে যাতে দেখতে পাওয়া যাবে এমন লোকও আছে যারা প্রতিমাসে ফাইন দিয়ে দোকান চালিয়ে যায় আর এই বেঙ্গল হাইওয়েজ এ্যাক্টএ যে শাস্তি ও ফাইনের ব্যবস্থা আছে তাতে তারা মোটেই ভয় পায় না। অন্যত্র দোকান করতে গেলে বেশী পয়সা লাগে, আর এই রাস্তার উপর দোকান চালাতে কম টাকার হয়ে যায়। এই রাস্তার উপর দোকান করাটা আজকাল সংক্রামক ব্যাধির মত হয়ে পড়েছে। এই যে বিন্যুবেন্স আমাদের রাস্তার উপর চলছে এটা দূর করবার প্রয়োজন হয়ে পড়েছে, এবং আমরা প্রতিনিয়ত বহু লোকের কাছ থেকে বহু চিঠিপত্র পাচ্ছি রাস্তার উপর থেকে এই বাধা-বিঘ্নগুলি দূর করবার জন্য। এইজন্যই এই বিলটা আনতে হচ্ছে। সুবোধ বাবু যে বল্লেন কোর্টে গেলেই আড়াই শত টাকা ফাইন্ হবে একথা ঠিক নয় ম্যাক্সিমাম ফাইন্ হচ্ছে ২৫০৲ টাকা। কোর্ট যদি মনে করেন ১০৲ টাকাও ফাইন্ করতে পারেন, ১৫৲ টাকাও করতে পারেন, আবার এই ম্যাক্সিমাম যা ধার্য্য করা হয়েছে সেই ২৫০৲ টাকা পর্য্যন্তও ফাইন্ করতে পারবেন। ক্রিমিনাল ট্রেসপাস এ্যাক্টএ ৫০০৲ টাকা ফাইন্ অথবা ৩ মাসের জেল অথবা জেল এবং ফাইন্ দুইই হতে পারে, কিন্তু এখানে আমরা জেলের ব্যবস্থা করিনি যদিও মানুষের প্রাণহানির আশঙ্কাও আছে যদি এইভাবে রাস্তার উপর দোকানপাট করতে এলাউ করা হয়। কিন্তু তা সত্বেও আড়াই শত টাকা সর্বোচ্চ ফাইন্ বেঁধে দেওয়া হয়েছে। অম্বিকা বাবু বলেছেন যেকিউটিভ অন্যত্র জায়গা না দিলে তাদের সরানো যাবে না। তারা সরকারকে বাধ্য করতে পারবে অন্য জায়গায় জমি দিতে। আর এতে পথ-ঘাটগুলো পরিস্কার রাখতে পারা যায় না। অতএব আমি সবগুলো সংশোধন প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমি যে মূল প্রস্তাব এনেছি তা সমর্থন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 5, for the word "shall" the word "may" be substituted, was then put and lost.

The motion of Sj. Amulya Ratan Ghosh that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and fifty rupees" the words "twenty-five rupees" be substituted, was then put and lost.

The motion of Sj. Ambica Chakrabarty that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and fifty rupees" the words "fifteen rupees" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 6, for the words "two hundred and

fifty rupees", the words "ten rupees" be substituted, was then put and lost.

The motion of Sj. Ambica Chakrabarty that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, lines 6 to 9, the words beginning with "and with a further fine" and ending with "the obstruction continues" be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 7, for the words "ten rupees" the words "one rupee" be substituted, was then put and lost.

The motion of Sj. Ambica Chakrabarty that in clause 3, in the proposed section 6(*1*) of the said Act, line 13, after the words "person convicted" the words "and if the person convicted fails to do that and encroachment or the obstruction continues, the court may impose a further fine not exceeding one rupee for everyday after the date specified by the court for removal of such encroachment or the obstruction" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, the following proviso be added to the proposed section 6(*1*) of the said Act, viz.—

"Provided that in case of subsequent encroachments or obstructions made in violation of the order of the Court the fine may extend up to rupees one hundred with a further fine of rupees five per day"

was then put and lost.

The motion of Sj. Ambica Chakrabarty that in clause 3, in the proposed section 6 of the said Act, the following proviso and Explanation be added, namely:—

"Provided that if the person responsible for such encroachment or obstruction, can prove that he is a refugee from East Bengal, the authority concerned, before removing the person, shall provide a suitable alternate accommodation for such person.

Explanation.—Refugee means a person who has come to Indian Union from East Pakistan after partition of India."

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Sj. Khagendra Nath Das Gupta: Sir, I beg to move that the Bengal Highways (Amendment) Bill, 1953, as settled in the Assembly, be passed.

[4-20—4-30 p.m.]

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, we welcome the introduction of the Bill for the safeguarding of highways and for keeping them free from encroachment and obstruction. That is a principle which will appeal to every member of the House. Sir, at the same time the provisions of the Bill disclose a certain mentality on the part of the Government which ought to be considered. In the first place, it seems that the Government have woken up after 28 years to the realities of the situation and have become alive to the necessity of maintaining the roads in a proper state and of freeing them from encroachment or obstruction. They had enjoyed a spell of slumber which is longer than that attributed to Rip Van Winkle. The next point is, what is the actual scope of this Bill? Does it refer only to Government highways or does it include District Board roads or Local Board roads?

Sj. Khagendra Nath Das Gupta: All Government roads or other roads under the Local Self-Government Act.

Dr. Srikumar Banerjee: That would make the scope of the Act very limited, and I should think that if the object of the Act is to be given effect to, the scope should be widened and it should include also the District Board roads and the Local Board roads in which the management only is vested on the District Boards and the Local Boards, and I think the right to these roads still vests in the Government. The legal position ought to be that the Government is the proprietor of those roads which have been made over for the purpose of control to the local bodies.

Sir, the next point is that Government seems to have a kind of pathetic faith that by merely passing an Act and by imposing heavier penalties certain offences can be eliminated. It all depends upon an awakening of the public sense. It all depends upon making the people road-conscious. The Government has done nothing to make the people road-conscious, to make them feel that the road is their own, to make them feel that the happiness and the wellbeing of the community depends to a large extent upon keeping the roads free from obstruction. Failing in their purpose they have simply introduced restrictive measures and heavier penalties. Of course these penalties will practically remain a dead letter unless they have behind them strong and mobilised public opinion. The sympathy, Sir, will be with the side of the people who have built up shops on the roadside and the Government. I am afraid, in spite of heavier penalties which they propose, will not be able to keep the roads free from obstruction and encroachment because they will be lacking in the fundamental requisite which will be necessary to make any law a success, and that is the backing of public opinion. I would appeal to the Government not to depend so implicitly upon the passing of an Act and upon imposition of heavier and heavier penalties, but upon mobilisation of public opinion, upon making people feel that it is to their own interests to keep the roads in order and to make them free from encroachment and obstruction. Sir, so far as the rural roads are concerned, if the Hon'ble Minister thinks it his duty to pay a visit to them, he will make the astounding discovery that in some places the roads are practically non-existent. They have been encroached upon by the proprietors of the neighbouring areas to such an extent that for long stretches there are absolute gaps and nothing has been done to restore these parts which have been misappropriated and encroached upon. So, if the Hon'ble Minister without merely confining himself to the Government roads in the urban areas takes note of the rural roads, he will find that the roads are practically non-existent and it will take a long legal procedure and a complex process to bring the roads back to their original condition. Sir, I should therefore feel that this Act which is being passed ought to be a pioneer Act, ought to make the Government aware of the very many duties which they have got to perform in respect of the rural roads and should induce them to bring forward legislation not merely consisting of imposition of heavier penalties but other more efficacious measures, to make the people road-conscious and to make them feel that it is to their own interests to keep them free from obstruction and encroachment.

Sj. Ambica Chakrabarty: মাননীয় স্পীকার মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যে জবাব দিলেন তাতে আমরা মোটেই সন্তুষ্ট হতে পারলাম না। এখানে "অন দি হাইওয়ে" --যে সব রাস্তা, সকল মহলের মোড়ের উপর বা তার মধ্যে যদি কেউ দোকানপাট করে থাকে সেগুলি যে রাখতে হবে সে কথা আমিও বলবো না, কেউই বলবে না। আমরা বলছি যে রাস্তার মাঝে যদি কোন অবস্ট্রাকশন হয় বা এনক্রোচমেন্ট হয় তাহলে নিশ্চয়ই উঠিয়ে দিতে হবে এবং তা যদি রাতারাতি উঠিয়ে দিতে হয় তাহলেও আমাদের আপত্তি নেই। কিন্তু এখানে আপনাদের এ্যামেন্ডমেন্টের ভিতর রয়েছে মোটামুটি দ্যাশ--এটা কেমন কথা। এমন জায়গা কোথায়ও আছে কি? বাংলাদেশে এমন কোন হাইওয়ে আছে কি, যে রাস্তা মাঝখানে

[Sj. Ambica Chakrabarty.]

বা উপরে দোকান বা বাড়ী করে বাস্তহারা বা পশ্চিম বাংলার দরিদ্ররা রয়েছে। এই রকম একটা কেসও দেখাতে পারেন কি। কিন্তু আমি ১০০টা কেস দেখাতে পারি, যশোর রাস্তার পাশে ১৫ দিন আগে ৫০টি দোকান উঠিয়ে দেওয়া হয়েছে পুলিশ দিয়ে। গভর্ণমেণ্ট কি জানেন না, মন্ত্রী মহাশয় কি জানেন না যে পুলিশ টাকা আদায় করবার জন্য এই সমস্ত করেছে; তখনও এ আইন পাস হয়নি তখনও পুলিশ জুলুম করেছে। আপনারা বলছেন যেন বাস্তহারারা রাতারাতি সমস্ত বাড়ীঘর তৈরী করে বসে আছে; পুলিশের উঠিয়ে দেবার অধিকার নেই। তাই এই বিল পাস করে লক্ষ লক্ষ বাস্তহারা যারা বাড়ীঘর করে রাস্তার উপর বাস করছে তাদের উঠিয়ে দেওয়া হবে এ যুক্তির কোন মানে নেই। এটা একটা হাস্যকর যুক্তি ছাড়া আর কিছুই বলা যায় না। বর্ত্তমানে একটি বাড়ী বা দোকান কোথাও রাস্তার উপর আছে মন্ত্রী মহাশয় দেখিয়ে দিতে পারেন কি? রাস্তার আশেপাশে আছে। এখানে রোডসাইড ল্যাণ্ডের কথা বলছেন। কিন্তু তারা অলটারনেটিভ এ্যাকোমডেসনের কথা বলে থাকেন। সেটা দিতে সরকার বাধ্য। ১৯৫১ সালের আইনে বাস্তহারাদের রিহ্যাবিলিটেসনের জন্য অলটারনেটিভ এ্যাকোমডেসনের কথা আছে। সুতরাং তাদের দায়িত্ব সরকারকে নিতে হবে। যারা রোডসাইড ল্যাণ্ডে দোকান করে বসে আছে তারা রাতারাতি কোথায় যাবে? তাদের দায়িত্ব সরকারকেই নিতে হবে।

Mr. Speaker: That is not relevant to the Third Reading of the Bill. You are discussing of refugee rehabilitation. Please speak on the Third Reading. Do not traverse on other grounds. Please confine yourself to the subject of the debate.

Sj. Ambica Chakrabarty: আমি অলটারনেটিভ এ্যাকোমডেসনের কথাই বলছি। দোকান তুলে দিলে তারা কোথায় যাবে। তাদের এ্যাকোমডেসন গভর্ণমেণ্ট দিতে বাধ্য। কারণ এই সমস্ত দরিদ্র জনসাধারণ তারা নিজেদের টাকা খরচ করে দোকান করেছে, সেখান থেকে তাদের স্থানচ্যুত করলে তারা হঠাৎ কোথায় যাবে। সরকার হকারস্ কর্নার করেছেন কলিকাতায়, নানা স্থানে অলটারনেটিভ এ্যাকমডেসন দিয়ে সরিয়ে দিতে পারেন কিন্তু হাইওয়ের উপর যদি দোকান করে থাকে তবে অলটারনেটিভ এ্যাকমডেসন দিতে পারবেন না; এর যুক্তি কোথায়? এই রাস্তার পাশে লক্ষ লক্ষ, হাজার হাজার টাকা খরচ করে বহু বাস্তহারা বসেছে তাদের সরিয়ে দেওয়া হবে, হাইওয়েতে যারা থাকবে তারা যদি তার ২৫ হাত দূরেও থাকে তবুও রোডসাইড ল্যাণ্ড বলে তুলে দেওয়া হবে এবং তাদের জন্য কোন অলটারনেটিভ ব্যবস্থা করা হবে না। এখানে মুষ্টিমেয় কয়েকটি দোকান আছে। ৪২ লক্ষ বাস্তহারাই এই রাস্তার পাশে নেই। এই আইন পাস করবার পর যারা রাস্তার পাসে আছে তারা ভয়েই পালিয়ে যাবে।

[4-30—4-40 p.m.]

পুলিশের লাঠিগুলো কে খাবে? এইভাবে যদি সমস্ত রাস্তাঘাট থেকে দোকানদারগুলোকে তাড়িয়ে দেওয়া হয় তাহলে বাংলার অবস্থা কখন শান্তিপূর্ণ থাকতে পারে না, কারণ, তাহলে লোক নিজেরা খেতে পাবে না এবং স্ত্রীপুত্রের জন্যও অনুসংস্থান করতে পারবে না। তখন তারা সরকারের বিরুদ্ধে এ্যাণ্টিসোসিয়াল ওয়ার্ক করবে; চুরি, ডাকাতি করবে, ব্ল্যাক মার্কেটিং করবে, আর না হয় সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। তাই আবার মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে এই সব বিষয় বিবেচনা করে তিনি এই বিলটি প্রত্যাহার করুন। যদি তা না করেন তাহলে আমি সাবধান বাণী উচ্চারণ কোরে যাচ্ছি যে বাংলার সমাজ জীবনে অত্যন্ত দুর্দ্দিন আসছে।

Sj. Hemanta Kumar Basu: আমি এ সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। আমরা যখনই যে আইন করি সেই আইন হয় বহুসংখ্যক লোকের কল্যাণ করার জন্য। কিন্তু যদি তার দ্বারা মানুষের অর্থনৈতিক জীবন বিপন্ন হয় তাহলে বাস্তবিক তার একটা ব্যবস্থা করা দরকার। এই হাইওয়েজ আইন পাশ হয়ে গেলে পর যদি বহুলোক যারা এতে সুবিধা পেত তাদের যদি বাস্তবিক ক্ষতি হয় তাহলে দরিদ্রতর লোক যাদের জন্য ভারত গভর্ণমেণ্ট হউক বা বাংলা গভর্ণমেণ্ট হউক এমন কোন পরিকল্পনা গ্রহণ করতে পারেন না যাতে প্রত্যেক লোকের জীবনে উপার্জনের ব্যবস্থা হতে পারে। যে সব দরিদ্র লোক সেখানে বসে কিছু উপার্জন করত তাদের জন্য যদি হকার্স কর্ণার করেন তাহলে হাইওয়েজে যে সমস্ত গরীব সামান্য কিছু মাল বেচে সংসার চালাত তাদের আর্থিক জীবন যদি বিপন্ন হয় তাহলে তাদের জন্য রোডসাইড থেকে অন্যত্র ব্যবস্থা করা হউক। এটা তাদের কথা, এবং এই কথাই অম্বিকা বাবু বলেছেন। সেইজন্য অনুরোধ করছি যে আইন যখন সকলের কল্যাণের

জন্য করা হচ্ছে তখন সেই গরীবদের গ্রাসাচ্ছাদনের কথা চিন্তা ক'রে তাদের ব্যবস্থার দিকে দৃষ্টি রাখবেন।

Sj. Narendra Nath Ghosh: রাস্তা এনক্রোচ করলে পাবলিকের অসুবিধা হবে; এজন্য আইন হচ্ছে এবং আইনের ব্যবস্থাও হচ্ছে; কিন্তু সরকারী বা জেলাবোর্ডের রাস্তা সরকারের বা জেলাবোর্ডের অমনোযোগের ফলে অব্যবহার্য হয়েছে, যেখানে ছোট ছেলেগুলি কাদায় ডুবে মৃত্যু পথ যাত্রী হয়, তার জন্য কর্তৃপক্ষকে সেই আইনের ভিতর ফেলা যায় কি না বা তার জন্য আইন করা দরকার কি না। মন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করি। (হাস্য।)

Sj. Khagendra Nath Das Gupta: শ্রীযুক্ত চক্রবর্ত্তী মহাশয় বলেছেন যে রাস্তার উপরে দোকান করে না, রাস্তার পাশের জমির উপর করে। কিন্তু যদি চোখ মেলে চলেন তাহলে দেখতে পাবেন যে সারা বাংলায় প্রায় সব জেলাতেই যেখানে সরকারী রাস্তা আছে সেখানেই প্রায় এইভাবে দোকান করা হয়। তিনি রোডসাইড ল্যাণ্ডএর কথা বলেছেন, কিন্তু রোডের জন্য সে জায়গা খুব প্রয়োজনীয়। রোডসাইড ল্যাণ্ড বোলে তিনি হয়ত মনে করছেন ড্রেন। কিন্তু ড্রেনের উপর দোকান করে না; রাস্তার উপরে লোক দাঁড়িয়ে জিনিষ কিনতে গেলে রাস্তায় লোক চলাচলের খুব অসুবিধা হয় একথা চক্রবর্ত্তী মহাশয় একটু ভেবে দেখলেই বুঝতে পারবেন।

তারপরে হেমন্ত বাবু রেফিউজীদের ব্যাপার নিয়ে আপীল করেছেন। আমি তাঁকে জানাতে চাই তিনি কেন ধরে নিলেন যে সরকারী যে সমস্ত রাস্তায় রেফিউজী আছে তার দিকে নজর দিতে পারেন না। আমরা যতদূর পারি চেষ্টা করে থাকি।

আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে শিলিগুড়ী কার্ট রোডের উপর অসংখ্য দোকান গড়ে উঠেছে। যাঁরা দার্জিলিং বা শিলিগুড়ী গিয়েছেন তাঁরা দেখেছেন যে কত দোকান রাস্তার দুদিকে আছে। আমরা এ দোকানগুলো তোলবার চেষ্টা করিনি, আমরা জোরে বা পুলিশ দিয়ে ওঠাবার চেষ্টা করিনি। যদিও আমরা দেখছি যে গাড়ী বা মানুষ চলাচলের কত অসুবিধাই তারা সৃষ্টি করছে। তাদের জন্য সরকার থেকে আলাদা বাজারের বন্দোবস্ত কোরে দেওয়া হচ্ছে এবং সেখান থেকে সরাবার ব্যবস্থা হচ্ছে। যে জায়গায় সম্ভব সেখানে সঙ্গে সঙ্গে ব্যবস্থা অবলম্বনের চেষ্টা করেছি। কোন কোন জায়গায় রাস্তার দুদিকে দোকান আছে। তাদের বলেছি রাস্তা ছেড়ে দাও তারা আমাদের কাছে সময় চেয়েছে। আমরা সময় দিয়েছি। কোন কোন ক্ষেত্রে যেখানে রাস্তার উপরে দোকান ক'রে বসে আছে তাদেরও সময় দিয়েছি। আমরা চাই যে রাজপথগুলি ক্লিয়ার থাকবে এবং যারা রাজপথে চলাচল করবে তাদের অসুবিধা না হয়। আজকাল এ্যাকসিডেণ্টএর মাত্রা অত্যন্ত বেড়ে গিয়েছে এবং রাস্তার উপর এ্যাকসিডেণ্ট বেশী হচ্ছে। কাজেই এদিকে নজর না দিলে এটা অনেক জীবনহানির কারণ হবে। সেইজন্য এদিকে কিছু করা দরকার।

The motion of Sj. Khagendra Nath Das Gupta that the Bengal Highways (Amendment) Bill, 1953, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The Bengal Public Demands Recovery (Second Amendment) Bill, 1953.

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the Bengal Public Demands Recovery (Second Amendment) Bill, 1953.

(The Secretary then read the short title of the Bill.)

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Second Amendment) Bill, 1953, be taken into consideration.

Article 9A of Schedule I to the Act provides for recovery of loans paid in cash by the Government if the debtor has agreed in writing to the recovery as a public demand. Now, loans are being advanced in kind, for instance, the Agricultural Department is delivering fertilizers and manure to the agriculturists. It is necessary to provide for recovery of loans in kind in terms of money under the Act. The Bill provides for this. The second amendment is deletion of a portion of Article 14 of Schedule I. I will read out Article 14, "Any money payable to a local authority, namely, the commissioners of a municipality or a District Board". The amendment is that the words ", namely, the commissioners of a municipality or a district board" may be deleted so that other local authorities may be able to recover under the Public Demands Recovery Act.

The motion of Sj. Satyendra Kumar Basu that the Public Demands Recovery (Second Amendment) Bill, 1953, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that preamble do stand part of the Bill was then put and agreed to.

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Second Amendment) Bill, 1953, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Estates Acquisition Bill, 1953.

[4-40—4-50 p.m.]

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the West Bengal Estates Acquisition Bill, 1953.

(The Secretary then read the short title of the Bill.)

Sj. Satyendra Kumar Basu: Sir, I beg to move—

That the Bill be referred to a Joint Committee of the Houses consisting of 29 Members; 25 Members from this House, namely:—

(1) Dr. Bidhan Chandra Roy,
(2) Sj. J. C. Gupta,
(3) Sj. Sankar Prasad Mitra,
(4) Sj. George Mahbert,
(5) Sj. Sasadhar Kar,
(6) Sj. Umesh Chandra Mandal,
(7) Sj. Satindra Nath Basu,
(8) Janab Tafazzal Hossain,
(9) Sj. Bhusan Hansdah,
(10) Sj. Durgapada Sinha,
(11) Sj. Prafulla Chandra Roy,
(12) Sj. Subodh Chandra Maity,
(13) Sj. Tarapada Pramanik,
(14) Sj. Byomkes Majumdar,
(15) Sj. Baidyanath Santal,
(16) Janab Kazi Jainal Abedin,
(17) Sj. Basanta Kumar Mal,
(18) Sj. Bankim Mukherjee,
(19) Sj. Benoy Krishna Chowdhury,
(20) Sj. Charu Chandra Bhandari,
(21) Sj. Hemanta Kumar Basu,
(22) Sj. Jnanendra Kumar Chaudhury,
(23) Sj. Biren Roy,
(24) Kumar Deba Prasad Garga, and
(25) the Minister-in-charge of the Land and Land Revenue Department (the mover), and

Four Members from the Council;

That in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of Members of the Joint Committee;

That the Committee shall make a report to this House by the 31st October, 1953;

That in other respects the rules and procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make; and

That this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of Members to be appointed by the Council to the Joint Committee.

Point of order.

Sj. Charu Chandra Bhandari: On a point of order, Sir.

Sj. Satyendra Kumar Basu: Let me finish my speech.

Mr. Speaker: Before you make your speech let him raise the point of order.

Sj. Sasabindu Bera:
"মিঃ স্পীকার, স্যার", আমার একটা "পয়েন্ট অফ অর্ডার" আছে।

Mr. Speaker: Let Sj. Bera raise his Point of order. He raised a point of order the other day.

Sj. Sasabindu Bera: My Point of order is relating to the notice—

আপনারা যে নোটিশ দিয়েছেন (মবেজ এণ্ড ডিটারবেন্স) এই যে মডিফিকেশন অফ রুল ৫৩ অফ দি এ্যাসেমব্লি প্রোসিডিওর রুলস করা হয়েছে তাতে আমার কোয়েশচেন হচ্ছে যে এই মডিফিকেশন আপনারা করতে পারেন কি না। সম্ভবতঃ আর্টিকিল ২০৮(২) অফ দি কনষ্টিটিউসন অনুযায়ী যে মডিফিকেশন এনেছেন, এটা আনতে পারেন কি না সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আমার মনে হয় স্পীকারের এই অধিকার নাই। আর্টিকিল ২০৮(২)এ বলা হচ্ছে—

"Until rules are made under clause (*1*), the rules of procedure and standing orders in force immediately before the commencement of this Constitution with respect to the Legislature for the corresponding Province shall have effect in relation to the Legislature of the State subject to such modifications and adaptations as may be made therein".

স্যার, এখানে মডিফিকেশনস এণ্ড এ্যাডাপটেসনস-এর কথা বলা হয়েছে। কিন্তু এই মডিফিকেশনস এণ্ড এ্যাডাপটেসনসএর দোহাই দিয়ে একটা সাবসটানসিয়াল চেঞ্জ করা যায় কি না সে বিষয় আমার প্রশ্ন। আমার মনে হয় এই আইন খুব গুরুত্বপূর্ণ আইন। সিলেক্ট কমিটির গঠন সম্বন্ধে প্রসিডিওর রুল ৫৬ ধারায় বলা হচ্ছে—

"A Select Committee shall consist of not more than seventeen members".

অর্থাৎ ১৭ জন মেম্বারের বেশী থাকবে না। কিন্তু এখানে সেইভাবে মেম্বারের সংখ্যা নির্দ্দেশ করা হয়নি। যে নোটিশ সার্কুলেশনের জন্য দেওয়া হচ্ছে তাতে বলা হচ্ছে যে জয়েন্ট কমিটিতে স্যাণ্ড রেভিনিউর মিনিষ্টার ইন চার্জ নিয়ে থাকবেন ২৯ জন মেম্বার। কাজেই এটা একটা সাবষ্টানসিয়াল চেঞ্জ। আবার কাউনসিল মেম্বার তারা আউটসাইডারস টু দিস হাউস; তাদের পর্য্যন্ত ইনক্লুড করা হচ্ছে এই জয়েন্ট কমিটিতে। এই রকম একটা সাবষ্টানসিয়াল চেঞ্জ প্রসিডিওর রুলসএ করা হচ্ছে। সেইটা করতে পারেন কি না সেইটাই আমার প্রশ্ন। এবং এটা স্পীকারের উইদিন রাইটস আছে কি না। আমার মনে হয় এই রকম একটা কনষ্টিটিউসানাল চেঞ্জ আনতে হলে উই স্যাল হ্যাভ টু কনো রুল ১১৩ অফ দি এসেমব্লি প্রসিডিওর রুলস। এই রুল ১১৩ তে বলা হচ্ছে—

"The procedure contained in these rules for the consideration of Bills shall, so far as may be, apply to a motion for leave to amend these rules"

স্যার, আমার প্রশ্ন হচ্ছে এটাকে এ্যাডাপটেসন বা মডিফিকেসন হিসাবে আনা যায় কি না। এর সিরিয়াসনেস বিবেচনা করে এ্যামেণ্ডমেণ্ট আনা উচিত ছিল।

Mr. Speaker: Amendment to what?

Sj. Sasabindu Bera: Amendment to the existing procedure rules. Constitution of India, Article 208(*1*), "A House of the Legislature of a State may make rules for regulating, subject to the provisions of this Constitution, its procedure and the conduct of its business." According to rule 113 of the Assembly Procedure Rules—"The procedure contained in these rules for the consideration of Bills shall, so far as may be, apply to a motion for leave to amend these rules."

আমার কথা হচ্ছে প্রসিডিওরএ এইরকম একটা সাবষ্টানসিয়াল চেঞ্জ আনতে হলে এ্যামেণ্ডমেণ্ট টু দি একজিষ্টিং প্রোসিডিওর রুলস হিসাবে এ্যামেণ্ডমেণ্ট আনা আগে উচিত ছিল। এখানে এই রকম একটা সাবষ্টানসিয়াল চেঞ্জ বা মডিফিকেসন বা এ্যাডাপটেসন করা এই হাউসের স্পীকারের অধিকারের মধ্যে আসতে পারে না এবং এই মোসনও আসতে পারে না "মুভার অফ দি বিল"এর বিলটিকে জয়েন্ট কমিটিতে রেফার করবার এই মোসন।

Mr. Speaker: Is that the only point of order in connection with the Bill?

Sj. Sasabindu Bera: No, Sir.

Mr. Speaker: You go on.

Sj. Sasabindu Bera: Another difficulty which I raised yesterday is, Article 208(*2*)—

এই ধারা অনুযায়ী আপনারা মডিফিকেশনএর নোটিশ দিয়েছেন এবং আমাদের এ্যামেণ্ডমেণ্ট টু দি মোশন দেবার জন্য রুল করা হয়েছে। কিন্তু এই যে মডিফিকেশন টু রুল ৫৩ এই মডিফিকেশনএর পর আর এ্যামেণ্ডমেণ্ট দেবার কোন স্কোপ নাই। কারণ এখানে বলা হচ্ছে—

Rule 54.—"On the day on which any such motion is made, or on any subsequent day to which the discussion is postponed, the principles of the Bill and its general provisions may be discussed, but the details of the Bill must not be discussed further than is necessary to explain its principles.

(*2*) At this stage no amendments to the Bill may be moved but—

(*a*) if the member in charge of the Bill moves that the Bill be taken into consideration, any member may move as an amendment that the Bill be referred to a Select Committee or be circulated for the purpose of eliciting opinion thereon before a date to be mentioned in the motion, or

(*b*) if the member in charge of the Bill moves that the Bill be referred to a Select Committee, any member may move as an amendment that the Bill be circulated for the purpose of eliciting opinion."

কাজেই এখানে এ্যামেণ্ডমেণ্ট দেওয়া টু দি মোশন কম দি বুভার সম্ভব নয়। এই এ্যামেণ্ডমেণ্ট দেবার স্কোপ কম্প্লিটলি বন্ধ হয়ে গিয়েছে।

Sir, if the Bill be referred to the Joint Committee of two Houses, what type of amendment is allowed? Where is the rule to guide us?

এ অবস্থায় এ্যামেণ্ডমেণ্ট নোটিশ দেবার আর কি স্কোপ আছে? তার মানে এ্যামেণ্ডমেণ্ট দেওয়ার স্কোপ বন্ধ করে দেওয়া হয়েছে। দ্যাট ওয়াজ নট মাই পয়েণ্ট। ইন দি লাইট অফ মডিফিকেশন দ্যাট ইজ মেড টু রুল ৫৩ রুল ৫৪কে মডিফাই করা উচিত ছিল। যাতে করে এই মোশনএর কোন এ্যামেণ্ডমেণ্ট হতে পারে। কিন্তু রুল ৫৪ মডিফাই না করার ফলে এখন আদৌ স্কোপ নাই এ্যামেণ্ডমেণ্ট দেবার; এই হচ্ছে আমার কথা।

[4-50—5 p.m.]

Mr. Speaker: These are your two points?

Sj. Sasabindu Bera: Yes, Sir.

Sj. Charu Chandra Bhandari: Sir, my point of order is this that the motion moved by the Member-in-charge of the Bill is out of order, because it purports to have been moved under the provision of a new rule. The new rule which you have made the other day is *ultra vires*. It is not only *ultra vires* but it is also inoperative.

Mr. Speaker: What is out of order?

Sj. Charu Chandra Bhandari: The motion is out of order, because it has been made under the provision of the new rule 53(*c*) which, I maintain, is *ultra vires* and inoperative.

Mr. Speaker: The same ground as Sj. Sasabindu Bera's.

Sj. Charu Chandra Bhandari: No, no; not the same ground. In the Procedure Rule 53 you have made this amendment in exercise of the powers conferred upon the Speaker under Article 208. The rule runs thus: "that it be referred to a Joint Committee of the two Houses with the concurrence of the Council." Rule 53 of the Procedure Rules relates to what should be done, and what motion can be brought after introduction of this motion; and you have added one motion after the motion relating to reference to Select Committee, i.e., the Joint Committee. This matter is in the nature of a communication between the two Houses of Legislature, because it relates to the Joint Committee; and if the Joint Committee has to be formed then some message has to be sent to the other House, and the other House either concurs or it does not concur. If it does not concur, it has to send back another message to this House. Now, Sir, what procedure has to be

adopted in this matter? The whole matter relates to, and is in the nature of, a communication between the two Houses.

Mr. Speaker: That does not arise.

Sj. Charu Chandra Bhandari: Yes, Sir, it does. Therefore it comes under the purview of clause (*3*) of Article 208 of the Constitution. It comes under clause (*3*) and not clause (*1*), i.e., "A House of the Legislature of a State may make rules for regulating, subject to the provisions of this Constitution, its procedure and the conduct of its business." Until such rule is made, the Speaker may by adaptation and modification change that rule. But in a State having a Legislative Council the Governor, after consultation with the Speaker of the Legislative Assembly and the Chairman of the Legislative Council, may make rules as to the procedure with respect to communications between the two Houses.

Mr. Speaker: Let me understand your point. Do you mean that there are no rules for communication between the two Houses?

Sj. Charu Chandra Bhandari: As regards the formation of the Joint Committee, there are no such general rules.

Mr. Speaker: Where does the Constitution specify that?

Sj. Charu Chandra Bhandari: You will notice: "In a State having a Legislative Council the Governor, after consultation with the Speaker of the Legislative Assembly and the Chairman of the Legislative Council, may make rules as to the procedure with respect to communication between the two Houses."

Mr. Speaker: There are rules. Otherwise how is business going on so long?

Sj. Charu Chandra Bhandari: Those rules relate to a particular subject.

Mr. Speaker: No, no. All subjects.

Sj. Charu Chandra Bhandari: There are no general rules.

Mr. Speaker: There are rules. Please be informed that there are rules—rules gazetted and acted upon.

Sj. Charu Chandra Bhandari: That is in relation to consideration of Bills or the Budget.

Mr. Speaker: Anything. The Governor's message is not a Bill.

Sj. Charu Chandra Bhandari: Those rules are not of a general nature. Those rules relate to a particular subject. When a Bill is under consideration, then as regards Joint Committee there are no such rules. Let me clarify my point. How have you made a rule? Supposing that you are empowered to make this rule, how can this rule be effective or operative unless the other House, i.e., the Council frames a similar rule for the formation of Joint Committee for the consideration of a Bill. They have framed no such rule. So, in these cases, I think the only authority who can make this rule regarding formation of Joint Committee is the Governor under clause (*3*) of Article 208 of the Constitution.

Mr. Speaker: There are a set of rules. Please listen. What I say is for clarification for your benefit as well as for my benefit.

Sj. Charu Chandra Bhandari: Supposing this motion is passed, we communicate this motion to the other House. Under what provision of law will they entertain this motion, because they have no such rule as to the formation of Joint Committee. In order that we may pass this rule simultaneously they should adopt such a rule. Otherwise under what provision of law will they entertain this recommendation? They have got no such rule. You have very recently made a rule in exercise of your power under Article 208. They have got

[Sj. Charu Chandra Bhandari.]

no such rule. How will they entertain this motion that they would appoint four members to the Joint Committee? Where are the rules? How many members would be there in the Joint Committee? Would it be an equal number of members or any number of members? If they say 21 members or 28 members, where are the rules?

Mr. Speaker: There are rules.

Sj. Charu Chandra Bhandari: In the absence of any rule, I must contemplate that no such motion can be made. If such a rule is to be made, it has to be made under clause (3) of Article 208. Supposing this matter does not come under Article 208, supposing that there is no such rule, it may come as a resolution. First of all this House may by an independent resolution say that this House recommends that such and such Bill be referred to the Joint Committee of the two Houses with the concurrence of the other House. If the other House concurs in the appointment of a Joint Committee in the matter of this Bill, they may proceed. Otherwise there is no way to proceed. I should point out the procedure in the House of Commons.

[5—5-10 p.m.]

In the House of Commons they first of all pass an independent resolution that such and such Bill be referred to a Joint Committee of both Houses. They pass an independent resolution. Then they pass that resolution on to the other House.

Mr. Speaker: Assuming that everything you say is correct, that is the motion now here. What the House of Commons did this House is considering exactly a similar thing.

Sj. Charu Chandra Bhandari: My contention is that the matter does not come under clause (*1*) or clause (*2*). The matter comes definitely under clause (*3*).

Mr. Speaker: Let me be clear. You are referring to Article 208(*3*). I believe you have got the rules—the West Bengal Legislature (Procedure with respect to Communications) Rules. They have already been gazetted and they are in existence. Have you seen them? I think you should make your argument on those rules. Have you seen those rules?

Sj. Charu Chandra Bhandari: They are not general rules. Even if this matter comes under clause (*1*) of Article 208, I maintain that the Speaker has no authority to make this amendment. Clause (*2*) deals with procedure before the commencement of the Constitution. After the commencement of the Constitution the rule is there—"A House of the Legislature of a State may make rules for regulating, subject to the provisions of this Constitution, its procedure and the conduct of its business." That is clause (*1*). But under clause (*2*) until such rules are made by the Legislature the Speaker may by adaptation and modification make certain rules.

Mr. Speaker: Do you concede that the power is still there with the Speaker?

মি: স্পীকার স্যার, টেবিল ও তালির ধ্বনির মধ্য দিয়ে এই বিলটাকে অভিনন্দন করা হয়েছে। কিন্তু এই বিলটা সদস্যেরা যে অল্প সময়ে পেয়েছেন তাতে করে এর সমস্ত তাৎপর্য্য বোঝবার অবসর তারা পান নাই কিন্তু যেটুকু দেখেছি তাতে করে আমার মোটেই মনে হয় না যে এটা জমিদারী প্রথা উচ্ছেদ সম্পর্কে বিল। এই বিলের টাইটেল যা দেয়া হয়েছে দি ওয়েষ্ট বেঙ্গল ষ্টেটস একুইজেসন বিল এটা সত্য সত্যই শুধু মাত্র তাই। অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট এখানে কতকগুলি জমিদারের যে রাইট রয়েছে সেই রাইট্ কিনে নিচ্ছেন—এইটেই হচ্ছে এ বিলের তাৎপর্য্য। অর্থাৎ জমিদারী প্রথা উঠিয়ে দিয়ে রায়তওয়ারী প্রথায় বাংলাদেশকে পরিণত করা—এর চেয়ে বেশী এবিলে আর কিছুই নাই। যখন চিরস্থায়ী বন্দোবস্ত হয় তখন যে অদ্ভুত জমিদারী প্রথার সৃষ্টি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এই বাংলা দেশে করেছিল, সেটাকে অনেক মণীষী বলেছেন কেরিকেচার অফ্ দি বৃটিশ সিষ্টেম নিয়ে আসা হয়েছিল উনবিংশ শতকে। তাছাড়া অন্যান্য প্রদেশে যে সমস্ত রায়তওয়ারী প্রথা আনা হয়েছে সে হচ্ছে কেরিকেচার অফ্ দি ফ্রেঞ্চ সিষ্টেম্ সামন্ততান্ত্রিকতা। আজ এই বিলের ভিতর দিয়ে ওরা সামন্ততান্ত্রিক প্রথার উচ্ছেদ করছেন না। এই বিলের এক জায়গায় মডার্ণ সোসাইটি, প্রগ্রেসিভ সোসাইটি কথা দুটির উল্লেখ থাকলেও সামাজিক উন্নতির জন্য যা প্রয়োজন, সে চিন্তা, সে বোধ ওদের থাকলে পর এই বিলের চেহারা সম্পূর্ণ অন্য রকম হয়ে যেত। আজকে এই বিলের ভিতর সামাজিক উন্নতি বা কৃষকের উন্নতির যে কোন একটা পরিকল্পনা আছে তাত খুজে পাওয়া যাচ্ছে না। মাত্র এইটুকু পাওয়া যাচ্ছে জমিদাররা যে রেন্ট রিসিভ করে আসছেন সে রেন্ট রিসিভ করবেন ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট। ইন প্লেস অফ ইণ্ডিভিজুয়েল প্রাইভেট জমিনদার অর্থাৎ প্রাইভেট্ জমিদাররা যে রেন্ট রিসিভ করতেন, সেইটে রিসিভ করবেন--ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট। ঠিক এইরকম ব্যাপার আমাদের সুন্দরবন অঞ্চলে বহুদিন প্রচলিত আছে। সুন্দরবনে খাস গভর্ণমেণ্টের যে অঞ্চল সে অঞ্চলে পার্মানেণ্ট সেটেলমেণ্টের মতন জমিদার নাই, খাস গভর্ণমেণ্টের জমি, এবং ডাইরেক্টলি সেখানে প্রজার কাছ থেকে রেভিনিউ আদায় হয় এবং তা হওয়া সত্ত্বেও ২৪-পরগণার সুন্দরবন অঞ্চল, কাল খাদ্য মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন, ক্রনিক ফেমিন এরিয়া অর্থাৎ দুর্ভিক্ষ সেখানে কায়েমি হয়ে উঠেছে। এতে করে এই কথাই স্পষ্ট হয় যে মাত্র জমিদারী প্রথা উচ্ছেদ করে ষ্টেটের হাতে জমিদারী আনলেই সামাজিক কোন উন্নতি হয় না। এবং এই বিলে তার চেয়ে বেশী কিছু নাই। সুতরাং এই বিলের ভিতর দিয়ে যাতে করে বাংলা দেশে সত্যিকারের সামাজিক উন্নতি, কৃষির উন্নতি এবং কৃষক কুলের উন্নতি হয় তার কোন লক্ষণই আমরা খুজে পাই না।

আমরা অবশ্যই চাই, যে বাংলা দেশকে জমিদারী প্রথা এপর্য্যন্ত ধীরে ধীরে অধঃপতনের দিকে নিয়ে এসেছে, তা থেকে বাংলা দেশের আশু মুক্তি। যে হেতু বাংলা দেশ নদীমাতৃক দেশ—এ দেশে সামন্ততান্ত্রিক প্রথা একেবারেই কাজে আসে নি, যেমন ইউরোপে সেটা কাজে এসেছিল, এদেশে ভূমির যে ব্যবস্থা পার্মানেণ্ট সেটেলমেণ্টের দ্বারা হয়েছিল তাতে করে সেটা সম্ভব হয় নি, ইউরোপে একটি লোক বাঁধোয় প্রভৃতি ম্যানেজমেণ্টের ভিতর দিয়ে

কৃষির যে উন্নতি করে সে সম্ভাবনা এখানে নাই। তার কারণ হচ্ছে কোন ব্যক্তিগত সামন্তের পক্ষে সম্ভব নয়। সে টেকনিক এখানে সম্ভব নয়। বড় বড় নদ নদী দ্বারা প্রবাহিত এই দেশ। চিরকাল দেশের চলাচলের রাস্তা জল পথেই ছিল। কিন্তু ইরিগেশনের ব্যাপারটা রাষ্ট্রের হাতে ছিল।

[6-35—6-45 p.m.]

রাষ্ট্র সেই দায়িত্ব পালন করতেন এবং ল এণ্ড অর্ডার মেনটেন করতেন এবং এজন্য কৃষির একটা অংশমাত্র তারা কৃষকের কাছ থেকে গ্রহণ করতেন। যখন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এলেন তারা প্রথমে রাষ্ট্রের এই দায়িত্ব যা হাজার হাজার বছর ধরে ভারতবর্ষে হিন্দু, বৌদ্ধ, মোগল, পাঠান আমল থেকে ছিল সেটা অস্বীকার করেন। অস্বীকার করে তারা করলেন কি নাম মাত্র দলিলে পারমানেণ্ট সেটলমেণ্ট প্রবর্তন করে জমিদারদের উপর সেই দায়িত্ব দিয়ে দিলেন। জমিদাররা গোচারন প্রভৃতি কমিউনাল, জলসেচন ব্যবস্থা, বাঁধ রক্ষা প্রভৃতি করবেন, এই রইল জমিদারদের উপর এবং সে সম্বন্ধে কড়াকড়ি কোন আইন হল না। দায়িত্বটা পালন না করিলে যে কি হবে তার কিছুই রইল না। রেভিনিউটা যদি না দেয় সানসেট ল-তে জমিদারী নিলামে যাবার ব্যবস্থা রইল। অর্থাৎ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নিজেদের স্বার্থ ঠিক রাখলেন, কিন্তু প্রজাদের যা প্রাপ্য জমিদার যদি তা না করে তাহলে, তারা যদি নদী নালা খনন, জল সেচন, বাঁধ দাই এগুলির কিছু না করে তাহলে তাদের কি হবে এসম্বন্ধে কোনোরকম প্রতিবিধান করবার আইন রইল না। এমন কি পরে যে টেনান্সি এ্যাক্ট হল তাতেও প্রতিবিধান কিছু হল না। শুধু হল এই যে জমিদারদের খাজনা বাঁধা থাকলেও, প্রজাদের খাজনা বাঁধা না থাকার দরুণ এবং ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী আসবার পর যত পয়সা সস্তা হতে লাগল, অর্থাৎ মানি ভ্যালু প্রত্যেক জিনিষের বাড়তে লাগল, তখন শস্য মূল্য বৃদ্ধির অজুহাতে খাজনার দায় বেড়ে গেল। যে সময় যেটার ৯০ পার্সেন্ট পেয়েছে কোম্পানী ১০ পার্সেন্ট পেয়েছে জমিদার সেটা বাড়তে বাড়তে এমন জায়গায় এল যে প্রায় সিক্সটিন টাইমস ১,৬০০ পার্সেন্ট জমিদারদের বেড়ে গেল। আজ যখন কমপেনসেসনের প্রশ্ন আসে তখন এই কথাটা মনে রাখা দরকার যে জমিদাররা তাদের প্রাপ্যের চেয়ে ১,৬০০ পার্সেন্ট বেশী পেয়েছেন। কিন্তু তাদের যে দায়িত্ব তা কখনও পালন করেন নি। তাই কমপেনসেসন তারা পেতে পারেন না, পায় বাংলার সমাজ, বাংলার কৃষক। শুধু তাদের জমিদারী নয়, তাদের সমস্ত প্রাইভেট প্রপার্টি পর্য্যন্ত বিক্রী করেও বিগত ২০০ বৎসরের আমাদের যা পাওনা তা আমরা পাই না। বিশেষ করে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমল থেকে যারা এসেছেন তারা পান না। জমিদাররা ২০০ বৎসর মেগলেক্ট করবার ফলে আজ বাংলার জমি ধ্বংস হয়ে এসেছে। এসেম্ব্লিতে বহুবার বলা হয়েছে যে বাংলার উৎপাদন বৎসরের পর বৎসর কমে আসছে—বিশেষ করে বিগত ৫০ বছর ধরে এলার্মিং রেটে চলে এসেছে—এখনও পর্য্যন্ত উৎপাদনের হার একর প্রতি কমে যাচ্ছে। তা বন্ধ করতে হলে আজ আমাদের বিগত ২০০ বৎসর ধরে যা করা হয় নি তাই করতে হবে। ষ্টেট একুইজিসন হচ্ছে, তাতে হচ্ছে কি? যে খাজানা জমিদাররা আদায় করে এসেছে আজ ষ্টেট তাই করতে যাচ্ছে। কিন্তু হাজার হাজার বছর ধরে জমিদার যে দায়িত্ব পালন করে নি ষ্টেট যে তা করবেন—কমিউনাল রাখবেন, নদী নালার সংস্কার করবেন তার কোনো আভাস ইঙ্গিত এর মধ্যে নেই। শুধু এটি যে জমিদাররা যে টাকাটা নিচ্ছেন রাষ্ট্র কোনো রকমে জমিদার সরিয়ে দিয়ে নিজেরা নেবেন। এটা তাই কোন প্রগ্রেস নয়। কোন পথাতে আপনারা চলেছেন—সামন্ততান্ত্রিক, ক্যাপিটালিষ্ট না সোসিয়ালিষ্ট। আমি দেখছি ঠিক সামন্ততান্ত্রিক ব্যবস্থায় চলা হচ্ছে। মাত্র ২-৪ জন জমিদারের পরিবর্তে রাষ্ট্র নিজেই প্রধান সামন্ত হয়ে বসছেন। ক্যাপিটালিষ্ট সিসটেম যদি ইনট্রোডিউস করতে হয় তাহলে পরে প্রথম প্রয়োজন পড়ে রেণ্ট সম্বন্ধে কি হবে? সেটা হবে থাকে যে ডিফারেন্সিয়াল রেণ্ট অর্থাৎ যে জমিতে কোনো প্রফিট নেই তার কোনো রেণ্ট নেই। তারপর যেমন যেমন প্রফিট আসবে প্রফিটের হার তার সংগে ডিফারেন্সিয়েল রেণ্ট এলে পর বুঝা যায় যে ক্যাপিটালিষ্ট সিসটেম ইনট্রোডিউসড হয়েছে। সোসিয়ালিষ্ট সিসটেমে অবশ্য রেণ্টের কোনো প্রশ্ন আসে না। জমি যারা চাষ করে তারাই সব পাবে। কিন্তু ক্যাপিটালিষ্ট সিসটেম আনতে হলে যা দরকার তাও আপনাদের নেই। যে সামন্ততান্ত্রিক প্রথা আগে ছিল তারই ব্যবস্থা হয়েছে। কংগ্রেস যখন পাওয়ারে আসেনি, তখন সে সম্বন্ধে একটা চিন্তা করতেন, কিন্তু পরে ট্রান্সফার অফ পাওয়ারের পরে কংগ্রেস গভর্ণমেন্ট যে নীতি নিলেন, যে নীতিটা প্রথম ইলেকসন ম্যানিফেস্টোতে দেওয়া ছিল যে রেণ্ট উইল বি রিডিউসড বাই ৫০ পার্সেন্ট এবং সমস্ত আনইকনমিক হোল্ডিং পরে কোনো রেণ্ট থাকবে না। এই সমস্ত কেন্দ্রপুর প্রোগ্রামে ছিল, কিন্তু তারপর দেখতে পাই কংগ্রেস পাওয়ারে আসবার

[Sj. Bankim Mukherji.]

পর সে সমস্ত প্রোগ্রামের কথা ভুলে গেছে। আজকে যদি বাংলার কৃষিকে উন্নত করতে হয় তাহলে শুধু জমিদারের জমিদারী গভর্ণমেন্ট নিলে তা হবে না। আজ দরকার প্রত্যেক কৃষকের যে ডেটস আছে তা থেকে তাকে মুক্তি দেওয়া, তা করলে আমরা জানি বাংলা দেশের যে রুরাল ক্রেডিট তা শুকিয়ে যায়। বাংলার যে ক্রেডিট সিসটেম আছে তার ফলে ৬ পার্শেন্ট ভল দেবার পর লোকের কি অবস্থা হয় সেটা ভাবতে হয়। তার সমস্ত সম্পত্তি শেষ পর্যন্ত বিক্রি করতে হয়, কিম্বা তার দুরবস্থার সুযোগ নিয়ে এবং টাকা দিয়ে মহাজনরা হাজার দুহাজার টাকার দলিল লিখিয়ে নেয়। এই সমস্ত প্রথা ষ্টেট যখন সমস্ত জমি নেবার দায়িত্ব নিচ্ছে তখন ষ্টেটের দায়িত্ব হচ্ছে দূর করে ফেলা। ২০০ বৎসরের ডেটস ক্লিয়ার করতে হবে। প্রত্যেকটা হোল্ডিংকে ফ্রি এণ্ড আনএনকামবারড করে কৃষকের হাতে দেওয়ার দায়িত্ব নিতে হবে, এবং সঙ্গে সঙ্গে ক্রেডিট শুকিয়ে যাবে।

[6-45—6-55 p.m.]

সেই ক্রেডিট যাতে চালু রাখা যায় সে জন্য ষ্টেট থেকে ক্রেডিট দেওয়ার ব্যবস্থা করতে হবে, যাতে করে বাংলা দেশের সমস্ত গ্রামের প্রত্যেক চাষীর নিকট ক্রেডিট সহজ লভ্য হয়। এ না হ'লে পর বাংলার চাষীর, বাংলার কৃষির উন্নতি হবার ও ফুড প্রোডাকসন বাড়বার কোন সম্ভাবনা নাই। এদিক দিয়ে আমার মনে হয় এই বিলে সে রকম কোন প্রভিসন না থাকায় সমস্ত বিলের উদ্দেশ্যটাই নাকচ করে দিচ্ছে। আমরা সকলে মনে করি জমিদারী প্রথা শুধু যে এই রকম করে বাংলার ভূমি ব্যবস্থা নামিয়ে এনেছে, বাংলার উৎপাদন নামিয়ে এনেছে, শুধু তাই নয়, এই জমিদারী প্রথা ছোটখাট মিডল ক্লাস সৃষ্টি করতে সহায়তা করেছিল কিছুদিন। যে রকম ভাবে জমির খাজানা ক্রমাগত বেড়ে চললো অর্থাৎ জমিদারী প্রথার প্রথমভাগে যা কিছু সামান্য ভাল পাওয়া যাচ্ছিল, এই কৃষকদের কাছ থেকে অর্থ নিয়ে একটা ছোটখাট মধ্যবিত্ত শ্রেণী গড়ে উঠেছিল, যে প্রসপারাস মিডল ক্লাস গ্রো করেছিল তারা সমস্ত বাংলার কৃষ্টি ইত্যাদি সমস্ত বিষয়ে সহায়তা করেছে। কিন্তু কিছুদিন পরে তাদের সে ইউটিলিটি থেমে গেল। তারপর আর শোষণ চলে না। সে জিনিষ বাংলাকে ক্রমাগত দিনের পর দিন নামিয়ে নিয়ে এসেছে। আজ দেখছি ইণ্ডাষ্ট্রিয়াল বোম্বে উন্নত বলে সমস্ত বিষয়ে বোম্বে ভারতবর্ষের নেতৃত্ব করছে। যেহেতু ইণ্ডাষ্ট্রিয়াল বাংলা দেশ ব্যাকওয়ার্ড এবং বাংলাদেশে ইণ্ডাষ্ট্রী যাও আছে তাও ঐ বৃটিশ সাম্রাজ্যবাদের হাতে আছে, অবাঙ্গালী বনিকদের হাতে আছে। তারাই খুব বেশী রকম ইণ্ডাষ্ট্রী নিয়ন্ত্রণ করে চলেছে। যার ফলে বাংলার কৃষ্টির সমস্ত দিকেই হানি ঘটেছে, বাংলার প্রাধান্য ও বাংলার নেতৃত্বও আজ কমে আসছে। জমিদারী প্রথা আমাদের দেশে যে রোল প্লে করেছে, তার কথা ইতিপূর্বেও দু একবার বলেছি, এখানে তার আর পুনরাবৃত্তি করতে চাই না। অর্থাৎ জমিদারী প্রথা থাকার দরুন ক্যাপিটাল ইনভেষ্ট হতে পারে, বোম্বেতে যা হয়েছে বাংলাতে তা হয় নি। কাজেই বাংলার কৃষ্টির উন্নতি করতে গেলে আজকে প্রয়োজন হ্যাপি প্রসপারাস পেজেন্ট্রি অর্থাৎ উন্নতিশীল সুখী কৃষক সম্প্রদায়ের প্রয়োজন। তা না হলে হোম মার্কেট থাকে না, বড় হয় না। তা না হলে কোন ইণ্ডাষ্ট্রী বড় হতে পারে না, গ্রো করতে পারে না।

আজ বিংশ শতাব্দির শেষ ভাগে বৈদেশিক বাণিজ্য নিয়ে বিভিন্ন বড় বড় সাম্রাজ্যবাদী রাষ্ট্রের মধ্যে ঝগড়া চলেছে। সেখানে ভারতবর্ষের এত পরে শিল্প বানিজ্য ব্যাপারে প্রতিদ্বন্দ্বিতা করা সম্ভব নয়। তাছাড়া তার শক্তিও নাই সেই বৈদেশিক বানিজ্যের উপরে ওঠা। আজ হোম মার্কেটের নিয়ন্ত্রণ করতে হবে। তার জন্য দরকার সাধারণ সম্পন্ন সুখী কৃষকের। তার উপর নির্ভর করছে বাংলার কৃষ্টি, সব কিছু। এ জিনিষ স্বীকার করে শুধু কৃষকদের কাছ থেকে রেন্ট রিসিভ না করে প্রয়োজন হচ্ছে রাষ্ট্রের কৃষকদের সমস্ত ঋণভার থেকে মুক্ত করা, তাদের জন্য ক্রেডিটের ব্যবস্থা করে রাখা এবং সমস্ত ইন্টারমিডিয়ারি ইন্টারেষ্ট তুলে দেওয়া।

বাংলাদেশের আজ সবচেয়ে বড় দুর্ভাগ্য হচ্ছে বর্গা প্রথায় ভাগ চাষ প্রথা আজও তুলে দেওয়া হচ্ছে না এই বিলের মারফৎ। কেননা এই বিলে রায়তের জন্য আলাদা কোন ডেফিনিসন দেওয়া হয় নি। আজও বেঙ্গল টেনান্সি এ্যাক্টে রায়তের যে ডেফিনিসন আছে, এখানেও তাই আছে। রায়ত হচ্ছে তারাই, যারা নিজেরা পরিবারবর্গ নিয়ে জমি চাষ করে, বা লোকজন রেখে চাষ করায়, বা ভাগ-চাষী দ্বারা চাষ করায়। সেই রায়তকে যদি ছোঁয়া না হয়, সেই ভাগচাষ প্রথা যদি আজও রয়ে যায়, তাহলে ৬০ পার্সেন্ট ইন্টারমিডিয়ারি ইন্টারেষ্ট রয়ে গেল, যে জিনিষ বাংলা দেশকে আক্রান্ত করছে। এতে ভাগচাষ ক্রমাগত বেড়ে যাবে। যার ফলে ভাগচাষীর কোন ইন্টারেষ্ট জমির উপর থাকবে না। সেই হচ্ছে দুর্লক্ষণ। সে যদি না হয় তাহলে

ই-ন্ডিভিজুয়ালিস্ট ইন্টারেস্ট-এর কথা উঠবে না। অনেক কিছু ফাঁক এই বিলের মধ্যে রয়ে গেছে, এই বিলকে সার্থক করতে গেলে, বিলটাকে আমূল পরিবর্ত্তন করতে হবে। আজ দুটি উপায় আছে, এক হচ্ছে যদি ক্যাপিটালিষ্ট ডেভলপমেন্ট চান, তাহলে পর কোন আপার লিমিট চলে না। আর আপার লিমিট দিয়ে বিগ ফার্মিং হয় না। জমি কেনা বেচার মত যতক্ষণ পর্য্যন্ত ক্যাপিটাল ইন্টারেষ্ট হবে, রেন্ট অপারেট করবে ততক্ষণ কোন ক্যাপিটা-লিষ্টিক ফার্মিং হবে না। বর্ত্তমান ধনতান্ত্রিকযুগে আইন দ্বারা সেই রেন্ট গতার্থ হবে। অর্থাৎ যদি ফ্রি মার্কেট দ্বারা জমিদার গভর্ণমেন্ট সেই ফিউডাল রেন্ট গ্রহণ করতে চান, তাহলে ক্যাপিটালিষ্ট ডেভলপমেন্ট হলো না, বরং এ্যারেষ্ট হয়ে গেল। পরিষ্কার ফ্রি মার্কেট ছেড়ে দেওয়া হচ্ছে, জমিদারী হস্তান্তর হচ্ছে, লেনদেন হচ্ছে, জমির যে সমস্ত প্রফিটেবল রেন্ট, সেটা প্রফিট মাইনাস যা হচ্ছে সে রেন্ট বুরজয়েস ইকনমি হয়ে যায়। তবুও ক্যাপিটালিষ্টিক ডেভলপমেন্ট হতে পারে। সেদিকেও এই বিল সহায়তা করছে না। অন্যদিকে ফ্রি প্রসপারাস কৃষির ডেভলপমেন্ট করতে গেলে, যা প্রয়োজন, তাও এ বিলে সহায়তা করছে না। একথা ঠিক যে কোন ফ্রি প্রসপারাস পেজাণ্ট্রি গ্রো করতে গেলে, যা জিনিষ প্রয়োজন সেই টাকাই যদি কমপেনসেশন দিতে গিয়েই ব্যয় হয়ে গেল, তাহলে কোথায় পাব সেই টাকা, যা থেকে চিপ ক্রেডিট দেওয়া যাবে?

(Dr Bidhan Chandra Roy:

কিছুই হাতে থাকে না!)

হ্যা, বিশেষ কিছুই থাকে না। যদি দিতে চান, তাহলে আমরা তা দিতে যাবো কেন? সে টাকা ট্যাক্স করে কেন নেওয়া হবে? কৃষকদের কেন দিতে হবে? তবে যদি বলেন ক্যাপিটাল লেভি করে সেই কমপেনসেসন দেবেন। যারা পাট থেকে লাভ করেছে, জুট মিল করে প্রাইড করেছে, চাষীদের পকেট ক্লেম করে কলকাতার সাত তলার উপর দশতলা বাড়ী তুলেছে, যদি কমপেনসেসন দিতে হয়, তাহলে এদের উপর ক্যাপিটাল লেভি করে, বর্দ্ধমানের মহারাজা, বিড়লা, গাটেল প্রভৃতির উপর ক্যাপিটেল লেভি করে ওদের কমপেনসেট করুন। তাতে আমার কোন আপত্তি নাই। সমস্ত বাংলার জনসাধারণ কমপেনসেসন দিতে রাজী নয়। সমস্ত বাংলার জনসাধারণ দাবী করে শত শত বছর ধরে যারা চাষী সমাজকে যারা অধঃপাতিত করেছে, নীচে নামিয়ে এনেছে, সব চেয়ে বেশী "প্রফিট" করেছে এবং সবচেয়ে বেশী ইংরেজের সহায়তা করেছে, যদি কমপেনসেট করতে হয়, তাহলে তাদেরকেই তা করতে হবে। বাংলার জনসাধারণের কাছ থেকে এক পয়সাও দেওয়া যাবে না।

সবচেয়ে মারাত্মক ত্রুটি যেটা এই বিলে রয়ে গেছে, সেটা হচ্ছে ল্যাণ্ড ডিষ্ট্রিবিউসন সম্বন্ধে কোন কথা এতে নাই। যে জমা জমিদারী প্রথা উচ্ছেদ, ল্যাণ্ড ডিষ্ট্রিবিউসন করে ভূমিহীন কৃষককে যে ভূমি দিতে হবে, তার কোন কথা এর মধ্যে নাই। আমি আশাকরি সিলেক্ট কমিটির ভেতর যেন এর ওয়াইডার স্কোপ দেওয়া হয় এবং এই কুজগুলির মধ্যে যেন এই বিলকে সীমাবদ্ধ না রেখে আরও ওয়াইডার স্কোপ দেওয়া—তার জন্য যিনি এই বিলের প্রস্তাবক, যিনি এই বিল নিয়ে এসেছেন, তার কাছে এই অনুরোধ।

[6-55—7-5 p.m.]

Sj. Charu Chandra Bhandari: মাননীয় স্পীকার মহাশয়, বংলাদেশের সামন্ত-তান্ত্রিক ব্যবস্থা বিলোপ সাধনে এটা প্রথম পদক্ষেপ। এটা সকলের পক্ষেই একটা আনন্দের কথা যে, যে ব্যবস্থা আজ ১৬০ বৎসর কাল বাংলার বুকের উপর জগদ্দল পাথরের মত বসেছিল তা অপসারণের কিছু চেষ্টা হচ্ছে। আজ এই দিনটা বাংলারপক্ষে স্মরণীয়, এবং সরকার যদিও বহু দেরী করে এই ব্যবস্থা করছেন তথাপি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। এই সামন্ততান্ত্রিক ব্যবস্থায় একদিক থেকে বাংলার সর্ব্বনাশ হয়েছে। সত্য কথা এই অন্তিম দিনে আজ মনে পড়ে এই জমিদার বংশে বাংলার অনেক বড় মনীষী জন্মগ্রহণ করেছেন। জমিদারদের মধ্যেও অনেকে উদার হৃদয় ছিলেন। আজ তাঁদের কথা স্মরণ করি, কিন্তু তাঁদের কথা স্মরণ করতে গিয়ে সবচেয়ে বেশী করে মনে পড়ছে এই কথা যে এই ব্যবস্থার দ্বারা ইংরাজের হস্তকেই দৃঢ় করা হয়েছিল। এতে বাংলার অর্থনৈতিক উন্নতির পথ বাধা প্রাপ্ত হয়েছে। এর ব্যবস্থার মধ্যে সেই সব সহস্র সহস্র শুকনো মুখ মনে পড়ছে যাঁরা দিনের পর দিন খেটেছে কিন্তু খেতে পায় নি। আজকে সেই সব হতভাগ্যদের কথা মনে পড়ছে যারা রোদে পুড়েছে এবং বৃষ্টিতে ভিজেছে। আজ ভগবানের দয়ায় তাদের দুর্দশা অপসারণের একটা পথ দেখা দিয়েছে, এটা ভাল কথা—এই পর্য্যন্ত ভূমিকা করে এই বিলের সম্বন্ধে কিছু বলবো।

[Sj. Charu Chandra Bhandari.]

এই বিলের উদ্দেশ্য কি? দেশের উন্নতি হবে। এর দ্বারা সামন্ততান্ত্রিক ব্যবস্থার অবসান হবে এটা ভাল কথা। কিন্তু এই বিল আনবার উদ্দেশ্য কি? এর উদ্দেশ্য হচ্ছে দেশের যা জমি আছে, জমির মধ্যে বণ্টনের যে বিষমতা আছে তা দূর করবার একটা ব্যবস্থা এই বিলের মধ্য দিয়ে হবে, কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি। কম্পেনসেসন সম্বন্ধে বঙ্কিম বাবু বলেছেন। এটা সকলেই জানেন যে আমরা কোন রকম কম্পেনসেসন দেবার বিরোধী। আজ সংবিধানের অনুজ্ঞানুসারে আমাদের কাজ করতে হবে এই কথা বলে কোন লাভ নাই। এখানে আমি সরকারকে স্মরণ করিয়ে দিব যে, যদিও এই বিলটা জয়েণ্ট কমিটিতে যাচ্ছে তাহলেও কম্পেনসেসন কোন নীতিতে দিবেন তা এই বিলের প্রস্তাবক বলেন নি। আপনারা একটা নীতি করেছেন শতকরা ৪ থেকে ১৫ পর্য্যন্ত। যদি কোন রকম কম্পেনসেসন দিতে হয় তাহলেও আমি তাকে কম্পেনসেসন বলে দিব না। আমি বলবো যাদের উপর এই ব্যবস্থা অর্থাৎ জমিদারী বিলোপ সাধনের ব্যবস্থা প্রয়োগ করা হবে তাদের যদি প্রয়োজন হয় তাদের রিহ্যাবি-লিটেসন বা পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। রিহ্যাবিলিটেসনের জন্য যদি কোন খরচ পেতে চান তা তাঁরা পারেন। এই অবস্থায়ই যদি কম্পেনসেসন দেওয়া হয় তাহলে না হয় সেটা সমর্থনযোগ্য হবে। জয়েণ্ট কমিটিতে যখন এই কম্পেনসেসনের কথাটা বিবেচনা করা হবে—এবং করতেই হবে তখন অন্ততঃ এইটুকু যেন করা হয় যে, যাঁদের কাছ থেকে জমি নেওয়া হচ্ছে তাঁদের পুনর্বাসনের জন্য যদি খরচার প্রয়োজন হয় তা আমরা দেব। সেই ব্যবস্থার প্রয়োজন না থাকলে আমরা তা দেব না।

দ্বিতীয় কথা হচ্ছে জমি আমরা নিচ্ছি, কিন্তু এর মধ্যে কোন ভাল চিন্তা নাই। জমি কে পাবে? জমি ষ্টেট পাবে। অর্থাৎ ষ্টেট ক্যাপিটালিজম পাবে। আমি জানি—সকলেই জানেন জমি ভগবানের। জমি সকলের। জমি গোপালকা আলো হাওয়া জলে যেমন সকলের অধিকার তেমনি ভূমিতেও সকলের অধিকার আছে। যে জমি কর্ষণ করে জমি তারই। ভূমি জনসাধারণের ট্রাষ্ট স্বরূপ। এই নীতি না হলে এতে আনন্দ করার মত কিছু নাই। জমিদারের পরিবর্ত্তে গভর্ণমেণ্ট আসবে। প্রায় একই কথা। জমি কার? জমির অধিকারী কে? চাষীই জমির অধিকারী। এই নীতিই হচ্ছে নীতি যা গৃহীত হবে। আজ না হ'লে কাল হবে। তা নাহ'লে রেণ্টের প্রশ্ন উঠে না। সে যদি জমির অধিকারী না হয় তাহ'লে রেণ্টের প্রশ্ন উঠে না। আমার প্রয়োজন আছে আমি জমি চাষ করব। ১৫ বিঘার প্রয়োজন হ'লে ১৫ বিঘাই চাষ করব। জমি থেকে যে আয় করব তার উপর গভর্ণমেণ্ট ট্যাক্স বসাবেন। কিন্তু তা নাহ'লে রেণ্ট হতে পারে না, ট্যাক্স ধরতে পাবেন না। ২।৩ হাজার টাকার বেশী আয় হ'লে ট্যাক্স হতে পারে। এই নীতি গৃহীত হওয়া উচিত।

তারপর আমি এখন অন্য কথায় আসছি। এই ব্যবস্থার দ্বারা একদিকে জমিদারী যাচ্ছে বটে—ঠিক কথা। কিন্তু এর সঙ্গে সঙ্গে আরেকটার বীজ রোপিত হচ্ছে। এখানে আমি একজন মহাপুরুষের কথাই বলছি। তাঁর কথা অনুসারে জমিদারী যাচ্ছে বটে, কিন্তু ফার্মদারী আসছে। যদি সরকারের সদিচ্ছা থাকতো তাহ'লে এমনি করে প্রথম থেকে টাইম ঠিক ক'রে দিতেন না। এই ধরণের একটা ট্রান-জাক্সনের ব্যবস্থা করতেন না। এটা গভর্ণমেণ্ট হয় ইচ্ছাপূর্ব্বক করেছেন, আর না হয় এটা তাঁদের নির্বুদ্ধিতা। কোন জমি তাঁরা পাবেন না। সর্বনাশ ক'রে রেখেছেন। এটা সাংঘাতিক কথা ২৫ একর জমি পাবে। জয়েণ্ট কমিটিতে তাঁরা কি চিন্তা নিয়ে যাবেন?

[7-5—7-15 p.m.]

তাই হচেচ। সাধারণ গৃহস্থকে বলছেন সাবধান হতে আবার চোরকে বলছেন চুরি করতে। আমি বলছি এটাই হচ্ছে গভর্ণমেণ্টের নির্বুদ্ধিতা। এতে সর্ব্বনাশ হচ্ছে। এতে বলা হচ্ছে যত পার বেনামদারীতে সব করে নেও। শুধু তা নয় আরো সর্ব্বনাশ হচ্ছে। দেখুন চিন্তা করুন

"Where intermediary is a Co-operative Society engaged in farming or a Company registered under the Indian Companies Act, 1913, engaged in farming, agricultural land in the khas possession of such society or company, not exceeding in area the number of acres which the members of the society or the company would have been entitled to retain in the aggregate under clause (d)."

কি সাংঘাতিক কথা। অর্থাৎ বলে দিচ্ছেন যাদের ৫ হাজার বিঘা খাস জমি আছে, সেখানে ৫০ জনকে নিয়ে ১০০ বিঘা করে একটা কো-অপরেটিভ সোসাইটি বা রেজিষ্টার্ড কোম্পানী করতে পারেন তাহ'লে আপনার জমি যাবে না। কি সর্ব্বনাশের কথা। এতে যোল বিলের সর্ব্বনাশ সাধিত করা হচ্ছে এটা কল্পনা করা যায় না। শুধু এই নয়। আরো

৪ বৎসরের মধ্যে এই বিল কার্য্যকরী হতে পারবে না। আমি দেখিয়ে দিচ্ছি। এ জিনিষ চল্‌তে পারে না। এখানে গৃহস্থকে বলা হচ্ছে সাবধান হও আবার জমিদারকে বলছেন তুমি সাবধান হও। যে যা পারো করে নেও--কো-অপারেটিভ কোম্পানী করে, রেজিষ্টার্ড কোম্পানী করে, জয়েণ্ট ষ্টক কোম্পানী করে। (Dr. Radha Krishna Pal: এই বিলে ৩৬, ওয়েলিংটন ষ্ট্রীট বাড়ীটা চলে যাবে না।) আমি ব্যক্তিগত ব্যাপার নিয়ে কাকেও কিছু বলতে চাই না। গভর্ণমেণ্টের নির্বুদ্ধিতার কাজ যা হচ্ছে সেটাই বলছি। এই যে সর্ব্বনাশ হচ্ছে এর যদি পরিবর্ত্তন না করা যায়—

(At this stage blue light was lit.)

আমার টাইম শেষ হয়ে গেল?

Mr. Speaker: আপনি বলুন।

Sj. Charu Chandra Bhandari: দ্বিতীয় কথা বলি। ইনডাষ্ট্রী নেশেনালাইজেসন কথা অনেকেই বলছেন। কোথায় এর একটা অপরচুনিটি আসবে না এই বিল হলে টি গার্ডেন বাদ যাবে। তারপর মাইনস একটা কি ইনডাষ্ট্রী, তা নেওয়া হবে সিম্বলিকাল এ্যাকুইজিসন হিসাবে গভর্ণমেণ্ট এটা নেবেন। তারপর যাদের মাইনস আছে তারা গভর্ণমেণ্টের সঙ্গে একটা কণ্ট্রাক্ট করে সেটা ফিরে পাবেন। ন্যাশানালাইজেসনের অবকাশ এসেছে কিন্তু এই বিলের দ্বারা কোন কাজ হচ্ছে না। এই জিনিষটা অসহনীয়। দেশের যে কোন চিন্তাশীল, সমাজের কল্যাণকামী ব্যক্তিকে জিজ্ঞাসা করলেই তারা বলবে যে এটা অসহনীয়। মাইনস কি নেবেন না গভর্ণমেণ্ট?

(এ ভয়েস: হাঁ, হবে সব ধীরে ধীরে।)

তাতে কি হবে? আমাদের দেশে ৫৪টি মহকুমা আছে। আমি একবার নয় বহুবার বলেছি যে ২।৪টে করে মহকুমা প্রতি বৎসর নিলেও বহু বৎসর লেগে যাবে। কারণ তার সার্ভে দরকার। সার্ভে না করলে কাজ এগুবে কি করে? প্ল্যানিং কমিশনেও এই সার্ভের কথা আছে। এবং এই সার্ভে না হলে বহু বাধা সৃষ্টি হবে। এ বিল পাস হবার পর, এটা বিধান হবার পর এই আইন অনুসারে চ্যাপ্টার এইট অফ দি বেঙ্গল টেনান্সি এ্যাক্ট সার্ভে করা হবে বা অন্য কোন রকম সার্ভে হবে কিন্তু বাংলাদেশে এক সঙ্গে সমস্ত হবে না। যারা জমিদার তাদের মন খারাপ হচ্ছে কিন্তু আমি বলি যে মন খারাপ করবেন না। এতে যা হতে যাচ্ছে তাতে আপনাদেরই সুবিধা হবে। এখানে সার্ভে কে করবে? তারপর প্রুফের জন্য প্রিলিমিনারি আছে, তারপর ফাইনাল পাবলিকেশন আছে, তারপর রেকর্ড অফ রাইট্‌স হতে কত সময় লাগবে। তার পূর্ব্বেই রেজিষ্টার্ড কোম্পানী, কো-অপারেটিভ ফার্মিং হয়ে যাবে। বাংলাদেশের অবস্থা কি। মানুষের জমি নেই। আজ বাংলার দুর্ভিক্ষের কারণ কি? খাদ্য শস্যের দুর্ভিক্ষ নয়, এটা হচ্ছে মানুষের ক্রয় ক্ষমতার অভাবের জন্য দুর্ভিক্ষ। ১৯৪০ সালে যখন ফ্লাউড কমিশন বসেছিল, তারা বলে গিয়েছে যে তদানিন্তন বাংলায় শতকরা ৬৩ জনেরই ৩ একরের কম জমি ছিল, ১৯৪৪ সালে দাঁড়িয়েছিল শতকরা ৭৬ জনের ৩ একরের কম জমি ছিল, বর্ত্তমানে সেটা হয়ত শতকরা ৮০ জনে দাঁড়িয়েছে। এইত দেশের অবস্থা। এই যে ভাগ ভাগ সিসটেম তা কেন এসেছে? তার কারণ হচ্ছে জমি নেই। সেখানে আজ বলা হচ্ছে। রেজিষ্টার্ড ফারমিং কর, কো-অপারেটিভ ফারমিং কর ৫০ জন ১০০ জন মেম্বার নিয়ে। যেমন ইউ, পি,তে আরম্ভ হয়েছে। সেখানে তাই বিনোভাজী বলেছেন—চাষী করবে কি? "জমিদারী গ্যাই, ফার্মদারী আই"। জমিদারী নষ্ট করে ফার্মদারী করা হচ্ছে। তাই চিন্তাবদের সর্ব্বনাশ হচ্ছে। এটা অকথনীয়, অসহ্য ব্যাপার। সমস্ত দেশ বেকার হয়ে যাবে। এখানে অনেকে এই বিল আনার জন্য ধন্যবাদ দিচ্ছেন কিন্তু দেশের অবস্থার কথা যদি বিবেচনা করা যায় তাহ'লে ধন্যবাদের কথা আসে না। লক্ষ লক্ষ শুক্‌নো মুখ---তারা জমিদারের অত্যাচার, রৌদ্র বৃষ্টির কষ্ট, অমানুষিক অপমান সহ্য করছে এই ১৬০ বৎসর ধরে। সরকার আজ যে ব্যবস্থা করছেন তাতে চিন্তা করে দেখেছেন কি যে তারা কি সর্ব্বনাশ সাধন করতে যাচ্ছেন।

[7-15—7-25 p.m.]

Sj. Hemanta Kumar Basu: স্পীকার মহোদয়, এই এষ্টেট্‌স্ একুইজিসন বিল যেটা আজ আমাদের সামনে এসেছে, এটা সম্বন্ধে আমরা ভেবেছিলাম যে এমন একটা বিল আনবে, যে বিলের দ্বারা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এখানে জমিদারী প্রথা সৃষ্টি করার পর থেকেই কৃষকেরা যে অত্যাচার ও নির্য্যাতন সহ্য করেছে, যেভাবে শোষিত হয়েছে, এবং আজ পর্য্যন্ত যেভাবে সেই শোষণ ও নির্য্যাতনের মধ্য দিয়ে তারা দিনের পর দিন ধ্বংসের পথে চলেছে, আমাদের কংগ্রেস সরকার বাস্তবিকই কৃষকদের সেই দুরবস্থা দূর করার জন্য বদ্ধপরিকর। তাছাড়া, কৃষকের উন্নতি এবং দেশের বর্ত্তমান খাদ্য সমস্যা সমাধানের জন্য সেই দিকে দৃষ্টি রেখে জমিদারী একেবারে ও জমিদারী প্রথা বিলোপের বিল আনবেন। কিন্তু বাস্তবিক আজ দেখছি যে জিনিষ এমন হয়েছে,

[Sj. Hemanta Kumar Basu.]

যেমন বর্গাদার আইনটায় হয়েছে ভেষ্টেড ইণ্টারেষ্ট যাদের তাদেরই যেমন সুবিধার বন্দোবস্ত করা হয়েছে এ বিলটাও ঠিক সেইভাবে আনা হয়েছে। যদিও সিলেক্ট কমিটিতে আমরা সুযোগ পাব, আমাদের কথা কিন্তু কংগ্রেসের নিজেদের পার্টি ও কেবিনেটের মধ্য দিয়ে বিশেষভাবে আলোচিত হয়ে যেভাবে বিলটা এখানে এসেছে, আর সিলেক্ট কমিটিতেও যখন কংগ্রেস দলই সংখ্যা গরিষ্ঠ তখন এ বিলের সেখানে যে আমরা কোন উন্নতি করতে পারব তা বোধ হয় না। সুতরাং যে জমিদারী প্রথা বিলোপের জন্য বহু দিন ধরে আন্দোলন চলে আসছে এবং কংগ্রেসও কৃষকদের কাছে যে জমিদারী প্রথা বিলোপের কথা বার বার বলেছেন, কংগ্রেসের হাতে ক্ষমতা এলেই কৃষকেরা জমিদারের অত্যাচার থেকে মুক্ত হবে ইত্যাদি, কিন্তু বিলটা যেভাবে এসেছে তাতে সেরকমের কোন কিছুই এতে আমরা দেখতে পাচ্ছি না। আর আমাদের মতবাদই সিলেক্ট কমিটিকে কতখানি গ্রহণ করাতে পারব তা বলতে পারি না। সেই জন্য এই বিলটা সম্বন্ধে আমাদের যা বলবার তা দুচার কথায় কিছু বলছি।

বিলতো সিলেক্ট কমিটিতে যাবে। কিন্তু বাংলাদেশে যে পরিমাণ জমি আছে, জমির সেই পরিমাণটা হিসাব করলে দেখা যায় মাথা পিছু দেড় একরের বেশী হয় না। যদি সেইভাবে বিচার করা হয় তাহ'লে এক এক জন যেখানে ৩০ কি ৪০ বিঘার উপর ঘরবাড়ী ও খাস ল্যাণ্ড অধিকার করে রয়েছেন তাদের যদি এক একজনের ১৫।২০ একর করে জমি রাখবার ব্যবস্থা করে দেয়া হয় তাহ'লে আর কতটুকু জমি থাকে তাদের জন্য? যাদের নিয়ে নাকি সমস্যা, যারা হচ্ছে ভূমিহীন চাষী, যারা বর্গা প্রথায় চাষ করে, তাদের জন্য জমি কোথা থেকে আসবে? একথা এই বিলে একদম নাই। এ যেমন কোন রকমভাবে জমিদারী প্রথা বিলোপের যে আন্দোলন, এবং জনসাধারণের কাছে কংগ্রেসের যে একটা কথা দেয়া আছে সেইটে কাটিয়ে দেবার জন্য এই বিলটা এনে জনসাধারণের কাছে উপস্থিত করা হয়েছে। অর্থাৎ সরকারের নীতি যেভাবে চলে আসছে সেইভাবেই এর নীতিটাও রাখতে হবে, সেই দিকে দৃষ্টি রেখেই বিলটি আনা হয়েছে। এর দ্বারা ১০।৫ হাজার বিঘা যাদের জমিদারী ও জমি আছে তাদের জমিদারী ও জমি যদি সরকার নিয়ে নেন তাতে জমিদারদের কোনই ক্ষতি হবে না বরং লাভই হবে। জমিদারীতে এখন আর লাভ হচ্ছে না, এবং জমিদারী প্রথা উঠে যাবে বলে জমিদারী বিক্রয়ও হচ্ছে না, সেই জমিদারী সরকার নিয়ে নিলে এখন একটা মোটা টাকা পাবে এই আশায় জমিদাররা উদ্‌গ্রীব হয়ে আছে। তারপরে কৃষক আন্দোলন ও গণ আন্দোলন যেভাবে জেগে উঠেছে তাতে করে জমিদাররা ব্যতিব্যস্ত হয়ে পড়েছে। যদি এই আন্দোলন সফলতা লাভ করে তাহ'লে সর্ব্বস্ব নিয়ে নেবে; তার আগে যদি আমাদের বন্ধু কংগ্রেস সরকারের কাছ থেকে একটা ফাঁকে কিছু মোটা রকম পাওয়া যায় তাহ'লে কেন নেব না? জমিদাররা আজ এই মনোভাবাপন্ন। বর্গাদার যারা নাকি প্রকৃতপক্ষে জমি চাষ করে তাদের সম্বন্ধে এখানে যখন প্রস্তাব এসেছিল সেই আলোচনার মধ্য দিয়েই আমরা বুঝতে পেরেছি এই বিলটা কিভাবে এসেছে, গরীব চাষী বা ক্ষেত মজুরদের দিকে দৃষ্টি রেখে এ বিলটা হয় নাই, জমির একটা ইকনমিক দিক আছে, অর্থাৎ ইকনমিক হোল্ডিং যাকে বলে, বাংলাদেশের যারা নাকি একচুয়ালি টিলার অফ দি সয়েল তাদের কাছে কিছুই পৌঁছাবে না, তাদের বর্গা জমিই চাষ করতে হবে, সেই ক্ষেত মজুরীই করতে হবে। যে অভাব, অত্যাচার ও শোষণের মধ্য দিয়ে তারা চাষ করে আসছে সেই-ভাবেই চাষ তাদের চিরকাল করতে হবে, তাদের উন্নতির কোন আশাই নাই। এ বিলটায় ক্ষেত মজুর ও ভাগচাষীদের জন্য কোন ব্যবস্থা একেবারেই করা হয় নাই।

আমাদের দেশে জমিদারী প্রথার সৃষ্টি হয়েছিল ইংরেজ আসবার পরে, তার আগে সমস্ত জমি না হোক বেশীর ভাগ জমিই রাষ্ট্রের হাতে ছিল, সামান্য কিছু কিছু জমিদার যে ছিল তারা চৌধুরী সম্প্রদায়, জনসাধারণের কাছ থেকে কর আদায় করত। এই চৌধুরীরা ক্রমে ইংরেজের আমলে সুপারভাইজারে পরিণত হয়। প্রথমে জমির খাজনা, যাঁরা নবাব ছিলেন তাদের যারা কর্মচারী ছিল তারা কতক আদায় করত, আর এক দিকে কোম্পানির সুপারভাইজাররাও কর আদায় করত। এর ফলে কৃষকেরা বিদ্রোহ করতে বাধ্য হয়। আপনারা সকলেই জানেন, দেবী সিংহের অত্যাচারের কথা। রাজসাহী, রংপুর, দিনাজপুর প্রভৃতি জায়গায় বিরাট কৃষক বিদ্রোহ হয়েছিল—যার ফলে লর্ড কর্ণওয়ালিস বাধ্য হয়েছিলেন পার্মানেন্ট সেটেল্‌মেন্ট করতে। আগে ৫ বছর অন্তর বা ৩ বছর অন্তর জমির খাজনা আদায় করত। বিদেশী শাসকদের হাতে ছিল রাষ্ট্র, তারা পার্মানেণ্ট সেটেল্‌মেণ্টের সৃষ্টি করল, পরে যারা চৌধুরী সুপারভাইজার—যারা খাজনা আদায় করত তারাই জমিদার শ্রেণীতে পরিণত হয়। কাজেই এই জমিদার ইংরেজের

স্বষ্টি। এবং এই জন্যই জমিদার শ্রেণী থেকে—ভারতবর্ষে যারা গণ আন্দোলন করেছে—তাদের মধ্যে কাউকে পাওয়া যায় নাই, একমাত্র নাড়াজোলের দেবেন্দ্র লাল খাঁ ও নরেন্দ্র লাল খাঁর নাম পাওয়া যায়। এই জমিদারেরা বরাবর ইংরেজের সঙ্গে সহযোগিতা করেছে, বিদেশী সাম্রাজ্যবাদকে সমর্থন করে এসেছে এবং দেশের কোটি কোটি কৃষককে শোষণ করে নিজেদের স্বার্থ পূরণ করেছে। কৃষক যে খাজনা দেয় সেই খাজনার চার ভাগের এক ভাগ পেতো ইংরেজ সরকার, আর তিন ভাগই পেয়ে এসেছে জমিদার। সুতরাং জমিদার আজ পর্য্যন্ত যেটা কৃষকদের দেয় তার তিনগুণ যে হস্তগত করে এসেছে, এই যে কৃষকেরা যে বেশী টাকা দিয়েছে, আজকে যখন জমিদারী প্রথা বিলুপ্ত হচ্ছে, আজকে তার একটা হিসাব নিকাশ হওয়া উচিত। জমিদারেরা কৃষকদের কাছ থেকে যে অর্থ খাজনা বাবদ নিয়েছে সেই খাজনার টাকায় তাদের যে সব সম্পত্তি বা বিত্ত কেনা হয়েছে তার একটা এসেসমেণ্ট করা দরকার। যাদের নাকি বাড়ী ঘর বিত্ত আছে, যাদের এই কলকাতা সহরে বহু বাড়ী গড়ে উঠেছে তাদের আবার কেন টাকা দিতে হবে? আজ যখন দেখা যায় যে জমিদারদের পূর্ব-পুরুষরা খাজনা আদায়কারী কর্মচারী ছিল, কৃষকদের রক্ত শোষণ করে বৃটিশের সাহায্যে বড় বড় জমিদার হয়েছে, তাদের আবার কম্পেনসেসন কেন দিতে হবে?

[7-25—7-35 p.m.]

আজকে ভেবে দেখতে হবে যে কৃষকের রক্ত শোষণ করে বৃটিশ সাম্রাজ্যবাদীর সাহায্যে বিত্তশীল হয়েছেন তাদের কি জন্যে কম্পেনসেসন দেওয়া হবে? বরং বঙ্কিম বাবু ঠিক বলছেন সেই টাকা হিসাব করে তাদের যেটুকু উপজীবিকার জন্য প্রয়োজন সেটুকু তাদের দিয়ে বাকী টাকা কনফিসকেট করা উচিত। যেমন ভারতবর্ষ, বাংলাদেশের অর্থ নিয়ে বিটিশ সমাজ শিল্পে পুষ্ট হয়েছে তেমনি এদের অর্থ নিয়ে দেশে আমাদের নোতুন নোতুন শিল্প গড়ে তুলি। একমাত্র তাদের যাদের জমিই একমাত্র সম্বল, জমি ছাড়া যাদের জীবন চলে না, তাদের কম্পেনসেসন নয়, তাদের রিহ্যাবিলিটেসনের কথা বিবেচনা করা যেতে পারে। তাদের যা ইকনমিক হোল্ডিং আছে তা থেকে এক একটা ফ্যামিলী অফ ফাইভ প্রতি ১৫ বিঘা বা ২৫ বিঘা জমি দিন, এরকম একটা ইউনিট হিসাবে দেওয়া যেতে পারে। কিন্তু তারা নিজেরা চাষ করবেন। যাদের একমাত্র জীবিকা তাদের পক্ষে একটু সাহায্যের প্রয়োজন। আরও একটা কথা। জমির ব্যাপার ছাড়া আরও অনেক ক্ষেত্রে জমিদারী প্রথা বজায় চলছে। যেমন টি গার্ডেনসে বরাবর এখানে ধনী বৃটিশ দেশের লোককে শোষণ করে বহু অর্থ নিয়ে যাচ্ছে, সেই জমিদারী বিলোপের কোন ব্যবস্থা হবে না। সেখানকার শ্রমিকদের প্রোটেক্সন দেবার কি হল? মুষ্টিমেয় বিদেশী বা দেশী ধনী যারা যথেষ্ট অর্থ করেছেন তাদের এই জমিদারী প্রথা বিলোপের আওতায় কেন আনা হয় নি? তাই দেখছি সরকার যখনি কোনো বিল আনছেন সবগুলিই ভেষ্টেড ইন্টারেষ্টের সুবিধার জন্যে। সেজন্যে কম্পেনসেসনের বিরুদ্ধে আমরা যাচ্ছি এবং এ সম্বন্ধে বিহার এবং ইউ, পিতে জমিদারী আইন দিয়ে যে অসুবিধা হয়েছিল তার প্রতিকারের জন্যে যখন সংবিধান পরিবর্ত্তন করা হ'ল। বাংলাদেশের মিঃস্ব কৃষক, অথচ যারা বাংলায় সম্পদ গড়ে তুলবে, তাদের দিকে দৃষ্টি রেখে যদি সংবিধানে এরকম পরিবর্ত্তন করা যায় যে, যে সমস্ত জমিদারের জমি এবং যে ব্যক্তিগত সম্পত্তি আছে সেটা আমরা নেব, তাদের যা মাত্র প্রয়োজন জীবিকার জন্যে সেটুকু তাদের দিয়ে বাকীটা নিতে পারব, আর জমি গ্রহণ করার ফলে কারও যদি জীবিকা একেবারে নষ্ট হয়ে যায় তাহলে তাকে একটা রিহ্যাবিলিটেসন লোন দেওয়া যেতে পারে। আর যেসমস্ত বড় বড় ব্যবসায়ীরা, যা চারু বাবু বলেছেন, কয়েকজন মিলে যে একটা কো-অপারেটিভ করে ফেলেন, ক্যাপিটালিষ্ট সিষ্টেম অফ গভর্ণমেণ্টে এই যে কো-অপারেটিভ গড়ে উঠবে, তার মধ্যে ক্যাপিটালিজম গড়ে উঠবে। যদি গণতান্ত্রিক রাষ্ট্র করতে হয়, তাহলে গণের স্বার্থের দিকে দৃষ্টি রাখতে হবে। এখানে তা নেই, সুবিধাবাদী কতকগুলি লোকের স্বার্থের দিকেই দৃষ্টি আমরা দেখছি। যা হোক, সিলেক্ট কমিটিতে আমাদের বক্তব্য বলবার সুযোগ পাব। বিলটি কংগ্রেস পার্টি, গভর্ণমেণ্ট পার্টির হাত দিয়ে এসেছে, আশাকরি যারা এরপরে আসছেন তারা দেশে শ্রেণীহীন সমাজ প্রতিষ্ঠার দিকে লক্ষ্য রেখে বিলটিকে ঠিক পথে পরিচালিত করবার চেষ্টা করবেন।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir. So at last Dr. Roy's Cabinet has introduced the long expected and much talked of Landlord Abolition Bill in the name of The West Bengal Estates Acquisition Bill, 1953. Of course, Sir, we must congratulate the Cabinet on even this belated attempt on the theory "better late than never". But I must say, Sir, that the Bill, as it has been framed, will not satisfy the desire of the persons who

[Sj. Tarapada Bandopadhyay.]

were clamouring for a Bill like this, nor will it satisfy the needs of the country and the nation. Well, Sir, we, the people, were demanding this Bill on several grounds. The first reason was that our State is always short of funds. If we can acquire the zemindaries and all intermediary interests, then a huge income which was so long going to the coffers of the zemindars and intermediaries, would come to the coffers of the State and, therefore, the fund of the State will be augmented to a substantial extent, and it will be possible for the State to spend that money for many nation-building purposes. This was the first reason.

The second reason was that the zemindars with their traditions—feudal traditions—were a misfit in the present state of democratic India and therefore in order to build up a new social order in consistence with the present democratic current of thought these landlords, these feudal chiefs so to say, should go out of the picture. It was another reason but the most important reason was for the State to get extra lands from the possession of the zemindars as also from the possession of raiyats so that those lands might in future be distributed among the needy and honest peasants whose sole occupation is cultivation. By this process we will ensure employment among certain needy people. On the other hand, we will ensure proper cultivation of the lands allotted to them and this would, as a final result, augment the food supply of the country. Everybody knows that we are suffering always from a chronic want of food supply.

[7-35—7-45 p.m.]

For all these reasons we were wishing that landlordism should be abolished as also, side by side with this, all the surplus lands from raiyats, under-raiyats and the landlords should be taken. Therefore, the situation is an urgent one and we should have expected, Sir, in the body of the Bill some urgency, but you will be surprised to find that there is no sense of urgency in the Bill. It was mainly and chiefly for this reason—more than anything else—that I was saying that it will not satisfy the needs of the time, the needs of the people and the desire of the people. No time-limit has been set up within the body of the Bill. Nobody knows when they are going to finish this process of taking over of zemindaries and of the interest of intermediaries. As a matter of fact, this process may take them even 100 years, and if they be so faltering, so halting and so dilatory, then also we will not be able to accuse them on the basis of the interpretation of the Bill as it has been framed at present. Therefore, I should ask that provision must be made in the Bill specially to fix some time-limit, say 5 years or at most 10 years within which the process of taking over the zemindaries and the surplus lands should be finished.

Again, Sir, I must say that this Bill, is unduly favourable to the zemindars and intermediaries. They have been given 75 bighas of land per head. This is a huge area of land, and, as Mr. Bhandari has pointed out, if there are a body of co-sharers—if there are 5 co-sharers or even if there are 36 co-sharers in many estates—according to the interpretation of the law as it has been framed, although 36 or 40 co-sharers would be in possession of an estate, it would be legally competent for them to keep 75 bighas of land per head. It would be a huge thing. It would defeat the very purpose of the Bill and the situation will go to such a ludicrous extreme that you will not be able to find sufficient quantity of land for allotting to each co-sharer at the rate of 75 bighas per head. So far as raiyats and under-raiyats are concerned, they have been also given a choice of 75 bighas—two-crop lands—and that will, according to the computation as it has been given in the Bill itself, amount to 94 bighas of land. They also—all their co-sharers—would be in a

position to keep for themselves 94 bighas of land per head. I must say that this is a staggering figure and this should not be allowed and the criterion on which such allotment has been made there—the basis of calculation—is wrong. You cannot apply the rule of thumb nor can you make a sweeping generalisation like this in every case without any regard to the needs of the persons who are given some choice of retaining some lands. Therefore, I must say that the criterion should be the practical need, for the time being, of each unit of family and this need also should be calculated on the basis of the food crops—the staple food crops—that will be necessary for a family for taking it through the whole year, I mean 12 months. There should be a criterion like this. We should not make a sweeping generalisation like that because if we do so then, in practical application the rule would be found to be unduly inequitable in many cases. A family consisting of forty persons would perhaps get 75 bighas—one man among them being the owner and the others being the dependants of the family, he will get only 75 bighas—while a man having two or three persons in the family will also get 75 bighas. Therefore, I was saying that in its practical application this rule will entail great difficulty. So, this should be kept in mind.

Again, Sir, as was being pointed out by Shri Bhandari, there is no indication about the distribution of agricultural lands that have to be taken over by the Government. Simply at a certain time at the desire of a Magistrate or somebody else some land may be taken over from the owner, but what would you do with this land? As we understood, Sir, from the talk in the lobbies, from the talk in Ministerial circles, from the reports of the newspapers, Dr. Roy's Cabinet was making delay in presenting this Bill for the purpose of presenting a consolidated Bill for the acquisition of estates as well as for the acquisition of the raiyati lands, under-raiyati lands, culturable lands as also for the distribution thereof among the needy peasants. But we do not find a consolidated Bill; simply we find an Estates Acquisition Bill. Therefore I was saying that this Bill certainly would not satisfy the needs of the time and as I was saying it has been so favourable to the landlord. He has been given the choice of keeping the tea garden, orchards, fisheries, factories, workshops and so on and so forth. This should not be the thing. If really he has to retain all these valuable things, then certainly the value of these things should be computed and that should be deducted from the compensation that is to be otherwise allotted to him. Otherwise, Sir, as my learned friends here were pointing out, this would be in the guise of a blessing a real curse to the common people, it will serve as a blessing to the landlords, to the intermediaries concerned. And I should say there has been made an invidious distinction between Calcutta and other places—non-municipal areas, because it has been said so far as Calcutta is concerned, the zemindars would have the option, would have the choice, would have the right, I should say, to keep intact their *hats*, bazars, buildings and so on and so forth, but the poor landlords in the villages would not be able to keep anything like that. Law should be the same in all places be it municipal area or non-municipal area, because there is no principle of jurisprudence which would warrant the equity of an invidious distinction like this.

So far as compensation is concerned, I must say that 15 times the net income has been taken as the maximum rate of compensation. I should say this should not be the case. Of course, so far as compensation is concerned, there is a sharp difference of opinion between various schools of thought in this country, even in this House. So far as myself is concerned and perhaps our party is concerned, we must say that some compensation

[Sj. Tarapada Bandopadhyay.]

must be given to the zemindars and intermediaries, because, Sir, if we are once committed to the principle of taking over a thing, forfeiting a thing without paying anything, then certainly we will carry ourselves to a ludicrous extreme. For one day on the same logic a man who had sold me a cow for Rs. 300 five years back could come and say to me, "Well, in the course of these five years you have got from the cow in the shape of milk Rs. 500. Now you give me back the cow and in the bargain Rs. 200 as well". This will take us to a ludicrous extreme. If this is the theory by which we are to be guided, then no owner would be in a position to retain anything. On one day the land which I purchased five years back or ten years back I would have to give it back to the vendor and some money also will have to be paid to him. There will be *dan* together with *dakshina*. This is a very, very significant thing. Of course they cannot get a market value. As a matter of fact I must say so far as landlord's interests in zemindari estates are concerned there is no such thing as market value. The market value depends on demand and supply. As a matter of fact there is no demand now-a-days; there is no sale of these estates.

[7-45—7-52 p.m.]

Therefore, the compensation should be fixed on a consideration of the paying capacity of the State. In this connection I must also say that solvency or insolvency of a particular zemindar or an intermediary should also be taken into consideration. If a man has other substantial incomes from other sources, then certainly he will have to make some sacrifice in the interests of the State. Wherefrom should the compensation come? On this point I agree with my learned brothers that it should come from the capitalists. It is my firm conviction that the capitalists who are rolling in riches while all the poor people of the State are lying lowly on footpaths and dying like flies, they should part with a good portion of their hoarded money. If a man has got Rs. 5 crores, he must be made to part with Rs. 3 crores. It is equitable; it is no injustice; nothing like that. All these things should be taken into consideration, and for this reason it is a very complicated thing. The obnoxious filfth accumulated for the last 160 years since 1793, the date of inauguration or, I should say, creation of the Decimal Settlement, the filth of 160 years has got to be cleared, and it requires cool thinking. It is for this reason that I was asking this House to accept my motion for circulation of the Bill to the people, and let us have the opinion, the instruction of the people whom it vitally concerns. It affects the tenants, the landlords, the intermediaries and third parties also. Let us have their opinion and let us coolly think over the matter. If my motion is accepted, it will not delay the passage of the Bill. So far as the motion for sending it to the Select Committee is concerned, it has set a time-limit of 31st October, and I have set the time-limit as 31st July. Let there be circulation, let us have the opinions and observations of these people, and thereafter the Select Committee will sit with all this mass of instructions and opinions with them. They will digest and give their opinion and then we will go on clause by clause.

Sir, this is my submission.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition Bill, 1953, be circulated for the purpose of eliciting public opinion thereon by the 31st August, 1953.

মাননীয় স্পীকার মহাশয়, আমাকে পাঁচ মিনিট বলার জন্য বলা হয়েছে; এত বড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপার ৫ মিনিটে বলা সম্ভব নয়। যাই হোক, আমি অল্প কিছু বলছি। প্রথমেই আমি বলতে চাই এটাকে পাবলিক ওপিনিয়ন ইলিসিট করবার জন্য সার্কুলেট করা অত্যন্ত প্রয়োজন। এই বিলের

অবজেক্টস এণ্ড রিজনস-এর মধ্যে আমরা দেখছি—

"The question of abolition of the Zemindari system has been agitated for many years in this country. The Land Revenue Commission which was set up in 1938 recorded its opinion by a majority that the Zemindari system was no longer suited to the conditions of the present time."

১৯৩৮ সালের ল্যাণ্ড রেভিনিউ কমিশনার বলেছিলেন যে, এই জমিদারী প্রথা আর মোটেই কালোপযোগী নয়। ১৯৪৫ সালের বেঙ্গল এ্যাডমিনিস্ট্রেশন এনকোয়ারি কমিটি এই একই মত পোষণ করেছিলেন। এই সমস্ত কারণেই

"This Government has considered the problem in the light of the opinions referred to above and decided to bring forward the present Bill."

দেখা যাচ্ছে সরকার জমিদারী প্রথা সমস্যাটি পুরাতন যুগের পুরাতন চিন্তাধারায় বিচার করেছেন। সেটা ঠিক হয়নি। দেশের পরিবর্তিত এবং নূতন পরিস্থিতিতে এর বিচার প্রয়োজন। এই হাউসের সভ্যদের ছাড়াও বাইরে বহু চিন্তাশীল ব্যক্তি আছেন তাঁরা ভাবেন, চিন্তা করেন। এবং দেশের জনসাধারণেরও একটা মতামত আছে। আমরা মনে করি সরকার এই যে বিল আনছেন এর রূপ অন্য হওয়া উচিত ছিল, এর মূল উদ্দেশ্য হওয়া উচিৎ ছিল জমিদারী এ্যাবলিশন ক'রে কৃষকদের মধ্যে জমি বণ্টন করা। যদি সরকার কৃষক সমাজের কোন রকম মতামত না নেন তাহ'লে তাঁদের মঙ্গলসাধন কিছুতেই হ'তে পারে না, কারণ, তাদের স্বার্থেই আজকে দেশে জমিদারী বিলোপের জন্য আন্দোলন হচ্ছে। আমাদের প্রথম ও প্রধান কল্পনা হচ্ছে এই ইন্টারমিডিয়ারিদের বিলোপ-সাধন। এবিষয়েই আমাদের সজাগ দৃষ্টি রাখতে হবে। আজকে যেভাবে বিলটা আনা হচ্ছে তাতে দলবিশেষ বা গোষ্ঠিবিশেষের স্বার্থরক্ষারই চেষ্টা হচ্ছে। দলবিশেষের স্বার্থরক্ষাই যদি উদ্দেশ্য হয় তাহ'লে এই বিল আনবার কোন উপকারিতা আছে ব'লে মনে করি না। যেরূপে এটা আসছে তাতে কৃষকদের মঙ্গলসাধন হবে ব'লে মনে করি না, এতে বরং তাদের আশা আকাঙ্খাই নষ্ট হবে। এই জন্যই এই বিলটার বিস্তৃত আলোচনা প্রয়োজন। বিস্তৃত আলোচনার পর আমাদের এই ব্যাপারে দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এইজন্যই আমি যুক্ত করছি জনসাধারণের মত প্রকাশের সুযোগ দেওয়ার জন্য এটা ব্যাপকভাবে প্রচার করা হোক।

Mr. Speaker: Discussion on this Bill will continue on Saturday.

Adjournment.

The House was then adjourned at 7-52 p.m. till 3 p.m. on Saturday, the 9th May, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Saturday, the 9th May, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 9th May, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (Sj. SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 12 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 187 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Missing of a girl at Darjeeling on 8th November, 1952.

***260. Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state if it is a fact

(*i*) that Kumari Jharna Banerjee, aged 17, daughter of Shri Ramesh Chandra Banerjee, of Darjeeling, was reported missing on 8th November, 1952, at Darjeeling police-station; and

(*ii*) that the father of the girl made repeated representations to the Government and police authorities?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether any enquiry was made into the matter;

(*ii*) if so, what was the result of the enquiry; and

(*iii*) whether any police officer from Calcutta was sent to Darjeeling for the purpose?

Minister-in-charge of the Home Department (Dr. Bidhan Chandra Roy): (*a*)(*i*), (*b*)(*i*) and (*iii*) Yes.

(*ii*) Yes, once only to the Deputy Commissioner, Darjeeling.

(*b*)(*ii*) The case is still under investigation, but the girl and the young man wanted in connection with this case surrendered before a Darjeeling Magistrate on the 10th April, 1953.

Health Centre at Agradwip.

***261. Sj. Subodh Choudhury:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state if it is a fact—

(*i*) that many patients are refused admission as indoor patients in the Agradwip Health Centre for want of beds;

(*ii*) that there is only one room for indoor patients and as a result whenever any female patient is to be admitted no male patient can be accommodated in the Health Centre; and

(*iii*) that repeated representations had been made for arranging at least two rooms, one for the female patients and another for male patients, and to extend the number of beds from 4 to 7?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps, if any, have been taken or are proposed to be taken in the matter?

(*c*) Will the Hon'ble Minister-in-charge be pleased to state if it is a fact—

(*i*) that there is no fixed pay scale for the R.M.O.H. and the Health Assistant,

(*ii*) that the quarters provided for the staff are all non-family quarters; and

(*iii*) that there is no quarters for midwife and sweeper?

(*d*) If the answer to (*c*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps, if any, the Government are contemplating to take in this matter?

Minister-in-charge of the Public Health Department (Dr. Bidhan Chandra Roy): (*a*)(*i*) and (*c*)(*ii*) No.

(*ii*) There are two rooms, one for male and the other for female patients.

(*iii*) No, but a representation was received for increasing the number of beds from 4 to 10 only.

(*b*) Does not arise, considering the number of daily average occupied beds.

(*c*)(*i*) No. They are on fixed pay. Introduction of suitable scales of pay for all the staff is under consideration.

(*iii*) No. The sweeper has been provided with quarters. Steps are being taken to provide quarters for the midwife.

(*d*) Does not arise in view of the reply given to (*c*)(*i*) and (*iii*) above.

Ruling on Point of Privilege regarding certain comments in "Jugabani".

Mr. Speaker: I desire to give my ruling on the Point of Privilege raised by Sj. Koustuv Kanti Karan on the 4th May, 1953, regarding certain comments made in the newspaper "Jugabani" of 7th February, 1953, and 21st March, 1953 (copies whereof are annexed hereto and marked "A" and "B"). One of the comments to which exception has been taken relates to the proceedings of the Committee of Privileges that was set up for the consideration of the case of a letter read in the House during the last session before the matter was considered by the House. Two other comments relate to my action as Speaker with regard to these comments and my other actions. I do not wish to say anything at this stage except that had this been only a matter of personal concern, I would have ignored it altogether. But the member has raised the question of the dignity of the Chair and the privilege of the House and I think I should leave all these matters for the decision of the Privilege Committee which consist of learned and experienced members.

GOVERNMENT BILL.

The West Bengal Estates Acquisition Bill, 1953.

Sj. Haripada Chatterjee: সভাপাল মহাশয়, জমিদারী প্রথা দূর করতে হ'লে এবং যদি চাষীকে সর্বপ্রকারে বাঁচাতে হয়, তাহলে জমিদারী প্রথা দূর করার সঙ্গে সঙ্গে চাষীকে সর্বপ্রকার শোষণমুক্ত করতে হবে। তাকে যদি আমরা দেনার মধ্যে ডুবিয়ে রেখে দি এবং তার উৎপন্ন ফসলের পড়তা দাম না দেই, তাহলে তাকে যদি জমির মালিক করেও দেওয়া হয়, তা'হলেও কোন লাভ হবে না। কারণ যেহেতু দেশের অগণিত লোক আজ বেকার এবং জমি ও চাষ ছাড়া আর কোন উপায় নেই। তারা ফসলের পড়তা দাম পা'ক বা না পা'ক, তারা পারিশ্রমিক পা'ক বা না পা'ক, চাষী চাষ করতে বাধ্য হবে। যেমন চিরকাল হয়ে আসছে, তাই হবে। ইংরাজীতে আছে

Hewers of wood and drawers of water

তারা তাই থাকবে।

আমার প্রথম কথা হচ্ছে এই জমিদারী প্রথা বিলোপ সম্বন্ধে যে মূলনীতি সেই নীতিতেই আপত্তি আছে। কারণ এখানে ধরে নেওয়া হয়েছে জমি জমিদারের। আমার সেই কথাতেই আপত্তি। কোন দিনই জমি জমিদারের ছিল না। চাষী বা তার কমিউন জমির মালিক ছিল চিরকাল। কি হিন্দু রাজত্বে, কি মুসলমান রাজত্বে, চিরকালই তাই ছিল। জমিদার ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর এজেন্ট হিসাবে আবির্ভূত হয়। এই ইষ্ট ইণ্ডিয়া কো'র পক্ষ হতে জমিদাররা ট্যাক্স বা রেণ্ট আদায় করবার জন্য এজেন্ট হিসাবে এ্যাপয়েন্টেড হয় এবং তারা কোন দিনই জমির

[Sj. Haripada Chatterjee.]

মালিক ছিল না। এই কথা যদি আমাকে বলতে হয়, তাহ'লে

Report of the Land Revenue Commission

দেখাতে হয় এই—

"So much for the mischievous consequences of the assumption of State landlordship. But the work of scholars has since left no room for doubt that the assumption was a legal blunder. Sir Broughton Rouse argued in 1791 just before the matter was settled so far as concerned Bengal, that the State was not the proprietor of the soil, and that in taking over the claims of the native rulers the Company had acquired not proprietory but solely political right. Rouse's argument has since been confirmed."

মুখার্জির কথা কোট করে বলছি মুখার্জি এই কমিশনের একজন সদস্য ছিলেন। তিনি বলেছেন,

"The soil of India belonged to the tribe or its subdivision and never was considered as the property of the king as has been assumed by many writers. Either in a feudal or imperial scheme there never was any notion of the ownership of the soil vesting in anybody except the peasantry."

কাজে কাজেই ব্যাপার হচ্ছে এই যে মাথাই নাই, ত মাথা ব্যথা। জমিদারের অধিকারই নেই জমির উপর তাকে আবার ক্ষতিপূরণ দিতে হবে। এই মূল নীতিতেই আমার আপত্তি। এই কথা একজনে বলেন নি আরও অনেকে বলেছেন। পেজ ১০—শাহিদ রব রিপোর্ট এশিয়াটিক সমাকিতএ আছে

"There can be no question that the appointment of a zamindar is an office. To deny this appears to me like denying that a man has a nose upon his face."

তারপর ক্যাম্পবেল একজন ব্রিটিশ অফিসিয়াল তিনি বলেছেন,

"A zamindar as such was originally a mere steward, representative or officer of the Government. As zamindar he possessed no right whatever in the soil itself."

জমিদারের জমিতে কোন অধিকারই ছিল না আর আমরা তাকে ক্ষতিপূরণ দেব বলে সাব্যস্ত করছি। ফ্লাউড কমিশনেও দেখতে পাচ্ছি যে পরিষ্কারভাবে ক্যাটেগরিক্যালি ১৭ পাতা প্রথম ভলিউমএ—বলেছেন,

"The zamindars in Bengal never had an absolute right of property in the soil; nor was it intended to give them such rights by the Permanent Settlement. Their rights have always been limited by the rights of the raiyats. In the great Rent Case, Mr. Justice Trevor described the position by saying "The zamindar enjoys his estate subject to, and limited by, these rights and interests of the raiyats, and the notion of an absolute estate is as alien from the Regulations as it is from the old Hindu and Muhammadan Law".

[3-10—3-20 p.m.]

সুতরাং কোন সংশয় আর নাই যে জমিদারের কোন রাইট কোন দিন জমিতে ছিল না। তাঁরা এজেণ্ট হিসাবে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দ্বারা এ্যাপয়েণ্টেড হয়ে আস্তে আস্তে জমির মালিক ব'লে নিজকে সাব্যস্ত করেছেন এবং এযাবৎকাল ১৭৯৩ থেকে আজ পর্য্যন্ত তাঁরা যা অর্জন করেছেন তাকে লুণ্ঠন ছাড়া আর কিছুই বলা যেতে পারে না। আমার গৃহে একজন অপর ব্যক্তি যদি অধিকার ক'রে বসে থাকে তাহলে তাকে আমি নিজের গৃহের মালিক বলতে পারি না, বরং তাকেই ক্ষতিপূরণ দিতে বলা যেতে পারে। আজ অনুসন্ধান করা দরকার যে কোন্ জমিদারের কত অর্থ আছে, অনেক জমিদার আছে আমার জেলায় আমি জানি, নাম ক'রব না, তাদের একটি শরীকের এক জনের ৫০ লাখ টাকা ব্যাঙ্ক ব্যালেন্স আর সব শরীকের মেলালে কোটি টাকার উপর হবে। তাদের অন্য রোজগার নাই। কেবল প্রজাকে শোষণ ক'রেই এত জমা ক'রেছে। কাজেই সত্য, ন্যায় এবং আইনের দৃষ্টিভঙ্গীতে যদি দেখি তাহ'লে তাদের টাকাটা কেড়ে নেওয়া উচিত। তারপরে যেমন আমরা রিহ্যাবিলিটেশন করছি তেমনি করা উচিত। তারা প্রজাকে কি পরিমাণ যে শোষণ করেছে, সভাপাল মহাশয়, আমার সে সম্বন্ধে কিছু প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। আমার পেশা ভিক্ষা বরাবর, আপাততঃ আমি এই এসেম্ব্রির সভ্য। আমি ভেবেছিলাম যে টাকা তুলতে আর পারছিনা, চাষ আবাদ ক'রব, এবং আমি নিজে কিছু জমি চাষ আবাদ করতে গিয়েছিলাম। তাতে দেখেছি যে লাভ কিছুই হয় না এবং দেখেছি চাষীর কি অবস্থা। আর আমি জমি ভাগচাষ করতে দিয়ে দেখেছিলাম যে তাতেও কিছু লাভ

হয় না। চাষী যদি হিসাব রাখে তা'হলে দেখবে যে তার যে মেহনত তাও সে পায় না; বরং ল্যাণ্ডলেস লেবার--যারা জমিহীন কৃষক--তারা মজুরী হিসাবে যা পায় চাষী চাষ কোরে সে মজুরীও পায় না। এ কথা আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি। আমার যে জমি ছিল তা "ট্রাষ্ট করে" ক'রে দিয়েছি, প্রত্যেক জমিতে যা ব্যয় হচ্ছে সেই খরচটা হিসাব করলে দেখব—আমি ১৯৫২ সাল পর্যন্ত অডিট করেছি—দেখা যাবে যে খুব ভালভাবে চলে না। ১৫ হাজার টাকা লোকসান হয়ে গিয়েছে। আমাদের নদীয়ার ২১১ টা ভাল জায়গা যেখানে বাম্পার ক্রপ হয় সেখানকার কথা আলাদা। আজকে যদি সত্যই জমিদারী প্রথার উচ্ছেদ করতে চাই, তাহ'লে এই যে চাষীকে শোষণ করার জন্য এখনও কত রকম অত্যাচার চলছে, তা থেকে তাদের বাঁচানোর দরকার। এইভাবে জমিদারেরা কত অর্থ সঞ্চয় করছে সে কথাটা বিশেষ করে চিন্তা করতে হবে। অল্পসংখ্যক জমিদার আছেন যাঁরা ঘর থেকে রেভিনিউ দেন, তাঁদের পূর্ব পুরুষেরা যে লাভ কোরে গেছেন তাঁরা এখন তা পারেন না। কিন্তু সে রকম ২১১ টা এক্সেপশন সাইট করলেই হয় না। আমাদের জেলায় এত ভাঙচুরের পরেও এমন জমিদার অনেক আছেন যাঁদের যথেষ্ট অর্থ আয় হয় এবং তাঁদের ব্যাঙ্কের টাকায় হাত দিতে হয় না। জমিদারেরা যে কতটা শোষণ করেছে তা দেখা যাক--এটা ফ্লাউড কমিশনের হিসাব থেকে দেখাচ্ছি--এতে দেখছি যে প্রত্যেক বছর খরচ খরচা আদায় উশুল বাদ দিয়েও ৭ কোটি ৭৯ লক্ষ টাকা তারা পেয়েছে। এখানে দেখাচ্ছে এ্যাসেট--১৩ কোটি টাকা; সেল রেভিনিউ ২ কোটি ৪১ লক্ষ টাকা।

Less landlords' share of cess and cost of landlords' management at 18 per cent. of the assets.

এই সব দিয়েও ৭ কোটি ৭৯ লক্ষ টাকা প্রত্যেক বছর পেয়ে গিয়েছে। সুতরাং ১৬০ বৎসরের এই আয়টা ধরতে হবে। এখন তাদের যদি বলা হয় যে বিনা খেসারতে তাদের জমিদারী নিয়ে নেব তাহ'লে কোন অন্যায় কথা বলা হয় না। আর যদি আমাদের চাষীকে বাঁচাতে হয় তাহ'লে বিনা খেসারতেই তা নিতে হবে, তাছাড়া যে খাজনা চাষী দেয় এবং যে খাজনার কতকটা জমিদার ল্যাণ্ড রেভিনিউ দেন সেটা কতটা? সেটা ছিল ২ কোটি ৪১ লক্ষ টাকা এখন দেখছি ২ কোটি ৭ লক্ষ, কারণ পূর্ব বঙ্গ খুব কম দিত। সুতরাং এই টাকা যদি ছেড়ে দিই অর্থাৎ চাষীর সম্পূর্ণ খাজনা মকুব কোরে দিলেও ক্ষতি নাই। আজকে ষ্টেট ট্রান্সপোর্টে কোটি কোটি টাকা লোকসান করছি, আর অতীতের হিসাবে দেখেছি ৮ কোটি ৮০ লক্ষ টাকা খাদ্যে লোকসান হয়েছে। তার উপর উদ্ভট পরিকল্পনারও অভাব নেই। মাটির তলে রেল চলবে কিনা সেই হিসাবে ৬ লক্ষ টাকা ব্যয় করা হ'ল। এই সব দেখে শুনে বলা যায় দেশের মেরুদণ্ড চাষীকে যদি বাঁচাতে হয় তাহ'লে সে জন্য ২ কোটি ৭ লক্ষ টাকা রেভিনিউ যদি নাও নিই তাতে কোন অন্যায় হয় না। চাষীকে আগে বাঁচতে দিতে হবে। চাষীকে ১৲ টাকা বেশী বাড়তি দর দিতে গেলে আমরা চেঁচিয়ে উঠি যে ইনফ্লেসন হবে। একথা সেন্ট্রাল গভর্ণমেণ্টও বলেন, খাদ্যমন্ত্রীও বলেন। কিন্তু অন্যান্য দেশে তারা কি কোরেছে তা দেখলে বুঝতে পারবেন। রুশিয়া গত যুদ্ধের পরে ১৯৪৭ সালে ডিকণ্ট্রোল করতে চাইলে ইনফ্লেসন বন্ধ করবার জন্য। লড়াইএর সময় ওদেশে বহু টাকা ছড়িয়ে দিয়েছিল, ক্যাপিটাল লেভিও করেছিল। তারা পরে কণ্ট্রোল অফ দি পার্স করলে। এ সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন থেকে পড়ছি, ১৯৪৮ সালের রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন থেকে পড়ছি তাতে রাশিয়ার কথায় বলছে--

"When the Soviet Government contemplated discontinuing rationing towards the end of 1947, it feared that the large volume of money, if allowed to continue in circulation, would force the prices up and lead to inequitable distribution. Therefore before introducing decontrol the Government took measures in December, 1947, to mop up a large part of the currency which in effect meant the introduction of "rationing by the purse", *i.e.*, a return to the free price system. The measures taken by the Government in this regard were as follows:—

(*a*) All cash holdings were to be exchanged at the rate of 1 new rouble for 10 old ones, the existing money continuing to be legal tender only for a brief period usually a week or more depending upon the area.

(*b*) Bank deposits between 3,000 and 10,000 roubles were reduced by one-third and deposits above 10,000 roubles by 50 per cent.

(*c*) Current accounts of co-operatives and Kolkhozes

[Sj. Haripada Chatterjee.]

were recalculated so as to cut down their nominal assets by 20 per cent.

(d) All State loans with the exception of one or two issued prior to 1947 and carrying, on an average, interest at 4 per cent. were consolidated into a single 2 per cent. loan and exchanged in the proportion of 1 new to 3 old.

This sudden and quick mopping up of purchasing power really amounted to the imposition of a capital levy. The measures were calculated to affect mostly the holders of cash. The Russians generally hold balances in cash and the above measures were calculated to cut down the total purchasing power in the hands of the public drastically and to bring about a redistribution of purchasing power as between the country and the urban areas in favour of the latter. The current earnings of the workers and employees in general are not expected to be affected as also the small savings of less than 3,000 roubles. Moreover, in view of the drastic reduction in the total volume of currency the workers and the employees would have their portion of currency appreciate in value. Also, since controls have been lifted the incentive for production is retained."

[3-20—3-30 p.m.]

তাদের যে ইন্সেন্টিভ ফর প্রোডাক্সন দেওয়া হয়, আমাদের দেশে তার কিছুই নেই। জমিদারী প্রথা উচ্ছেদ করতে হ'লে এ সমস্ত জিনিষ ভেবে কাজ করতে হবে। তারপরে আমি বলব যে আমি যে খাজনা মকুব করবার কথা বললাম এটা এই বিলের অন্তর্ভুক্ত করা উচিত ছিল। এই বিলে হবে না, নোতুন করে বিল করে সিলেক্ট কমিটিতে পাঠাতে হবে। দেখুন সমস্ত সোসিয়ালিষ্ট ষ্টেটএ খাজনা কম করে দিয়েছে—যেমন চীন, রাশিয়া। যখন চাষী নিজে বেঁচে তারপর যদি লাভ করতে থাকে, তখন সেখানে তার কাছ থেকে কিছু নেওয়া হয়। কিন্তু তার আগে সোসিয়ালিষ্ট ষ্টেটএ এমন কি ক্যাপিটালিষ্ট ষ্টেটস যেমন আমেরিকায় কানাডাতে চাষীকে সাহায্য করে। চাষীর পড়তা দর পড়ে গেলে তাকে সাবসিডি দেওয়া হয়, ৯০ পারসেণ্ট অবধি ষ্টেট থেকে কিনে নেয়, যেমন কটনএর বেলায় আমেরিকা ৯০ পারসেণ্ট ষ্টেট থেকে কিনতে আরম্ভ করে। আজ দেখুন বাংলা দেশে পাটচাষীদের কি অবস্থা। ১৫ লক্ষ পাটচাষীর অর্থাৎ আমি ফীল্ড টু ফ্যাক্টরী ধরে বলছি যারা এই পাটের ইণ্ডাষ্ট্রীতে আছে তাদের অবস্থা পরে বলছি, তার আগে অন্য জায়গায় কি করেছে তাই বলি। আমেরিকায় গম ও আলুর দর যখন পড়ে যায় অর্থাৎ চাষী যে জিনিষ কেনে আর যা বেচে তাতে তার বেচা জিনিষে কিছু লাভ থাকা দরকার। না থাকলে তখুনি কমোডিটি কমিটি রেকমেণ্ড করে প্রাইস ফিক্স করে এবং ষ্টেট থেকে তাদের জিনিষ কিনতে আরম্ভ করে। সেদিন কাগজে রয়টারের সংবাদ দেখলাম

America 1 million pound milk powder

কিনছেন প্রাইস ষ্টেবল করবার জন্য। কিনে তারা হয়ত ডেষ্ট্রয় করেও দেয়, তা দিয়ে সারও তৈরী করে। এইভাবে ইণ্ডাষ্ট্রীর স্বার্থে তারা লক্ষ লক্ষ টন গম ইত্যাদি কিনে নষ্ট করেন, এই ক্যাপিটালিষ্ট ষ্টেট বা কেউ যদি শুধু ফ্রেট দিয়ে নিতে চায় বিনামূল্যে তাও তারা দিতে রাজী। অবশ্য ইংলণ্ড তা নেয়নি কারণ ওই আলুর সঙ্গে নাকি রোগের বীজ থাকবার সম্ভাবনা। আসল কথা হ'ল এই যে সেখানে গম, আলু কিনে নষ্ট করে দেওয়া হবে, তবুও চাষীকে লোকসানের ভাগী হ'তে দেবে না। তাই বলছি যে চাষীকে বাঁচাতে হলে শুধু জমিদারী প্রথার কথা বললে হবে না, সমস্ত দিক দেখতে হবে। পাটের কথা বলছিলাম, বাংলা দেশের অদ্বিতীয় শিল্প পাটশিল্প তাদের সম্বন্ধে ওরা বলেছেন যে কিছুই ওদের করবার নেই। ওদের হাত নেই, সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর কাছে যেতে হবে। কিন্তু তার জন্যে চাপ দিতে হবে তো? সভাপাল মহাশয়, আমি এবার হিসাব দিয়ে দেখাচ্ছি বাংলাদেশে মানে পশ্চিম বাংলায় ২৪ লক্ষ বেল পাট হয়, কিন্তু এতে কৃষকের লাভ তো দূরের কথা ২৪ কোটি টাকা ক্ষতি। এটা আমি ফ্লাউড কমিশনএর রিপোর্ট থেকে বলছি। এখানে যে তার প্যারিটি প্রাইস, পাটের দর ধানের দরের সঙ্গে তিন গুণ করে ধরতে বলেছিল, এটা আমার কথা নয়, ফ্লাউড কমিশনএর কথা, পেজ ৯৯, থার্ড ভলিউম, দেখলেই দেখতে পাবেন। বলছে

"If the price of jute were to remain at Rs. 7 or Rs. 8 per maund and the price of paddy at about Rs. 2-8 a maund, we believe that

there would be little complaint from the agricultural community in regard to prices."

তার মানে প্যারিটি প্রাইস ২ ১/২ গুণ যদি হয় তাহ'লে ৩ গুণ ধানের দর দিয়ে হবে পাটের দর।

Mr. Speaker:

আপনি কতক্ষণ বলবেন, ৫ মিনিট সময় আপনাকে দেওয়া হয়েছে।

I have got other speakers.

Sj. Haripada Chatterjee:

এখন এই পাটের কথা বলতে গেলে ১ ঘণ্টায় করে হয় না। কিন্তু নেহাৎ যা দরকার তাই বলছি। সভাপাল মহাশয়, ১২ টাকা করে যদি ধানের দাম হয়, অবশ্য বেশী হচ্ছে অনেক জায়গায়। যেটা কণ্ট্রোলএ করেছে তা নয়, বাজারে যা দর, পাটের দর ৩৬৲ টাকা হয়, কিন্তু এ্যাভারেজ প্রাইস যা চাষী পাচ্ছে তা ১৫৲ টাকা মনকরা ২০৲ টাকা করে লোকসান দেখছি। তাহ'লে ১ বেলে ১০০৲ টাকা, এবং ২৪ লক্ষ বেলে ২৪ কোটি দেখছি। আজকে যে বাংলার চাষীদের ভাল করতে চাই তাহ'লে পরে তাদের উৎপাদন কি দেখতে হবে। জমিদারী প্রথা উচ্ছেদের নামে যা করছেন সেটা স্বজন পোষণের ব্যবস্থা, কারণ দেখাচ্ছি দেখুন ১২নং চ্যাপটার (২)তে বলা হয়েছে

"Chapter II. Management of estates and interests of intermediaries vested in the State: Provided that the State Government may, at any time, if it so thinks fit, entrust the management of such estates and such interests to any local body or agency on such terms and conditions, as it may, by general or special order, fix, and the local body or agency shall manage such estates and such interests in accordance with rules made by the State Government in this behalf."

চমৎকার কথা। অর্থাৎ যাদের জমি নিয়ে যাদকে দেবেন, করবেন আর কি? আর, বকবক করে যা দেখে আসছি, না পারেন ওঁরা এমন কাজ নেই। আজ শেষ মজলীতে আর বিশেষ কিছু বলব না। পাটশিল্পের কথা বলছিলাম। আজকে যদি সত্যি ভেস্টেড ইন্টারেষ্ট মানে জমিদার সরাতে হয় (আমাকে একটু সময় দেবেন, সভাপাল মহাশয়), আচ্ছা, আমি ইণ্ডিয়ান জাইনান্স থেকে বলছি, ক্যালকুলেশন করে আমি দেখেছি আমাদের সর্বনাশুলো ১১৩টি মিল আছে, তার ১০২টি মিল আমাদের বাংলাদেশে। ৮১টি মিলের খবর পেয়েছি, তারা যে নেট প্রফিট পেয়েছেন, তারা হয়ত কম দেখাচ্ছেন যেহেতু ইনকম-ট্যাক্স ফাঁকি দেবার মতলব আছে। আসলে অনেক বেশী তারা পেয়েছেন। আমি দেখাচ্ছি

Subsidised capital of 93 jute mills in 1947

তাতে ২৭ কোটি ৪৮ লক্ষ ৪০ হাজার ৪৬৫ টাকা।

Total revenue funds of mills in 1946 amounted to Rs. 20 crores 44 lakhs 33 thousand and 171

এতে লাভ করেছেন ২৯,৪০,৮৩৩৲ টাকা। ১৯৫১-৫২ সালে ১০ কোটি টাকা, আমি ৮১টি মিলের পেয়েছি, ১১৩টি এখনও পাইনি।

[3-30—3-40 p.m.]

১৯৫০-৫১ সালে লাভ করেছেন ১০ কোটি টাকা। সেটাও ৮১টি মিলের পেয়েছি, ১১৩টির পাইনি, তাহলে আরও অনেক বেশী লাভ হ'তো। তারা সব কলকারখানায় নেট প্রফিট করেছে ১০ কোটি ৩৭ লক্ষ ৯৪ হাজার টাকা। আর একটা জায়গায় দেখছি ১৯৫১-৫২ সালে নেট প্রফিট হয়েছে ১১ কোটি ২২ লক্ষ ২৪ হাজার টাকা। তাহ'লে দেখুন এরা একরকমভাবে প্রত্যেক বছর ধরে লাভ করছে। শুধু তাই নয় কত কাণ্ড করেছে। মরাক হয়েছে— চাষী পাকিস্থানেরও মরলো, এখানেরও মরলো। মরাক হয়েছে তাদের— ইস্পাহানী কোম্পানী ওখানে, আর জালান কোম্পানী এখানে, এরা উভয়ে মাসতুতো ভাই, কিন্তু গরীব চাষীরা কেউই ১৫৲ টাকার বেশী পায়নি। ওরা ডিভ্যালুয়েশন মেনে নিলেন, এখানে পাট ৬৫৲ টাকা থেকে ৮৫৲ টাকা পর্যন্ত বিক্রী হয়েছে। কিন্তু গরীব চাষীরা তার কিছুই পায়নি।

আর একবার আমি বলেছিলাম

trade operating at the other end.

এখানে পাটের কণ্ট্রোল, কিন্তু আমেরিকায় হেসিয়ানএর কণ্ট্রোল নাই। তাঁরা সেখানে হেসিয়ান পাঠিয়ে ডলারএর বন্দোবস্ত করতে লাগলেন। ৩ লক্ষ শ্রমিক, ১৫ লক্ষ পাটচাষী এদিকে কিছুই পেল না, ফাঁকে পড়ে গেল। শেয়ার হোল্ডাররাও কিছু পেল না, একজন ম্যানেজিং এজেণ্টএর পকেটে সব টাকা চলে গেল। সেখানে কণ্ট্রোলএর আগে যে দর ছিল, তার চেয়ে বেশী দরে বিক্রী করতে লাগলো। জাতিকে বঞ্চিত করা হ'লো। এই সম্পর্কে আমাদের বাড়ীর পাশে চায়না ও জাপানের কথা একটু বলা দরকার। আজকে জমিদারের চাইতে সভাকারের চাষীদের বাঁচাবার বন্দোবস্ত

[Sj. Haripada Chatterjee.]

করতে হবে। যদি ইণ্টেন্সিভ কাল্টিভেসন করা না যায়, চাষীকে জমির উপর কোন অধিকার না দেওয়া যায় এবং শোষণমুক্ত করা না যায়, তাহ'লে কিছুই লাভ হবে না। জাপানে, সভাপাল মহাশয়, সেই অবস্থা চলেছে। তার হিসাব এখানে রয়েছে। সেখানে যুদ্ধের আগের কথা বলছি। জাপানে feudal system of land ছিল, শতকরা ৫০ ভাগ নিয়ে যায়, যার জমি সে বিফোর দি ওয়ার এই অবস্থা ছিল। আমেরিকান জর্নাল থেকে বলছি, তারা জাপানের বন্ধু, তারা মিথ্যা কথা বলবে না। এটা রাশিয়া থেকেও নয়, এখানে বলেছে before the war the average indebtedness was 1,300 yen per family. এক ইয়েন এক টাকার সমান। অথচ চীনে ১৯৪৯ সালে যে খাদ্য উৎপাদন ছিল তার চাইতে প্রায় ১ কোটি টন বেশী খাদ্য ১৯৫০ সালে বাড়িয়েছে। কারণ সেখানে চাষীকে তারা জমির মালিক করেছে। জমিদারী প্রথা উঠিয়ে দিয়ে দেশের মধ্যে একটা উন্নতির আবহাওয়া নিয়ে এসেছে। সেখানে উৎপাদন কি রকম বেড়েছে তার নজীর দিয়ে বক্তৃতা শেষ করছি।

খাদ্য শস্য উৎপাদনের পরিমাণ ১৯৪৯ সালে যদি ১০০ ধরা যায় তাহলে--

১৯৫০ সালে দাঁড়ায়	..	১১৭
১৯৫১ সালে দাঁড়ায়	..	১২৮
১৯৫২ সালে দাঁড়ায়	..	১৪০

তারপর তুলা, ১৯৪৯ সালে যদি দাঁড়ায় ১০০ তাহলে--

১৯৫০ সালে দাঁড়ায়	..	১৫৯
১৯৫১ সালে দাঁড়ায়	..	২৫২
১৯৫২ সালে দাঁড়ায়	..	৩০০

দেখুন, কি পরিমাণ চীনের উন্নতি হয়েছে। লড়াই-বিধ্বস্ত চীন, দুর্ভিক্ষপ্রপীড়িত চীন, সেও আজকে আমাদের ভারতবর্ষে খাবার পাঠাচ্ছে। কি ম্যাজিক সৃষ্টি করেছে। আজকে আমাদের স্বরাজ হচ্ছে কেমন বৃথা। দুই হাতে সাহস নিয়ে আজকে চাষীকে আমরা বাঁচাবো, এই ইচ্ছা যদি করি তাহ'লে হতে পারে।

চারিদিকে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। ২৪-পরগণায় হাহাকার উঠেছে। আমার জেলা নদীয়ায় হাজার হাজার লোক বেকার হয়ে যাচ্ছে, কাজ পাচ্ছে না; ক্ষেত মজুরেরও কাজ জুটছে না সবাই অনাহারে রয়েছে। এই দেশকে যদি আজকে বাঁচাতে হয়, তাহ'লে সকলে মিলে তার চেষ্টা করা দরকার। এ সম্পর্কে একটা সামগ্রিক বিল আনা দরকার। কিন্তু যে বিল আপনারা এনেছেন এর দ্বারা একটা এজেন্সী বসাবার চেষ্টা হচ্ছে, তাতে বড়লোকে স্বজন পোষণ নীতিটা চালাবার সুযোগ পাবেন। এই বিল যদি আমূল পরিবর্তন করা না যায়, তাহ'লে কিছুই হবে না, যতই সেটাকে সিলেক্ট কমিটিতে পাঠান না কেন। জমিদারদের কোন ক্ষতিপূরণ না দিয়ে, তাদের ব্যাঙ্কএ যে টাকা জমা আছে, তা কেড়ে নেওয়া উচিত। তারা যখন খেতে না পাবে তখন আর ৫ জন রিফিউজি যেমন রিহ্যাবিলিটেশন পাচ্ছে, তাদের বেলায়ও সেই ব্যবস্থা করা হবে।

Sj. Subodh Banerjee: মিঃ স্পীকার, স্যার, জমিদারী প্রথা বিলোপ ঠিক যেভাবে আমরা চিন্তা করি, শুধু আমরা নয়, সারা দেশে যে কারণে এই জমিদারী প্রথা বিলোপের জন্য দাবী উঠেছিল, সেই কারণটা বর্তমান সরকার বুঝতে পারেন নি। তার কারণ এই নয় যে কতকগুলি লোককে সরিয়ে দিয়ে সেই জায়গায় আরও কিছু লোক বসালেই তারা বুঝবে। প্রকৃত জনরাষ্ট্র না হলে জমিদারী প্রথা বিলোপের আসল ফল মিলবে না। আমরা তো মনে করেছিলাম যে বিল আসবে, সেটা হবে অ্যাগ্রারিয়ান রিফর্মস বিল। আমরা আশা করেছিলাম সারা দেশে ভূমিসমস্যা, কৃষিসমস্যা যে প্রধান সমস্যা এ সমস্তগুলিকে একটা বিলের মধ্যে এনে যাতে করে আমাদের দেশের সেসব সমস্যা দূর করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যেতে পারে, মূল সমস্যার সমাধান করা যেতে পারে তারই একটা চেষ্টা বিলে করা হবে। কিন্তু তার জায়গায় দেখলাম একটা হাফ-হার্টেড মেজারও বলা চলে না এমন জিনিষ করা হচ্ছে। এদের কাছে তুলে ধরছি আমি একজন জাপান ইকনমির অথরিটির লেখা। তিনি এক জায়গায় বলেছেন—

"Agriculture, it has been often said, is not for our farmer a business proposition, but it is a way of life. A way of life cannot be changed by half measures and piecemeal efforts. It presupposes an all-round, well-planned and co-ordinated effort on the part of the authorities responsible for the well-being of the people."

এখানে এই বিলে আমরা কি দেখছি? এটাকে একেবারে হাফ-হার্টেড মেজারও বলা চলে না একে ১।৮ বা ১।১৬ মেজার বলতে হয়। তাহ'লে তা দিয়ে দাঁড়ায় কোথায়? এই আইনের মধ্যে কি দেখছি? আমাদের প্রধান দাবী ছিল বাংলার ভূমিসমস্যার সমাধান

চাই। বাংলা দেশের ভূমিসমস্যাটা হচ্ছে কি? না, জমি কুক্ষিগত হচ্ছে গিয়ে কিছু লোকের হাতে concentration of land in the hands of the few.

আর অধিকাংশ প্রায় শতকরা ৮০ ভাগ চাষী যাদের হাতে কোন জমি নেই; তারা দিনদিন সর্বহারার পর্যায় হয়ে যাচ্ছে, ভূমিহীন হয়ে যাচ্ছে। এই যে কনসেনট্রেটেড ল্যাণ্ড—বড় বড় জোতদার ও জমিদারদের হাত থেকে তা ছাড়িয়ে নিয়ে চাষীদের মধ্যে বিলিয়ে দেওয়া—যাতে করে ল্যাণ্ডএর উপর প্রেসার কমে, চাষীরা সেল্ফ সাপোর্টেড হতে পারে। এই হচ্ছে প্রধান কথা। আমাদের দেশের ভূমিসমস্যা এ নয় যে কে জমিদার হবে। কিন্তু এই বিল আনা হয়েছে যে জমিদার হবে, বর্তমান জমিদার চলে গেলে পর, আমাদের গভর্ণমেণ্ট জমিদার হচ্ছে। ষ্টেট ল্যাণ্ডলর্ডইজম চালু হতে চলেছে। তাতে লাভ কি হবে? বর্তমানে যা আছে, তার চেয়েও খারাপ হবে। কেন হবে? তাকিয়ে দেখুন খাসমহলের দিকে। ষ্টেট ল্যাণ্ডলর্ডইজমের মানে সাবসেট ল চালু হওয়া। বর্তমানে চাষীরা যে সুখসুবিধা পাচ্ছে, তা থেকেই তখন বঞ্চিত হবে। আমরা চেয়েছিলাম বর্তমান ল্যাণ্ডলর্ডইজম সরিয়ে দেওয়া হবে, মুষ্টিমেয় কতকগুলি লোকের হাত থেকে জমি ছাড়িয়ে নিয়ে এসে চাষীদের মধ্যে ডিষ্ট্রিবিউট করা হবে। তার কথা কোথায় এই বিলে?

[3-40—3-50 p.m.]

তা না দেখে এখানে যা দেখছি তাতে পরিষ্কার মনে হচ্ছে এরা গুরুত্ব বুঝতে পারে নি আমাদের ভূমিসমস্যার। দ্বিতীয় কথা হচ্ছে এই বিলের মধ্যে, বলা নাই এটা জমিদারী-প্রথা বিলোপ বিল, এখানে আছে এষ্টেটস এ্যাকুইজিসন বিল। যদি এই বিলের রুল ১২এর প্রভিসনস দেখেন তাহ'লে দেখবেন বর্তমান যে সমস্ত জমিদার-জোতদার আছেন তাঁদের একদিকে যেমন মোটা টাকা খেসারত দেওয়া হচ্ছে অন্যদিকে প্রভিসন রাখা হচ্ছে যেন তাদের জমিদার-জোতদার বানানো। এজেণ্ট বা অন্যান্য কোম্পানী বডিজএর হাতে ম্যানেজমেণ্টএর ভার দেওয়া হচ্ছে। এর কি মানে থাকতে পারে? এই প্রসঙ্গে আমার মনে পড়ে জার্মানী ল্যাণ্ড রিফর্মসএর কথা। সেখানেও প্রায়ই একই ব্যবস্থা হয়েছিল। জমিদারীকে এপডমের সঙ্গে খাপ খাইয়ে জমিদারদের ক্যাপিটালিষ্ট জমিদার পরিণত করা এবং ক্যাপিটালিষ্ট ল্যাণ্ড-হোল্ডারদের শোষণ অব্যাহত রেখে জনতার ঘাড়ে টাকার বোঝা চাপাবার ব্যবস্থা হয়েছিল।

জমিদারের জমিদারী সরকার নিয়ে নিলেন। তারপর সেইসব জমিদারকেই সরকারের এজেণ্ট করে দিলেন। জমিদার আগের মতই শোষণ চালাতে থাকল। পরিবর্তনটা কি হল? জমিদারেরা এখনও তো থাকল আগার বিষয়ে সরকারের এজেণ্ট। জমিদারকে গভর্ণমেণ্ট এজেণ্ট করে রাখার কি কারণ থাকতে পারে?

তারপর, তৃতীয় কথা হচ্ছে ৬নং ধারায় আছে কো-অপারেটিভ বেসিসএ চাষ হ'লে তাতে হাত দেবেন না। জার্মানীর কথা আমার মনে পড়ে। জমিদার-জোতদাররা ছেলের নামে, ভাগ্নের নামে আত্মীয়স্বজনদের নামে বরাদ্দ করে দিলেন ৭৫ বিঘা করে জমি তারা পাবে যদি জোতদারী করে জমি হয়। আর এক-ফসলী করে হ'লে আরও বেশী এভাবে জমি হস্তান্তর হয়ে যাবে, তা রক্ষা করবার কোন ব্যবস্থা নাই। জমিদার তার আত্মীয়দের নিয়ে কো-অপারেটিভ করবে? তারপর জয়েণ্ট ষ্টক কোম্পানী খুলে করে বহু শেয়ারহোল্ডার করে নিলে, তখন তাদের ঠেকাবেন কি করে? কারণ আইনে দেখছি সেখানে বলা হচ্ছে—

The Company would have been entitled to retain in the aggregate.

মনে করুন কোম্পানীর শেয়ার হোল্ডারের সংখ্যা ২,০০০ জন। তাহলে কোম্পানী ৭০,০০০ বিঘা জমি রাখতে পারবে। তার জন্য একজন ৭৪,০০০ বিঘা এবং বাকি লোকে ১,০০০ বিঘা রাখতে পারে কারণ এক্ষেত্রে ব্যক্তিগত সীমা নেই। এই যদি অবস্থা হয় তাহ'লে এতে কার স্বার্থ রক্ষিত হচ্ছে? তারা এইভাবে জমিদারী-প্রথাকে টিকিয়ে রাখবেন। এই বিল আনয়নের মধ্যে দেখা যাচ্ছে বড়বাজারের কারবারী ক্যাপিটালিষ্ট এক্সপ্লয়টেশন থেকে চাষীকে মুক্ত করবার কিছু নাই।

Feudalism in its crude form

সামন্ততন্ত্র নগ্নরূপে টিকে থাকতে পারে না; সেই জন্য পুঁজিবাদের সঙ্গে এ্যাডজাষ্ট করে তাকে বাঁচান হচ্ছে এর নামই হচ্ছে

Pseudo-capitalist regime.

বর্তমান বিল সেই অবস্থা আনার চেষ্টা করছে। তারপর

tea gardens, orchards and fisheries

এই সমস্তকে হাত দেওয়া হবে না, কারণ অতি স্পষ্ট; এই জিনিষের মালিক ৯০ পার সেণ্ট হচ্ছে ইংরেজ। কিন্তু আমি জিজ্ঞাসা করি কি জন্য আপনারা হাত দেবেন না? তারা হয়ত বলবেন এর ভাল দাবির নিতে পারবেন না।

[Sj. Subodh Banerjee.]

তারপর সেদিন শুনছিলাম কে যেন সুন্দরবনের কথা বলছিলেন। আপনারা ফিসারীতে হাত দেবেন না বলেই ইতিমধ্যে সেখানে জমিদার-জোতদাররা সুন্দরবনে যে সমস্ত ধানী জমি আছে সেগুলি মাছের ভেরী করবার চেষ্টা করছে। আমরা ফিসারী নিশ্চয়ই চাই কিন্তু তাই বলে খাদ্য যেখানে বর্তমানে প্রধান সমস্যা সেখানে এটা করার কি যুক্তি থাকতে পারে। আমার কথা হচ্ছে ফিসারী যদি করাই হয় তাহ'লে রাষ্ট্র সেটা কেন নেবেন না? এখানে কারুর পার্সোনাল ইন্টারেষ্ট দেখা উচিৎ নয়। ফেম বাবু এটা জানেন না এমন নয় সেখানে লক্ষ লক্ষ টাকার ভেরী হচ্ছে। আমি জানি ক্যানিং থানার এক ভদ্রলোক ফিসারী ক'রে লক্ষ লক্ষ টাকা করেছেন।

চীনের কথা আমি বলব। চীনে আমি নিজে ঘুরে এসেছি। চীনের মত পরিবর্তন করা এই সরকারের সাধ্যায়ত্ত নয়, কারণ ফাণ্ডামেন্টাল প্রিন্সিপলই আলাদা।—

Fundamental character of the two States is different

কারণ চীনে হচ্ছে সত্যিকারের পিপলস গভর্ণমেণ্ট। সেখানে এখনো যদিও সিলিং পেক্তেণ্ট আছে কিন্তু সেখানে পার ফ্যামিলি ১৫ বিঘার বেশী দেওয়া হয় না। অথচ আমাদের এখানে সিলিং পেক্তেণ্ট ১২০ বিঘা অর্থাৎ প্রায় ৮ গুণ পেতে পারে। এইভাবে জমিদারী প্রথা কায়দা করে জিইয়ে রাখার চেষ্টা হচ্ছে এখানে।

তারপর, আজকের দিনে জমির খাজনা অত্যন্ত বেশী। রেভিনিউর সঙ্গে রেণ্টএর অনেক তফাৎ আছে। ট্যাক্সেসন এনকোয়ারী কমিটির রিপোর্টে দেখা যায় জমিদাররা তাদের দ্বারা আদায়ীকৃত খাজনার শতকরা গড়ে ২১ ভাগ রেভিনিউ দেয়, তাহ'লে ৭৯ পার সেণ্ট জমিদারের কুক্ষিগত হচ্ছে। সরকারের আয় না কমিয়েই তাহ'লে রেণ্ট কমিয়ে দেওয়া যেতে পারে, কিন্তু সরকারের এই বিলের কোথাও দেখলাম না রেণ্ট কমাবার কোন কথা আছে। রেণ্ট না কমিয়ে শুধু জমি দিলেই হবে না। চাষীদের অবস্থা ভাল করতে হ'লে রেণ্টও কমাতে হবে। সায়েণ্টিফিক কাল্টি-ভেসনএর ব্যবস্থা করতে হবে। তারপর, বর্গাদারী-প্রথায় রেণ্ট হবে

¼ of the total crop rent.

যদিও আরও কতগুলি ধারা আছে তা হ'লেও কোথাও ১।৪এর বেশী হবে না। ডাঃ জ্ঞানচাঁদ

in his Indian crop-sharing-এ

বলেছেন—

Incidence of rent on the crop-sharing system is estimated to be Rs. 25 per acre in Bengal.

[3-50—4 p.m.]

অর্থাৎ প্রতি বিঘায় দাঁড়াচ্ছে ৮।/০। কবে বলেছিলেন? যুদ্ধের আগে। এদের হিসাবে দাঁড়াচ্ছে ১।৪ টোটাল প্রোডিউসএর। এই হচ্ছে সরকারী হিসাব মত। এ্যাভারেজ প্রোডাকসন প্রতি একরএ ১৫·৩ মণ ধান অর্থাৎ প্রতি বিঘায় দাঁড়াচ্ছে ৫·১ মণ। সরকারের দাম ধরে দিলেও ৪৩৲ টাকার ১।৪ রেণ্ট হিসাবে পাবে—বিঘাপ্রতি ১১৲ টাকা করে খাজনা ধার্য্য করছেন। যদি খাসমহলের কথা ধরেন সেখানে বিঘাপ্রতি ১/০ মত খাজনা ধার্য্য আছে। সেই জায়গায় এরা ধার্য্য করছেন ১১৲ টাকা। এই ১১৲ খাজনা দিয়ে কোন দিনই চাষী বাঁচতে পারে না। এ জিনিষটা পরিষ্কারভাবে বিলে রয়েছে।

সর্বশেষ কথা—সেটা হচ্ছে কম্পেন্সেসন। নীতিগতভাবে কম্পেন্সেসন দেওয়ার কথা নয়। পার্মানেন্ট সেটেলমেণ্টএর কোথাও জমিদারের কম্পেন্সেসন পাওয়ার কোন রাইট নাই। টেম্পোরারী সেটেলমেণ্টএও দেখতে পাই সুন্দরবনে কি আইন ছিল। হাসিল করা জমির ১।৪ জমিতে কোন খাজনা দিতে হয় না। ১।৪ নমিনাল রেটএ, আর বাকী ১।২ উপরে নামমাত্র খাজনা দেয় বিঘা প্রতি ।।/০ করে। অথচ সরকার খেসারতের যে হার ঠিক করেছেন এই বিলে এই হিসাবমতে বিরাট অঙ্ক দাঁড়াচ্ছে ৬২ কোটী টাকা—এই টাকা কম্পেন্সেসন দিতে হবে। এই টাকা কে দেবে? গরীব চাষীদের এই টাকা দেবার ক্ষমতা নেই। তাদের মাথা বিক্রয় হয়ে আছে ঋণে। এ্যাগ্রারিয়ান পপুলেসন শতকরা ৫১ ভাগের উপর—তারা ঋণগ্রস্ত। তারা কি প্রকারে এই কম্পেন্সেসন দেবে? আমরা দেখছি এ বিলে—ধারগ্রস্ত চাষী পরিবারকে মুক্ত করবার, চাষীদের মধ্যে জমি বিলি করবার, জমিদারী-প্রথা উচ্ছেদ করে চাষীর জমির ক্ষুধা সমস্যা সমাধান করবার কথা কোথাও নাই। এ বিল এমনভাবে আনা উচিত যাতে সত্যই চাষীদের উপকার হয়।

Sj. Jnanendra Kumar Chaudhury: মাননীয় স্পীকার মহাশয়, এই জমিদারী-প্রথা বিলোপ বিল সম্বন্ধে আমি বলছি প্রথমে রাজসাহী আমল থেকে পাঁচ বৎসরের জন্য জমি বিলি হয়ে যেত। স্বাধীন এক মহারাজার একটা কেস বলছি। মহারাজা তার জমিদারীতে সর্ধার নিয়োগ করতেন।

যে তার প্রিয় হবে সেই সর্দার হ'ত এবং কিছুদিন পরে সর্দার বদল হ'ত। একবার এক নূতন সর্দার নিযুক্ত হয়; সে যখন জমিদারী দেখতে যাচ্ছিল সে ঘোড়ার পিছন দিকে মুখ করে চলছিল। একজন সেই খবর মহারাজাকে দিলেন—নূতন যে সর্দার নিযুক্ত হয়েছে সে ঘোড়ার পিছন দিকে মুখ করে চলেছে। মহারাজা তলব করে তাকে জিজ্ঞাসা করলেন যে তুমি এই ভাবে পিছন দিকে মুখ রেখে যাচ্ছিলে কেন? তখন সে তার উত্তরে বলল যে আর একটা সর্দার কত দূরে আছে তাই দেখতে দেখতে যাচ্ছিলাম। (লাফ্‌টার) অর্থাৎ তখন এই অবস্থা ছিল যে অনবরত জমির মালিক বদল হ'ত। তারপরে ইষ্ট ইণ্ডিয়া কোং-এর আমল থেকে প্রতি বৎসরেই জমি নীলামে বিক্রয় হ'ত। এবং যে সবচেয়ে উচ্চ মূল্য দিত, সে বছর জমি তারই হ'ত। কিন্তু অনেক সময় দেখা যেত যে জমির যে মালিক টাকা দেবার সময় তাকে খুঁজে পাওয়া যেত না। এজন্য প্রতি বছরই রাজস্বে ঘাটতি হ'ত। অনেক সময় পুরাণ জমিদারী অন্যের নামে কিনে নেওয়া হ'ত কিন্তু টাকা আদায়ের সময় লোক খুঁজে পাওয়া যেত না। এই জন্য পরে দশশালা বন্দোবস্ত করা হয়। তার পর ৩/৪ বৎসর পরে চিরস্থায়ী বন্দোবস্ত করা হয়। এই হচ্ছে জমিদারদের ইতিহাস। জমিদাররা আদায়ের উপর শতকরা ১০৲ টাকা নিত এবং ৯০৲ টাকা সরকারকে দিত। এখানে আপনারা জিজ্ঞাসা করতে পারেন জমিদারদের এত লাভ হ'ল কি করে? আনকালটিভেটেড যে সব পতিত জমি ছিল সেই সব জমিদারদেরই লাভ হয়েছে। আর যেখানে ঘন বসতি ছিল সেখানে লাভ হয় নি। এখন যা হয়েছে তাতে জমিদারী-প্রথা উচ্ছেদ হওয়া দরকার। বহুকাল চলে গিয়েছে। জমিদাররা এখন দূরদেশে বাস করে প্রজাদের অভাব-অভিযোগের দিকে কর্ণপাতও করেন না। তাই জমিদারী-প্রথা চলে গেলে আপত্তি করবার কিছু নেই। সরকার জমির মধ্যস্বত্ব লোপ করবার মানস করেছেন কিন্তু টী-গার্ডেনকে বাদ রেখেছেন কেন বুঝি না। অধিকাংশ টী-গার্ডেনই বিদেশী কোম্পানীর। সুতরাং এইগুলি নিয়ে নেওয়া উচিৎ ছিল। তারপর ক্যালকাটা মিউনিসিপ্যালিটিকে বাদ রাখবার কোন মানে হয় না। কলকাতার যে সমস্ত বড় বড় বাজার আছে সে সমস্ত যে কোন একটা মফঃসলের জমিদারী আয়ের সমতুল্য। এই বিলের মধ্যে আর একটা জিনিষ দেখা যাচ্ছে প্রত্যেককেই সরিক বলে গণ্য করা হবে। যারা মিতাক্ষরা আইনের শাসিত তার পুত্র-পৌত্র সকলেই সরিক বলে গণ্য হয়। তাতে এই মিতাক্ষরা আইনের আওতায় একজনের যদি ২ পুত্র ও ৫ পৌত্র থাকে তাহ'লে ৮ ভাগ হয়ে যাবে এবং প্রত্যেকে ২৫ একার জমি পাবে। কিন্তু দায়ভাগে প্রত্যেকে সরিক বলে গণ্য হবে না। এই যে একটা বিষম অসামঞ্জস্য হচ্ছে এদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর এখানে যে জয়েণ্ট কমিটি করা হয়েছে তাতে কোন বিশিষ্ট মেম্বার নেওয়া হয়েছে কিনা জানি না। এই রকম অন্ততঃ একজন সদস্যকে নেওয়া উচিত। জমিদারী প্রথা উচ্ছেদ করে সরকার যদি জমিদারী নেন, তাহ'লেই যে প্রজারা শান্তি পাবে তা মনে হয় না কারণ খাসমহলের প্রজাদের যে শোচনীয় অবস্থা হয়েছে সেই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমিদারী-প্রথা উঠে যাচ্ছে বা উঠার কথা হচ্ছে। এই সংবাদ কংগ্রেস মহলে ও নানা মহলে শুনে শুনে দেশ যেমন আশান্বিত হয়েছিল, আমরা চাষীর ছেলে প্রত্যক্ষভাবে জমিদারের অত্যাচারে জর্জরিত হয়েছিলাম, আমরাও আনন্দিত হয়েছিলাম। কিন্তু এখানে এসে দেখলাম যে এটা জমিদারী উচ্ছেদ বিল নয় জমিদার দখল বিল। সেইজন্য দেখতে পাচ্ছি যে জনসাধারণ প্রথমে যতটা উল্লসিত হয়েছিল পরে তাদের মুখ শুকিয়ে যাচ্ছে। আর যারা জমিদার তারা প্রথমে ঘাবড়ে গিয়েছিল এই বুঝি সব গেল কিন্তু এখন তাদের মুখ খুশী খুশী দেখা যায়। জমিদারী দখল করা হচ্ছে অথচ তাদের খুশী হবার কারণ কি? কারণ হচ্ছে যে প্রচুর পরিমাণে বাজার ছাড়া দরে ক্ষতি পূরণ পাচ্ছে। এখানে বহুদিনের একটি গল্প মনে পড়ে গেল। এক গরীব চাষী তার ইচ্ছা হ'ল বিয়ে করবার এবং সে বিয়ে করলো। যে বৎসর সে বিয়ে করে বউ ঘরে নিয়ে এলো সে বৎসর তার জমিতে প্রচুর ধান জন্মালো। তখন সে ভাবলো যে তার স্ত্রী খুব সাঁইত আছে। তখন সে ঠিক করলো যে ব্যবসা করবে এবং সে তার স্ত্রীকে বললো, ক্ষেপী আয় আমরা ব্যবসা করি। কিন্তু ব্যবসা করতে গেলে প্রথম দিন সাঁইত করতে হয়। সে কি বিক্রি করে সাঁইত করবে? অনেক ভেবে সে ঠিক করলো যে তার স্ত্রীকে বিক্রি করেই সাঁইত করবে, এবং তার স্ত্রীকে বললো, ক্ষেপী আয় তোকে বিক্রি করেই সাঁইত করি। এই কথা শুনে চাষী-বধূর মুখ শুকিয়ে গেল। তার সব নাচন বন্ধ হয়ে গেল। তখন চাষী বললো ক্ষেপী তুই কিছু ভয় করিস না। কারণ আমি এমন দর হাঁকবো যে কেউ তোকে কিনতে পারবে না। এতে সাঁইতও হবে তুইও থাকবি। এখানে কংগ্রেসীরা যেভাবে জমিদারী বিল আনছেন তাতে জমীদারদের মধ্যেই উল্লসিত হবার কারণ আছে।

[Sj. Dasarathi Tah.]

[4—4-10 p.m.]

যেভাবে এই জমিদারী দখলের বিল এখানে এসেছে, জনসাধারণ যা চায় এবং সমগ্র দেশ যা চায় সেদিক দিয়ে আমরা হতাশ হয়েছি। এই বিলকে নাই মামার চেয়ে কানা মামা ভালো বলেও যদি ধরা হয় তবু দেখি কলকাতা এমনই কুলীন যে তাকে বাদ দেওয়া হয়েছে এযেন ব্যাস কাশী, এখানে জন্মালে এক-রকম অন্য জায়গায় জন্মালে অন্য রকম। তারপরে কত দিনে যে এটা দূর হবে টাইম তার কিছুই উল্লেখ নাই—আনলিমিটেড। অতএব সমস্ত দিক ভেবে আমরা ভাল করে বুঝতেই পারছি না আমাদের অবস্থা কি। জমিদারী উচ্ছেদ হবে, কবে কোন তারিখে ৫ বছরে না ৩ বছরে তা ঠিক নাই। তা যদি জানাতেন তাহ'লে বাংলা দেশের প্রজারগুলী উৎসবের আমরা জানি—জমিদারের অত্যাচারে একদিন চাষীর ছেলের লম্বা চুল রাখার উপায় ছিল না, চুল কদমছাট করে কাটতে হ'ত, জমিদারের অত্যাচারে সে ছাতা মাথায় দিয়ে জমিদারের সামনে রৌদ্র বৃষ্টিতে চলতে পারত না। সে জমিদারের অত্যাচারে সাইকেল চড়ে যেতে পারত না। জমিদারের অত্যাচারে তার ছেলেমেয়ের বিয়েতে, নাতির অন্নপ্রাশনে যে তাকে মাথট দিতে হ'ত, তার যে অবসান হবে এটা প্রজাদের মধ্যে কত বড় আনন্দের কথা। তাই তোর বউকে পাঠাস নাই তার জন্য ১০৲ টাকা জরিমানা, বউকে নিয়ে যেতে দেরী করেছিস, সেজন্য ২০৲ টাকা জরিমানা, তোর গরুতে ধান খেয়েছে সেজন্য ২৫৲ টাকা, তার পর নাগর সেলামী ইত্যাদি যা কিছু আছে সে সমস্তের অবসান তারা দেখতে চায়। তাই তাদের কাছে খুবই আনন্দের কথা হ'ত—যদি এতে একটা টাইম লিমিট থাকত, যে এতদিনের মধ্যে এটা উঠে যাবে। যাক, যখন উঠেই যাচ্ছে তখন আর গালাগালি ও সমালোচনা করে লাভ নাই। মোটামুটি, এতকাল লাঠী দিয়ে যে প্রজার ঘর ভেঙে তার ঘর জ্বালিয়ে দেয়া হয়েছে, চাষীর ভিটেয় যে পুকুর কাটা হয়েছে এসব যে অতীত ইতিহাস হতে চলেছে, এইটেই আনন্দের কথা। কিন্তু কবে থেকে হবে, গভর্নমেণ্ট বলে দিলে সুবিধা হ'ত। সিলেক্ট কমিটির মেম্বরগণ মূল অংশের কিছু পরিবর্তন করতে হয়ত পারবেন না, যদি সম্ভব হয় সেদিক থেকেই অন্ততঃ একটা টাইম লিমিট করে দেয়া উচিত।

তারপর জমিদারী দখল করবার কথা হচ্ছে কিন্তু জমিদারের পত্তনীদার দরপত্তনীদারদের ছেড়ে দিলে প্রত্যক্ষভাবেই আর একটা খারাপ রাস্তা হবে কেন। তাছাড়া সাঁজা ব্যবস্থা রয়েছে। এর মধ্যে আর একটা ব্যাপার তলে তলে বেশ চলেছে জমিদারী উঠে যাবে বলে জমিদারদের অধীনে চৌকিদার, পাহারাদার যে সব চাকরান জমি ছিল জমিদারেরা সেগুলো সব গাপ করে হুড় হুড় করে বিক্রয় করছে। পাড়াগাঁয়ে জমিদারের অধীনে যেসব গোরস্থান, গোচর, সর্বসাধারণের খেলবার জায়গা প্রভৃতি ছিল সে সমস্ত জমিদারেরা গ্রাস করে মোটা টাকা সে জায়গার সেলামী নিয়ে বিক্রী ও বিলি করে দিচ্ছে; সেগুলি বন্ধ করবার কোন কিছু এই বিলের মধ্যে নাই, গত বিশ বছরের মধ্যে যে সমস্ত চাষীর জমিগুলি জমিদারের কুক্ষিগত হয়েছে জমিদারী চলে গেলে, সেই সব ভাল ভাল জমি যা বাকি চাষীদের ফাঁকি দিয়ে নেয়া হয়েছে সেগুলি চাষীদের ফিরে পাবার কোন ইঙ্গিত এই বিলে নাই (রু_লাইট ওয়াজ সিং); আলো জ্বলে গেছে। আমাদের অধিকাংশ পয়েণ্টই ইতিপূর্বে বলা হয়েছে; আমি কেবল বিশেষ করে এইটুকু বলতে চাই, শাসনতন্ত্রে বর্তমানে যে গলদ আছে, যে ক্ষতিপূরণ না দিয়ে কিছু করা যাবে না, অর্থাৎ ক্ষতিপূরণ দিয়ে জমিদারী-প্রথা উচ্ছেদের প্রস্তাব যখন আইন অনুযায়ী করা হয়েছে তখন সেই আইনেরই শাসনতন্ত্রের মধ্যে দিয়ে এটাকে বোঝানো যায় কিনা দেখতে হবে। বিশেষ করে, যারা সিলেক্ট কমিটির মেম্বর তাদের দৃষ্টি আমি এ বিষয়ে আকর্ষণ করছি। ক্ষতিপূরণ কাদের দেব? যারা এতকাল দেশটাকে লুটপাট করে খেয়েছে তাদের ক্ষতিপূরণ দেবার ত কোন কথাই উঠে না, বরং তাদের কাছ থেকে উল্টো কিছু আদায় করা উচিত। তবে যাদের অবস্থা এমন, যে জমিদারী নিয়ে গেলে যারা সর্বহারা হয়ে যাবে, বা এমন যারা যে তাদের আয় নিতান্ত কমে যাওয়ার দরুণ জীবন-যাত্রা ব্যাহত হবে, সেই সব স্থলে ক্ষতিপূরণের বদলে পুনর্বাসনের সাহায্য হিসেবে অর্থ দেয়া যেতে পারে।

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, the introduction of the present Bill could have evoked a degree of enthusiasm had it been introduced in the proper time, had it been introduced in the proper spirit. As things now stand, Sir, although the Bill has been introduced to which we have been looking forward for a very long time, a Bill which is expected to be revolutionary in its character and in its implications, yet we feel no very strong enthusiasm about the provisions of the Bill and the degree of benefit to be expected from it.

Sir, there is no doubt of the fact that the Bill is intended to mark a sharp and complete departure from the past century and a half and if properly handled, worked in the proper spirit, it will throw open unlimited possibilities if only we know how properly to carry out the provisions of the Bill and how to manage in the best interests of society. The Bill aims at social justice and we ought to look upon the Bill as an attempt to introduce a measure of social justice which is long due and which has been long deferred. Social justice means that all sections of the society must have the benefits of this Bill and the benefits must be distributed equitably amongst the different sections.

Sir, I would not discuss in detail the provisions of the Bill because the Bill is going to be referred to the Select Committee, but I should only mention that in order that the Bill might be really effective in reorienting society and it might lead to far-reaching and beneficial agrarian reforms, we must consider the Bill from the human point of view, we must see how the different sections of the society are being affected by the Bill. Mention has been made of the unduly lenient treatment to the zemindars. I hold no brief for the zemindars and I am quite sure that the Select Committee would fix the rate of compensation according to the special needs of each case. Compensation has already been accepted under the principles of the Constitution and whether we like it or not we have got to accept the principle of compensation, though the rate of compensation will be determined according to the actual needs of the situation. Rehabilitation is a word that has very ugly memories. We are long conversant with rehabilitation so far as it affects the uprooted population and I do not think it would be proper for any person to be considered from the standpoint of rehabilitation. Let the needs of all persons of society be determined justly and carefully and equitably, let them be set upon their feet, let them start upon a new career, let them adapt themselves to the new requirements of the situation, but we should not talk of rehabilitation because it

[4-10—4-20 p.m.]

means that those people will lose all confidence, will lose all power to depend upon their own resources and would be helplessly dependent upon the bounties of the State, which will lead to demoralisation.

Sir, the next question is the question of administrative set-up. How are we going to give effect to the tremendous change? If it only means that Government is to undertake the responsibility of collection of rent, I am afraid, Sir, the Government machinery which has been strained to the breaking point by new responsibilities which they have taken upon themselves will fail to cope with the situation, and the cost of collection would be increased to such an extent that perhaps there will be no tangible gain to the resources of the State and no tangible improvement of the situation of the tenant. Therefore, the first point that should be thrashed out in the meeting of the Select Committee is the exact nature of the machinery which is to be set up for the realisation of rent. We all know from experience that whenever Government takes up a responsibility they add to the cost of the machinery. They are apt to set up a very costly machinery, and much of the benefit which would have resulted from the scheme would be negatived and neutralised by the costly, cumbrous and unmanageable machinery that Government might set up. Therefore, Sir, we should also consider that if the Bill is to be really effective, if the Bill is really to improve the living standard of the people, and if more land is to be set free for the common people, the actual tillers of the soil, then Government must take the precaution to see that the cost of collection is reduced to the minimum, and that the major part of the additional income which accrues to the Government is really

[Dr. Srikumar Banerjee.]

devoted to constructive purposes, and towards the improvement of the living condition of the people. In the Bill, as it has been presented to us, it is very difficult to find out how this is going to be accomplished, and how there is to be a raising in the standard of living on the part of the common people. We do not know what actual steps Government will take to secure a more equitable redistribution of the land which will be set free from the oppression of the zemindar. But I would strike a note of warning that if the additional income expected from the measure is practically neutralised by the cost of collection, by the setting up of a cumbrous, unmanageable machinery, by the establishment of a highly paid hierarchy of Government departments from the Director-General of Rent, then, Sir, the Bill would be practically useless and will not bring about any improvement in the condition of the people.

Then, Sir, the next point is that in order to realise the utmost potentialities of this Bill, all our constructive power should be fully developed and should be fully utilised. Sir, we have undertaken a great responsibility in taking upon ourselves the management and collection of the rent interest, and unless we show our constructive power, unless our resources are fully mobilised, unless our public spirit and our honesty and integrity are fully put to the test, I do not think we shall be able to make a success of this big experiment. Therefore we should consider that this is a measure which is expected to have far-reaching consequences, and this should react upon the living condition of the common people; and the problem for the Select Committee is to determine how the additional income that is expected to be set free by the acceptance of this measure will percolate down to the common people and will raise their living standard and not be lost in the intervening space between the act of collection and the actual utilisation for the benefit of the common people.

I hope, Sir, that the members of the Select Committee will fully apply their minds to all the provisions of the Bill, particularly those provisions which appear to be retrograde in their character—those provisions which seem to perpetuate the existing arrangement under a false name, under a masquerade, and will see that whatever is set free, whatever additional revenue accrues to the State is properly utilised for raising the standard of the common people, whose benefit ought to be the most important consideration for the State and for everyone of us present here.

Sj. Monoranjan Hazra: মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সংশোধন প্রস্তাব এনেছি প্রধানতঃ তার উপরেই কতকগুলি কথা বলব। সিলেক্ট কমিটিতে সমস্ত হাউসের সদস্য নিয়ে কমিটি গঠিত হোক, কারণ এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। এবং এই বিলের সমস্ত কিছু ভাল করে আলোচনা করা উচিত। প্রথম দিন যখন এই বিলের উত্থাপক বিলটি আমাদের সামনে উপস্থিত করলেন, তখন তিনি বলেছিলেন ১৬০ বৎসর আগে লর্ড কর্ণওয়ালিস যে পার্মানেণ্ট সেটেলমেণ্ট করেন তার ফলে জমিদারী-প্রথা এসেছিল, তা আমরা উচ্ছেদ করছি। যদি জমিদারী-প্রথা উচ্ছেদ করা না যায়, ভালভাবে উন্নয়ন কাজ করা যাবে না। সরকারের যে উদ্দেশ্য মাচে চাষীর হাতে জমি দেওয়া তা দেওয়া যাবে না। সত্যই তাঁর কথাগুলি শুনতে ভাল লাগে। শুনলে মনে হবে তিনি বিরোধীপক্ষের মতই কথা বলছেন এবং সেই রকম দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন। কিন্তু কার্যতঃ যা হচ্ছে তাঁর সঙ্গে বিরোধীপক্ষের মৌলিক দৃষ্টিভঙ্গীর একটা পার্থক্য আছে। তাঁর কথা এবং কাজের মধ্যেও বিরাট পার্থক্য রয়েছে। আমার দ্বিতীয় কথা, এই যে, যে বিল তাঁরা আজকে আমাদের সামনে এনেছেন ভূমি রাজস্ব কমিশনের সুপারিশ অনুযায়ী সেটা কিন্তু আমি এখানে স্পীকার মহোদয়ের মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি, ১৯৩৮ সালে এই কমিশন বসানো হয়েছিল, আর আজ হ'ল ১৯৫৩ সাল। এটা ১ দিন কি ১ ঘণ্টার ব্যাপার নয়, মাঝখানে চলে গিয়েছে দীর্ঘ ১৫টা বছর—এই ১৫ বছরের মধ্যে বহু জানকু [illegible]

পরিবর্তন হয়ে গিয়েছে। একটা জোয়ার বুরে'য়ে গিয়েছে এর মধ্যে। ১৯৪২ সালের আগষ্ট আন্দোলন—যে আন্দোলনের সময় জাতীয় সরকার কায়েম হয়েছে বলে ধনিক শ্রেণী চাষীদের হাত থেকে বহু জমি নিয়ে নিয়েছে এবং যা তারা আজও পর্যান্ত ফিরে পায়নি, তারপর ১৯৪৩ সালের দুর্ভিক্ষ তাতেও বহু লোক জমি হারিয়েছে আর দরিদ্র শ্রেণীর প্রায় ৪০ লক্ষ লোক মারা গেছে। এবং তারপর ১৯৪৬ সালের দাঙ্গা যখন শুরু হয় দেশ বিভাগের আন্দোলনকে তখন কেন্দ্র করে তার মধ্যে বহু লোক জমি হারায়, ১৯৪৭ সালের দাঙ্গাহাঙ্গামায়ও বহু লোক জমি হারায়, তারপর ১৯৫০ সালে সংখ্যালঘু সম্প্রদায়ের বহু লোক চলে গেল দেশ ছেড়ে, তাদের হাত থেকে বহু জমি গেল, এইভাবে প্রচুর জমি থেকে প্রচুর মানুষ উৎখাত হয়ে গেল। এ অবস্থাগুলি আজ বিচার করা উচিত ছিল। বাংলার সুসাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তাঁর "কালিন্দী" উপন্যাসে জমিদারের কথা লিখেছেন। জমিদার রামেশ্বরের হাত কুষ্ঠ হয়েছে, সেই কুষ্ঠ অন্ধ জমিদাররা সর্বক্ষণ দেখছে। তাদের প্রাসাদের উপর চামচিকা আর পায়রা বাসা বেঁধেছে, দেওয়ালে অশ্বত্থ গাছ শিকড় গেড়ে ফাটল ধরিয়েছে। যে মেজের উপর শত শত নর্তকীর নাচগান, আমোদ-প্রমোদ চলেছে, সেই মেজের উপর বসে আজকের জমিদার তার পূর্বপুরুষের স্মৃতি নিয়ে হতাশভাবে ভাবছেন, এমন সময় ফ্লাউড্ কমিশনের রেকমেণ্ডেশন অনুযায়ী হঠাৎ দীর্ঘ ১০ বছর পরে রিপ্ ভ্যান উইঙ্কলের মত জাগরিত হ'য়ে জমিদারী-প্রথা উচ্ছেদ করতে লেগে গেলেন। কিন্তু কেন? আজকে জমিদারী-প্রথা উচ্ছেদের মধ্য দিয়ে পরিষ্কার দেখতে পাচ্ছি যে জমিদারদের পুনঃপ্রতিষ্ঠা করা হচ্ছে। আজকে এদের হাতে টাকা দেওয়া হবে, কারণ, কনষ্টিটিউসন বা সংবিধানে আছে টাকা দিতে হবে।

[4-20—4-30 p.m.]

জমিদারদের পুনঃপ্রতিষ্ঠা কিভাবে করা হচ্ছে? আজকে যেভাবে টাকা দেওয়া হবে, কনষ্টিটিউসনে—সংবিধানে আছে—টাকা দিতে হবে কিন্তু সংবিধান অনুযায়ী তাদের ক্ষতিপূরণের অন্য রকমে ব্যবস্থা হতে পারতো এবং সেটাই যদি সুচিন্তিত অভিমত হয়, তা'হলে সেটা আজও হতে পারে। সেদিক থেকে বিচার করে আজকে দেখছি জমিদারদের হাতে কিছু টাকা দেওয়া হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন—লর্ড কর্ণওয়ালিসের পার্মানেণ্ট সেটেলমেণ্ট ব্যবস্থাকে তিনি পরিবর্তন করছেন, আমি বলতে চাই তিনি পরিবর্তন করছেন না। লর্ড কর্ণওয়ালিস যে পার্মানেণ্ট সেটেলমেণ্ট প্রবর্তন করেছিলেন; যে জমিদারী-প্রথা সৃষ্টি করেছিলেন—তার উদ্দেশ্য ছিল—বাংলাদেশ তথা ভারতবর্ষকে কাঁচামালের আড়ৎ এবং পাকামালের বাজার করে রাখার জন্য। তার ফলে এদেশের কলকারখানা সমস্ত শিল্প ইংরেজের হাতে থাকবে। আজকে যে জমিদারী উচ্ছেদ বিল আনা হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন লর্ড কর্ণওয়ালিসের চিরস্থায়ী বন্দোবস্ত পরিবর্তন করে নূতন ব্যবস্থা করছেন। তা যদি বিচার করে দেখেন—তাহ'লে দেখতে পাবেন—যে বিলে নানা রকম বিধান রয়েছে—জমিদাররা ক্ষতিপূরণ পাবে, তাঁরা কো-অপারেটিভ করতে পারবেন, তাহ'লে তো জমিদারী তাঁদের হাতেই থাকবে। এ বিলের একটি বিধান আছে, পৃথক পৃথক ভাবে যাঁরা থাকবেন, তাঁদের প্রত্যেকে ৩২ একর করে জমি পাবেন। তাহ'লে ভিন্ন ভিন্ন নামে যেমন কাউন্সিল মত বেড় মন কি ফ্যামিলি দেখালে, জমি বেশী তাদের হাতে থাকবে ও সেগুলি নিয়ে কো-অপারেটিভ করবেন। তারপর তাঁদের হাতে যে পয়সা আসবে, সে সমস্ত পুঁজি হিসেবে জমিতে থাকবে। আমাদের দেশের সমস্ত চেষ্টা ও পুঁজি জমির দিকে ফেরাবে। তার ফলেতে দেশে যে বিদেশী শিল্প-ব্যবসা আছে, তাতে আমরা কোনদিন হস্তক্ষেপ করতে পারবো না।

মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন—তাঁদের বহুবিঘোষিত—ফাইভ-ইয়ার প্ল্যানে বাংলা দেশে মাত্র ২ কোটি ১৬ লক্ষ টাকা খরচ করছেন শিল্প খাতে অর্থাৎ বাংলা দেশের পুলিশ বাজেটের ১/৭ অংশ খরচ করছেন। এই রকম অব্যবস্থার জন্য এখানে শিল্প গড়ে উঠছে না। এইভাবে সমস্ত পুঁজি যখন জমিতে ফেলা হচ্ছে, তখন অন্যদিকে বিদেশী শিল্পপতিরা এখানে ব্যবসা-বাণিজ্য করছেন। এই রকমে জমিদারী-প্রথা উচ্ছেদ করে যাতে বিদেশী ব্যবসা-বাণিজ্য এদেশে থাকতে পারে, তার রাস্তা এঁরা করে দিচ্ছেন। এই বিলের মধ্যে কতকগুলি মারাত্মক বিধান রয়েছে—কো-অপারেটিভ করে জমিদারদের হাতে সব জমি থাকবে, এজেন্সি দিয়ে জমিদারী চালান যাবে। এজেন্সি হ'লে ষ্টেট ট্রান্সপোর্ট যেমন চালান হচ্ছে, তেমন অন্য স্বার্থবাদী লোক এটা চালাবে। সুতরাং গরীবদের জমি পাবার কোন রাস্তা আমরা দেখতে পাচ্ছি না। সে দিক থেকে এটা একটা প্রতিক্রিয়াশীল বিল।

তারপর আর একটা দিক থেকে দেখতে পাচ্ছি বিলটা যেভাবে হচ্ছে তাতে প্রজা দলাদলি আরও বাড়বে। আজ যদি রেণ্ট ১/৪ অব দি প্রোডিউস হয়, তা হ'লে একদিন খাজনাতে যে টাকা আদায় হয়, তার চেয়ে অনেক বেশী হবে অর্থাৎ বিঘা প্রতি

[Sj. Monoranjan Hazra.]

১১১১২টাকা। আর সব চেয়ে মারাত্মক যেটা সেটা হচ্ছে যাঁরা এই জমিদারী-প্রথা উঠে যাচ্ছে বলে আনন্দ প্রকাশ করছেন তাঁরা জেনে রাখবেন আজ সরকারের হাতে জমি চলে যাবে। তার ফলে জমিদারের পাইক পেয়াদা আসবে না বটে, লাঠি দেখিয়ে চাষীকে ভয় দেখান হবে না বটে, কিন্তু তার জায়গায় সার্টিফিকেট আসবে, কলেক্টরের বাহিনী আসবে।

(At this stage the red light was lit.)

আর দুই মিনিট স্যার। আজ গ্রামে গ্রামে পিটুনী পুলিস দিয়ে খাজনা আদায় করা হবে। এই রকমের নানাভাবে কৃষকের উপর পীড়ন করা হবে।

